মহাভারতম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

বনপর্ব্ব

ষোড়শখণ্ডম্

দর্শনাচার্য্য

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়েন

শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

কলিকাতা ৪১ সংখ্যকস্কুরিবর্ত্মস্থসিদ্ধান্তবিদ্যালয়াৎ

সিদ্ধান্তবাগীশেনৈব সম্পাদিতং প্রকাশিতঞ্চ

১৩৪০ বঙ্গাব্দে

গ্রাহকপক্ষে মূল্যং ১৲ সাধারণপক্ষে মূল্যং ১।০

স শৈলং মানসং গত্বা ধ্যায়ন্নর্থমিমং ভৃশম্।
শুশ্রাবার্ত্তস্বরং ঘোরমথ মুক্তং স্ত্রিয়া তদা ॥৬॥
অভিধাবতু মাং কশ্চিৎ পুরুষস্ত্রাতুমেব হি।
পতিং বা মে প্রদিশতু স্বয়ং বা পতিরস্তু মে ॥৭॥
পুরন্দরস্তু তামাহ মা ভৈর্নাস্তি ভয়ং তব।
এবমুক্ত্বা ততোঽপশ্যৎ কেশিনং স্থিতমগ্রতঃ ॥৮॥
কিরীটিনং গদাপাণিং ধাতুমন্তমিবাচলম্।
হস্তে গৃহীত্বা কন্যাং তামথৈনং বাসবোঽব্রবীৎ ॥৯॥ (যুগ্মকম্)
অনার্য্যকর্ম্মন্! কস্মাত্ত্বমিমাং কন্যাং জিহীর্ষসি।
বজ্রিণং মাং বিজানীহি বিরমাস্যাঃ প্রবাধনাৎ ॥১০॥

ভারতকৌমুদী

স ইতি। মানসং নাম। মুক্তং কণ্ঠান্নিঃসারিতম্ ॥৬॥

আর্ত্তস্বরপ্রকারমাহ—অভীতি। ত্রাতুং রক্ষিতুম্। প্রদিশতু উপদিশতু ॥৭॥

পুরেতি। কেশিনং দানবম্। ধাতুমন্তং গৈরিকযুক্তম্। অতএব কিরীটিসাদৃশ্যম্ ॥৮-৯॥

ভারতভাবদীপঃ

ক্রমপ্রাপ্তং "কুমারশ্চ যথোৎপন্নো যথা চাগ্নেঃ সুতোঽভব"দিত্যস্যোত্তরমাহ "অগ্নীনাং বিবিধা বংশা" ইত্যাদিনা ॥১॥ অদ্ভুতস্যাগ্নেঃ, অদ্ভুতমভিনবম্ ॥২—৫॥ স্ত্রিয়া দেবসেনাভিমানিদেবতয়া ॥৬—৫৬॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষড়শীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮৬॥

তাহার পর তিনি এই বিষয়ে গুরুতর চিন্তা করিতে থাকিয়া মানসপর্ব্বতে যাইয়া তখনই কোন স্ত্রীলোকের কণ্ঠনির্গত ভয়ঙ্কর আর্ত্তনাদ শুনিতে পাইলেন ॥৬॥

'কোন পুরুষ আমাকে রক্ষা করিবার জন্য এদিকে দৌড়াইয়া আসুন, আসিয়া আমার পতির বিষয়ে উপদেশ দিন, বা নিজেই পতি হউন' ॥৭॥

তখন দেবরাজ সেই কন্যাটীকে বলিলেন—'তুমি ভীত হইও না, তোমার কোন ভয় নাই'। এইরূপ বলিয়া তিনি দেখিলেন—'কিরীটধারী ও গদাপাণি কেশী দানব সেই কন্যাটীর হস্ত ধারণ করিয়া গৈরিকধাতুযুক্ত পর্ব্বতের ন্যায় সম্মুখে রহিয়াছে। তাহার পর ইন্দ্র তাহাকে বলিলেন—॥৮—৯॥

'নিন্দিতকর্ম্মা দানব! তুমি কেন এই কন্যাটীকে হরণ করিতে ইচ্ছা করিতেছ? তুমি আমাকে বজ্রধারী ইন্দ্র বলিয়া অবগত হও এবং উহার পীড়ন হইতে নিবৃত্তি পাও' ॥১০॥

(৭)···পুরুষস্ত্রাতু চৈব হ। পতিঞ্চ মে···বা ব কা নি।

কেশ্যুবাচ।

বিসৃজস্ব ত্বমেবৈনাং শক্রৈষা প্রার্থিতা ময়া।
ক্ষমং তে জীবতো গন্তুং স্বপুরং পাকশাসন ! ॥১১॥
এবমুক্ত্বা গদাং কেশী চিক্ষেপেন্দ্রবধায় বৈ।
তামাপতন্তীং চিচ্ছেদ মধ্যে বজ্রেণ বাসবঃ ॥১২॥
অথাস্য শৈলশিখরং কেশী ক্রুদ্ধো ব্যবাসৃজৎ।
তদাপতন্তং সংপ্রেক্ষ্য শৈলশৃঙ্গং শতক্রতুঃ।
বিভেদ রাজন্ ! বজ্রেণ ভুবি তন্নিপপাত হ ॥১৩॥
পততা তু তদা কেশী তেন শৃঙ্গেণ তাড়িতঃ।
হিত্বা কন্যাং মহাভাগাং প্রাদ্রবদ্ভৃশপীড়িতঃ ॥১৪॥
অপযাতেঽসুরে তস্মিংস্তাং কন্যাং বাসবোঽব্রবীৎ।
কাসি কস্যাসি কিঞ্চেহ কুরুষে ত্বং শুভাননে ! ॥১৫॥

ভারতকৌমুদী

অনার্য্যেতি। জিহীর্ষসি হর্ত্তুমিচ্ছসি। অস্যাঃ কন্যায়াঃ, প্রবাধনাৎ পীড়নাৎ ॥১০॥
বিসৃজস্বেতি। প্রার্থিতা পরিণেতুমিতি শেষঃ। ক্ষমম্ উচিতম্ ॥১১॥
এবমিতি। আপতন্তীম্ আগচ্ছন্তীম্। মধ্যে মধ্যপথে ॥১২॥
অথেতি। অস্য বাসবস্যোপরি। আপতন্তমাগচ্ছন্তম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩॥
পততেতি। হিত্বা ভয়াৎ পরিত্যজ্য। প্রাদ্রবৎ পলায়ত ॥১৪॥

কেশী দানব বলিল—'ইন্দ্র ! তুমিই ইহাকে পরিত্যাগ কর। কেন না, বিবাহ করিবার জন্য আমি উহার নিকট প্রার্থনা করিয়াছি। পাকশাসন ! তোমারও জীবিত অবস্থায় আপন নগরে যাওয়া উচিত' ॥১১॥

এই কথা বলিয়াই কেশী দানব ইন্দ্রকে বধ করিবার জন্য গদা নিক্ষেপ করিল; ইন্দ্রও বজ্রদ্বারা আগমনশীল সেই গদাটাকে মধ্যপথে ছেদন করিলেন ॥১২॥

তাহার পর কেশী দানব ক্রুদ্ধ হইয়া ইন্দ্রের উপরে একটা পর্বতশৃঙ্গ নিক্ষেপ করিল; তখন ইন্দ্র সেই পর্ব্বতশৃঙ্গটাকে আসিতে দেখিয়া বজ্রদ্বারা সেটাকে বিদীর্ণ করিলেন। রাজা ! তখন সেই পর্ব্বতশৃঙ্গটা ভূতলে পতিত হইল ॥১৩॥

সেই পর্ব্বতশৃঙ্গটা ভূতলে পতিত হইতে থাকিয়া কেশী দানবকে তাড়ন করিয়াছিল; তাই কেশী দানব অত্যন্তপীড়িত হইয়া সেই কন্যাটিকে পরিত্যাগ করিয়া পলায়ন করিল ॥১৪॥

(১৫) শ্লোকাৎ পরং কতিপয়পুস্তকে অধ্যায়সমাপ্তির্দৃশ্যতে।

কন্যোবাচ।

অহং প্রজাপতেঃ কন্যা দেবসেনেতি বিশ্রুতা।
ভগিনী মে দৈত্যসেনা সা পূর্ব্বং কেশিনা হৃতা ॥১৬॥
সদৈবাবাং ভগিন্যৌ তু সখীভিঃ সহ মানসম্।
আগচ্ছাবেহ রত্যর্থমনুজ্ঞাপ্য প্রজাপতিম্ ॥১৭॥
নিত্যঞ্চাবাং প্রার্থয়তে হর্ত্তুং কেশী মহাসুরঃ।
ইচ্ছত্যেনং দৈত্যসেনা ন চাহং পাকশাসন ! ॥১৮॥
সা হৃতানেন ভগবন্ ! মুক্তাহং ত্বদ্বলেন তু।
ত্বয়া দেবেন্দ্র ! নির্দ্দিষ্টং পতিমিচ্ছামি দুর্জয়ম্ ॥১৯॥

ইন্দ্র উবাচ।

মম মাতৃষ্বসেয়ী ত্বং মাতা দাক্ষায়ণী মম।
আখ্যাতং ত্বহমিচ্ছামি স্বয়মাত্মবলং ত্বয়া ॥২০॥

ভারতকৌমুদী

অপেতি। অপযাতে পলায়িতে। বাসব ইন্দ্রঃ। কস্যেতি স্বামিপ্রশ্নঃ ॥১৫॥
অহমিতি। কন্যেত্যনেন পত্যর্থিত্বমাত্মনঃ সূচিতম্ ॥১৬॥
সদেতি। মানসং নামেমং পর্ব্বতম্। রত্যর্থং সামোদবিচরণার্থম্ ॥১৭॥
নিত্যমিতি। এনং কেশিনম্। ন চ ন তু অহমিচ্ছামীতি শেষঃ ॥১৮॥
সেতি। সা দৈত্যসেনা, অনেন কেশিনা। মুক্তা কেশিনা ত্যক্তা ॥১৯॥

কেশী দানব পলায়ন করিলে, ইন্দ্র সেই কন্যাটীকে বলিলেন—'কল্যাণি! তুমি কে? কাহার? এবং এখানেই বা কি করিতেছিলে?' ॥১৫॥

কন্যাটী বলিল—'আমি প্রজাপতির কন্যা, আমার নাম—'দেবসেনা' এবং 'দৈত্যসেনা'—নামে আমার একটী ভগিনী আছে, তাহাকে কেশী দানব হরণ করিয়া নিয়াছে ॥১৬॥

আমরা দুই ভগিনী অন্যান্য সখীদের সহিত মিলিত হইয়া, পিতা প্রজাপতির অনুমতি লইয়া, আমোদের সহিত বিচরণ করিবার জন্য সর্ব্বদাই এই মানসপর্ব্বতে আসিতাম ॥১৭॥

মহাসুর কেশীও প্রত্যহই আমাদের প্রার্থনা করিত; তাহাতে দৈত্যসেনা উহাকে ইচ্ছা করিয়াছিল; কিন্তু আমি ইচ্ছা করি নাই ॥১৮॥

দেবরাজ! সেই জন্যই কেশী দানব দৈত্যসেনাকে হরণ করিয়া নিয়াছে, আর আপনার শক্তির প্রভাবে আমাকে ছাড়িয়া দিয়াছে। এখন আমি আপনার নির্দ্দেশক্রমে অজেয় পতি লাভ করিতে ইচ্ছা করি' ॥১৯॥

কন্যোবাচ।

অবলাহং মহাবাহো! পতিস্তু বলবান্ মম।
বরদানাৎ পিতুর্ভাবী সুরাসুরনমস্কৃতঃ ॥২১॥

ইন্দ্র উবাচ।

কীদৃশস্তু বলং দেবি! পত্যুস্তব ভবিষ্যতি।
এতদিচ্ছাম্যহং শ্রোতুং তব বাক্যমনিন্দিতে! ॥২২॥

কন্যোবাচ।

দেবদানবযক্ষাণাং কিন্নরোরগরক্ষসাম্।
জেতা যো দুষ্টদৈত্যানাং মহাবীর্য্যো মহাবলঃ ॥২৩॥
যস্তু ভূতানি সর্ব্বাণি ত্বয়া সহ বিজেষ্যতি।
স হি মে ভবিতা ভর্ত্তা ব্রহ্মণ্যঃ কীর্ত্তিবর্দ্ধনঃ ॥২৪॥ (যুগ্মকম্)

মার্কণ্ডেয় উবাচ।

ইন্দ্রস্তস্যা বচঃ শ্রুত্বা দুঃখিতোঽচিন্তয়দ্ভৃশম্।
অস্যা দেব্যাঃ পতির্নাস্তি যাদৃশং সম্প্রভাষতে ॥২৫॥

ভারতকৌমুদী

মমেতি। মাতৃস্বসেয়ী মাতৃস্বসুঃ কন্যা। দাক্ষায়ণী দক্ষসুতা অদিতিঃ ॥২০॥

অবলেতি। পিতুর্ব্বরদানাৎ বলবান্ সুরাসুরনমস্কৃতশ্চ মম পতির্ভাবীতি সম্বন্ধঃ ॥২১॥

তস্য স্বসেনাপতিপদযোগ্যতা স্যান্ন বেতি বিভাব্য পৃচ্ছতি কীদৃশমিতি। এতৎ এতদ্বিষয়কম্ ॥২২॥

দেবেতি। বীর্য্যং মানসিকী শক্তিঃ, বলঞ্চ দৈহিকী শক্তিরিত্যুভয়োর্ভেদঃ। ত্বয়া সহ মিলিত্বা। ব্রহ্মভ্যো বেদেভ্যো হিত ইতি ব্রহ্মণ্যঃ, কীর্ত্তিবর্দ্ধনো দেবানাম্ ॥২৩—২৪॥

ইন্দ্র বলিলেন—'ভদ্রে! তুমি আমার মাসীর মেয়ে; আমার মাতা অদিতি। আমি ইচ্ছা করি যে, তুমি নিজেই তোমার বলের পরিচয় দাও' ॥২০॥

কন্যাটী বলিল—'মহাবাহু! আমি অবলা; কিন্তু পিতার বরপ্রভাবে বলবান্ ও দেবাসুরনমস্কৃত কোন পুরুষ আমার পতি হইবেন' ॥২১॥

ইন্দ্র বলিলেন—'দেবি! অনিন্দিতে! তোমার পতির কিপ্রকার বল হইবে, এই বিষয়ে আমি তোমার বাক্য শুনিতে ইচ্ছা করি' ॥২২॥

কন্যাটী বলিল—'দেব, দানব, যক্ষ, রাক্ষস, কিন্নর, নাগ ও দুষ্ট দৈত্যগণকে যিনি জয় করিবেন, যাঁহার মানসিক বল ও দৈহিক বল অসাধারণ হইবে এবং যিনি আপনার সহিত মিলিত হইয়া সমস্ত প্রাণীকে জয় করিবেন, বেদের হিতকারী ও দেবগণের কীর্ত্তিবর্দ্ধক সেই পুরুষই আমার পতি হইবেন' ॥২৩-২৪॥

অথাপশ্যৎ স উদয়ে ভাস্করং ভাস্করদ্যুতিঃ।
সোমঞ্চৈব মহাভাগং বিশমানং দিবাকরম্ ॥২৬॥
অমাবাস্যাং প্রবৃত্তায়াং মুহূর্ত্তে রৌদ্র এব চ।
দেবাসুরঞ্চ সংগ্রামং সোঽপশ্যদুদয়ে গিরৌ ॥২৭॥
লোহিতৈশ্চ ঘনৈর্যুক্তাং পূর্ব্বাং সন্ধ্যাং শতক্রতুঃ।
অপশ্যল্লোহিতোদঞ্চ ভগবান্ বরুণালয়ম্ ॥২৮॥
ভৃগুভিশ্চাঙ্গিরোভিশ্চ হুতং মন্ত্রৈঃ পৃথগ্বিধৈঃ।
হব্যং গৃহীত্বা বহ্নিঞ্চ প্রবিশন্তং দিবাকরম্ ॥২৯॥
পর্ব চৈব চতুর্ব্বিংশং তদা সূর্য্যমুপস্থিতম্।
তথা ধর্ম্মগতং রৌদ্রং সোমং সূর্য্যগতঞ্চ তম্ ॥৩০॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ইন্দ্র ইতি। তদানীং তাদৃশস্য পুরুষস্যাভাবনিশ্চয়াদেব দুঃখিত ইতি ভাবঃ ॥২৫॥

অথেতি। উদয়ে পর্ব্বতে। ভাস্করদ্যুতিঃ স ইন্দ্রঃ। দিবাকরং বিশমানং রাশিচক্রে সাকল্যেন রবেরধস্তাদ্‌গচ্ছন্তম্, "সূর্য্যাচন্দ্রমসোর্যঃ পরঃ সন্নিকর্ষঃ সাঽমাবাস্যা" ইতি গোভিল-সূত্রেণামাবাস্যায়াং সূর্য্যাচন্দ্রমসোরেকরাশ্যেকাংশাবচ্ছেদেনাবস্থাননিয়মাৎ ॥২৬॥

অতএবাহ অমেতি। অমাবাস্যাম্ অমাবাস্যায়াম্। রৌদ্রে ব্রাহ্মমুহূর্ত্তাৎ পরবর্ত্তি রৌদ্রনামকে। দেবাসুরং তদুভয়সম্বন্ধিনম্, স ইন্দ্রঃ অপশ্যৎ সম্ভাবিতবান্ ॥২৭॥

লোহিতৈরিতি। ঘনৈর্মেঘৈঃ। পূর্ব্বাং সন্ধ্যাং প্রাতঃসন্ধ্যাম্। লোহিতানি লোহিত-মেঘচ্ছায়াপাতাৎ রক্তবর্ণানি উদকানি যস্য তম্, বরুণালয়ং পূর্ব্বসমুদ্রম্। "প্রাতর্বাগ্নিঃ সূর্য্যমনুপ্রবিশতি" ইতি শ্রুতের্বহ্নিঞ্চ দিবাকরং প্রবিশন্তমিত্যুক্তম্। পূর্বং যস্মিন্ অমা-বস্যারূপে পর্ব্বণি দেবাসুরাণাং যুদ্ধং বৃত্তম্, তদবধি ইদং চতুর্বিংশং পর্ব্ব অমাবস্যা, সূর্য্য-

---

মার্কণ্ডেয় বলিলেন—'ইন্দ্র কন্যাটীর সেই কথা শুনিয়া অত্যন্তদুঃখিত হইয়া চিন্তা করিলেন যে, এ—যেরূপ বলিতেছে, তাহাতে উহার পতি জগতে নাই (বলিয়াই আমার ধারণা হইতেছে।)॥২৫॥

তাহার পর সূর্য্যতুল্যতেজস্বী ইন্দ্র উদয়পর্বতের দিকে দৃষ্টিপাত করিয়া দেখিলেন—সূর্য্য উঠিতেছেন এবং মহাভাগ চন্দ্র সেই সূর্য্যমণ্ডলে প্রবেশ করিতেছেন ॥২৬॥

এবং তিনি সম্ভাবনা করিলেন যে, অমাবস্যা আরম্ভ হইলে রৌদ্রমুহূর্ত্তে উদয়পর্ব্বতে দেবাসুরের যুদ্ধ হইবে ॥২৭॥

তিনি আরও দেখিলেন যে, পূর্বদিগ্বর্ত্তিনী প্রাতঃসন্ধ্যা রক্তবর্ণমেঘযুক্ত হইয়াছে, তাহাতে পূর্বসমুদ্রের জলরাশিও রক্তবর্ণ হইয়া গিয়াছে; আর ভৃগু ও অঙ্গিরাপ্রভৃতির বংশধরেরা নানাবিধ মন্ত্র পাঠ করিয়া অগ্নিতে আহুতি

সমালোক্যৈকতামেবং শশিনো ভাস্করস্য চ।
সমবায়ন্তু তং দৃষ্ট্বা রৌদ্রং শক্রোঽম্বচিন্তয়ৎ ॥৩১॥
সূর্য্যাচন্দ্রমসোর্ঘোরং দৃশ্যতে পরিবেশনম্।
এতস্মিন্নেব রাত্র্যন্তে মহদ্‌যুদ্ধস্তু শংসতি ॥৩২॥
সরিৎ সিন্ধুরপীয়ন্তু প্রত্যস্থগ্বাহিনী ভৃশম্।
শৃগালিন্যপ্যগ্নিবক্ত্রা প্রত্যাদিত্যং বিরাবিণী ॥৩৩॥
এষ রৌদ্রশ্চ সংঘাতো মহান্ যুক্তশ্চ তেজসা।
সোমস্য বহ্নিসূর্য্যাভ্যামদ্ভুতোঽয়ং সমাগমঃ ॥৩৪॥
জনয়েদ্‌যং সুতং সোমঃ সোঽস্যা দেব্যাঃ পতির্ভবেৎ।
অগ্নিশ্চৈতৈর্গুণৈর্যুক্তঃ সর্ব্বৈরগ্নিশ্চ দেবতা ॥৩৫॥

ভারতকৌমুদী·

মুপস্থিতং প্রাপ্তম্ একো বৎসরঃ পূর্ণ ইত্যর্থঃ। ধর্ম্মগতং হোমসন্ধ্যাদিধর্ম্মকার্য্যপ্রাপ্তং রৌদ্রং মুহূর্ত্তম্, সূর্য্যগতং প্রাগুক্তরীত্যা সূর্য্যপ্রবিষ্টং সোমঞ্চ শতক্রতুরপশ্যদিতি সম্বন্ধঃ ॥২৮-৩০॥

সমেতি। একতাং রাশ্যেকাংশে স্থিতিম্। সমবায়ং সম্মেলনম্ ॥৩১॥

সূর্য্যেতি। পরিবেশনং পরিধিঃ। শংসতি সূচয়তি, এতৎপরিবেশনমেব ॥৩২॥

সরিদিতি। সিন্ধুর্নাম। প্রতি প্রতিকূলভাবেন। অগ্নিবক্ত্রা অগ্নিবদ্রক্তমুখী ॥৩৩॥

এষ ইতি। রৌদ্রো রৌদ্রমুহূর্ত্তসম্বন্ধী, সংঘাতঃ সমবায়ঃ ॥৩৪॥

জনয়েদিতি। অস্মিন্ মুহূর্ত্ত ইতি শেষঃ। অগ্নিশ্চ এতৈঃ সর্বৈর্গুণৈঃ যোগনিবন্ধনোৎ-

---

দিতেছেন, অগ্নিও সেই হব্য গ্রহণ করিয়া সূর্য্যের ভিতরে প্রবেশ করিতেছেন; আর পূর্বে যে অমাবস্যাতে দেবাসুরযুদ্ধ হইয়াছিল, তাহা হইতে চতুর্বিংশ পর্ব্ব (অমাবস্যা) সূর্য্যের নিকট উপস্থিত হইয়াছে, ধর্ম্মানুষ্ঠানের সময় রৌদ্র মুহূর্ত্তও আসিয়া পড়িয়াছে এবং চন্দ্রও সূর্য্যের ভিতরে প্রবেশ করিয়াছেন ॥২৮—৩০॥

চন্দ্র ও সূর্য্যের এইরূপ একরাশিতে অবস্থান এবং রৌদ্রমুহূর্ত্তে সেইরূপ সম্মেলন দেখিয়া দেবরাজ চিন্তা করিলেন ॥৩১॥

চন্দ্র ও সূর্য্যের ভয়ঙ্কর পরিবেশ (পরিবেষ্টক মণ্ডল) দেখা যাইতেছে। সুতরাং ইহা এই রাত্রিশেষেই মহাযুদ্ধের সূচনা করিতেছে ॥৩২॥

এই সিন্ধুনদীও অত্যন্ত প্রতিকূলভাবে রক্তপ্রবাহ বহন করিতেছে এবং রক্তমুখী শৃগালীও সূর্য্যের অভিমুখে থাকিয়া চীৎকার করিতেছে ॥৩৩॥

রৌদ্রমুহূর্ত্তে এই সম্মেলনটাও মেঘের আলোকে আলোকিত হইয়াছে এবং অগ্নি ও সূর্য্যের সহিত চন্দ্রের এই সমাগমটাও অদ্ভুতই দেখা যাইতেছে ॥৩৪॥

এই সময়ে চন্দ্র যে পুত্র উৎপাদন করিবেন, সেই পুত্রই এই দেবীর পতি

এষ চেজ্জনয়েদ্‌গর্ভং সোঽস্যা দেব্যাঃ পতির্ভবেৎ।
এবং সঞ্চিন্ত্য ভগবান্ ব্রহ্মলোকং তদা গতঃ ॥৩৬॥ (যুগ্মকম্)
গৃহীত্বা দেবসেনাং তামবন্দৎ স পিতামহম্।
উবাচ চাস্যা দেব্যাস্ত্বং সাধু শূরং পতিং দিশ ॥৩৭॥

ব্রহ্মোবাচ।

যথৈতচ্চিন্তিতং কার্য্যং ত্বয়া দানবসূদন!।
তথা স ভবিতা গর্ভো বলবানুরুবিক্রমঃ ॥৩৮॥
স ভবিষ্যতি সেনানীস্ত্বয়া সহ শতক্রতো!।
অস্যা দেব্যাঃ পতিশ্চৈব স ভবিষ্যতি বীর্য্যবান্ ॥৩৯॥
এতচ্ছ্রুত্বা নমস্তস্মৈ কৃত্বাসৌ সহ কন্যয়া।
তত্রাভ্যগচ্ছদ্দেবেন্দ্রো যত্র দেবর্ষয়োঽভবন্।
বশিষ্ঠপ্রমুখা মুখ্যা বিপ্রেন্দ্রাঃ সুমহাবলাঃ ॥৪০॥

ভারতকৌমুদী

কর্ষৈর্যুক্তো বর্ত্ততে। দেবতা এষ অগ্নিশ্চ চেদ্‌গর্ভং জনয়েদিতি সম্বন্ধঃ। ভগবানিন্দ্রঃ। গতো দেবসেনয়া সহেত্যর্থঃ ॥৩৫—৩৬॥

গৃহীত্বেতি। সাধু সম্যক্, শূরং বীরং পতিম্, দিশ উপদিশ ব্রূহীতি যাবৎ ॥৩৭॥

যথেতি। উরুবিক্রমো মহাপরাক্রমঃ। অগ্নেরেব তাদৃশঃ পুত্রো ভবিতেত্যর্থঃ ॥৩৮॥

স ইতি। সেনানীর্দেবসেনাপতিঃ ॥৩৯॥

এতদিতি। কন্যয়া দেবসেনয়া। অভবন্ অতিষ্ঠন্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪০॥

হইবেন। কিংবা অগ্নিও এই সকল-গুণ-যুক্ত রহিয়াছেন। সুতরাং এই অগ্নিদেবও যে পুত্র উৎপাদন করিবেন, সেই পুত্রও এই দেবীর পতি হইতে পারেন। এইরূপ চিন্তা করিয়া ভগবান্ ইন্দ্র দেবসেনাকে লইয়া তখনই ব্রহ্মলোকে গমন করিলেন ॥৩৫—৩৬॥

এবং তিনি দেবসেনার হস্ত ধারণ করিয়া ব্রহ্মাকে নমস্কার করিলেন ও বলিলেন—‘ভগবন্! কোন্ বীর পুরুষ এই কন্যাটীর পতি হইবেন, তাহা আপনি ঠিক্ করিয়া বলুন’ ॥৩৭॥

ব্রহ্মা বলিলেন—‘দানবসূদন! তুমি এই ব্যাপারটা যেরূপ ভাবিয়াছ, সেই রূপেই বলবান্ ও মহাবিক্রমশালী সেই পুত্র জন্মিবে ॥৩৮॥

এবং ইন্দ্র! সেই পুরুষ তোমার সহিত দেবসেনার নায়ক হইবে; আর সেই বীর্য্যবান্ পুরুষই এই কন্যাটীরও পতি হইবে’ ॥৩৯॥

দেবরাজ এই কথা শুনিয়া ব্রহ্মাকে নমস্কার করিয়া সেই কন্যাটীর সহিত

ভাগার্থং তপসোপাত্তং তেষাং সোমং তথাধ্বরে ।
পিপাসবো যযুর্দেবাঃ শতক্রতুপুরোগমাঃ ॥৪১॥
ইষ্টিং কৃত্বা যথান্যায়ং সুসমিদ্ধে হুতাশনে ।
জুহুবুস্তে মহাত্মানো হব্যং সর্ব্বদিবৌকসাম্ ॥৪২॥
সমাহূতো হুতবহঃ সোঽদ্ভুতঃ সূর্য্যমণ্ডলাৎ ।
বিনিঃসৃত্য যযৌ বহ্নির্ব্বাগ্‌যতো বিধিবৎ প্রভুঃ ॥৪৩॥
আগম্যাহবনীয়ং বৈ তৈর্দ্বিজৈর্মন্ত্রতো হুতম্ ।
স তত্র বিবিধং হব্যং প্রতিগৃহ্য হুতাশনঃ ।
ঋষিভ্যো ভরতশ্রেষ্ঠ ! প্রাযচ্ছত দিবৌকসাম্ ॥৪৪॥
নিষ্ক্রামংশ্চাপ্যপশ্যৎ স পত্নীস্তেষাং মহাত্মনাম্ ।
স্বেষ্বাসনেষূপবিষ্টাঃ স্বপন্তীশ্চ যথাসুখম্ ॥৪৫॥

ভারতকৌমুদী

ভাগেতি। শতক্রতুপুরোগমা ইন্দ্রপ্রভৃতয়ো দেবাঃ, তেষাং দেবর্ষীণামধ্বরে, ভাগার্থং দেবেষ্বেব বণ্টনার্থম্, তপসা উপাত্তং সংগৃহীতম্, সোমং রসং পিপাসবঃ সন্তো যযুঃ ॥৪১॥

ইষ্টিমিতি। ইষ্টিং দীক্ষণীয়যাগম্। সর্ব্বদিবৌকসাম্ উদ্দেশে ইতি শেষঃ ॥৪২॥

সমিতি। প্রাক্ সূর্য্যমণ্ডলে প্রবেশস্যোক্তত্বাদত্র বিনিঃসৃত্যেত্যুক্তিঃ সঙ্গচ্ছতে ॥৪৩॥

আগম্যেতি। আহবনীয়ং নাম স্বমূর্ত্তিবিশেষম্। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৪৪॥

সেইখানে আগমন করিলেন, যেখানে বশিষ্ঠপ্রভৃতি মহাপ্রভাবসম্পন্ন ব্রাহ্মণশ্রেষ্ঠগণ অবস্থান করিতেছিলেন ॥৪০॥

দেবগণকেই ভাগ করিয়া দিবার জন্য তপোবলে যে সোমরস সংগৃহীত হইয়াছিল, সেই সোমরস পান করিবার ইচ্ছায় ইন্দ্রপ্রভৃতি দেবতারা সেই ঋষিদের যজ্ঞে আগমন করিলেন ॥৪১॥

এদিকে মহাত্মা দেবর্ষিরা যথানিয়মে প্রাথমিক যাগ করিয়া সকল দেবতার উদ্দেশে প্রজ্বলিত অগ্নিতে হব্যের আহুতি দিতে লাগিলেন ॥৪২॥

মুনিরা যথাবিধানে আহ্বান করিলে, হব্যবাহী ও অদ্ভুতমূর্ত্তি অগ্নিদেব সূর্য্যমণ্ডল হইতে নির্গত হইয়া নীরবে আগমন করিলেন ॥৪৩॥

তিনি আসিয়া আহবনীয় অগ্নিতে অধিষ্ঠিত হইয়া—সেই ঋষিরা মন্ত্রোচ্চারণপূর্ব্বক যে নানাবিধ হব্যের আহুতি দিয়াছিলেন, তাহা তাঁহাদের নিকট হইতে গ্রহণ করিয়া দেবগণকে সমর্পণ করিলেন ॥৪৪॥

তাহার পর অগ্নিদেব হোমকুণ্ড হইতে নির্গত হইয়া দেখিলেন—সেই

রুক্মবেদিনিভাস্তাস্ত চন্দ্রলেখা ইবামলাঃ।
হুতাশনার্চ্চিঃপ্রতিমাঃ সর্বাস্তারা ইবাদ্ভুতাঃ ॥৪৬॥ (যুগ্মকম্)
স তদ্গতেন মনসা বভূব ক্ষুভিতেন্দ্রিয়ঃ।
পত্নীর্দৃষ্ট্বা দ্বিজেন্দ্রাণাং বহ্নিঃ কামবশং যযৌ ॥৪৭॥
ভূয়ঃ স চিন্তয়ামাস ন ন্যায্যং ক্ষুভিতো হ্যহম্।
সাধ্ব্যঃ পত্ন্যো দ্বিজেন্দ্রানামকামাঃ কাময়াম্যহম্ ॥৪৮॥
নৈতাঃ শক্যা ময়া স্প্রষ্টুং দ্রষ্টুং বাপ্যনিমিত্ততঃ।
গার্হপত্যং সমাবিশ্য তস্মাৎ পশ্যাম্যভীক্ষ্ণশঃ ॥৪৯॥

মার্কণ্ডেয় উবাচ।

সংস্পৃশন্নিব সর্ব্বাস্তাঃ শিখাভিঃ কাঞ্চনপ্রভাঃ।
পশ্যমানশ্চ মুমুদে গার্হপত্যং সমাশ্রিতঃ ॥৫০॥

ভারতকৌমুদী

নিরিতি। নিষ্ক্রামন্ হোমকুণ্ডাৎ। স্বপন্তীঃ কাশ্চিৎ শয়ানাঃ। রুক্মং স্বর্ণম্ ॥৪৫—৪৬॥

স ইতি। তদ্গতেন দেবর্ষিপত্নীগতেন। ক্ষুভিতেন্দ্রিয়শ্চঞ্চলেন্দ্রিয়ঃ ॥৪৭॥

ভূয় ইতি। অন্যায্যত্বং প্রতি হেতুমাহ সাধ্ব্য ইত্যাদিনা ॥৪৮॥

নেতি। অনিমিত্তত আসাং কামোদ্রেকরূপং কারণং বিনা। গার্হপত্যং স্বমূর্ত্তিভেদম্ ॥৪৯॥

সমিতি। তা দেবর্ষীণাং পত্নীঃ, শিখাভিঃ হস্তৈরিব স্বার্চ্চিভিঃ ॥৫০॥

মহাত্মা ঋষিগণের পত্নীদের মধ্যে অনেকে আপন আপন আসনে উপবিষ্ট রহিয়াছেন; আবার অনেকে যথাসুখে শয়ন করিয়া আছেন। তাঁহারা সকলেই স্বর্ণবেদির ন্যায় পীতবর্ণ, চন্দ্রলেখার ন্যায় নির্ম্মলমূর্ত্তি, অগ্নিশিখার ন্যায় উজ্জ্বলকান্তি এবং তারাদেবীর ন্যায় অদ্ভুত সুন্দরী ছিলেন ॥৪৫—৪৬॥

অগ্নিদেব তদ্গত চিত্তে সেই ঋষিপত্নীদিগকে দেখিয়া চঞ্চলচিত্ত ও কামার্ত্ত হইয়া পড়িলেন ॥৪৭॥

তখন আবার তিনি চিন্তা করিলেন—'আমি যে চঞ্চল হইয়াছি, ইহা সঙ্গত নহে। কারণ, সাধ্বী ঋষিপত্নীরা কামুকী হন নাই, অথ চ আমি ইঁহাদিগকে কামনা করিতেছি ॥৪৮॥

ইঁহাদের কামোদ্রেক ব্যতীত আমি এই ভাবে ইঁহাদিগকে স্পর্শ করিতে কিংবা দেখিতেও পারি না। অতএব গার্হপত্য অগ্নিতে প্রবেশ করিয়া বার বার ইঁহাদিগকে দর্শন করি' ॥৪৯॥

মার্কণ্ডেয় বলিলেন—'তাহার পর অগ্নিদেব গার্হপত্য অগ্নিতে প্রবেশ করিয়া সেই স্বর্ণবর্ণা ঋষিপত্নীদিগকে দেখিতে থাকিয়া এবং শিখাদ্বারাই যেন তাঁহাদিগকে স্পর্শ করিতে থাকিয়া আমোদ অনুভব করিতে লাগিলেন ॥৫০॥

নিরুধ্য তত্র সুচিরমেবং বহ্নির্বশং গতঃ।
মনস্তাসু বিনিক্ষিপ্য কাময়ানো বরাঙ্গনাঃ ॥৫১॥
কামসন্তপ্তহৃদয়ো দেহত্যাগবিনিশ্চিতঃ।
অলাভে ব্রাহ্মণস্ত্রীণামগ্নির্বনমুপাগমৎ ॥৫২॥
স্বাহা তং দক্ষদুহিতা প্রথমং কাময়ত্তদা।
সা তস্য চ্ছিদ্রমন্বৈচ্ছচ্চিরাৎ প্রভৃতি ভাবিনী ॥৫৩॥
অপ্রমত্তস্য দেবস্য ন চাপশ্যদনিন্দিতা।
সা তং জ্ঞাত্বা যথাবত্তু বহ্নিং বনমুপাগতম্ ॥৫৪॥
তত্ত্বতঃ কামসন্তপ্তং চিন্তয়ামাস ভাবিনী।
অহং সপ্তর্ষিপত্নীনাং কৃত্বা রূপাণি পাবকম্ ॥৫৫॥
কাময়িষ্যামি কামার্ত্তা তাসাং রূপেণ মোহিতম্।
এবং কৃতে প্রীতিরস্য কামাবাপ্তিশ্চ মে ভবেৎ ॥৫৬॥ (বিশেষকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াম্ আঙ্গিরসোপাখ্যানে ষড়শীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

নিরিতি। নিরুধ্য অবস্থায়, তত্র গার্হপত্যেঽগ্নৌ, বশং কামস্য ॥৫১॥

কামেতি। তাসাং ব্রাহ্মণস্ত্রীণামলাভে, দেহত্যাগে বিনিশ্চিতঃ কৃতনিশ্চয়ঃ ॥৫২॥

স্বাহেতি। প্রথমং বহ্নেঃ কামাবির্ভাবাদাদিত এব, কাময়দকাময়ৎ ॥৫৩॥

অপ্রেতি। অপ্রমত্তস্য ধৈর্য্যরক্ষায়াং সাবধানস্য, দেবস্য বহ্নেঃ, ন চাপশ্যৎ কামচ্ছিদ্রমিতি শেষঃ। সা স্বাহা। চিন্তাপ্রকারমাহ অহমিতি। অস্য বহ্নেঃ ॥৫৪—৫৬॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং ষড়শীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

এই ভাবে অগ্নিদেব সেই গার্হপত্য অগ্নিতে দীর্ঘকাল থাকিয়া সেই ঋষি-পত্নীদের প্রতি চিত্ত সমর্পণপূর্ব্বক তাঁহাদিগকে কামনা করিয়া একেবারে কামের বশীভূত হইলেন ॥৫১॥

ক্রমে কামসন্তপ্তচিত্ত অগ্নিদেব সেই ব্রাহ্মণপত্নীদিগকে না পাওয়ায় দেহ-ত্যাগে কৃতনিশ্চয় হইয়া বনে গমন করিলেন ॥৫২॥

এদিকে দক্ষকন্যা স্বাহাদেবী পূর্ব্ব হইতেই অগ্নিদেবকে কামনা করিয়া দীর্ঘকাল ধরিয়াই তাঁহার ছিদ্রান্বেষণ করিতেছিলেন ॥৫৩॥

কিন্তু অগ্নিদেব সাবধান ছিলেন বলিয়া অনিন্দ্যসুন্দরী স্বাহাদেবী তাঁহার

---

* '…ঊনবিংশত্যধিকদ্বিশততমঃ…' পি, '…ত্রয়োবিংশত্যধিকদ্বি…' বা ব, '…চতুর্বিংশ-ত্যধিকদ্বি…কা, '…ষড়্বিংশত্যধিকদ্বি…' নি।

সপ্তাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ

——ঃ(*)ঃ——

মার্কণ্ডেয় উবাচ।

শিবা ভার্য্যা ত্বঙ্গিরসঃ শীলরূপগুণান্বিতা।
তস্যাঃ সা প্রথমং রূপং কৃত্বা দেবী জনাধিপ !।
জগাম পাবকাভ্যাসং তঞ্চোবাচ বরাঙ্গনা ॥১॥
মামগ্নে ! কামসন্তপ্তাং ত্বং কাময়িতুমর্হসি।
করিষ্যসি ন চেদেবং মৃতাং মামুপধারয় ॥২॥
অহমঙ্গিরসো ভার্য্যা শিবা নাম হুতাশন !।
শিষ্টাভিঃ প্রহিতা প্রাপ্তা মন্ত্রয়িত্বা বিনিশ্চয়ম্ ॥৩॥

ভারতকৌমুদী

শিবেতি। শিবা নাম। সা স্বাহা। পাবকাভ্যাসং বনে অগ্নিসমীপম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥

মামিতি। উপধারয় নিশ্চিনু, ত্বৎসঙ্গমাভাবে মরিষ্যাম্যেবেত্যর্থঃ ॥২॥

ভারতভাবদীপঃ

শিবেতি ॥১—৩৮॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮৭॥

ছিদ্র দেখিতে পান নাই ; পরন্তু তৎকালে অগ্নিদেবকে যথার্থভাবে বনগত জানিতে পারিয়া যথার্থরূপেই তাঁহাকে কামসন্তপ্ত বলিয়া মনে করিলেন এবং এইরূপ ভাবিতে লাগিলেন যে, আমি কামার্ত্তা, সুতরাং আমি সপ্তর্ষিপত্নীগণের রূপ ধারণ করিয়া তাঁহাদের রূপে মোহিত অগ্নিদেবকে কামনা করিব। এইরূপ করিলে উঁহারও সন্তোষ জন্মিবে এবং আমারও কামফল লাভ হইবে' ॥৫৪—৫৬॥

——ঃ(০)ঃ——

মার্কণ্ডেয় বলিলেন—'রাজা ! চরিত্র, রূপ ও অন্যান্যগুণসমন্বিতা 'শিবা'-নাম্নী অঙ্গিরার ভার্য্যা ছিলেন ; স্বাহাদেবী প্রথমেই তাঁহার রূপ ধারণ করিয়া বনে অগ্নির নিকটে আগমন করিলেন এবং সেই সুন্দরী অগ্নিকে বলিলেন ॥১॥

'অগ্নিদেব ! আমি কামসন্তপ্তা ; সুতরাং আপনি আমার সহিত সঙ্গম করুন ; আপনি যদি এরূপ না করেন, তবে আমাকে মৃত বলিয়াই নিশ্চয় করুন ॥২॥

অগ্নিরুবাচ।

কথং মাং ত্বং বিজানীষে কামার্ত্তমিতরাঃ কথম্।
যাস্ত্বয়া কীর্ত্তিতাঃ সর্ব্বাঃ সপ্তর্ষীণাং প্রিয়াঃ স্ত্রিয়ঃ ॥৪॥

শিবোবাচ।

অস্মাকং ত্বং প্রিয়ো নিত্যং বিভীমস্তু বয়ং তব।
ত্বচ্চিত্তমিঙ্গিতৈর্জ্ঞাত্বা প্রেষিতাস্মি তবান্তিকম্ ॥৫॥
মৈথুনায়েহ সম্প্রাপ্তা কামং প্রাপ্তুং দ্রুতং চর।
যাময়ো মাং প্রতীক্ষন্তে গমিষ্যামি হুতাশন! ॥৬॥

মার্কণ্ডেয় উবাচ।

ততোঽগ্নিরুপযেমে তাং শিবাং প্রীতিমুদাযুতঃ।
প্রীত্যা দেবী সমাযুক্তা শুক্রং জগ্রাহ পাণিনা ॥৭॥

ভারতকৌমুদী

অহমিতি। শিষ্টাভির্মুনিপত্নীভিঃ। প্রাপ্তা অত্রাগতা, বিনিশ্চয়ং কার্য্যস্য ॥৩॥

কথমিতি। ইতরা মুনিপত্ন্যো বা কথং বিজানন্তীতি শেষঃ ॥৪॥

অস্মাকমিতি। তব প্রত্যাখ্যানাৎ বিভীমো ভীতা ভবামঃ। চিত্তং চিত্তবৃত্তিম্ ॥৫॥

মৈথুনায়েতি। চর মামারোহ। যাময়ো ভগিন্যঃ, "যামিঃ স্বস্কুলস্ত্রিয়োঃ" ইত্যমরঃ ॥৬॥

তত ইতি। উপযেমে গান্ধর্ব্ববিধানেন সঙ্গম্য পরিণিনায়, শিবাম্ অঙ্গিরোভার্য্যাশিবা-

হুতাশন! আমি অঙ্গিরার ভার্য্যা, আমার নাম—'শিবা'; মুনিপত্নীরা আমাকে পাঠাইয়াছেন, আমিও আমার কর্ত্তব্যবিষয়ে স্থির পরামর্শ করিয়া আপনার নিকট উপস্থিত হইয়াছি' ॥৩॥

অগ্নি বলিলেন—'তুমি আমাকে কামার্ত্ত বলিয়া কিপ্রকারে জানিলে? এবং তুমি যে সকল সপ্তর্ষিপত্নীর কথা বলিলে, তাঁহারাই বা আমাকে কামার্ত্ত বলিয়া কিপ্রকারে জানিলেন?' ॥৪॥

শিবা বলিলেন—'অগ্নিদেব! আপনি সর্ব্বদাই আমাদের প্রিয়; কিন্তু আমরা আপনার প্রত্যাখ্যানের ভয় করিতাম। তা'র পর ঋষিপত্নীরা আপনার ইঙ্গিতে আপনার মনের ভাব জানিতে পারিয়া আমাকে আপনার নিকট পাঠাইয়া দিয়াছেন ॥৫॥

হুতাশন! আমি মৈথুনের জন্যই এখানে আসিয়াছি। অতএব আপনি কামফল লাভ করিবার জন্য সত্বর প্রবৃত্ত হউন। কেন না, ভগিনীরা আমার প্রতীক্ষা করিতেছেন; সুতরাং আমিও সত্বরই যাইব' ॥৬॥

(৬)…জাময়ো মাম্…নি,…যাতরো মাম্…পি।

ব্যচিন্তয়ন্মমেদং যে রূপং দ্রক্ষ্যন্তি কাননে।
তে ব্রাহ্মণীনামনৃতং দোষং বক্ষ্যন্তি পাবকে ॥৮॥
তস্মাদেতদ্রক্ষমাণা গরুড়ী সম্ভবাম্যহম্।
বনান্নির্গমনঞ্চৈব সুখং মম ভবিষ্যতি ॥৯॥

মার্কণ্ডেয় উবাচ।

সুপর্ণী সা তদা ভূত্বা নির্জগাম মহাবনাৎ।
অপশ্যৎ পর্ব্বতং শ্বেতং শরস্তম্বৈঃ সুসংবৃতম্ ॥১০॥
দৃষ্টিবিষৈঃ সপ্তশীর্ষৈর্গুপ্তং ভোগিভিরদ্ভুতৈঃ।
রক্ষোভিশ্চ পিশাচৈশ্চ রৌদ্রৈর্ভূতগণৈস্তদা।
রাক্ষসীভিশ্চ সম্পূর্ণমনেকৈশ্চ মৃগদ্বিজৈঃ ॥১১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

রূপধারিণীম্, প্রীতিঃ প্রেম মুৎ আনন্দশ্চ তাভ্যামাযুতঃ সমন্বিতঃ। দেবী স্বাহা। অত্রেদমবধেয়ম্—স্বাহা কন্যৈবাসীৎ, তস্যাঃ শিবারূপধারণপ্রয়োজনঞ্চ অগ্নেঃ সপ্তর্ষিপত্নীষু কামোদয়েন অঙ্গিরোভার্য্যাং প্রত্যপি কামোদয়াৎ তস্যাশ্চ সৌন্দর্য্যাতিশয়াৎ সঙ্গমঃ সুকর ইতি। এবঞ্চ কন্যয়া স্বাহয়া সহাগ্নেঃ সঙ্গমো গান্ধর্ব্ববিবাহ এবেতি ॥৭॥

অথ স্বাহা কথং পাণিনা অগ্নেঃ শুক্রং জগ্রাহেত্যাহ ব্যচিন্তয়দিতি। রূপং শিবামূর্ত্তিম্। অনৃতং মিথ্যা, পাবকে অগ্নিদেববিষয়ে, দোষং ব্যভিচারম্। তথা চ শিবামূর্ত্ত্যৈব যোনৌ শুক্রগ্রহণে সদ্যোগৃহীতগর্ভায়াঃ শ্রমগ্লান্যাদ্যবস্থায়া অবশ্যম্ভাবাৎ তদ্দর্শনেন চ শিবায়া এব ব্যভিচারনিশ্চয়ঃ স্যাৎ, পাণিনা শুক্রধারণে তু তদবস্থায়া অভাবান্ন তন্নিশ্চয় ইতি ভাবঃ ॥৮॥

তস্মাদিতি। এতৎ শুক্রম্। শিবারূপত্বে তু কথমিয়মত্রাগতেত্যাশঙ্কা স্যাদিতি ভাবঃ ॥৯॥

স্বিতি। সুপর্ণী গরুড়ী। ভোগিভিঃ সর্পৈঃ। মৃগদ্বিজৈঃ পশুপক্ষিভিঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১০—১১॥

মার্কণ্ডেয় বলিলেন—'তাহার পর অগ্নিদেব প্রণয় ও আনন্দ সহকারে সেই শিবামূর্ত্তিধারিণী স্বাহাদেবীকে গান্ধর্ববিধানে বিবাহ করিলেন; স্বাহাদেবীও তখন আনন্দিত হইয়া হস্তদ্বারা অগ্নিদেবের শুক্র ধারণ করিলেন ॥৭॥

কারণ, তিনি চিন্তা করিলেন যে, 'যাহারা এই বনের ভিতরে আমার এই শিবামূর্ত্তি দর্শন করিবে, তাহারাই অগ্নিদেবের সহিত সপ্তর্ষিপত্নীদের মিথ্যা ব্যভিচারদোষের কথা বলিবে ॥৮॥

অতএব আমি এই শুক্র রক্ষা করিতে থাকিয়া গরুড়ী পক্ষিণী হই; তাহা হইলে আমি অনায়াসে এই বন হইতেও নির্গত হইতে পারিব' ॥৯॥

মার্কণ্ডেয় বলিলেন—'তখন স্বাহাদেবী গরুড়ী পক্ষিণী হইয়া সেই মহাবন

সা তত্র সহসা গত্বা শৈলপৃষ্ঠং সুদুর্গমম্ ।
প্রাক্ষিপৎ কাঞ্চনে কুণ্ডে শুক্রং সা ত্বরিতা শুভা ॥১২॥
শিষ্টানামপি সা দেবী সপ্তর্ষীণাং মহাত্মনাম্ ।
পত্নীসরূপকং কৃত্বা কাময়ামাস পাবকম্ ॥১৩॥
দিব্যং রূপমরুন্ধত্যাঃ কর্ত্তুং ন শকিতং তয়া ।
তস্যাস্তপঃপ্রভাবেণ ভর্ত্তৃশুশ্রূষণেন চ ॥১৪॥
ষট্‌কৃত্বস্তত্র নিক্ষিপ্তমগ্নে রেতঃ কুরূত্তম ! ।
তস্মিন্ কুণ্ডে প্রতিপদি কামিন্যা স্বাহয়া তদা ॥১৫॥

ভারতকৌমুদী

সেতি। সা প্রসিদ্ধা, সা স্বাহা, তত্র তদানীমেব, সহসা অবিতর্ক্য ॥১২॥

শিষ্টানামিতি। সা স্বাহা দেবী, শিষ্টানাং শাস্ত্রানুসারিণামপি মহাত্মনাং সপ্তর্ষীণাম্, যাঃ সপ্ত পত্ন্যস্তাসাং প্রত্যেকত এব সরূপকং সমানং সমানং রূপং কৃত্বা পাবকমগ্নিং কাময়ামাস অগ্নিনা সহ রেমে ইত্যর্থঃ ॥১৩॥

অথ তর্হি সপ্তবাররমণৈঃ সপ্তবারশুক্রপাতাৎ কার্ত্তিকেয়ঃ সপ্তানন এব ভবিতুমর্হতি ন পুনঃ ষড়ানন ইত্যাহ দিব্যমিতি। তয়া স্বাহয়া, অরুন্ধত্যা বশিষ্ঠপত্ন্যাস্তপঃপ্রভাবেণ ভর্ত্তৃ-শুশ্রূষণেন চ তজ্জনিতধর্ম্মাতিশয়েন চেত্যর্থঃ, তস্যা দিব্যং রূপং কর্ত্তুং ন শকিতং ন পারিতম্। অতএবাবশিষ্টানাং ষণ্ণামৃষিপত্নীনাং প্রত্যেকতো রূপধারণেন ষড়্‌বাররমণাৎ ষড়্‌বারশুক্র-পাতেন যড়ানন এব কার্ত্তিকেয়ঃ সঞ্জাত ইতি ভাবঃ ॥১৪॥

এতদেবাহ ষড়িতি। ষট্‌কৃত্বঃ ষড়্‌বারান্। রেতঃ শুক্রম্। কামিন্যা কামুক্যা ॥১৫॥

হইতে নির্গত হইলেন এবং কৈলাসপর্বত দর্শন করিলেন; সে পর্বত তখন শরস্তম্বসমূহে আবৃত, দৃষ্টিবিষ ও সপ্তমস্তক অদ্ভুত সর্পগণে রক্ষিত এবং রাক্ষসগণ, পিশাচগণ, শিবানুচর ভূতগণ, রাক্ষসীগণ ও বহুতর পশু-পক্ষিগণে পরিপূর্ণ ছিল ॥১০—১১॥

স্বাহাদেবী কোন বিষয় বিবেচনা না করিয়া তখনই সত্বর সেই অতিদুর্গম পর্ব্বতের উপরে যাইয়া কোন স্বর্ণকুণ্ডে সেই শুক্র নিক্ষেপ করিলেন ॥১২॥

শাস্ত্রানুসারী ও মহাত্মা সপ্তর্ষিগণের পত্নীদের মধ্যে প্রত্যেকের রূপ ধারণ করিয়াই স্বাহাদেবী অগ্নিদেবের সহিত রমণ করিয়াছিলেন ॥১৩॥

কিন্তু বশিষ্ঠপত্নী অরুন্ধতীদেবীর তপস্যার প্রভাবে এবং ভর্ত্তৃশুশ্রূষাধর্ম্মের বলে তাঁহার রূপ ধারণ করিতে স্বাহাদেবী পারেন নাই ॥১৪॥

কুরুশ্রেষ্ঠ! কামুকী স্বাহাদেবী প্রতিপৎ তিথিতে সেই স্বর্ণকুণ্ডে ছয় বার অগ্নিদেবের শুক্র নিক্ষেপ করিয়াছিলেন ॥১৫॥

তৎ স্কন্নং তেজসা তত্র সংবৃতং জনয়ৎ সুতম্।
ঋষিভিঃ পূজিতং স্কন্নমনয়ৎ স্কন্দতাং ততঃ ॥১৬॥
ষট্‌শিরা দ্বিগুণশ্রোত্রো দ্বিনাসাক্ষিভুজক্রমঃ।
একগ্রীবৈকজঠরঃ কুমারঃ সমপদ্যত ॥১৭॥
দ্বিতীয়ায়ামভিব্যক্তস্তৃতীয়ায়াং শিশুর্বভৌ।
অঙ্গপ্রত্যঙ্গসম্পন্নশ্চতুর্থ্যামভবদ্‌গুহঃ ॥১৮॥
লোহিতাভ্রেণ মহতা সংবৃতঃ সহ বিদ্যুতা।
লোহিতাভ্রে সুমহতি ভাতি সূর্য্য ইবোদিতঃ ॥১৯॥

ভারতকৌমুদী

তদিতি। তত্র কুণ্ডে, স্কন্নং স্খলিতম্, তেজসা সংবৃতম্, অতএব ঋষিভিঃ পূজিতমাদৃতম্, তৎ অগ্নে রেতঃ কর্ত্তৃ, কঞ্চিৎ সুতম্, জনয়ৎ অজনয়ৎ। অড়াগমাভাব আর্ষঃ। অতএব চ স্কন্নং রেতঃ কর্ত্তৃ, স্কন্দতাং জাতস্য সুতস্য স্কন্দনামকত্বমনয়ৎ ॥১৬॥

সুতস্যাকৃতিমাহ ষড়িতি। ষট্ শিরাংসি যস্য সঃ, তদ্দ্বিগুণানি দ্বাদশেত্যর্থঃ শ্রোত্রাণি কর্ণা যস্য সঃ, দ্বৌ ষড়্‌দ্বিগুণা এব নাসা নাসারন্ধ্রাণি অক্ষীণি ভুজক্রমা বাহুপর্য্যায়াশ্চ যস্য সঃ। তথা একা গ্রীবা যস্য স চাসৌ একং জঠরং যস্য স চেতি একগ্রীবৈকজঠরঃ, কুমারঃ শিশুঃ, সমপদ্যত নিষ্পন্নোঽভবৎ ॥১৭॥

তস্যাঃ সম্পন্নতায়াঃ ক্রমমাহ দ্বিতীয়ায়ামিতি। অভিব্যক্তঃ যন্নাং শুক্রভাগানাং মিশ্রণামাংসপিণ্ডতয়া স্পষ্টীভূতঃ। গুহঃ কার্ত্তিকেয়ঃ ॥১৮॥

লোহিতেতি। বিদ্যুতা সহ বিদ্যমানেন, মহতা লোহিতাভ্রেণ রক্তমেঘেন সংবৃতঃ কিয়দাবৃত উদিতঃ সূর্য্য ইব, স কুমারঃ, সুমহতি লোহিতাভ্রে পার্ব্বত্যরক্তাভ্রধাতুভিত্তিসমীপে ভাতি স্ম ॥১৯॥

সেই শুক্র তেজে আবৃত ছিল, তাই ঋষিরা তাহার আদর করিয়াছিলেন; ক্রমে সেই শুক্র একটী পুত্ররূপে পরিণত হইল; স্কন্ন—অর্থাৎ স্খলিত শুক্র হইতে জন্মিয়াছিল বলিয়া তাহার নাম হইল—'স্কন্দ' ॥১৬॥

সেই বালকটীর ছয়টী মাথা, বার খানি কাণ, ছয়টী নাক, বারটী চোখ, বার খানি হাত, একটী গ্রীবা এবং একটী উদর হইয়াছিল ॥১৭॥

প্রথমে দ্বিতীয়াতিথিতে সেই শুক্রগুলি সম্মিলিত হইয়া একটী মাংসপিণ্ড হইয়াছিল, তৃতীয়াতিথিতে তাহা বালকরূপে প্রকাশ পাইয়াছিল এবং চতুর্থীতিথিতে তাহার অঙ্গ-প্রত্যঙ্গ জন্মিয়াছিল ॥১৮॥

ঐ বালকটীর নিকটে অতিবিশাল ও রক্তবর্ণ অভ্রময় পর্ব্বতের ভিত্তি ছিল; তাহাতে বিদ্যুৎসমন্বিত, বিশাল ও রক্তবর্ণমেঘের নিকটবর্ত্তী উদিত সূর্য্যের ন্যায় সেই বালকটী শোভা পাইতেছিল ॥১৯॥

গৃহীতস্তু ধনুস্তেন বিপুলং লোমহর্ষণম্ ।
ন্যস্তং যত্রিপুরঘ্নেন সুরারিবিনিকৃন্তনম্ ॥২০॥
তদ্‌গৃহীত্বা ধনুঃশ্রেষ্ঠং ননর্দ্দ বলবাংস্তদা ।
সম্মোহয়ন্নিবেমান্ স ত্রীল্লোঁকান্ সচরাচরান্ ॥২১॥
তস্য তং নিনদং শ্রুত্বা মহামেঘৌঘনিস্বনম্ ।
উৎপেততুর্মহানাগৌ চিত্রশ্চৈরাবতশ্চ হ ॥২২॥
তাবাপতন্তৌ সংপ্রেক্ষ্য স বালোঽর্কসমদ্যুতিঃ ।
দ্বাভ্যাং গৃহীত্বা পাণিভ্যাং শক্তিঞ্চান্যেন পাণিনা ।
অপরেণাগ্নিদায়াদস্তাম্রচূড়ং ভুজেন সঃ ॥২৩॥
মহাকায়মুপশ্লিষ্টং কুক্কুটং বলিনাং বরম্ ।
গৃহীত্বা ব্যনদদ্ভীমং চিক্রীড় চ মহাভুজঃ ॥২৪॥ (যুগ্মকম্)
দ্বাভ্যাং ভুজাভ্যাং বলবান্ গৃহীত্বা শঙ্খমুত্তমম্ ।
প্রাধ্মাপয়ত ভূতানাং ত্রাসনং বলিনামপি ॥২৫॥

ভারতকৌমুদী

গৃহীতমিতি। ত্রিপুরঘ্নেন শিবেন। বিনিকৃন্তনমিত্যার্ষত্বাদ্‌যুটি নকারাগমঃ ॥২০॥

তদিতি। ননর্দ্দ জগর্জ্জ। সচরাচরান্ স্থাবরজঙ্গমসহিতান্ ॥২১॥

তস্যেতি। মহামেঘৌঘস্য নিস্বনং তৎসদৃশম্। উৎপেততুঃ স্বস্বস্থানাদুত্তস্থতুঃ ॥২২॥

তাবিতি। আপতন্তৌ আগচ্ছন্তৌ। শক্তিম্ অস্ত্রবিশেষম্। অগ্নের্দায়াদঃ পুত্রঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ। উপশ্লিষ্টং সন্নিহিতম্, কুক্কুটং পক্ষিবিশেষম্ ॥২৩—২৪॥

পূর্ব্বকালে মহাদেব ত্রিপুরাসুরকে বধ করিয়া অসুরনাশক যে ধনু রাখিয়া দিয়াছিলেন, সেই বিশাল ও লোমহর্ষণ ধনু সেই বালক ধারণ করিল ॥২০॥

সেই বলবান্ বালক সেই শ্রেষ্ঠ ধনু ধারণ করিয়া স্থাবর ও জঙ্গম পদার্থের সহিত এই ত্রিভুবনটাকেই যেন সম্মোহন করিতে থাকিয়া গর্জন করিতে থাকিল ॥২১॥

মহামেঘগর্জনের ন্যায় স্কন্দের সেই গর্জন শুনিয়া মহাহস্তী চিত্র ও ঐরাবত আপন আপন স্থান হইতে গাত্রোত্থান করিল ॥২২॥

সেই হাতী দুইটা আসিতেছে দেখিয়া সূর্য্যতুল্য তেজস্বী অগ্নিপুত্র মহাবাহু স্কন্দ দুই হাতে সেই হাতী দুইটাকে, অপর হাতে শক্তি অস্ত্র এবং অন্য হাতে বিশালদেহ, মহাবল ও তাম্রবর্ণচূড়াযুক্ত একটা নিকটবর্ত্তী কুক্কুটপক্ষীকে ধারণ করিয়া ভয়ঙ্কর গর্জন ও ক্রীড়া করিতে লাগিলেন ॥২৩—২৪॥

দ্বাভ্যাং ভুজাভ্যামাকাশং বহুশোঽভিজঘান হ।
ক্রীড়ন্ ভাতি মহাসেনস্ত্রীল্লোঁকান্ বদনৈঃ পিবন্ ॥২৬॥
পর্ব্বতাগ্রেঽপ্রমেয়াত্মা রশ্মিবানুদয়ে যথা।
স তস্য পর্ব্বতস্যাগ্রে নিষণ্ণোঽদ্ভুতবিক্রমঃ ॥২৭॥
ব্যলোকয়দমেয়াত্মা মুখৈর্নানাবিধৈর্দিশঃ।
স পশ্যন্ বিবিধান্ ভাবাংশ্চকার নিনদং পুনঃ ॥২৮॥
তস্য তং নিনদং শ্রুত্বা ন্যপতন্ বহুধা জনাঃ।
ভীতাশ্চোদ্বিগ্নমনসস্তমেব শরণং যযুঃ ॥২৯॥
যে তু তং সংশ্রিতা দেবং নানাবর্ণাস্তদা জনাঃ।
তানপ্যাহুঃ পারিষদান্ ব্রাহ্মণাঃ সুমহাবলান্ ॥৩০॥

ভারতকৌমুদী

দ্বাভ্যামিতি। বলবান্ দেবপ্রভাবাদুপচিতদেহতয়া ক্রমেণ মহাবলীভূতঃ স্কন্দঃ ॥২৫॥
দ্বাভ্যামিতি। আকাশম্ আকাশস্থাং শৈলভিত্তিম্। পিবন্নিব ॥২৬॥
পর্বতেতি। রশ্মিবান্ সূর্য্যঃ, মোপধত্বাদ্বস্তঃ। উদয়ে উদয়াখ্যে। নিষণ্ণঃ স্থিতঃ ॥২৭॥
ব্যলোকয়দিতি। নানাবিধৈর্নানাবিধভঙ্গীযুক্তৈঃ। ভাবান্ পদার্থান্ ॥২৮॥
তস্যেতি। ন্যপতন্ আগচ্ছন্। উদ্বিগ্নমনসঃ অস্থিরচিত্তাঃ ॥২৯॥
য ইতি। জনা দেবযোনয় এব ॥৩০॥

বলবান্ স্কন্দ দুই হস্তদ্বারা একটা উত্তম শঙ্খ ধারণ করিয়া বলবান্ প্রাণিগণেরও ভয়জনক শব্দ করিতে লাগিলেন ॥২৫॥

এবং দুই হস্তদ্বারা আকাশস্থ পর্ব্বতভিত্তিতে বহুবার আঘাত করিলেন ; পরে মুখদ্বারা ত্রিভুবনই যেন পান করিতে থাকিয়া খেলা করতঃ শোভা পাইতে লাগিলেন ॥২৬॥

অচিন্তনীয়স্বভাব সূর্য্য যেমন উদয়পর্ব্বতের উপরে অবস্থান করেন, তেমন অদ্ভুতবিক্রম স্কন্দ সেই কৈলাসপর্বতের উপরে উপবেশন করিলেন ॥২৭॥

অচিন্তনীয়স্বভাব স্কন্দ মুখদ্বারা নানাবিধ ভঙ্গীতে সমস্ত দিক্ দর্শন করিলেন এবং নানাবিধ পদার্থ দেখিতে থাকিয়া আবার গর্জন করিলেন ॥২৮॥

তাঁহার সেই গর্জন শুনিয়া নানাবিধ লোক উপস্থিত হইল এবং ভীত ও অস্থিরচিত্ত হইয়া স্কন্দেরই শরণাপন্ন হইল ॥২৯॥

তখন নানাবর্ণের যে সকল লোক স্কন্দদেবের আশ্রয় লইয়াছিল, সেই অতিমহাবল লোকদিগকে ব্রাহ্মণেরা তাঁহারই পারিষদ বলিয়া থাকেন ॥৩০॥

(২৭)…রশ্মিমানুদয়ে যথা…বা ব কা নি। (৩০)…ব্রাহ্মণান্ সুমহাবলান্—বা ব কা।

স তূত্থায় মহাবাহুরুপসান্ত্ব্য চ তান্ জনান্ ।
ধনুর্বিকৃষ্য ব্যস্থজদ্বাণান্ শ্বেতে মহাগিরৌ ॥৩১॥
বিভেদ স শরৈঃ শৈলং ক্রৌঞ্চং হিমবতঃ সুতম্ ।
তেন হংসাশ্চ গৃধ্রাশ্চ মেরুং গচ্ছন্তি পর্ব্বতম্ ॥৩২॥
স বিশীর্ণোঽপতচ্ছৈলো ভৃশমার্ত্তস্বরান্ রুবন্ ।
তস্মিন্ নিপতিতে ত্বন্যে নেদুঃ শৈলা ভৃশং তদা ॥৩৩॥
স তং নাদং ভৃশার্ত্তানাং শ্রুত্বাপি বলিনাং বরঃ ।
ন প্রাব্যথদমেয়াত্মা শক্তিমুদ্যম্য চানদৎ ॥৩৪॥
সা তদা বিমলা শক্তিঃ ক্ষিপ্তা তেন মহাত্মনা ।
বিভেদ শিখরং ঘোরং শ্বেতস্য তরসা গিরেঃ ॥৩৫॥
স তেনাভিহতো দীর্ণো গিরিঃ শ্বেতোঽচলৈঃ সহ ।
উৎপপাত মহীং ত্যক্ত্বা ভীতঃ স সুমহাত্মনঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

স ইতি। উপসান্ত্ব্য আশ্বাস্য। শ্বেতে কৈলাসাখ্যে তিষ্ঠন্নেব ॥৩১॥
বিভেদেতি। বিভেদ বিদারয়ামাস। তেন রন্ধ্রেণ ॥৩২॥
স ইতি। স শৈলঃ ক্রৌঞ্চঃ। রুবন্ কুর্ব্বন্নিত্যর্থঃ। নেদুঃ নাদং চক্রুঃ ॥৩৩॥
স ইতি। স স্কন্দঃ। অমেয়াত্মা অজ্ঞেয়স্বভাবঃ, উদ্যম্য উত্তোল্য ॥৩৪॥
সেতি। শিখরং শৃঙ্গম্, তরসা বেগেন ॥৩৫॥

তার পর মহাবাহু স্কন্দ গাত্রোত্থাপনপূর্বক সেই লোকগুলিকে আশ্বস্ত করিয়া মহাপর্বত কৈলাসে থাকিয়াই ধনু আকর্ষণপূর্বক বহুতর বাণ নিক্ষেপ করিলেন ॥৩১॥

ক্রমে তিনি সেই বাণসমূহদ্বারা হিমালয়ের পুত্র ক্রৌঞ্চপর্বতকে বিদীর্ণ করিলেন ; সেই রন্ধ্র দিয়াই হংসগণ ও গৃধ্রগণ সুমেরুপর্বতে যাইয়া থাকে ॥৩২॥

ক্রৌঞ্চপর্বত বিদীর্ণ হইয়া অত্যন্ত আর্ত্তনাদ করিয়া নিপতিত হইল। ক্রৌঞ্চ-পর্ব্বত নিপতিত হইলে, অন্যান্য পর্ব্বতও গুরুতর আর্ত্তনাদ করিল ॥৩৩॥

বলিশ্রেষ্ঠ ও অনির্ব্বচনীয়স্বভাব স্কন্দ অত্যন্তপীড়িতগণের আর্ত্তনাদ শুনিয়াও ব্যথিত হইলেন না, বরং শক্তি উত্তোলন করিয়া গর্জনই করিতে লাগিলেন ॥৩৪॥

মহাত্মা স্কন্দ সেই নির্ম্মল শক্তি নিক্ষেপ করিলেন ; তখন সেই শক্তি যাইয়া বেগে কৈলাসপর্ব্বতের ভয়ঙ্কর শৃঙ্গ ভেদ করিল ॥৩৫॥

স্কন্দকর্ত্তৃক আহত ও বিদীর্ণ কৈলাসপর্ব্বত স্কন্দ হইতে ভীত হইয়া অন্যান্য পর্ব্বতের সহিত পৃথিবী পরিত্যাগ করিয়া উপরে উঠিল ॥৩৬॥

ততঃ প্রব্যথিতা ভূমির্ব্যশীর্য্যত সমন্ততঃ।
আর্ত্তা স্কন্দং সমাসাদ্য পুনর্বলবতী বভৌ ॥৩৭॥
পর্ব্বতাশ্চ নমস্কৃত্য তমেব পৃথিবীং গতাঃ।
অথৈনমভজল্লোকঃ স্কন্দং শুক্লস্য পঞ্চমীম্ ॥৩৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াং স্কন্দোৎপত্তৌ সপ্তাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——(ঃ০ঃ)——

অষ্টাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ

——ঃ(*)ঃ——

মার্কণ্ডেয় উবাচ।
তস্মিন্ জাতে মহাসত্ত্বে মহাসেনে মহাবলে।
সমুত্তস্থুর্মহোৎপাতা ঘোররূপাঃ পৃথগ্বিধাঃ ॥১॥

ভারতকৌমুদী

স ইতি। অচলৈঃ অপরৈর্গিরিভিঃ। উৎপপাত উত্তস্থৌ ॥৩৬॥

তত ইতি। ব্যশীর্য্যত গিরীণামুৎপতনাদিতি ভাবঃ। বলবতী স্কন্দবরাদেব ॥৩৭॥

পর্বতা ইতি। তং স্কন্দম্। শুক্লস্য পক্ষস্য, পঞ্চমীং প্রাপ্যেতি শেষঃ ॥৩৮॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং সপ্তাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(ঃ*ঃ)——

তস্মিন্নিতি। মহাসত্ত্বে মহাধ্যবসায়ে, মহাসেনে তদাখ্যে স্কন্দে ॥১॥

তাহার পর পৃথিবী সকল দিকে বিশীর্ণ ও ব্যথিত হইয়া আর্ত্তভাবেই স্কন্দের নিকট যাইয়া পুনরায় তাঁহার বরে সবল হইয়া শোভা পাইতে লাগিলেন ॥৩৭॥

এবং পর্ব্বতগুলিও স্কন্দকে নমস্কার করিয়াই ভূতলে গমন করিল। তাহার পর বহুতর লোক আসিয়া শুক্লপক্ষের পঞ্চমীতে স্কন্দের সেবা করিল ॥৩৮॥

——(০ঃ*ঃ০)——

মার্কণ্ডেয় বলিলেন—'অত্যন্ত বল ও অধ্যবসায়শালী স্কন্দ জন্মিলে পর নানাবিধ ভয়ঙ্কর মহোৎপাত উপস্থিত হইল ॥১॥

* '…বিংশত্যধিকদ্বিশততমঃ…' পি, '…চতুর্বিংশত্যধিকদ্বি…' বা ব, '…পঞ্চবিংশত্য-ধিকদ্বি…' কা, '…সপ্তবিংশত্যধিকদ্বি…' নি।

স্ত্রীপুংসোর্বিপরীতঞ্চ তথা দ্বন্দ্বানি যানি চ।
গ্রহা দীপ্তা দিশঃ খঞ্চ ররাস চ মহী ভৃশম্ ॥২॥
ঋষয়শ্চ মহাঘোরান্ দৃষ্ট্বোৎপাতান্ সমন্ততঃ।
অকুর্ব্বন্ শান্তিমুদ্বিগ্না লোকানাং লোকভাবনাঃ ॥৩॥
নিবসন্তি বনে যে তু তস্মিংশ্চৈত্ররথে জনাঃ।
তেঽব্রুবন্নেষ নোঽনর্থঃ পাবকেনাহিতো মহান্।
সঙ্গম্য ষড়্ভিঃ পত্নীভিঃ সপ্তর্ষীণামিতি স্ম হ ॥৪॥
অপরে গরুড়ীমাহুস্তয়াঽনর্থোঽয়মাহৃতঃ।
যৈর্দৃষ্টা সা তদা দেবী তস্যা রূপেণ গচ্ছতী।
ন তু তৎ স্বাহয়া কর্ম্ম কৃতং জানাতি বৈ জনঃ ॥৫॥

ভারতকৌমুদী

স্ত্রীতি। যানি দ্বন্দ্বানি রাত্রিদিবসাদীনাং শীতগ্রীষ্মাদীনি তেষাং স্ত্রীপুংসোশ্চ বিপরীতং স্বভাববৈপরীত্যং জাতম্। স্ত্রিয়ঃ খরাঃ, পুরুষাশ্চ কোমলাঃ, রাত্রৌ গ্রীষ্মঃ, দিবসে চ শীতমিত্যাদি। দীপ্তাঃ প্রজ্বলিতাঃ, খমাকাশঞ্চ দীপ্তম্, ররাস জগর্জ ॥২॥

ঋষয় ইতি। অকুর্বন্ হোমাদিকর্ম্মণা। লোকভাবনা লোকানাং শুভকরাঃ ॥৩॥

নিবসন্তীতি। নঃ অস্মাকম্। পাবকেন অগ্নিনা, আহিতঃ কৃতঃ। ষড়্ভিঃ অরুন্ধতীং বিনা। স্বাহায়া অপরষড়্ষিপত্নীরূপেণ দর্শনাদিতি ভাবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥

অপর ইতি। আহুর্নিনিন্দুঃ। সা স্বাহা। তস্যা গরুড্যাঃ, গচ্ছতী গচ্ছন্তী। জনঃ সঃ অপরজনবর্গঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৫॥

স্ত্রী ও পুরুষের স্বভাব বিপরীত হইল; শীত ও গ্রীষ্মপ্রভৃতি অবস্থার বৈপরীত্য দেখা দিল; গ্রহগণ, দিক্‌সকল ও আকাশ জ্বলিতে লাগিল এবং পৃথিবী মহাগর্জ্জন করিতে থাকিল ॥২॥

তখন জগতের মঙ্গলকারী ঋষিরা সকল দিকেই অতিদারুণ উৎপাত দেখিয়া উদ্বিগ্ন হইয়া জগতের শান্তি বিধান করিতে লাগিলেন ॥৩॥

সেই চৈত্ররথবনে যে সকল লোক বাস করিত, তাহারা বলিতে লাগিল যে, অগ্নিদেব সপ্তর্ষিগণের ছয়টী পত্নীর সহিত সঙ্গম করিয়া আমাদের এই অনর্থ আনয়ন করিয়াছেন ॥৪॥

যাহারা তখন স্বাহাদেবীকে গরুড়ীর রূপ ধারণ করিয়া যাইতে দেখিয়াছিল, তাহারা গরুড়ীকেই নিন্দা করিতে লাগিল যে, গরুড়ীই এই অনর্থ আনয়ন করিয়াছে। কারণ, তাহারা জানিত না যে, স্বাহাদেবী সেই কার্য্য করিয়াছেন ॥৫॥

সুপর্ণী তু বচঃ শ্রুত্বা মমায়ং তনয়স্ত্বিতি।
উপগম্য শনৈঃ স্কন্দমাহাহং জননী তব ॥৬॥
অথ সপ্তর্ষয়ঃ শ্রুত্বা জাতং পুত্রং মহৌজসম্।
তত্যজুঃ ষট্ তদা পত্নীর্বিনা দেবীমরুন্ধতীম্।
ষড়্ভিরেব তদা জাতমাহুস্তদ্বনবাসিনঃ ॥৭॥
সপ্তর্ষীনাহ চ স্বাহা মম পুত্রোঽয়মিত্যুত।
অহং জানে নৈতদেবমিতি রাজন্! পুনঃ পুনঃ ॥৮॥
বিশ্বামিত্রস্তু কৃত্বেষ্টিং সপ্তর্ষীণাং মহামুনিঃ।
পাবকং কামসন্তপ্তমদৃষ্টঃ পৃষ্ঠতোঽন্বগাৎ।
তত্তেন নিখিলং সর্বমববুদ্ধং যথাতথম্ ॥৯॥
বিশ্বামিত্রস্তু প্রথমং কুমারং শরণং গতঃ।
স্তবং দিব্যং সম্প্রচক্রে মহাসেনস্য চাপি সঃ ॥১০॥

ভারতকৌমুদী

সুপর্ণীতি। সুপর্ণী বাস্তবিকী গরুড়ী। বচঃ—তেষামপরজনানাম্ ॥৬॥

অথেতি। জাতং ষড়্ভিরাত্মপত্নীভিরেব করণৈরুৎপন্নম্। অথ কুতঃ শ্রুত্বেত্যাহ ষড়্ভিরিতি। অহো! নিতান্তপ্রাকৃতবদ্ব্যবহারোঽয়ং সপ্তর্ষীণাম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

সপ্তেতি। ঈদৃশং স্বাহাবাক্যং সপ্তর্ষয়ো ন বিশশ্বসুরিতি ভাবঃ ॥৮॥

বিশ্বেতি। ইষ্টিং যাগম্। অদৃষ্টঃ পাবকেনালক্ষিতঃ, পৃষ্ঠতঃ পাবকস্যৈব। তেন বিশ্বামিত্রেণ, নিখিলম্, অপ্রতিবন্ধম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯॥

এইরূপ বাক্য শুনিয়া এবং এটী আমার পুত্র' এইরূপ ধারণা করিয়া গরুড়ী ধীরে ধীরে উপস্থিত হইয়া স্কন্দকে বলিল যে, 'আমি তোমার জননী' ॥৬॥

তাহার পর আপনাদের ছয় পত্নীদ্বারাই সেই মহাতেজা পুত্র জন্মিয়াছে ইহা শুনিয়া সপ্তর্ষিরা অরুন্ধতী ব্যতীত অবশিষ্ট ছয় পত্নীকেই ত্যাগ করিলেন। কারণ, সেই বনবাসীরা তাঁহাদের নিকট বলিয়াছিল যে, 'আপনাদের ছয় পত্নী-দ্বারাই এই পুত্র জন্মিয়াছে' ॥৭॥

রাজা! স্বাহাদেবী কিন্তু সপ্তর্ষিদের নিকট ইহা বার বার বলিয়াছিলেন যে, 'এটী আমারই পুত্র; কিন্তু আপনারা যেরূপ শুনিয়াছেন, এঘটনা সেরূপ নহে' ॥৮॥

তৎকালে মহর্ষি বিশ্বামিত্র সপ্তর্ষিগণের যাগ সমাপ্ত করিয়া অলক্ষিতভাবে কামসন্তপ্ত অগ্নিদেবের পিছনে পিছনে বনে গিয়াছিলেন। সুতরাং তিনি অবাধেও যথাযথভাবে সমস্ত ঘটনা দেখিয়াছিলেন ॥৯॥

মঙ্গলানি চ সর্ব্বাণি কৌমারাণি ত্রয়োদশ।
জাতকর্ম্মাদিকাস্তস্য ক্রিয়াশ্চক্রে মহামুনিঃ ॥১১॥
ষড়্‌বক্ত্রস্য তু মাহাত্ম্যং কুক্কুটস্য তু সাধনম্।
শক্ত্যা দেব্যাঃ সাধনঞ্চ তথা পরিষদামপি ॥১২॥
বিশ্বামিত্রশ্চকারৈতৎ কর্ম্ম লোকহিতায় বৈ।
তস্মাদৃষিঃ কুমারস্য বিশ্বামিত্রোঽভবৎ প্রিয়ঃ ॥১৩॥ (যুগ্মকম্)
অন্বজানাচ্চ স্বাহায়া রূপান্যত্বং মহামুনিঃ।
অব্রবীচ্চ মুনীন্ সর্ব্বান্ নাপরাধ্যন্তি বৈ স্ত্রিয়ঃ।
শ্রুত্বা তু তত্ত্বতস্তস্মাত্তে পত্নীঃ সর্ব্বতোঽত্যজন্ ॥১৪॥

ভারতকৌমুদী

বিশ্বেতি। প্রথমম্ ঋষিমধ্যে। মহাসেনস্য স্কন্দস্য ॥১০॥

মঙ্গলানীতি। কৌমারাণি কুমারসম্বন্ধীনি, ত্রয়োদশ রক্ষালতাবন্ধনাদীনি ॥১১॥

ষড়িতি। ষড়্‌বক্ত্রস্য স্কন্দস্য, মাহাত্ম্যং ক্রৌঞ্চভেদনাদিকম্, কুক্কুটস্য পক্ষিণঃ সাধনং ধারণম্, দেব্যা দেবীবৎ প্রভাববত্যাঃ শক্ত্যাঃ শক্ত্যস্ত্রস্য সাধনমায়ত্তীকরণম্, পরিষদাং প্রাগুক্তানাং পারিষদানাং সাধনমপি চ, এতৎ কর্ম্ম তত্তৎপ্রকাশমিত্যর্থঃ ॥১২—১৩॥

অন্বিতি। মহামুনির্বিশ্বামিত্রঃ, অনু—অলক্ষিতভাবেনাগ্নেঃ পৃষ্ঠতো বনে গমনানন্তরম্' স্বাহায়া রূপান্যত্বং ষড়্‌ৃষিপত্নীরূপত্বম্, অজানাৎ প্রত্যক্ষমেব দৃষ্টবান্। শ্রুত্বা তু শ্রুত্বাপি। অত্যজন্, বিশ্বামিত্রবাক্যাবিশ্বাসাদিতি ভাবঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

তস্মিন্নিতি ॥১॥ বিপরীতং বৈরম্, দ্বন্দ্বান্যতিশীতাত্যুষ্ণাদীনি ॥২—১০॥ জাতকর্ম্মাদিকা বিবাহাৎ প্রাচীনাস্ত্রয়োদশ ক্রিয়াঃ ॥১১—১৩॥ শ্রুত্বা তু শ্রুত্বাঽপি, সর্ব্বতো লোকাপবাদভয়াদ্রামবৎ পত্নীস্ত্যক্তবন্ত ইত্যর্থঃ ॥১৪—২৮॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮৮॥

পরে বিশ্বামিত্র সকলের আগে স্কন্দের শরণাপন্ন হইলেন এবং, তাঁহার দিব্য স্তব করিলেন ॥১০॥

আর, মহর্ষি বিশ্বামিত্রই স্কন্দের ত্রয়োদশপ্রকার মঙ্গলকার্য্য সমস্ত এবং জাতকর্ম্মাদি সকল ক্রিয়া করিলেন ॥১১॥

স্কন্দের মাহাত্ম্য, কুক্কুটধারণ, শক্তি অস্ত্র গ্রহণ এবং পারিষাদপ্রাপ্তি এই সমস্ত কার্য্যের প্রচারই লোকহিতের জন্য বিশ্বামিত্র করিয়াছিলেন। এই জন্যই বিশ্বামিত্রমুনি স্কন্দের প্রিয় হইয়াছিলেন ॥১২—১৩॥

---

(১২)···তথা পারিষদামপি—বা ব কা নি। (১৪)···সর্বতোঽভজন্—পি, মার্কণ্ডেয় উবাচ···বা ব কা নি।

স্কন্দং শ্রুত্বা তদা দেবা বাসবং সহিতাঽব্রুবন্।
অবিষহ্যবলং স্কন্দং জহি শক্রাশু মা চিরম্ ॥১৫॥
যদি বা ন নিহংস্যেনং দেবেন্দ্রোঽয়ং ভবিষ্যতি।
ত্রৈলোক্যং সন্নিগৃহ্যাস্মাংস্ত্বাঞ্চ শক্র! মহাবলঃ ॥১৬॥
স তানুবাচ ব্যথিতো বালোঽয়ং সুমহাবলঃ।
স্রষ্টারমপি লোকানাং যুধি বিক্রম্য নাশয়েৎ।
ন বালমুৎসহে হন্তুমিতি শক্রঃ প্রভাষতে ॥১৭॥
তেঽব্রুবন্ নাস্তি তে বীর্য্যং যত এবং প্রভাষসে।
সর্বাস্ত্বভ্যাভিগচ্ছন্তু স্কন্দং লোকস্য মাতরঃ ॥১৮॥
কামবীর্য্যা ঘ্নন্তু চৈনং তথেত্যুক্ত্বা চ তা যযুঃ।
তমপ্রতিবলং দৃষ্ট্বা বিষণ্ণবদনাস্তু তাঃ ॥১৯॥

ভারতকৌমুদী

স্কন্দমিতি। সহিতাঽব্রুবন্নিতি বিসর্গলোপেঽপি পুনঃ সন্ধিরার্ষঃ ॥১৫॥
যদীতি। দেবেন্দ্রো দেবরাজঃ। সন্নিগৃহ্য দময়িত্বা পরাজিত্যেত্যর্থঃ ॥১৬॥
স ইতি। স শক্রঃ। উৎসহে ইচ্ছামি। প্রভাষতে স্ম। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥

অগ্নিদেবের সহিত সঙ্গমের সময়ে স্বাহাদেবী যে অরুন্ধতী ব্যতীত অপর সপ্তর্ষিপত্নীদের প্রত্যেকের রূপ ধারণ করিয়াছিলেন, তাহা বিশ্বামিত্র প্রত্যক্ষ দেখিয়াছিলেন; সুতরাং তিনি সপ্তর্ষিগণকে বলিলেন—'আপনাদের ভার্য্যারা অপরাধিনী নহেন'। তখন ঋষিরা বিশ্বামিত্রের নিকট যথার্থ ঘটনা শুনিয়াও তাহা বিশ্বাস না করিয়া সর্ব্বপ্রকারেই পত্নীগণকে পরিত্যাগ করিলেন ॥১৪॥

এদিকে দেবতারা স্কন্দের বৃত্তান্ত শুনিয়া সম্মিলিত হইয়া যাইয়া দেবরাজকে বলিলেন—'দেবরাজ! স্কন্দের বল অসহ্য হইবে; সুতরাং আপনি উঁহাকে সত্বর বধ করুন, বিলম্ব করিবেন না ॥১৫॥

আপনি যদি ইহাকে বধ না করেন, তবে এই মহাবল বালক ত্রিভুবনকে, আমাদিগকে এবং আপনাকে পরাজয় করিয়া দেবরাজ হইবে' ॥১৬॥

তখন দেবরাজ দুঃখিত হইয়া তাঁহাদিগকে বলিলেন—'দেবগণ অত্যন্তবল-শালী এই বালক যুদ্ধে বিক্রম প্রকাশ করিয়া ত্রিভুবনের সৃষ্টিকর্ত্তাকেও বিনাশ করিতে পারে। অতএব আমি এই বালককে বধ করিতে ইচ্ছা করি না'। ইন্দ্র এই কথা বলিয়াছিলেন ॥১৭॥

তখন দেবতারা বলিলেন—'দেবরাজ! আপনার শক্তিই নাই; যে হেতু আপনি এইরূপ বলিতেছেন। (সে যাহা হউক,) আজ ইচ্ছানুরূপবল-

অশক্যোঽয়ং বিচিন্ত্যৈবং তমেব শরণং যযুঃ।
ঊচুশ্চৈনং ত্বমস্মাকং পুত্রো ভব মহাবল! ॥২০॥ (বিশেষকম্)
অভিনন্দস্ব নঃ সর্ব্বাঃ প্রস্নুতাঃ স্নেহবিক্লবাঃ।
তাসাং তদ্বচনং শ্রুত্বা পাতুকামঃ স্তনান্ প্রভুঃ ॥২১॥
তাঃ সম্পূজ্য মহাসেনঃ কামাংশ্চাসাং প্রদায় সঃ।
অপশ্যদগ্নিমায়ান্তং পিতরং বলিনাং বলী ॥২২॥ (যুগ্মকম্)
স তু সম্পূজিতস্তেন সহ মাতৃগণেন হ।
পরিবার্য্য মহাসেনং রক্ষমাণঃ স্থিতঃ শিবঃ ॥২৩॥
সর্বাসাং যা তু মাতৃণাং নারী ক্রোধসমুদ্ভবা।
ধাত্রী স্বপুত্রবৎ স্কন্দং শূলহস্তাঽভ্যরক্ষত ॥২৪॥

ভারতকৌমুদী

ত ইতি। তে দেবাঃ। তা মাতরঃ, যযুঃ স্কন্দসমীপম্। তং স্কন্দম্ ॥১৮—২০॥
অভীতি। প্রস্নুতাঃ ক্ষরদ্দুগ্ধাঃ। কামান্ অঙ্কারোহণাদীন্ ॥২১—২২॥
স ইতি। সোঽগ্নিঃ, তেন স্কন্দেন। পরিবার্য্য পরিবেষ্ট্য, শিবো মঙ্গলকরঃ ॥২৩॥
সর্বাসামিতি। ক্রোধসমুদ্ভবা নাম। ধাত্রী উপমাতা ॥২৪॥

শালিনী লোকমাতারা সকলে স্কন্দের নিকট গমন করুন এবং উঁহাকে বধ করুন’ তাহার পর লোকমাতারা ‘তাহাই হইবে’ এই কথা বলিয়া স্কন্দের নিকট গমন করিলেন এবং তাঁহাকে অধিকবল দেখিয়া বিষণ্ণবদনা হইলেন, আর ‘ইঁহাকে বধ করা আমাদের শক্তিসাধ্য নহে’ এইরূপ চিন্তা করিয়া স্কন্দেরই শরণাপন্ন হইলেন এবং উঁহাকে বলিলেন—‘মহাবল বালক! তুমি আমাদের পুত্র হও ॥১৮-২০॥

আর আমাদের স্তন্য দুগ্ধ নিঃসৃত হইতেছে এবং আমরা স্নেহে আকুল হইয়াছি। সুতরাং তুমি আমাদিগকে সর্ব্বতোভাবে আনন্দিত কর’। তাঁহাদের সেই কথা শুনিয়া প্রভাবশালী ও বলিশ্রেষ্ঠ স্কন্দ তাঁহাদের স্তন্য পান করিবার ইচ্ছা করিয়া তাঁহাদের আদর ও অভীষ্ট সম্পাদনপূর্বক পিতা অগ্নিদেবকে আসিতে দেখিলেন ॥২১—২২॥

তখন স্কন্দ অগ্নিদেবকে নমস্কার করিয়া সম্মানিত করিলেন; পরে মঙ্গল-কারী অগ্নিদেব মাতৃগণের সহিত মিলিত হইয়া পরিবেষ্টনপূর্ব্বক স্কন্দকে রক্ষা করিতে থাকিলেন ॥২৩॥

মাতৃগণের মধ্যে যে নারীর নাম ছিল—‘ক্রোধসমুদ্ভবা’, তিনি শূল ধারণ করিয়া—ধাত্রী যেমন আপন পুত্রকে রক্ষা করে সেইরূপ স্কন্দকে রক্ষা করিতে লাগিলেন ॥২৪॥

লোহিতস্যোদধেঃ কন্যা ক্রূরা লোহিতভোজনা।
পরিষ্বজ্য মহাসেনং পুত্রবৎ পর্য্যরক্ষত ॥২৫॥
অগ্নির্ভূত্বা নৈগমেয়শ্ছাগবক্ত্রো বহুপ্রজঃ।
রময়ামাস শৈলস্থং বালং ক্রীড়নকৈরিব ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াং স্কন্দোৎপত্তৌ অষ্টাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——(:০:)——

উনননবত্যধিকশততমোঽধ্যায়ঃ

——:(*):——

মার্কণ্ডেয় উবাচ।
গ্রহাঃ সোপগ্রহাশ্চৈব ঋষয়ো মাতরস্তথা।
হুতাশনমুখাশ্চৈব দীপ্তাঃ পরিষদাং গণাঃ ॥১॥
এতে চান্যে চ বহবো ঘোরাস্ত্রিদিববাসিনঃ।
পরিবার্য্য মহাসেনং স্থিতা মাতৃগণৈঃ সহ ॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

লোহিতস্যেতি। লোহিতস্য তদাখ্যস্য, লোহিতভোজনা রক্তপায়িনী ॥২৫॥

অগ্নিরিতি। ছাগবক্ত্রঃ, বহুপ্রজঃ বহুসন্তানশ্চ, অগ্নির্দেবঃ, নৈগমেয়ো নাগরিক ইব ভূত্বা, ক্রীড়নকৈঃ খেলাসামগ্রীভিঃ পুত্তলিকাদিভিঃ, শৈলস্থং বালং স্কন্দম্, রময়ামাস আমোদয়ামাস। "নাগরো বণিক্। নৈগমৌ দ্বৌ" ইত্যমরঃ ॥২৬॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়ামষ্টাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(:*:)——

গ্রহা ইতি। হুতাশনমুখা অগ্নিপ্রভৃতয়ঃ। মহাসেনং স্কন্দম্ ॥১—২॥

লোহিতসাগরকন্যা ক্রোধসমুদ্ভবা ক্রূরস্বভাবা এবং রক্তপায়িনী হইয়াও পুত্রের ন্যায় স্কন্দকে আলিঙ্গন করিয়া রক্ষা করিতে থাকিলেন ॥২৫॥

আর, ছাগমুখ ও বহুসন্তানশালী অগ্নিদেব নাগরিকের ন্যায় হইয়া খেলার সামগ্রীদ্বারা পর্বতের উপরেই বালক স্কন্দকে আমোদিত করিতে লাগিলেন ॥২৬॥

——(০:*:০)——

মার্কণ্ডেয় বলিলেন—'গ্রহগণ, উপগ্রহগণ, ঋষিগণ, মাতৃগণ এবং অগ্নিদেবকে

---

* '…একবিংশত্যধিকদ্বিশততমঃ…' পি, '…পঞ্চবিংশত্যধিকদ্বি…' বা ব, '.. ষড়্-বিংশত্যধিকদ্বি…' কা, নি অধ্যায়সমাপ্তির্নাস্তি।

সন্দিগ্ধং বিজয়ং দৃষ্ট্বা বিজয়েপ্সুঃ সুরেশ্বরঃ।
আরুহ্যৈরাবতং স্কন্দং প্রযযৌ দৈবতৈঃ সহ ॥৩॥
আদায় বজ্রং বলবান্ সর্বৈর্দেবগণৈর্বৃতঃ।
বিজিঘাংসুর্মহাসেনমিন্দ্রস্তূর্ণতরং যযৌ ॥৪॥
প্রবরাম্বরসংবীতং শ্রিয়া জুষ্টমলঙ্কৃতম্।
বিজিঘাংসুং তমায়ান্তং কুমারঃ শক্রমন্বয়াৎ ॥৫॥
বিনদন্ পথি দেবেশো দ্রুতং যাতি মহাবলঃ।
সংহর্ষয়ন্ দেবসেনাং জিঘাংসুঃ পাবকাত্মজম্ ॥৬॥
সম্পূজ্যমানস্ত্রিদশৈস্তথৈব পরমর্ষিভিঃ।
সমীপমথ সম্প্রাপ্তঃ কার্ত্তিকেয়স্য বাসবঃ ॥৭॥

ভারতকৌমুদী

সন্দিগ্ধমিতি। বিজয়েপ্সুঃ—পূর্ব্বং বাঞ্ছিতমপি স্কন্দং দেবগণপ্ররোচনাদ্বিজিগীষুঃ সুরেশ্বরঃ, স্কন্দস্য বিজয়ম্, সন্দিগ্ধম্ অগ্নিপ্রভৃতিভিঃ পরিরক্ষণাৎ সংশয়াপন্নম্, দৃষ্ট্বা সম্ভাব্য, ঐরাবতমারুহ্য, দৈবতৈঃ সহ, স্কন্দং তৎসমীপং প্রযযৌ ॥৩॥

আদায়েতি। মহাসেনং স্কন্দম্ ॥৪॥

প্রবরেতি। প্রবরাম্বরসংবীতং পরিহিতোত্তমবস্ত্রম্। অন্বয়াৎ অবগতবান্ ॥৫॥

বিনদন্নিতি। যাতি স্ম। পাবকাত্মজং স্কন্দম্ ॥৬॥

অগ্রবর্ত্তী করিয়া তাঁহার উজ্জ্বলাকৃতি পারিষদগণ, ইঁহারা এবং ভয়ঙ্করমূর্ত্তি অন্যান্য বহুতর স্বর্গবাসীরা মাতৃগণের সহিত স্কন্দকে পরিবেষ্টন করিয়া রহিয়াছিলেন ॥১—২॥

অতএব বিজয়ার্থী দেবরাজ স্কন্দকে জয় করা সন্দেহের বিষয় মনে করিয়া ঐরাবতহস্তীতে আরোহণপূর্ব্বক দেবগণের সহিত স্কন্দের নিকটে প্রস্থান করিলেন ॥৩॥

বলবান্ ইন্দ্র বজ্র ধারণ করিয়া সমস্ত দেবগণে পরিবেষ্টিত হইয়া স্কন্দকে বধ করিবার ইচ্ছায় অতিদ্রুত গমন করিতে লাগিলেন ॥৪॥

উৎকৃষ্ট বস্ত্র পরিধান করিয়া এবং অলঙ্কৃত ও শোভাযুক্ত হইয়া জিঘাংসু দেবরাজ আসিতেছেন, ইহা স্কন্দ বুঝিতে পারিলেন ॥৫॥

মহাবল দেবরাজ স্কন্দকে বধ করিবার ইচ্ছায় পথে সিংহনাদ করতঃ দেবসৈন্যগণকে আনন্দিত করিতে থাকিয়া দ্রুত গমন করিতে লাগিলেন ॥৬॥

(৪) শ্লোকাৎ পরম্ 'উগ্রং তচ্চ মহানাদং দেবানীকং মহাপ্রভম্। বিচিত্রধ্বজসন্নাহং নানাবাহনকার্ম্মুকম্ ॥' ইতি শ্লোকোঽধিকঃ—বা ব কা পি। (৬) বিনদন্ পার্থ! দেবেশঃ···বা ব কা।

সিংহনাদং ততশ্চক্রে দেবেশঃ সহিতঃ সুরৈঃ।
গুহোঽপি শব্দং তং শ্রুত্বা ব্যনদৎ সাগরো যথা ॥৮॥
তস্য শব্দেন মহতা সমুদ্ধৃতোদধিপ্রভম্।
বভ্রাম তত্র তত্রৈব দেবসৈন্যমচেতনম্ ॥৯॥
জিঘাংসূনুপসংপ্রাপ্তান্ দেবান্ দৃষ্ট্বা স পাবকিঃ।
বিসসর্জ্জ মুখাৎ ক্রুদ্ধঃ প্রবৃদ্ধাঃ পাবকার্চ্চিষঃ।
অদহদ্দেবসৈন্যানি বেপমানানি ভূতলে ॥১০॥
তে প্রদীপ্তশিরোদেহাঃ প্রদীপ্তায়ুধবাহনাঃ।
প্রচ্যুতাঃ সহসা ভান্তি ব্যস্তাস্তারাগণা ইব ॥১১॥
দহ্যমানাঃ প্রপন্নাস্তে শরণং পাবকাত্মজম্।
দেবা বজ্রধরং ত্যক্ত্বা ততঃ শান্তিমুপাগতাঃ।
ত্যক্তো দেবৈস্ততঃ স্কন্দে বজ্রং শক্রো ন্যপাতয়ৎ ॥১২॥

ভারতকৌমুদী

সম্পূজ্যেতি। সম্প্রাপ্ত আগতঃ। বাসব ইন্দ্রঃ ॥৭॥
সিংহেতি। দেবেশ ইন্দ্রঃ। গুহোঽপি কার্ত্তিকেয়োঽপি ॥৮॥
তস্যেতি। সমুদ্ধৃতোদধিপ্রভম্ উদ্বেলিতসমুদ্রতুল্যম্। অচেতনং তৎপ্রায়ম্ ॥৯॥
জিঘাংসূনিতি। পাবকিঃ স্কন্দঃ। অদহৎ পাবকিরেব। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১০॥
ত ইতি। প্রদীপ্তাঃ প্রজ্বলিতাঃ শিরোদেহা যেষাং তে। প্রচ্যুতাঃ সংঘাৎ ॥১১॥
দহেতি। প্রপন্নাঃ প্রাপ্তাঃ। পাবকাত্মজং স্কন্দম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১২॥

তাহার পর দেবরাজ, দেবগণ ও মহর্ষিগণের নিকট সম্মান লাভ করিতে থাকিয়া কার্ত্তিকের নিকট উপস্থিত হইলেন ॥৭॥

তদনন্তর দেবরাজ দেবগণের সহিত মিলিত হইয়া সিংহনাদ করিলেন; কার্ত্তিকও সেই শব্দ শুনিয়া সমুদ্রের ন্যায় গর্জন করিলেন ॥৮॥

কার্ত্তিকের সেই বিশাল শব্দে দেবসৈন্য অচেতনপ্রায় হইয়া উদ্বেলিত সমুদ্রের ন্যায় সেই সেই স্থানে ঘুরিতে লাগিল ॥৯॥

অগ্নিনন্দন কার্ত্তিক দেবগণকে জিঘাংসুভাবে উপস্থিত দেখিয়া ক্রুদ্ধ হইয়া মুখ হইতে বিশাল অগ্নিশিখা নিঃসারিত করিলেন এবং তাহা দ্বারা ভূতলে কম্পমান দেবসৈন্যগণকে দগ্ধ করিতে লাগিলেন ॥১০॥

তখন দেবসৈন্যগণের মস্তক, দেহ, অস্ত্র ও বাহন সকল জ্বলিতে লাগিল এবং তাহারা হঠাৎ শ্রেণীভ্রষ্ট হইয়া স্থানচ্যুত নক্ষত্রগণের ন্যায় শোভা পাইতে থাকিল ॥১১॥

ক্রমে দেবতারা দগ্ধ হইতে থাকিয়া দেবরাজকে পরিত্যাগ করিয়া কার্ত্তি-

তদ্বিসৃষ্টং জঘানাশু পার্শ্বং স্কন্দস্য দক্ষিণম্ ।
বিভেদ চ মহারাজ ! পার্শ্বং তস্য মহাত্মনঃ ॥১৩॥
বজ্রপ্রহারাৎ স্কন্দস্য সঞ্জাতঃ পুরুষোঽপরঃ ।
যুবা কাঞ্চনসন্নাহঃ শক্তিধৃগ্ দিব্যকুণ্ডলঃ ।
যদ্বজ্রবিশনাজ্জাতো বিশাখস্তেন সোঽভবৎ ॥১৪॥
সঞ্জাতমপরং দৃষ্ট্বা কালানলসমদ্যুতিম্ ।
ভয়াদিন্দ্রস্তু তং স্কন্দং প্রাঞ্জলিঃ শরণং গতঃ ॥১৫॥
তস্যাভয়ং দদৌ স্কন্দঃ সহসৈন্যস্য সত্তমঃ ।
ততঃ প্রহৃষ্টাস্ত্রিদশা বাদিত্রাণ্যভ্যবাদয়ন্ ॥১৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং স্কন্দশক্রসমাগমে ঊননবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তদিতি। বিসৃষ্টং নিক্ষিপ্তম্, তৎ বজ্রং কর্তৃ, জঘান আজঘান ॥১৩॥

বজ্রেতি। স্কন্দস্য দক্ষিণাৎ পার্শ্বাদিতি শেষঃ। কাঞ্চনসন্নাহঃ স্বর্ণময়কবচঃ। বজ্রস্য বিশনাৎ প্রবেশাদাখননাচ্চ বিশাখঃ পৃষোদরাদিত্বান্নিপাতঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

সঞ্জাতমিতি। কালানলসমদ্যুতিং প্রলয়কালীনবহ্নিবত্তেজস্বিনম্ ॥১৫॥

ভারতভাবদীপঃ

গ্রহা ইতি। উপগ্রহা রাহুপ্রভৃতয়ঃ ॥১—১৩॥ বজ্রস্য বিশনাৎ বাহোরাখননাচ্চ বিশাখ ইত্যর্থঃ ॥১৪—১৬॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊননবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮৯॥

কের শরণাপন্ন হইলেন, তাহার পর তাঁহারা শান্তিলাভ করিলেন। তখন দেবরাজ দেবগণকর্তৃক পরিত্যক্ত হইয়া কার্ত্তিকের প্রতি বজ্র নিক্ষেপ করিলেন ॥১২॥

মহারাজ! ইন্দ্রনিক্ষিপ্ত সেই বজ্র যাইয়া কার্ত্তিকের দক্ষিণ পার্শ্বে আঘাত করিল এবং সেই মহাত্মার দক্ষিণ পার্শ্ব বিদীর্ণ ই করিল ॥১৩॥

সেই বজ্রপ্রহারে কার্ত্তিকের দক্ষিণপার্শ্ব হইতে অপর একটী যুবা পুরুষ উৎপন্ন হইল; তাহার শরীরে স্বর্ণবর্ম্ম, হস্তে শক্তি ও কর্ণযুগলে দিব্য কুণ্ডল ছিল এবং বজ্রপ্রবেশনিবন্ধন জন্মিয়াছিল বলিয়া সেই পুরুষটীর নাম হইয়াছিল 'বিশাখ' ॥১৪॥

প্রলয়কালের অগ্নির ন্যায় তেজস্বী অপর একটী পুরুষ জন্মিয়াছে দেখিয়া দেবরাজ ভয়ে কৃতাঞ্জলি হইয়া সেই কার্ত্তিকের শরণাপন্ন হইলেন ॥১৫॥

---

* 'দ্বাবিংশত্যধিকদ্বিশততমঃ…' পি, '…ষড়্‌বিংশত্যধিকদ্বি…' বা ব, '…সপ্তবিংশত্যধিকদ্বি…' কা, নি অধ্যায়সমাপ্তির্নাস্তি।

নবত্যধিকশততমোঽধ্যায়ঃ

—০ঃ(*)ঃ০—

মার্কণ্ডেয় উবাচ।

স্কন্দপারিষদান্ ঘোরান্ শৃণুষ্বাদ্ভুতদর্শনান্।
বজ্রপ্রহারাৎ স্কন্দস্য জজ্ঞুস্তত্র কুমারকাঃ।
যে হরন্তি শিশূন্ জাতান্ গর্ভস্থাংশ্চৈব দারুণাঃ॥১॥
বজ্রপ্রহারাৎ কন্যাশ্চ জজ্ঞিরেঽস্য মহাবলাঃ।
কুমারাস্তে বিশাখঞ্চ পিতৃত্বে সমকল্পয়ন্॥২॥
স ভূত্বা ভগবান্ সংখ্যে রক্ষংশ্ছাগমুখস্তদা।
বৃতঃ কন্যাগণৈঃ সর্বৈরাত্মীয়ৈঃ সহ পুত্রকৈঃ॥৩॥

ভারতকৌমুদী

তস্যেতি। সৈন্যৈঃ সহেতি সহসৈন্যস্তস্য, সত্তমঃ শরণাগতবাৎসল্যাৎ সৎস্বভাবঃ॥১৬॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়ামূননবত্যধিকশততমোঽধ্যায়ঃ॥০॥

—ঃ০ঃ—

স্কন্দেতি। স্কন্দস্য দেহাদিতি শেষঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ॥১॥

বজ্রেতি। বিশাখং স্কন্দমেব, ন পুনস্তজ্জাতং পুরুষম্; ততোঽমুৎপত্তেঃ॥২॥

ভারতভাবদীপঃ

স্কন্দেতি॥১—১৪॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবত্যধিকশততমোঽধ্যায়ঃ॥১৯০॥

তখন উত্তমস্বভাব কার্ত্তিক সৈন্যগণের সহিত দেবরাজকে অভয় দান করিলেন। তাহার পর দেবতারা আনন্দিত হইয়া বাদ্য বাজাইতে লাগিলেন॥১৬॥

—ঃ(০)ঃ—

মার্কণ্ডেয় বলিলেন—'মহারাজ! আপনি—ভয়ঙ্কর ও অদ্ভুতমূর্ত্তি কার্ত্তিক-পারিষদবর্গের বৃত্তান্ত শ্রবণ করুন। ইন্দ্রের বজ্রপ্রহারে কার্ত্তিকের দেহ হইতে তখন বহুতর কুমার জন্মিয়াছিল; যে দারুণপ্রকৃতি কুমারেরা উৎপন্ন ও গর্ভস্থ শিশুদিগকে হরণ করিয়া থাকে॥১॥

সেই বজ্রপ্রহারে কার্ত্তিকের দেহ হইতে কতকগুলি মহাবল কন্যাও জন্মিয়াছিল। ক্রমে সেই কুমারগণ কার্ত্তিককে পিতৃরূপে কল্পনা করিয়াছিল॥২॥

মাতৃণাং প্রেক্ষতীনাঞ্চ ভদ্রশাখশ্চ কৌশলঃ।
ততঃ কুমারপিতরং স্কন্দমাহুর্জনা ভুবি ॥৪॥
রুদ্রমগ্নিমুখং স্বাহাং প্রদেশেষু মহাবলম্।
যজন্তি পুত্রকামাশ্চ পুত্রিণশ্চ সদা জনাঃ ॥৫॥
যাস্তাস্ত্বজনয়ৎ কন্যাস্তপো নাম হুতাশনঃ।
কিং করোমীতি তাঃ স্কন্দঃ সম্প্রাপ্তাঃ সমভাষত ॥৬॥

কুমার্য্য উচুঃ।

ভবেম সর্ব্বলোকস্য মাতরো বয়মুত্তমাঃ।
প্রসাদাত্তব পূজ্যাশ্চ প্রিয়মেতৎ কুরুষ্বনঃ ॥৭॥
সোঽব্রবীদ্বাঢ়মিত্যেবং ভবিষ্যধ্বং পৃথগ্বিধাঃ।
অশিবাশ্চ শিবাশ্চৈব পুনঃ পুনরুদারধীঃ।
ততঃ সঙ্কল্প্য পুত্রত্বে স্কন্দং মাতৃগণোঽগমৎ ॥৮॥

ভারতকৌমুদী

স ইতি। স স্কন্দঃ, ছাগমুখো ভূত্বা, সংখ্যে যুদ্ধে স্বপক্ষং রক্ষন্ রক্ষিষ্যন্ ॥৩॥

মাতৃণামিতি। কৌশলঃ স্বার্থে অণ্প্রত্যয়াদ্‌যুদ্ধনিপুণঃ স্কন্দঃ, প্রেক্ষতীনামাত্মানং পর্য্যবেক্ষমাণানাং মাতৃণামন্তিকে, ভদ্রশাখস্তন্নামাভূৎ। কুমারাণাং স্বজাতানাং পিতরম্ ॥৪॥

রুদ্রমিতি। অগ্নিষু মুখং প্রধানম্, রুদ্রং তদাখ্যমগ্নিম্। প্রদেশেষু ভিত্তিষু ॥৫॥

যা ইতি। সম্প্রাপ্তাঃ স্বান্তিকমাগতাঃ ॥৬॥

ভবেমেতি। মাতরো মাতৃনাম্ন্যঃ। প্রভাবদর্শনাদিয়ং প্রার্থনা ॥৭॥

ভগবান্ কার্ত্তিক ছাগমুখ হইয়া যুদ্ধে পুত্রগণের সহিত আপন পক্ষ রক্ষা করিবেন বলিয়া তখন স্বকীয় কন্যাগণে পরিবেষ্টিত হইয়াছিলেন ॥৩॥

যুদ্ধনিপুণ কার্ত্তিক মাতৃগণের সমক্ষে 'ভদ্রশাখ–' নাম ধারণ করিয়াছিলেন এবং কুমারেরা পিতৃত্বে কল্পনা করিয়াছিল বলিয়া জগতের লোক কার্ত্তিককে 'কুমারপিতা' বলিয়া থাকে ॥৪॥

পুত্রার্থী ও পুত্রবান্ লোকেরা গৃহভিত্তিতে অগ্নিপ্রধান ও মহাবল রুদ্রনামক অগ্নিকে এবং স্বাহাকে পূজা করিয়া থাকে ॥৫॥

'তপ'—নামক অগ্নি যে কন্যাগণকে উৎপাদন করিয়াছিলেন, তাহারা উপস্থিত হইলে, কার্ত্তিক বলিলেন—'আমি আপনাদের কি করিব ?' ॥৬॥

কুমারীগণ বলিল—'দেব! আমরা আপনার অনুগ্রহে সমস্ত জগতের প্রধান মাতা ও পূজনীয়া হইতে চাই; আপনি আমাদের এই প্রিয় কার্য্য করুন' ॥৭॥

---

(৮) দ্বিতীয়ার্দ্ধাৎ পরম্ '…অষ্টাবিংশত্যধিকদ্বিশততমঃ…' নি।

হর্ষেণ মহতা যুক্তো বিদুরং প্রত্যভাষত ॥২১॥
যথা সুখী জনঃ সর্ব্বঃ ক্ষত্তঃ! স্যাদন্নসংযুতঃ।
তুষ্যেচ্চ যজ্ঞসদনে তথা ক্ষিপ্রং বিধীয়তাম্ ॥২২॥
বিদুরস্তু তদাজ্ঞায় সর্ব্ববর্ণানরিন্দম!।
যথাপ্রমাণতো বিদ্বান্ পূজয়ামাস ধর্ম্মবিৎ ॥২৩॥
ভক্ষ্যপেয়ান্নপানেন মাল্যৈশ্চাপি সুগন্ধিভিঃ।
বাসোভির্বিবিধৈশ্চৈব যোজয়ামাস হৃষ্টবৎ ॥২৪॥
কৃত্বা হ্যাবসথান্ বীরো যথাশাস্ত্রং যথাক্রমম্।
সান্ত্বয়িত্বা চ রাজেন্দ্রো দত্ত্বা চ বিবিধং বসু।
বিসর্জয়ামাস নৃপান্ ব্রাহ্মণাংশ্চ সহস্রশঃ ॥২৫॥

ভারতকৌমুদী

ত ইতি। অর্চ্চিতা দানমানাদিভির্গৌরবাস্পদীকৃতাঃ। প্রীতাঃ প্রসন্না বভূবুঃ ॥২০॥

ধৃতেতি। মহতা হর্ষেণ যুক্তঃ, পুত্রযজ্ঞস্য মহাড়ম্বরাবগমাদিত্যাশয়ঃ ॥২১॥

যথেতি। হে ক্ষত্তঃ! বিদুর! অন্নসংযুতঃ অন্নপ্রাপ্তঃ। ক্ষিপ্রং শীঘ্রম্ ॥২২॥

বিদুর ইতি। প্রমাণং বর্ণানামুচ্চনীচত্বমনতিক্রম্যেতি যথাপ্রমাণতঃ ॥২৩॥

ভক্ষ্যেতি। ভক্ষ্যং চর্ব্ব্যং লড্ডুকাদি পেয়ং পানযোগ্যং মধ্বাদি অন্নমোদনং পানং জলঞ্চ তেন। যোজয়ামাস আগতেভ্যো দদাবিত্যর্থঃ, হৃষ্টবৎ আনন্দিত ইব ॥২৪॥

তখন দান-মানদ্বারা শাস্ত্র অনুসারে যথাবিধানে ও যথাক্রমে গৌরব করিলে, সেই রাজারা পরম আনন্দিত ও প্রসন্ন হইলেন ॥২০॥

রাজশ্রেষ্ঠ! ধৃতরাষ্ট্রও পরমানন্দিত ও সকল কৌরবে পরিবেষ্টিত হইয়া বিদুরকে বলিলেন—॥২১॥

‘বিদুর! যজ্ঞভবনের সকল লোকই যাহাতে অন্ন লাভ করিয়া সুখী ও সন্তুষ্ট হয়, তাহা তুমি সত্বর কর’ ॥২২॥

অরিন্দম জনমেজয়! জ্ঞানী ও ধর্ম্মজ্ঞ বিদুর সেই কথা শুনিয়া তারতম্য অনুসারে সকল বর্ণেরই সম্মান করিলেন ॥২৩॥

এবং বিদুর আনন্দিত হইয়া আগন্তুক ব্যক্তিমাত্রকেই চর্ব্য, পেয়, অন্ন, জল, সুগন্ধি মালা ও নানাবিধ বস্ত্র দান করিলেন ॥২৪॥

এদিকে বীর ও রাজশ্রেষ্ঠ দুর্য্যোধন নগরের বাহিরে যথাবিধানে ও যথা-

বিসৃজ্য চ নৃপান্ সর্ব্বান্ ভ্রাতৃভিঃ পরিবারিতঃ।
বিবেশ হাস্তিনপুরং সহিতঃ কর্ণসৌবলৈঃ ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াং দুর্য্যোধনযজ্ঞসমাপ্তাবেকাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

দ্বাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

—:*:—

বৈশম্পায়ন উবাচ।
প্রবিশন্তং মহারাজ! সূতাস্তুষ্টুবুরচ্যুতম্।
জনাশ্চাপি মহেষ্বাসং তুষ্টুবু রাজসত্তমম্ ॥১॥

ভারতকৌমুদী

কৃত্বেতি। আবসথান্ নগরাদ্বহির্ব্বাসভবনানি। সান্ত্বয়িত্বা অনুনীয়। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৫॥

বিসৃজ্যেতি। পরিবারিতো রাজেন্দ্র ইত্যনুবৃত্তিঃ। কর্ণসৌবলৈরিতি বহুবচনাদ্‌গণগ্রহণম্ ॥২৬॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি ঘোষযাত্রায়ামেকাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:(০):—

প্রেতি। সূতা বন্দিনঃ, অচ্যুতং ব্যবসায়াদভ্রষ্টম্। মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্ ॥১॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—১৪॥ ধার্ত্তরাষ্ট্রেষু স্বয়ং ক্রোধেন জ্বলৎসু, ক্রোধহবিঃ ক্রোধরূপং সর্পিস্তেষামত্যন্তোদ্দীপকং মোক্ষ্যতি তদাহমাগত্য আগমিষ্যামি ॥১৫—২৫॥ কর্ণসৌবলৈঃ সৌবলাদ্যৈঃ ॥২৬॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২১১॥

—০:*:০—

ক্রমে বাসভবন সকল নির্ম্মাণ করিয়া এবং নানাবিধ ধনদানপূর্ব্বক মধুর বাক্য বলিয়া সহস্র সহস্র রাজা ও ব্রাহ্মণকে বিদায় করিলেন ॥২৫॥

এই ভাবে তিনি সকল রাজাকে বিদায় দিয়া ভ্রাতৃগণে পরিবেষ্টিত হইয়া কর্ণ ও শকুনিপ্রভৃতির সহিত হস্তিনাপুরে প্রবেশ করিলেন ॥২৬॥

* '…উনপঞ্চাশদধিকদ্বিশততমঃ…' পি, '…পঞ্চপঞ্চাশদধিকদ্বি…' বা ব, '…ষট্‌পঞ্চাশদধিকদ্বি…' কা '…সপ্তপঞ্চাশদধিকদ্বি…' নি।

লাজৈশ্চন্দনচূর্ণৈশ্চ বিকীর্য্য চ জনাস্ততঃ।
ঊচুর্দিষ্ট্যা নৃপাবিঘ্নঃ সমাপ্তোঽয়ং ক্রতুস্তব ॥২॥
অপরে ত্বব্রুবংস্তত্র বাতিকাস্তং মহীপতিম্।
যুধিষ্ঠিরস্য যজ্ঞেন ন সমো হ্যেষ তে ক্রতুঃ ॥৩॥
নৈব তস্য ক্রতোরেষ কলামর্হতি ষোড়শীম্।
এবং তত্রাব্রুবন্ কেচিদ্বাতিকাস্তং জনেশ্বরম্ ॥৪॥
সুহৃদস্ত্বব্রুবংস্তত্র অতি সর্বানয়ং ক্রতুঃ।
যযাতির্নহুষশ্চাপি মান্ধাতা ভরতস্তথা।
ক্রতুমেনং সমাহৃত্য পূতাঃ সর্ব্বে দিবং গতাঃ ॥৫॥
এতা বাচঃ শুভাঃ শৃণ্বন্ সুহৃদাং ভরতর্ষভ!।
প্রবিবেশ পুরং হৃষ্টঃ স্ববেশ্ম চ নরাধিপঃ ॥৬॥

ভারতকৌমুদী

লাজৈরিতি। হে নৃপ! দিষ্ট্যা ভাগ্যেন, অয়ং তব ক্রতুঃ অবিঘ্নঃ সমাপ্তঃ ॥২॥
অপর ইতি। বাতিকা বাতরোগগ্রস্তাঃ। অতএব রাজবিদ্বিষ্টমূচুরিতি ভাবঃ ॥৩॥
নেতি। তস্য যুধিষ্ঠিরস্য, ক্রতোঃ রাজসূয়যজ্ঞস্য, কলাং ভাগম্ ॥৪॥
সুহৃদ ইতি। সর্বান্ অতি অতিক্রামতি। সমাহৃত্য অনুষ্ঠায়। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫॥
এতা ইতি। শুভত্বাৎ শৃণ্বন্, বাতিকানাং বাচস্তু অশুভত্বাদশৃণ্বন্নিত্যাশয়ঃ ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ জনমেজয়! অসাধারণ অধ্যবসায়ী, মহাধনুর্দ্ধর ও রাজশ্রেষ্ঠ দুর্য্যোধন যখন হস্তিনায় প্রবেশ করিতে লাগিলেন, তখন স্তুতিপাঠকগণ ও অন্যান্য লোক সকল তাঁহার স্তব করিতে লাগিল ॥১॥

তদনন্তর সন্নিহিত লোকেরা লাজ (খই) ও চন্দনচূর্ণ নিক্ষেপ করিয়া বলিতে লাগিল যে, 'রাজা! ভাগ্যবশতই আপনার এই যজ্ঞ নির্ব্বিঘ্নে সমাপ্ত হইয়াছে' ॥২॥

অন্য বায়ুরোগগ্রস্ত (বিকৃতমস্তিষ্ক) লোকেরা সেই রাজাকে বলিল যে, আপনার এ যজ্ঞ যুধিষ্ঠিরের যজ্ঞের সমান হয় নাই' ॥৩॥

অন্য কতকগুলি বায়ুরোগগ্রস্ত লোক দুর্য্যোধনকে এইরূপ বলিল যে, 'এ যজ্ঞ যুধিষ্ঠিরের যজ্ঞের ষোল ভাগের একভাগের সমানও হয় নাই' ॥৪॥

তখন বন্ধুবর্গ বলিল যে, 'এ যজ্ঞ সকল যজ্ঞকেই অতিক্রম করিয়াছে। কারণ, যযাতি, নহুষ, মান্ধাতা ও ভরত এই যজ্ঞ করিয়াই পবিত্র হইয়া স্বর্গে গিয়াছেন' ॥৫॥

ভরতশ্রেষ্ঠ! রাজা দুর্য্যোধন বন্ধুবর্গের এই সকল মনোহর বাক্য শ্রবণ

অভিবাদ্য ততঃ পাদৌ মাতাপিত্রোর্বিশাংপতে।
ভীষ্মদ্রোণকৃপাদীনাং বিদুরস্য চ ধীমতঃ ॥৭॥
অভিবাদিতঃ কনীয়োভির্ভ্রাতৃভির্ভ্রাতৃনন্দনঃ।
নিষসাদাসনে মুখ্যে ভ্রাতৃভিঃ পরিবারিতঃ ॥৮॥ (যুগ্মকম্)
তমুত্থায় মহারাজ ! সূতপুত্রোঽব্রবীদ্বচঃ।
দিষ্ট্যা তে ভরতশ্রেষ্ঠ ! সমাপ্তোঽয়ং মহাক্রতুঃ ॥৯॥
হতেষু যুধি পার্থেষু রাজসূয়ে তথা ত্বয়া।
আহৃতেঽহং নরশ্রেষ্ঠ ! ত্বাং সভাজয়িতা পুনঃ ॥১০॥
তমব্রবীন্মহারাজো ধার্ত্তরাষ্ট্রো মহাযশাঃ।
সত্যমেতত্ত্বয়োক্তং হি পাণ্ডবেষু দুরাত্মসু ॥১১॥
নিহতেষু নরশ্রেষ্ঠ ! প্রাপ্তে চাপি মহাক্রতৌ।
রাজসূয়ে পুনর্বীর ! ত্বমেবং বর্দ্ধয়িষ্যসি ॥১২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অভীতি। বিশাং প্রজানাম্। নিষসাদ উপবিবেশ। প্রথমপাদে অক্ষরাধিক্যমার্ষম্ ॥৭-৮॥
তমিতি। সূতপুত্রঃ কর্ণঃ। দিষ্ট্যা ভাগ্যেন। অয়ং বৈষ্ণবো নাম ॥৯॥
হতেম্বিতি। আহৃতে অনুষ্ঠিতে। সভাজয়িতা অভিনন্দয়িতা ॥১০॥
তমিতি। ধার্ত্তরাষ্ট্রো দুর্য্যোধনঃ। প্রাপ্তে অনুষ্ঠিতে ॥১১—১২॥

করিতে করিতে হৃষ্টচিত্ত হইয়া রাজধানীতে এবং আপন গৃহে যাইয়া প্রবেশ করিলেন ॥৬॥

তাহার পর দুর্য্যোধন—মাতা, পিতা, ভীষ্ম, দ্রোণ ও কৃপপ্রভৃতির এবং জ্ঞানী বিদুরের চরণযুগলে প্রণাম করিলেন; পরে তাঁহার কনিষ্ঠ ভ্রাতারাও তাঁহাকে প্রণাম করিল। তদনন্তর ভ্রাতৃবৎসল দুর্য্যোধন ভ্রাতৃগণে পরিবেষ্টিত হইয়া উত্তম আসনে উপবেশন করিলেন ॥৭—৮॥

মহারাজ জনমেজয়! তখন কর্ণ গাত্রোত্থান করিয়া দুর্য্যোধনকে এই কথা বলিলেন—'ভরতশ্রেষ্ঠ! ভাগ্যবশতঃ তোমার এই যজ্ঞ সমাপ্ত হইল ॥৯॥

নরশ্রেষ্ঠ! পাণ্ডবেরা যুদ্ধে নিহত হইলে এবং তুমি রাজসূয়যজ্ঞ করিলে, আমি পুনরায় তোমার অভিনন্দন করিব' ॥১০॥

তখন মহারাজ ও মহাযশা দুর্য্যোধন কর্ণকে কহিলেন—'নরশ্রেষ্ঠ বীর! তুমি একথা সত্য বলিয়াছ যে, দুরাত্মা পাণ্ডবেরা নিহত হইলে এবং আমি রাজসূয়মহাযজ্ঞের অনুষ্ঠান করিলে, তুমি পুনরায় আমার এইরূপ অভিনন্দন করিবে' ॥১১—১২॥

এবমুক্ত্বা মহারাজ ! কর্ণমাশ্লিষ্য ভারত ! ।
রাজসূয়ং ক্রতুশ্রেষ্ঠং চিন্তয়ামাস কৌরবঃ ॥১৩॥
সোঽব্রবীৎ কৌরবাংশ্চাপি পার্শ্বস্থান্ নৃপসত্তমঃ ।
কদা নু তং ক্রতুবরং রাজসূয়ং মহাধনম্ ।
নিহত্য পাণ্ডবান্ সর্ব্বানাহরিষ্যামি কৌরবাঃ ! ॥১৪॥
তমব্রবীত্তদা কর্ণঃ শৃণু মে রাজকুঞ্জর ! ।
পাদৌ ন ধাবয়ে তাবদ্‌যাবন্ন নিহতোঽর্জ্জুনঃ ॥১৫॥
কীলালজং ন খাদেয়ং চরিষ্যে চাসুরব্রতম্ ।
নাস্তীতি নৈব বক্ষ্যামি যাচিতো যেন কেনচিৎ ॥১৬॥

ভারতকৌমুদী

এবমিতি। আশ্লিষ্য আলিঙ্গ্য। কৌরবো দুর্য্যোধনঃ ॥১৩॥

স ইতি। মহাধনং প্রচুরধনব্যয়সাধ্যম্। আহরিষ্যামি করিষ্যামি। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

তমিতি। হে রাজকুঞ্জর ! রাজশ্রেষ্ঠ ! । ন ধাবয়ে অন্যেন ন শোধয়ে ॥১৫॥

কীলালেতি। কীলালাৎ রুধিরাৎ জায়ত ইতি কীলালজং মাংসম্। "ভুক্তাদ্রসো রসাদ্রক্তং রক্তান্মাংসং প্রজায়তে" ইত্যুক্তের্মাংসং রুধিরজাতমেব। "শোণিতেঽম্ভসি কীলালম্" ইত্যমরঃ। ন বিদ্যতে সুরা মদ্যসামান্যং যত্র তৎ তাদৃশং ব্রতম্, সর্ব্ববিধমদ্যপানং বর্জয়িষ্যামীত্যর্থঃ। "কামতোঽপি হি রাজন্যো বৈশ্যো বাপি কথঞ্চন। মদ্যং পীত্বাঽসুরাসংজ্ঞং ন কঞ্চিদ্দোষমর্হতি ॥" ইতি মনুনানুমোদিতমপি গৌড়ীপ্রভৃতিমদ্যপানং বর্জয়িষ্যামীতি ভাবঃ। ব্রতস্য কষ্টকরত্বাবশ্যকত্বাদন্যেষামন্যথা ব্যাখ্যানমসমঞ্জসম্ ॥১৬॥

ভারতভাবদীপঃ

প্রবিশন্তমিতি ॥১—২॥ বাতিকা বাতরোগোপহতচেতস উচিতভাষণানভিজ্ঞাঃ ॥৩—৯॥ সভাজয়িতা পূজয়িষ্যামি ॥১০—১৪॥ ধাবয়ে পরেণেতি শেষঃ ॥১৫॥ কীলালজং মাংসম্,

ভরতনন্দন মহারাজ ! দুর্য্যোধন এইরূপ বলিয়া এবং কর্ণকে আলিঙ্গন করিয়া রাজসূয়মহাযজ্ঞের বিষয় চিন্তা করিলেন ॥১৩॥

তাহার পর তিনি পার্শ্ববর্ত্তী কৌরবগণকে বলিলেন—'কৌরবগণ ! কবে আমি সমস্ত পাণ্ডবকে নিহত করিয়া যজ্ঞশ্রেষ্ঠ রাজসূয়ের অনুষ্ঠান করিব' ॥১৪॥

তখন কর্ণ তাঁহাকে কহিলেন—'রাজশ্রেষ্ঠ ! আমার কথা শ্রবণ কর—যেপর্য্যন্ত অর্জ্জুন নিহত না হইবে, সেপর্য্যন্ত আমি অন্যলোকদ্বারা পাদপ্রক্ষালন করাইব না ॥১৫॥

এবং মাংস খাইব না, সর্ব্ববিধমদ্যপান বর্জন করিব, আর যে কোন ব্যক্তিই কেন প্রার্থনা করুক না, আমি 'নাই' একথা বলিব না' ॥১৬॥

অথোৎক্রুষ্টং মহেষ্বাসৈর্ধার্ত্তরাষ্ট্রৈর্মহারথৈঃ।
প্রতিজ্ঞাতে ফাল্গুনস্য বধে কর্ণেন সংযুগে।
বিজিতাংশ্চাপ্যমন্যন্ত পাণ্ডবান্ ধৃতরাষ্ট্রজাঃ ॥১৭॥
দুর্য্যোধনোঽপি রাজেন্দ্রো বিসৃজ্য নরপুঙ্গবান্।
প্রবিবেশ গৃহং শ্রীমান্ যথা চৈত্ররথং প্রভুঃ।
তেঽপি সর্ব্বে মহেষ্বাসা জগ্মুর্বেশ্মানি ভারত ! ॥১৮॥
পাণ্ডবাশ্চ মহেষ্বাসা দূতবাক্যপ্রচোদিতাঃ।
চিন্তয়ন্তস্তমেবার্থং নালভন্ত সুখং ক্বচিৎ ॥১৯॥
ভূয়শ্চ চারৈ রাজেন্দ্র ! প্রবৃত্তিরুপপাদিতা।
প্রতিজ্ঞা সূতপুত্রস্য বিজয়স্য বধং প্রতি ॥২০॥

ভারতকৌমুদী

অথেতি। উৎক্রুষ্টম্ আনন্দকোলাহলঃ কৃতঃ। ফাল্গুনস্যার্জ্জুনস্য। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৭॥

দুর্য্যোধন ইতি। চৈত্ররথং তদাখ্যমুদ্যানম্, প্রভুঃ তৎস্বামী কুবেরঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১৮॥

পাণ্ডবা ইতি। দূতবাক্যেন সর্ব্বরাজানুগত্যাদিবোধকেন প্রচোদিতা উদ্বেলিতাঃ ॥১৯॥

ভূয় ইতি। প্রবৃত্তির্বৃত্তান্তঃ, উপপাদিতা জ্ঞাপিতা, প্রতিজ্ঞা তদ্বিষয়া, বিজয়স্যার্জ্জুনস্য ॥২০॥

ভারতভাবদীপঃ

তদ্ধি ঘনীভূতং রুধিরমেব। "কীলালং রুধিরে তোয়ে" ইতি মেদিনী। অসুরং সুরারহিতঞ্চ ব্রতং স্বনিয়মং করিষ্যে, মদ্যং মাংসঞ্চ ত্যক্ষ্যে ইত্যর্থঃ ॥১৬॥ উৎক্রুষ্টমুচ্চৈঃ শব্দঃ কৃতঃ ॥১৭—২৫॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২১২॥

কর্ণ যুদ্ধে অর্জ্জুনের বধপ্রতিজ্ঞা করিলে, মহাধনুর্দ্ধর ও মহারথ ধার্ত্তরাষ্ট্রগণ আনন্দকোলাহল করিয়া উঠিলেন এবং তাঁহারা পাণ্ডবগণকে বিজিত বলিয়া মনে করিলেন ॥১৭॥

তাহার পর কান্তিমান্ রাজশ্রেষ্ঠ দুর্য্যোধনও প্রধান লোকদিগকে বিদায় দিয়া কুবের যেমন 'চৈত্ররথ–' নামক উদ্যানভবনে প্রবেশ করেন, তেমন আপন উদ্যানভবনে যাইয়া প্রবেশ করিলেন এবং সেই সকল ধনুর্দ্ধরেরাও আপন আপন ভবনে চলিয়া গেলেন ॥১৮॥

তা'র পর পাণ্ডবেরা দুর্য্যোধনের কোন দূতের মুখে তাঁহার যজ্ঞসমাপ্তির বিষয় ও তৎকালীন রাজাদের আনুগত্যের বিষয় শুনিয়া উদ্বেলিত হইয়া সেই বিষয়ই ভাবিতে থাকিয়া কোথাও সুখ পাইতে থাকিলেন না ॥১৯॥

রাজশ্রেষ্ঠ! আবার যুধিষ্ঠিরের গুপ্তচরেরা যাইয়া—কর্ণ যে অর্জ্জুনবধের প্রতিজ্ঞা করিয়াছেন, সেই বৃত্তান্ত যুধিষ্ঠিরপ্রভৃতিকে জানাইল ॥২০॥

এতচ্ছ্রুত্বা ধর্ম্মসুতঃ সমুদ্বিগ্নো নরাধিপ !।
অভেদ্যকবচং মত্বা কর্ণমদ্ভুতবিক্রমম্।
অনুস্মরংশ্চ সংক্লেশান্ন শান্তিমুপযাতি সঃ ॥২১॥
তস্য চিন্তাপরীতস্য বুদ্ধির্জজ্ঞে মহাত্মনঃ।
বহুব্যালমৃগাকীর্ণং ত্যক্তুং দ্বৈতবনং বনম্ ॥২২॥
ধার্ত্তরাষ্ট্রোঽপি নৃপতিঃ প্রশশাস বসুন্ধরাম্।
ভ্রাতৃভিঃ সহিতো বীরৈর্ভীষ্মদ্রোণকৃপৈস্তথা।
সঙ্গম্য সূতপুত্রেণ কর্ণেনাহবশোভিনা ॥২৩॥
দুর্য্যোধনঃ প্রিয়ে নিত্যং বর্ত্তমানো মহীভুজাম্।
পূজয়ামাস বিপ্রেন্দ্রান্ ক্রতুভির্ভূরিদক্ষিণৈঃ ॥২৪॥
ভ্রাতৃণাঞ্চ প্রিয়ং রাজন্! স চকার পরন্তপঃ।
নিশ্চিত্য মনসা বীরো দত্তভুক্তফলং ধনম্ ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্বণি ঘোষযাত্রায়াং যুধিষ্ঠিরচিন্তায়াং দ্বাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এতদিতি। কর্ণমভেদ্যকবচং মত্বা অদ্ভুতবিক্রমঞ্চানুস্মরন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥
তস্যেতি। চিন্তয়া পরীতস্য ব্যাপ্তচিত্তস্য। বহুভির্ব্যালমৃগৈর্হিংস্রজন্তুভিরাকীর্ণম্ ॥২২॥
ধার্ত্তেতি। সঙ্গম্য মিলিত্বা, আহবশোভিনা যুদ্ধশোভিনা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৩॥
দুর্য্যোধন ইতি। প্রিয়ে প্রীতিজনককার্য্যে। ক্রতুভির্বিবিধযজ্ঞৈঃ ॥২৪॥

নরনাথ জনমেজয়! ইহা শুনিয়া যুধিষ্ঠির অত্যন্ত উদ্বিগ্ন হইলেন এবং কর্ণের কবচটা অভেদ্য ইহা মনে করিয়া, আর তাঁহার বিক্রমও অদ্ভুত ইহা স্মরণ করিয়া মনের কষ্টে শান্তিই পাইতে লাগিলেন না ॥২১॥

ক্রমে অত্যন্ত উদ্বিগ্নচিত্ত মহাত্মা যুধিষ্ঠিরের চিত্তে বহুহিংস্রজন্তুপূর্ণ দ্বৈতবন ত্যাগ করিবার ইচ্ছা জন্মিল ॥২২॥

এদিকে রাজা দুর্য্যোধনও—ভীষ্ম, দ্রোণ, কৃপ, বীর ভ্রাতৃগণ এবং যুদ্ধশোভী সূতপুত্র কর্ণের সহিত মিলিত হইয়া পৃথিবী শাসন করিতে লাগিলেন ॥২৩॥

এবং দুর্য্যোধন সর্ব্বদাই রাজগণের প্রীতিজনক কার্য্য করিতে থাকিয়া প্রচুরদক্ষিণাযুক্ত নানাবিধ যজ্ঞদ্বারা ব্রাহ্মণগণের সম্মান করিতে থাকিলেন ॥২৪॥

আর, মহাবীর ও শত্রুসন্তাপকারী দুর্য্যোধন 'ধনের ফল—দান ও ভোগ'

* '…পঞ্চাশদধিকদ্বিশততমঃ…' পি, '…ষট্পঞ্চাশদধিকদ্বি…' বা ব, '…সপ্তপঞ্চাশদধিকদ্বি…' কা, '…অষ্টপঞ্চাশদধিকদ্বি…' নি।

ত্রয়োদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

—— ঃ*ঃ ——

জনমেজয় উবাচ।

দুর্য্যোধনং মোক্ষয়িত্বা পাণ্ডুপুত্রা মহাবলাঃ।
কিমকার্ষু র্বনে তস্মিংস্তন্মমাখ্যাতুমর্হসি ॥১॥

বৈশম্পায়ন উবাচ।

ততঃ শয়ানং কৌন্তেয়ং রাত্রৌ দ্বৈতবনে মৃগাঃ।
স্বপ্নান্তে দর্শয়ামাসুর্বাষ্পকণ্ঠা যুধিষ্ঠিরম্ ॥২॥
তানব্রবীৎ স রাজেন্দ্রো বেপমানান্ কৃতাঞ্জলীন্।
ব্রূত যদ্বক্তুকামাঃ স্থ কে ভবন্তঃ কিমিষ্যতে ॥৩॥

ভারতকৌমুদী

ভ্রাতৃণামিতি। প্রিয়ং ভোগসম্পাদনদ্বারা। দত্তং দানং ভুক্তং ভোগশ্চ ফলং যস্য তৎ ॥২৫॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াং দ্বাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(ঃ*ঃ)——

দুর্য্যোধনমিতি। তস্মিন্ দ্বৈতবনাখ্যে, আখ্যাতুং বক্তুম্ ॥১॥
তত ইতি। ততো যুধিষ্ঠিরস্য দ্বৈতবনত্যাগেচ্ছানন্তরম্। দর্শয়ামাসুঃ স্বস্বমূর্ত্তীঃ ॥২॥
তানিতি। অব্রবীৎ স্বপ্নান্ত এব। বেপমানান্ ভয়েন কম্পমানান্ ॥৩॥

ইহা মনে মনে নিশ্চয় করিয়া নানাবিধ ভোগ সম্পাদন দ্বারা ভ্রাতৃগণের প্রিয়-কার্য্য করিতে লাগিলেন ॥২৫॥

——ঃ(০)ঃ——

জনমেজয় বলিলেন—মহাবল পাণ্ডবেরা দুর্য্যোধনপ্রভৃতিকে মুক্ত করিয়া দিয়া সেই দ্বৈতবনে কি করিয়াছিলেন, তাহা আমার নিকট বলুন' ॥১॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর সেই দ্বৈতবনে একদা রাত্রিতে যুধিষ্ঠির শয়ন করিয়াছিলেন, এমন সময়ে বাষ্পরুদ্ধকণ্ঠ হরিণগণ আসিয়া স্বপ্নমধ্যে তাঁহাকে দেখা দিল ॥২॥

তাহারা কম্পিতকলেবরে ও কৃতাঞ্জলিপুটে দাঁড়াইলে, যুধিষ্ঠির তাহাদিগকে

এবমুক্তাঃ পাণ্ডবেন কৌন্তেয়েন যশস্বিনা।
প্রত্যব্রুবন্ মৃগাস্তত্র হতশেষা যুধিষ্ঠিরম্ ॥৪॥
বয়ং মৃগা দ্বৈতবনে হতশিষ্টাস্তু ভারত!।
নোৎসীদেম মহারাজ! ক্রিয়তাং বাসপর্য্যয়ঃ ॥৫॥
ভবতো ভ্রাতরঃ শূরাঃ সর্ব্ব এবাস্ত্রকোবিদাঃ।
কুলান্যল্পাবশিষ্টানি কৃতবন্তো বনৌকসাম্ ॥৬॥
বীজভূতা বয়ং কেচিদবশিষ্টা মহামতে!।
বিবর্দ্ধেমহি রাজেন্দ্র! প্রসাদাত্তে যুধিষ্ঠির! ॥৭॥
তান্ বেপমানান্ বিত্রস্তান্ বীজমাত্রাবশেষিতান্।
মৃগান্ দৃষ্ট্বা সুদুঃখার্ত্তো ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ॥৮॥
তাংস্তথেত্যব্রবীদ্রাজা সর্ব্বভূতহিতে রতঃ।
যথা ভবন্তো ব্রুবতে করিষ্যামি চ তত্তথা ॥৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এবমিতি। পাণ্ডবেন যুধিষ্ঠিরেণ। অধিকপদপ্রয়োগো মুনীনাং স্বভাবঃ ॥৪॥
বয়মিতি। নোৎসীদেম ভবন্তিরুৎসন্না ন ভবেম। বাসস্য পর্য্যয়ঃ পরিবর্ত্তনম্ ॥৫॥
ভবত ইতি। কুলানি বংশান্। বনৌকসাং বনবাসিনামস্মাকং মৃগাণাম্ ॥৬॥
বীজেতি। বীজভূতা ভাবিহরিণকারণীভূতাঃ। প্রসাদাৎ এতদ্বনত্যাগরূপাদনুগ্রহাৎ ॥৭॥
তানিতি। বীজমাত্রাবশেষিতান্ স্বৈরেব। তথেত্যস্যার্থং বিবৃণোতি যথেত্যাদিনা ॥৮-৯॥

বলিলেন—'তোমরা যাহা বলিতে ইচ্ছা করিয়াছ, তাহা বল; তোমরা কাহারা? কি ইচ্ছা কর?' ॥৩॥

যশস্বী যুধিষ্ঠির এইরূপ বলিলে, হতাবশিষ্ট হরিণগণ তখন তাঁহাকে বলিতে লাগিল—॥৪॥

'মহারাজ ভরতনন্দন! আমরা হতাবশিষ্ট দ্বৈতবনবাসী হরিণ; আমরা যেন উৎসন্ন না হই; সুতরাং আপনারা বাসপরিবর্ত্তন করুন ॥৫॥

আপনার ভ্রাতারা সকলেই বীর এবং অস্ত্রাভিজ্ঞ। সুতরাং তাঁহারা আমাদের বংশের অল্পই অবশিষ্ট রাখিয়াছেন ॥৬॥

মহামতি রাজশ্রেষ্ঠ যুধিষ্ঠির! ভাবী হরিণবংশের বীজস্বরূপ আমরা কয়েকটীমাত্র হরিণ অবশিষ্ট আছি। সুতরাং আপনার অনুগ্রহে আমরা যেন বৃদ্ধি পাইতে পারি' ॥৭॥

সকল প্রাণীর হিতে নিরত ধর্ম্মরাজ রাজা যুধিষ্ঠির বীজমাত্রাবশেষিত সেই হরিণগণকে ভীত ও কম্পিত দেখিয়া অত্যন্তদুঃখার্ত্ত হইয়া তাহাদিগকে বলি-

ইত্যেবং প্রতিবুদ্ধঃ স রাত্র্যন্তে রাজসত্তমঃ।
অব্রবীৎ সহিতান্ ভ্রাতৄন্ দয়াপন্নো মৃগান্ প্রতি ॥১০॥
উক্তো রাত্রৌ মৃগৈরস্মিন্ স্বপ্নান্তে হতশেষিতৈঃ।
তন্তুভূতাঃ স্ম ভদ্রং তে দয়া নঃ ক্রিয়তামিতি ॥১১॥
তে সত্যমাহুঃ কর্ত্তব্যা দয়াস্মাভির্বনৌকসাম্।
সাষ্টমাসং হি নো বর্ষং যদেনানুপযুঞ্জ্মহে ॥১২॥
পুনর্বহুমৃগং রম্যং কাম্যকং কাননোত্তমম্।
মরুভূমেঃ শিরঃ স্থানং তৃণবিন্দুসরঃ প্রতি ॥১৩॥
তত্রেমাং বসতিং শিষ্টাং বিহরন্তো রমেমহি।
ততস্তে পাণ্ডবাঃ শীঘ্রং প্রযযুর্ধর্ম্মকোবিদাঃ ॥১৪॥

ভারতকৌমুদী

ইতীতি। ইত্যেবং বক্ষ্যমাণপ্রকারমব্রবীৎ। প্রতিবুদ্ধো জাগরিতঃ। সহিতান্ মিলিতান্ ॥১০॥

উক্ত ইতি। উক্তঃ অহমিতি শেষঃ। তন্তুভূতা ভাবিমৃগগ্রথনসূত্রভূতাঃ ॥১১॥

ত ইতি। তে মৃগাঃ। বর্ষমবশিষ্ট ইতি শেষঃ। উপযুঞ্জ্মহে অশ্নীমঃ ॥১২॥

পুনরিতি। বহবো মৃগা যত্র তৎ। শির উপরিভাগভূতম্, তৃণবিন্দুর্নাম সরঃ তৎ

ভারতভাবদীপঃ

দুর্য্যোধনমিতি ॥১—৪॥ বাসস্থ পর্য্যয়ো বৈপরীত্যং নাত্র বস্তব্যমিত্যর্থঃ ॥৫—১১॥ একং বর্ষং বৎসরম্, উপযুঞ্জ্মহে ভক্ষয়ামঃ ॥১২—১৭॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়োদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২১৩॥

লেন—'তাহাই হইবে, অর্থাৎ তোমরা যাহা বলিলে, আমি তাহা সেই রূপই করিব' ॥৮—৯॥

তাহার পর রাজশ্রেষ্ঠ যুধিষ্ঠির রাত্রিশেষে জাগরিত এবং হরিণগণের প্রতি দয়ার্দ্র হইয়া সমবেত ভ্রাতৃগণকে এইরূপ বলিলেন—॥১০॥

'অদ্য রাত্রিতে স্বপ্নের মধ্যে হতাবশিষ্ট হরিণেরা আমাকে বলিয়াছে যে, 'আমরা হরিণকুলের তন্তুস্বরূপ রহিয়াছি। অতএব আপনি আমাদের উপরে দয়া করুন; আপনার মঙ্গল হইবে' ॥১১॥

তাহারা সত্যই বলিয়াছে। সুতরাং তাহাদের প্রতি আমাদের দয়া করা উচিত। যে হেতু এখনও একবৎসর আট মাস যাবৎ ইহাদিগকে আমাদের ভোজন করিতে হইবে ॥১২॥

অতএব মরুভূমির উপরিভাগে 'তৃণবিন্দু-' নামক সরোবরের নিকটে বহুতর মৃগে পরিপূর্ণ ও মনোহর 'কাম্যক-' নামে যে উত্তম বন আছে, তাহাতে এই

ব্রাহ্মণৈঃ সহিতা রাজন্! যে চ তত্র সহোষিতাঃ।
ইন্দ্রসেনাদিভিশ্চৈব প্রেষ্যৈরনুগতাস্তদা ॥১৫॥ (বিশেষকম্)
তে যাত্বা সুসুখৈর্মার্গৈঃ স্বন্নৈঃ শুচিজলান্বিতৈঃ।
দদৃশুঃ কাম্যকং পুণ্যমাশ্রমং তাপসান্বিতম্ ॥১৬॥
বিবিশুস্তে স্ম কৌরব্যা বৃতা বিপ্রর্ষভৈস্তদা।
তদ্বনং ভরতশ্রেষ্ঠাঃ স্বর্গং সুকৃতিনো যথা ॥১৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মৃগস্বপ্নোদ্ভবে কাম্যকবনপ্রবেশে ত্রয়োদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

ভারতকৌমুদী

প্রতি তৎ সন্নিহিতম্, কাম্যকং নাম রম্যং কাননোত্তমং বর্ত্তত ইতি শেষঃ। পুনর্বিচরন্ত ইতি সম্বন্ধঃ। বসতিং বাসম্, শিষ্টামবশিষ্টাম্, বিহরন্তো বিহারভাবেন কুর্ব্বন্তঃ। প্রেষ্যৈ-ভৃ ত্যৈঃ ॥১৩—১৫॥

ত ইতি। সুসুখৈরতীবসুখজনকৈঃ, স্বন্নৈঃ শোভনানি অন্নানি যেষু তৈঃ ॥১৬॥

বিবিশুরিতি। স্মেতি পাদপূরণে। তদ্বনং কাম্যকবনম্, সুকৃতিনঃ পুণ্যবন্তো জনাঃ ॥১৭॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি মৃগস্বপ্নোদ্ভবে ত্রয়োদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——:(০):——

বনবাসের অবশিষ্ট সময়টা পুনরায় বিচরণ করিতে থাকিয়া চিত্তবিনোদন করিব'। রাজা! তাহার পর সেই ধর্ম্মজ্ঞ পাণ্ডবেরা সহচর ব্রাহ্মণগণ ও ইন্দ্রসেনপ্রভৃতি ভৃত্যগণের সহিত মিলিত হইয়া সত্বর কাম্যকবনে প্রস্থান করিলেন ॥১৩—১৫॥

ক্রমে যে সকল পথে উত্তম খাদ্য ও নির্ম্মল জল পাওয়া যাইত, সেই সকল পথ দিয়া যাইয়া তাঁহারা তপস্বিযুক্ত ও পবিত্র কাম্যকবন দর্শন করিলেন ॥১৬॥

তাহার পর পুণ্যবান্ লোকেরা যেমন স্বর্গে প্রবেশ করেন, সেইরূপ ভরতশ্রেষ্ঠ পাণ্ডবেরা ব্রাহ্মণগণে পরিবেষ্টিত হইয়া সেই কাম্যকবনে যাইয়া প্রবেশ করিলেন ॥১৭॥

——(০:*:০)——

(১৬) তে যাত্বানুসৃতৈর্মার্গৈঃ···তপসা যুতম্—বা ব কা,···আশ্রমং যশসা যুতাঃ—পি।

* '···একপঞ্চাশদধিকদ্বিশততমঃ···' পি, '···সপ্তপঞ্চাশদধিকদ্বি···' বা ব, '···অষ্টপঞ্চাশদধিকদ্বি···' কা, '···একোনষষ্ট্যধিকদ্বি···' নি।

চতুর্দ্দশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——ঃ(*)ঃ——

বৈশম্পায়ন উবাচ।

বনে তেষাং নিবসতাং পাণ্ডবানাং মহাত্মনাম্।
বর্ষাণ্যেকাদশাতীয়ুঃ কৃচ্ছ্রেণ ভরতর্ষভ! ॥১॥
ফলমূলাশনাস্তে হি সুখার্হা দুঃখমুত্তমম্।
প্রাপ্তকালমনুধ্যান্তঃ সেহিরে বরপূরুষাঃ ॥২॥
যুধিষ্ঠিরস্তু রাজর্ষিরাত্মকর্ম্মাপরাধজম্।
চিন্তয়ন্ স মহাবাহুর্ভ্রাতৃণাং দুঃখমুত্তমম্ ॥৩॥
ন সুষ্বাপ সুখং রাজা হৃদি শল্যৈরিবার্পিতৈঃ।
দৌরাত্ম্যমনুপশ্যংস্তৎ কালে দ্যূতোদ্ভবস্য হি ॥৪॥
সংস্মরন্ পরুষা বাচঃ সূতপুত্রস্য পাণ্ডবঃ।
নিশ্বাসপরমো দীনো বিভ্রৎ কোপবিষং মহৎ ॥৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

বন ইতি। অতীয়ুঃ অতীতানি, কৃচ্ছ্রেণ কষ্টেন ॥১॥

ফলেতি। প্রাপ্তকালং যুদ্ধস্য যোগ্যসময়ম্, অনুধ্যান্তঃ অনুধ্যায়ন্তঃ ॥২॥

যুধীতি। আত্মকর্ম্মাপরাধজং নিজদ্যূতক্রীড়াদোষজাতম্। দৌরাত্ম্যং দুর্য্যোধনাদীনাম্, অনুপশ্যন্ প্রত্যক্ষং কুর্ব্বন্নিব। নিশ্বাসঃ পরমো যস্য স তাদৃশোঽভবৎ ॥৩—৫॥

বৈশম্পায়ন বলিলেন—ভরতশ্রেষ্ঠ জনমেজয়! কাম্যকবনে বাস করিবার সময়ে সেই মহাত্মা পাণ্ডবগণের অতিকষ্টে একাদশ বৎসর অতীত হইল ॥১॥

কারণ, সেই প্রধান পুরুষ পাণ্ডবেরা সুখভোগের যোগ্য হইয়াও ফল-মূল ভোজন করিতেন এবং উপযুক্ত সময়ের প্রতীক্ষা করিতে থাকিয়া গুরুতর দুঃখ ভোগ করিতেন ॥২॥

রাজর্ষি মহাবাহু পাণ্ডুনন্দন রাজা যুধিষ্ঠির আপন কর্ম্মদোষজাত ভ্রাতৃগণের দারুণ দুঃখ স্মরণ করিয়া হৃদয়ে শল্য প্রবিষ্ট হওয়ায়ই যেন সুখে নিদ্রা যাইতে পারিতেন না এবং সেই দ্যূতক্রীড়ার সময়ে দুর্য্যোধনপ্রভৃতির সেই দৌরাত্ম্য যেন প্রত্যক্ষ করিতে থাকিয়া ও কর্ণের সেই সকল নিষ্ঠুর বাক্য স্মরণ করিয়া, কখনও কাতর হইয়া, আবার কখনও দারুণ ক্রোধবিষ বহন করিয়া কেবল নিশ্বাস ত্যাগ করিতেন ॥৩—৫॥

অর্জ্জুনো যমজৌ চোভৌ দ্রৌপদী চ যশস্বিনী।
স চ ভীমো মহাতেজাঃ সর্ব্বেষামুত্তমো বলী ॥৬॥
যুধিষ্ঠিরমুদীক্ষন্তঃ সেহুর্দুঃখমনুত্তমম্।
অবশিষ্টমল্পকালং মন্বানাঃ পুরুষর্ষভাঃ।
বপুরন্যদিবাকার্ষুরুৎসাহামর্ষচেষ্টিতৈঃ ॥৭॥ (যুগ্মকম্)
কস্যচিত্ত্বথ কালস্য ব্যাসঃ সত্যবতীসুতঃ।
আজগাম মহাযোগী পাণ্ডবানবলোককঃ ॥৮॥
তমাগতমভিপ্রেক্ষ্য কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
প্রত্যুদ্গম্য মহাত্মানং প্রত্যগৃহ্লাদ্যথাবিধি ॥৯॥
তমাসীনমুপাসীনঃ শুশ্রূষুর্নিয়তেন্দ্রিয়ঃ।
তোষয়ন্ প্রণিপাতেন ব্যাসং পাণ্ডবনন্দনঃ ॥১০॥
তানবেক্ষ্য কৃশান্ পৌত্রান্ বনে বন্যেন জীবতঃ।
মহর্ষিরনুকম্পার্থমব্রবীদ্বাষ্পগদ্গদম্ ॥১১॥

ভারতকৌমুদী

অর্জ্জুন ইতি। যমজৌ নকুলসহদেবৌ। সেহুঃ সেহিরে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬—৭॥
কস্যচিদিতি। কস্যচিৎ কালস্য অতিক্রমে সতীতি শেষঃ। অবলোককো দর্শনার্থী ॥৮॥
তমিতি। যথাবিধি মহাদরপ্রদর্শনাদিনেত্যর্থঃ ॥৯॥
তমিতি। আসীনমুপবিষ্টং তম্, উপ লক্ষ্যীকৃত্য আসীনোঽভবদিতি শেষঃ ॥১০॥
তানিতি। পৌত্রান্ পুত্রস্য পাণ্ডোঃ পুত্রত্বাৎ। বন্যেন ফলমূলাদিনা ॥১১॥

আর মহাতেজা ও সর্ব্বাপেক্ষা প্রধান বলবান্ ভীমসেন, অর্জ্জুন, নকুল, সহদেব ও যশস্বিনী দ্রৌপদী ইঁহারা যুধিষ্ঠিরের প্রতি দৃষ্টি রাখিয়া এবং অল্পকালই অবশিষ্ট আছে ইহা মনে করিয়া সেই গুরুতর দুঃখ সহ্য করিয়াছিলেন এবং সেই পুরুষশ্রেষ্ঠেরা তৎকালে উৎসাহ ও ক্রোধের অনুরূপ কার্য্য করিতে থাকায় আপন আপন শরীরকে যেন অন্যরূপ করিয়া ফেলিয়াছিলেন ॥৬—৭॥

তাহার পর কিছু কাল অতীত হইলে, একদা মহাযোগী সত্যবতীনন্দন বেদব্যাস পাণ্ডবগণকে দেখিবার জন্য আগমন করিলেন ॥৮॥

তিনি আসিয়াছেন দেখিয়া কুন্তীনন্দন যুধিষ্ঠির প্রত্যুদ্গমন করিয়া যথাবিধানে সেই মহাত্মাকে গ্রহণ করিলেন ॥৯॥

তৎপরে বেদব্যাস উপবেশন করিলে, সংযতচিত্ত ও গুরুশুশ্রূষাপরায়ণ যুধিষ্ঠির নমস্কারদ্বারা সন্তুষ্ট করিয়া তাঁহার নিকটে উপবেশন করিলেন ॥১০॥

যুধিষ্ঠির ! মহাবাহো ! শৃণু ধৰ্ম্মভৃতাং বর ! ।
নাতপ্ততপসো লোকে প্রাপ্নুবন্তি মহৎ সুখম্ ॥১২॥
সুখদুঃখে হি পুরুষঃ পর্য্যায়েণোপসেবতে ।
নহ্যনন্তং সুখং কশ্চিৎ প্রাপ্নোতি পুরুষৰ্ষভ ! ॥১৩॥
প্রজ্ঞাবাংস্ত্বেব পুরুষঃ সংযুক্তঃ পরয়া ধিয়া ।
উদয়াস্তমনজ্ঞো হি ন হৃষ্যতি ন শোচতি ॥১৪॥
সুখমাপতিতং সেবেদ্দুঃখমাপতিতং সহেৎ ।
কালপ্রাপ্তমুপাসীত শস্যানামিব কর্ষকঃ ॥১৫॥

ভারতকৌমুদী

যুধীতি। অতপ্ততপসঃ অকৃততপস্যা জনাঃ ॥১২॥
সুখেতি। পর্য্যায়েণ ক্রমেণ। অনন্তম্ অসীমং কেবলমেবেত্যর্থঃ ॥১৩॥
প্রজ্ঞেতি। পরয়া ধিয়া তত্ত্বজ্ঞানেন। উদয়াস্তমনজ্ঞঃ সুখস্যাবির্ভাবতিরোভাবজ্ঞঃ ॥১৪॥
সুখমিতি। আপতিতমুপস্থিতম্। শস্যানাং মধ্যে কালপ্রাপ্তং শস্যং কর্ষক ইব কালপ্রাপ্তং সুখং দুঃখং বা উপাসীত সেবেত ॥১৫॥

ভারতভাবদীপঃ

বনে ইতি ॥১॥ ধ্যান্তঃ ধ্যায়ন্তঃ ॥২—৩॥ তৎকালে তস্মিন্ কালে, দ্যূতোদ্ভবস্য দ্যূতহেতোঃ শকুন্যাদেঃ ॥৪—৭॥ অবলোককোঽবলোকিতুকামঃ ॥৮—১২॥ অনন্তং সুখং ন প্রাপ্নোতি, কশ্চিৎ পৃথগ্জনঃ ॥১৩॥ কস্তর্হি তৎপ্রাপ্নোতীত্যাহ প্রজ্ঞাবানিতি। পরয়া ধিয়া ব্রহ্মবিদ্যয়া। উদয়াস্তমনং জগত উৎপত্তিস্থিতিলয়কারণম্, ব্রহ্ম তজ্জ্ঞো ন শোচতি ন কাঙ্ক্ষতি। মিথ্যাভূতে জগতি প্রিয়স্য সুখস্যাভাবাত্তদ্বিয়োগজঃ শোকো বা তদিচ্ছা বা তস্য ন জায়ত ইত্যর্থঃ ॥১৪॥ প্রারব্ধকর্ম্মোপস্থাপিতং সুখদুঃখাদ্যপরিহার্য্যমিত্যাহ—সুখমিতি ॥১৫॥

তখন মহর্ষি বেদব্যাস সেই পৌত্রগণকে বন্য-ফল-মূলভোজী ও কৃশদেহ দেখিয়া দয়া প্রকাশপূর্ব্বক বাষ্পগদ্গদভাবে বলিলেন—॥১১॥

'যুধিষ্ঠির! মহাবাহু! ধার্ম্মিকশ্রেষ্ঠ! শ্রবণ কর—তপস্যা না করিয়া মানুষ জগতে মহাসুখ লাভ করে না ॥১২॥

পুরুষশ্রেষ্ঠ! মানুষ ক্রমিক সুখ-দুঃখ ভোগ করিয়া থাকে; কিন্তু কেহই নিরবচ্ছিন্ন সুখ ভোগ করিতে পারে না ॥১৩॥

বুদ্ধিমান্ মানুষই তত্ত্বজ্ঞানদ্বারা সুখের আবির্ভাব ও তিরোভাবের কারণ জানিয়া সুখের আবির্ভাবেও আনন্দিত হন না এবং তাহার তিরোভাবেও শোক করেন না ॥১৪॥

সুখ উপস্থিত হইলে তাহা ভোগ করিবে, আবার দুঃখ উপস্থিত হইলেও তাহা সহ্য করিবে। সুতরাং কৃষক যেমন শস্যের মধ্যে যে কালে যাহা পায়,

তপসো হি পরং নাস্তি তপসা বিন্দতে মহৎ।
নাসাধ্যং তপসঃ কিঞ্চিদিতি বুধ্যস্ব ভারত! ॥১৬॥
সত্যমার্জ্জবমক্রোধঃ সংবিভাগো দমঃ শমঃ।
অনসূয়াঽবিহিংসা চ শৌচমিন্দ্রিয়সংযমঃ।
পাবনানি মহারাজ! নরাণাং পুণ্যকর্ম্মণাম্ ॥১৭॥
অধর্ম্মরুচয়ো মূঢ়াস্তির্য্যগ্গতিপরায়ণাঃ।
কৃচ্ছ্রাং যোনিমনুপ্রাপ্য ন সুখং বিন্দতে জনাঃ ॥১৮॥
ইহ যৎ ক্রিয়তে কর্ম্ম তৎ পরত্রোপভুজ্যতে।
তস্মাচ্ছরীরং যুঞ্জীত তপসা নিয়মেন চ ॥১৯॥
যথাশক্তি প্রয়চ্ছেত সংপূজ্যাভিপ্রণম্য চ।
কালে পাত্রে চ হৃষ্টাত্মা রাজন্! বিগতমৎসরঃ ॥২০॥

ভারতকৌমুদী

তপস ইতি। পরমুত্তমং সাধনম্। বিন্দতে লভতে, মহৎ ফলম্ ॥১৬॥

সত্যমিতি। আর্জ্জবং সরলতা, সংবিভাগঃ অতিথিপ্রভৃতিভ্যঃ সংবিভজ্যান্নাদিদানম্, দমঃ কর্ম্মেন্দ্রিয়নিগ্রহঃ, শমো জ্ঞানেন্দ্রিয়নিগ্রহঃ, ইন্দ্রিয়সংযমশ্চিত্তনিগ্রহঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥

অধর্ম্মেতি। বিন্দতে বিন্দন্তে লভন্তে। নকারলোপ আর্ষঃ ॥১৮॥

ইহেতি। তৎ তৎফলম্। তপসা বৈধোপবাসাদিনা, নিয়মেন নিত্যস্নানাদিনা ॥১৯॥

সেই কালে তাহাই ভোগ করে, মানুষও তেমন যখন যে অবস্থা উপস্থিত হয়, তখন তাহাই ভোগ করিবে ॥১৫॥

ভরতনন্দন! তপস্যা অপেক্ষা উত্তম কার্য্যসাধক আর নাই; তপস্যাদ্বারা গুরুতর ফল লাভ করা যায় এবং তপস্যার অসাধ্য কিছুই নাই, ইহা বুঝিয়া রাখ ॥১৬॥

মহারাজ! সত্য, সরলতা, ক্রোধ না করা, বিভাগপূর্ব্বক অন্নপ্রভৃতিদান, কর্ম্মেন্দ্রিয়দমন, জ্ঞানেন্দ্রিয়দমন, অসূয়া না করা, হিংসা না করা, পবিত্রতা ও চিত্তসংযম এই গুলি ধার্ম্মিকলোকদের চিত্তশুদ্ধিকারক গুণ ॥১৭॥

পাপমতি, মূঢ় ও পশু—পক্ষীর স্বভাবাপন্ন লোকেরা কষ্টকর যোনিতে জন্ম গ্রহণ করিয়া কখনও সুখ লাভ করে না ॥১৮॥

মানুষ ইহলোকে যে কার্য্য করে, পরলোকে তাহার ফলভোগ করে। অতএব শরীরটাকে তপস্যাতে ও শাস্ত্রোক্ত নিয়মে নিযুক্ত করিবে ॥১৯॥

রাজা! সাধুলোক দানের পাত্রকে সম্মান ও প্রণাম করিয়া হৃষ্টচিত্ত ও বিদ্বেষবিহীন হইয়া শক্তি অনুসারে পুণ্যকালে দান করিবে ॥২০॥

সত্যবাদী লভেতায়ুরনায়াসমথার্জ্জবম্ ।
অক্রোধনোঽনসূয়শ্চ নির্ব্বৃতিং লভতে পরাম্ ॥২১॥
দান্তঃ শমপরঃ শশ্বৎ পরিক্লেশং ন বিন্দতি ।
ন চ তপ্যতি দান্তাত্মা দৃষ্ট্বা পরগতাং শ্রিয়ম্ ॥২২॥
সংবিভক্তা চ দাতা চ ভোগবান্ সুখবান্ নরঃ ।
ভবত্যহিংসকশ্চৈব পরমারোগ্যমশ্নুতে ॥২৩॥
মান্যমানয়িতা জন্ম কুলে মহতি বিন্দতি ।
ব্যসনৈর্ন তু সংযোগং প্রাপ্নোতি বিজিতেন্দ্রিয়ঃ ॥২৪॥
শুভানুশয়বুদ্ধির্হি সংযুক্তঃ কালধর্ম্মণা ।
প্রাদুর্ভবতি তদ্‌যোগাৎ কল্যাণমতিরেব সঃ ॥২৫॥

ভারতকৌমুদী

যথেতি। সংপূজ্যাভিপ্রণম্য পাত্রমেব। কালে সংক্রান্ত্যাদৌ, পাত্রে সতি ॥২০॥

সত্যাদীনাং ফলমাহ সত্যেতি। সত্যবাদী অনায়াসমায়ুর্লভেত, অক্রোধন আর্জবম্, অনসূয়শ্চ নির্ব্বৃতিং সুখং লভতে ॥২১॥

দান্ত ইতি। দান্ত উক্তদমগুণান্বিতঃ। দান্তাত্মা সংযতচিত্তঃ ॥২২॥

সমিতি। সংবিভক্তা অতিথ্যাদিভ্যঃ সংবিভজ্যান্নাদিদাতা, ধনাদীনাং দাতা চ ॥২৩॥

মান্যেতি। মান্যমানয়িতা পূজ্যপূজকঃ। ব্যসনৈর্দ্যূতাদিভিঃ, সংযোগং সম্বন্ধম্ ॥২৪॥

শুভেতি। শুভমনুশেতে অধিতিষ্ঠতীতি শুভানুশয়া ধর্ম্মবিষয়া বুদ্ধির্যস্য স তাদৃশো জনঃ,

ভারতভাবদীপঃ

তপসা জ্ঞানেন, মহদ্‌ব্রহ্ম ॥১৬—১৯॥ কালে দানকালে ॥২০॥ অনায়াসং ক্লেশপরিহারম্, নির্ব্বৃতিং সুখম্, পরাং মোক্ষাখ্যাম্ ॥২১॥ দান্তো জিতেন্দ্রিয়ঃ, দান্তত্বপ্রতিপত্তিযোগ্যতামাপাদিত আত্মা মনো যস্য জিতচিত্ত ইত্যর্থঃ ॥২২॥ সংবিভক্তা অন্নাদের্বিভাগকর্ত্তা, দাতা ধনাদেঃ ॥২৩॥ ইন্দ্রিয়জয়ফলমাহ—মান্যেতি। ব্যসনৈঃ স্ত্রীমদ্যদ্যূতাদ্যৈঃ ॥২৪॥ শুভমেবানুশেতে

সত্যবাদী লোক বিনা কষ্টে দীর্ঘায়ু লাভ করে, ক্রোধবিহীন লোক সরলতা প্রাপ্ত হয় এবং অসূয়াশূন্য লোক পরম শান্তি পায় ॥২১॥

শান্ত ও দান্ত লোক কখনও সর্ব্বতোভাবে কষ্টভোগ করে না এবং সংযত-চিত্ত লোক পরশ্রী দেখিয়া সন্তপ্ত হয় না ॥২২॥

অতিথিসেবক ও দাতা লোক সুখী ও ভোগী হয় এবং হিংসাশূন্য লোক অত্যন্ত স্বাস্থ্যসুখ ভোগ করে ॥২৩॥

পূজ্যপূজক লোক উচ্চবংশে জন্মলাভ করে এবং জিতেন্দ্রিয় লোক ব্যসনে লিপ্ত হয় না ॥২৪॥

যুধিষ্ঠির উবাচ।

ভগবন্! দানধর্ম্মাণাং তপসো বা মহামুনে!।
কিংস্বিদ্বহুগুণং প্রেত্য কিংবা দুষ্করমুচ্যতে ॥২৬॥

ব্যাস উবাচ।

দানান্ন দুষ্করং তাত! পৃথিব্যামস্তি কিঞ্চন।
অর্থে চ মহতী তৃষ্ণা স চ দুঃখেন লভ্যতে ॥২৭॥
পরিত্যজ্য প্রিয়ান্ প্রাণান্ ধনার্থং হি মহামতে!।
প্রবিশন্তি নরা ধীরাঃ সমুদ্রমটবীং তথা ॥২৮॥
কৃষিগোরক্ষমিত্যেকে প্রতিপদ্যন্তি মানবাঃ।
পুরুষাঃ প্রেষ্যতামেকে নির্গচ্ছন্তি ধনার্থিনঃ ॥২৯॥

ভারতকৌমুদী

কালধর্ম্মণা মরণেন সংযুক্তো মৃতঃ সন্, তদ্‌যোগাৎ পূর্ব্বশুভানুশয়বুদ্ধিসম্বন্ধাৎ, কল্যাণমতিরেব ধর্ম্মবুদ্ধিরেব, প্রাদুর্ভবতি পরজন্মন্যাবির্ভবতি ॥২৫॥

ভগবন্নিতি। প্রেত্য পরলোকে, বহবো গুণা উৎকর্ষা যস্মাত্তৎ অধিকফলজনকমিত্যর্থঃ ॥২৬॥

দানাদিতি। দানাদ্দুষ্করং কিঞ্চনাপি কার্য্যং পৃথিব্যাং নাস্তি। অতো দানমেব বহুগুণম্ ॥২৭॥

পরীতি। পরিত্যজ্য পরিত্যক্তুং সম্ভাব্য। ধীরা বুদ্ধিমন্তোঽপি, অটবীং বনম্ ॥২৮॥

কৃষীতি। প্রতিপদ্যন্তি অবলম্বন্তে। প্রেষ্যতাং দাসত্বম্, নির্গচ্ছন্তি প্রাপ্নুবন্তি ॥২৯॥

ভারতভাবদীপঃ

শুভপক্ষপাতিনীবুদ্ধির্যস্য কালধর্ম্মেণ মরণেন তদ্‌যোগাচ্ছুভানুশয়াৎ যাগাৎ স কল্যাণমতিরেব প্রাদুর্ভবতি জায়তে ॥২৫॥ দানজানাং ধর্ম্মাণাম্, তপসঃ কায়ক্লেশকৃতস্য কৃচ্ছ্রাদেঃ, এতয়োর্মধ্যে

ধার্ম্মিক লোক মৃত্যুর পরে পূর্ব্ব ধর্ম্মবুদ্ধির বলেই ধার্ম্মিক হইয়া জন্ম গ্রহণ করে' ॥২৫॥

যুধিষ্ঠির বলিলেন—'ভগবন্ মহামুনে! দান ও তপস্যা এই দুইটার মধ্যে কোন্‌টা পরলোকে অধিক-ফল-জনক এবং কোন্‌টাই বা দুষ্কর?' ॥২৬॥

বেদব্যাস বলিলেন—'বৎস! দান অপেক্ষা দুষ্কর কার্য্য পৃথিবীতে আর কিছুই নাই। কারণ, ধনে গুরুতর স্পৃহা থাকে এবং তাহা কষ্টেই লাভ করা হয় ॥২৭॥

মহামতি যুধিষ্ঠির! বুদ্ধিমান্ লোকেরাও ধনের জন্য প্রিয়তম প্রাণ পরিত্যাগের সম্ভাবনাপর্য্যন্ত করিয়া সমুদ্রে ও বনে প্রবেশ করিয়া থাকে ॥২৮॥

একশ্রেণীর লোকেরা ধনের জন্য কৃষি ও গোপালনব্যবসায় অবলম্বন করে এবং অপরশ্রেণীর লোকেরা ধনের জন্য দাসত্বস্বীকার করে ॥২৯॥

তস্মাদ্দুঃখার্জিতস্যৈব পরিত্যাগঃ সুদুষ্করঃ।
ন দুষ্করতরং দানাত্তস্মাদ্দানং মতং মম ॥৩০॥
বিশেষস্ত্বত্র বিজ্ঞেয়ো ন্যায়েনোপার্জিতং ধনম্।
পাত্রে কালে চ দেশে চ প্রয়তঃ প্রতিপাদয়েৎ ॥৩১॥
অন্যায়াৎ সমুপাত্তেন দানধর্ম্মো ধনেন যঃ।
ক্রিয়তে ন স কর্ত্তারং ত্রায়তে মহতো ভয়াৎ ॥৩২॥
পাত্রে দানং স্বল্পমপি কালে দত্তং যুধিষ্ঠির!।
মনসা হি বিশুদ্ধেন প্রেত্যানন্তফলং স্মৃতম্ ॥৩৩॥
অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
ব্রীহিদ্রোণপরিত্যাগাদ্‌যৎ ফলং প্রাপ মুদ্গলঃ ॥৩৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্বণি ব্রীহিদ্রৌণিকে দানদুষ্করত্বকথনে চতুর্দ্দশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তস্মাদিতি। দুঃখার্জিতস্য ধনস্য। দুষ্করতরং কার্য্যম্। মতং প্রাধান্যেনাভিপ্রেতম্ ॥৩০॥
বিশেষ ইতি। পাত্রে শ্রোত্রিয়াদৌ, কালে সংক্রান্ত্যাদৌ, দেশে গঙ্গাতীরাদৌ ॥৩১॥
অন্যায়াদিতি। অন্যায়াচ্চৌর্য্যাদিতঃ, সমুপাত্তেনার্জিতেন। মহতো ভয়ান্নরকাৎ ॥৩২॥
পাত্র ইতি। দত্তং কৃতম্। প্রেত্য পরলোকে, অনন্তফলম্ অনন্তফলজনকম্ ॥৩৩॥

ভারতভাবদীপঃ

প্রেত্য মৃত্বা, কিং বহুগুণং কিং পরলোকে শ্রেষ্ঠমিত্যর্থঃ ॥২৬—২৯॥ দুঃখার্জ্জিতস্য ধনস্যেতি শেষঃ, মতং শ্রেষ্ঠত্বেন ॥৩০—৩৩॥ দ্রোণো মানবিশেষস্তন্মিতা ব্রীহয়স্তেষাং দানাৎ ॥৩৪॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্দ্দশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২১৪॥

অতএব দুঃখার্জিত ধনের পরিত্যাগ করাটাই অতিদুষ্কর। সুতরাং দান অপেক্ষা অতিদুষ্কর কার্য্য নাই। সেই জন্যই আমার মতে দানই প্রধান ॥৩০॥

এবিষয়ে বিশেষ জানিবে যে, মানুষ পবিত্র হইয়া পুণ্যকালে পবিত্র স্থানে সৎপাত্রে ন্যায়ার্জিত ধন দান করিবে ॥৩১॥

অন্যায়ার্জিত ধনদ্বারা যে দানধর্ম্ম করা হয়, সে দানধর্ম্ম কর্ত্তাকে নরক হইতে উদ্ধার করিতে পারে না ॥৩২॥

যুধিষ্ঠির! বিশুদ্ধচিত্তে প্রশস্তকালে সৎপাত্রে অল্পমাত্রও যে দান করা হয়, তাহা পরলোকে অনন্ত ফল উৎপাদন করে ॥৩৩॥

(৩১)···সাধুভ্যঃ প্রতিপাদয়েৎ—বা ব কা পি। * '···দ্বিপঞ্চাশদধিকদ্বিশততমঃ···' পি, '···অষ্টপঞ্চাশদধিকদ্বি···' বা ব, '···উনষষ্ট্যধিকদ্বি···' কা, '···ষষ্ট্যধিকদ্বি···' নি।

পঞ্চদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——:*:——

যুধিষ্ঠির উবাচ।

ব্রীহিদ্রোণঃ পরিত্যক্তঃ কথং তেন মহাত্মনা।
কস্মৈ দত্তশ্চ ভগবন্! বিধিনা কেন বাথ মে ॥১॥
প্রত্যক্ষধর্ম্মা ভগবান্ যস্য তুষ্টো হি কর্ম্মভিঃ।
সফলং তস্য জন্মাহং মন্যে সদ্ধর্ম্মচারিণঃ ॥২॥

ব্যাস উবাচ।

শিলোঞ্ছবৃত্তির্ধর্ম্মাত্মা মুদ্গলঃ সংযতেন্দ্রিয়ঃ।
আসীদ্রাজন্! কুরুক্ষেত্রে সত্যবাগনসূয়কঃ ॥৩॥

ভারতকৌমুদী

অত্রেতি। ইতিহাসশব্দো বৃত্তান্তমাত্রে মুনিষু রূঢ়ঃ। অতঃ পুরাতনপদং ন পুনরুক্তম্। ব্রীহিদ্রোণস্য দ্রোণপরিমিতধান্যস্য পরিত্যাগাদ্দানাৎ। মুদ্গলো নাম মুনিঃ ॥৩৪॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি ব্রীহিদ্রৌণিকে চতুর্দ্দশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——:(০):——

ব্রীহীতি। ব্রীহীণাং দ্রোণঃ দ্রোণপরিমিতা ব্রীহয়ঃ, "অষ্টমুষ্টির্ভবেৎ কুঞ্চিঃ কুঞ্চয়োঽষ্টৌ তু পুষ্কলম্। পুষ্কলানি চ চত্বারি আঢ়কঃ পরিকীর্ত্তিতঃ। চতুরাঢ়কো ভবেদ্দ্রোণ ইত্যুক্তং দ্রোণলক্ষণম্॥" ইতি প্রায়শ্চিত্ততত্ত্বে স্মার্ত্তঃ। আথ ব্রবীষি ব্রূহীত্যর্থঃ ॥১॥

প্রত্যক্ষেতি। প্রত্যক্ষং মানবানাং ধর্ম্মং যস্য স ভগবানীশ্বরঃ ॥২॥

শিলেতি। কৃষকেণ ক্ষেত্রতো হৃতে শস্যে তন্মঞ্জরীগ্রহণং শিলম্, চঞ্চুদ্বারা কপোতস্যেব হস্তেন একৈকবিশ্লিষ্টশস্যগ্রহণমুঞ্ছস্তাভ্যাং বৃত্তির্জীবিকানির্ব্বাহো যস্য সঃ ॥৩॥

এবিষয়ে ধার্ম্মিকেরা এই প্রাচীন উপাখ্যানের উল্লেখ করিয়া থাকেন যে, মুদ্গলমুনি দ্রোণপরিমিত ধান্য দান করিয়া বিশেষ ফল পাইয়াছিলেন ॥৩৪॥

——(•:*:•)——

যুধিষ্ঠির বলিলেন—'ভগবন্! সেই মহাত্মা কি জন্য দ্রোণপরিমিত ধান্য পরিত্যাগ করিতেন? কোন্ বিধানে কাহাকেই বা তাহা দিতেন? তাহা আপনি আমার নিকট বলুন ॥১॥

আমি মনে করি—জগতের ধর্ম্মদর্শী জগদীশ্বর যাঁহার কার্য্যে সন্তুষ্ট হইয়াছিলেন, সেই ধর্ম্মচারী মহাত্মার জন্ম সফল হইয়াছিল ॥২॥

অতিথিব্রতী ক্রিয়াবাংশ্চ কাপোতীং বৃত্তিমাস্থিতঃ।
সত্রমিষ্টীকৃতং নাম সমুপাস্তে মহাতপাঃ ॥৪॥
সপুত্রদারো হি মুনিঃ পক্ষাহারো বভূব হ।
কপোতবৃত্ত্যা পক্ষেণ ব্রীহিদ্রোণমুপার্জয়ৎ ॥৫॥
দর্শঞ্চ পৌর্ণমাসঞ্চ কুর্বন্ বিগতমৎসরঃ।
দেবতাতিথিশেষেণ কুরুতে দেহযাপনম্ ॥৬॥
তস্যেন্দ্রঃ সহিতো দেবৈঃ সাক্ষাত্রিভুবনেশ্বরঃ।
প্রত্যগৃহ্লান্মহারাজ! ভাগং পর্ব্বণি পর্ব্বণি ॥৭॥

ভারতকৌমুদী

অতিথীতি। প্রথমপাদে অক্ষরাধিক্যমার্ষম্। ক্রিয়াবান্ নিত্যনৈমিত্তিকাদিবৈধকার্য্যশালী, কাপোতীং বৃত্তিম্ উঞ্ছবৃত্তিম্। সত্রং যজ্ঞম্, সমুপাস্তে অনুতিষ্ঠতি স্ম ॥৪॥

সেতি। পক্ষে প্রত্যেকপঞ্চদশাহে আহারো যস্য সঃ। কপোতবৃত্ত্যা উঞ্ছেন ॥৫॥

দর্শমিতি। দর্শং পৌর্ণমাসঞ্চ যাগম্। দেবতাতিথিভ্যঃ শেষেণ দত্তাবশিষ্টেন ॥৬॥

তস্যেতি। পর্ব্বণি পর্ব্বণি প্রত্যেকদর্শে প্রত্যেকপৌর্ণমাস্যাঞ্চ ॥৭॥

ভারতভাবদীপঃ

ব্রীহিদ্রোণ ইতি ॥১॥ প্রত্যক্ষধর্ম্মা নৃণাং ধর্ম্মস্য বেত্তা ভগবান্ ঈশ্বরঃ ॥২॥ শিলং কণিশার্জ্জনম্, উঞ্ছঃ কণশোঽর্জ্জনম্। "উঞ্ছঃ কণশ আদানং কণিশাদ্যর্জ্জনং শিল"মিতি যাদবঃ। তে উভে বৃত্তির্জীবনং যস্য স শিলোঞ্ছবৃত্তিঃ ॥৩॥ কাপোতীং বৃত্তিমল্পসংগ্রহরূপাম্ ইষ্টীকৃতং

বেদব্যাস বলিলেন—'রাজা! কুরুক্ষেত্রে 'মুদ্গল-' নামে সংযতচিত্ত, সত্যবাদী, অসূয়াশূন্য ও শিলোঞ্ছবৃত্তি এক ধর্ম্মাত্মা ছিলেন (কৃষক ক্ষেত্র হইতে পক্ক শস্য লইয়া গেলে অবশিষ্ট মঞ্জরী গ্রহণের নাম—'শিল' এবং এক একটী করিয়া শস্য গ্রহণের নাম—'উঞ্ছ') ॥৩॥

সেই মহাতপা কপোতের ন্যায় উঞ্ছবৃত্তি অবলম্বন করিয়া সর্ব্বদা অতিথিসৎকার, নিত্য-নৈমিত্তিক কার্য্য এবং 'ইষ্টীকৃত'- নামক যজ্ঞ করিতেন ॥৪॥

আর সেই মুদ্গলমুনি পুত্র-কলত্রের সহিত পনর দিনের মধ্যে একদিনমাত্র আহার করিতেন এবং অপর পনর দিন কপোতের ন্যায় দ্রোণপরিমিত ধান্য অর্জ্জন করিতেন ॥৫॥

এবং তিনি ঈর্ষ্যা-দ্বেষশূন্য হইয়া দর্শযাগ ও পৌর্ণমাসযাগ করিতে থাকিয়া দেবতাপূজা ও অতিথিসেবায় অবশিষ্ট অন্নাদি ভোজন করিয়া জীবন যাপন করিতেন ॥৬॥

মহারাজ! ত্রিভুবনের অধীশ্বর ইন্দ্র দেবগণের সহিত সাক্ষাৎ আসিয়া প্রত্যেক পর্ব্বে সেই মহাত্মার যজ্ঞের ভাগ গ্রহণ করিতেন ॥৭॥

স পর্বকালং কৃত্বা তু মুনিবৃত্ত্যা সমন্বিতঃ।
অতিথিভ্যো দদাবন্নং প্রহৃষ্টেনান্তরাত্মনা ॥৮॥
ব্রীহিদ্রোণস্য তৎ প্রীত্যা দদতোঽন্নং মহাত্মনঃ।
শিষ্টং মাৎসর্য্যহীনস্য বর্দ্ধত্যতিথিদর্শনাৎ ॥৯॥
তচ্ছতান্যপি ভুঞ্জন্তি ব্রাহ্মণানাং মনীষিণাম্।
মুনেস্ত্যাগবিশুদ্ধ্যা তু তদন্নং বৃদ্ধিমৃচ্ছতি ॥১০॥
তং তু শুশ্রাব ধর্ম্মিষ্ঠং মুদ্গলং সংশিতব্রতম্।
দুর্বাসা নৃপ! দিগ্বাসাস্তমথাভ্যাজগাম হ ॥১১॥
বিভ্রচ্চানিয়তং বেশমুন্মত্ত ইব পাণ্ডব!।
বিকচঃ পরুষা বাচো ব্যাহরন্ বিবিধা মুনিঃ ॥১২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। পর্ব্বকালং পর্ব্বকালবিহিতং দর্শাদিযাগম্ ॥৮॥

ব্রীহীতি। শিষ্টমবশিষ্টমন্নম্, মাৎসর্য্যহীনস্য পরদ্বেষশূন্যস্য ॥৯॥

তদিতি। তদন্নম্। ত্যাগবিশুদ্ধ্যা নির্দোষদানেন হেতুনা ॥১০॥

তমিতি। দুর্ব্বাসাঃ তদাখ্যো মুনিঃ, দিগ্বাসা নগ্নঃ। অনিয়তম্ অনির্দ্দিষ্টম্। বিকচো মুণ্ডিতমস্তকঃ, পরুষা নিষ্ঠুরাঃ, ব্যাহরন্ সর্ব্বান্ প্রত্যেব বদন্ ॥১১—১২॥

ভারতভাবদীপঃ

ইষ্টিভিরেব নির্ব্বর্ত্ত্যং ন তু পশ্বাদিনা, সত্রং যজ্ঞম্ ॥৪—৭॥ পর্ব্ব বৈশ্বদেববরুণপ্রঘাসাদিকং কর্ম্ম, কালং কালে ফাল্গুন্যাদৌ, অত্যন্তসংযোগে দ্বিতীয়া। ব্রীহিদ্রোণমাত্রং যদা সিধ্যতি তদা দদাতি ॥৮॥ তদা চ দীয়মানং তদ্বর্দ্ধতি বর্দ্ধতে ॥৯॥ অর্চ্ছতি প্রাপ্নোতি ॥১০—১১॥

এদিকে মুনিবৃত্তিশালী মুদ্গল পর্ব্বকালবিহিত যজ্ঞ করিয়া সন্তুষ্টচিত্তে অতিথিদিগকে অন্নদান করিতেন ॥৮॥

মাৎসর্য্যবিহীন মুদ্গল প্রীতিসহকারে দ্রোণপরিমিত ধান্যের অন্ন দান করিতেন; তখন যে অন্ন অবশিষ্ট থাকিত, তাহা অতিথি দেখিলেই বৃদ্ধি পাইত ॥৯॥

সুতরাং শত শত বিদ্বান্ ব্রাহ্মণও সে অন্ন ভোজন করিতে পারিতেন। মুদ্গলমুনির দানের গুণেই সে অন্ন বৃদ্ধি পাইত ॥১০॥

রাজা পাণ্ডুনন্দন! ক্রমে দিগম্বর দুর্ব্বাসামুনি, ধার্ম্মিক ও দৃঢ়ব্রত মুদ্গলমুনির এই বৃত্তান্ত শুনিতে পাইলেন; তাহার পর তিনি উন্মত্তের ন্যায় অনির্দ্দিষ্ট

(৯) ব্রীহিদ্রোণস্য তদ্ধ্যস্য···বা ব কা, ব্রীহিদ্রোণস্য সিদ্ধস্য···পি। (১০)···তদন্নং বৃদ্ধিমর্চ্ছতি—বা ব কা নি।

অভিগম্যাথ তং বিপ্রমুবাচ মুনিসত্তমঃ।
অন্নার্থিনমনুপ্রাপ্তং বিদ্ধি মাং দ্বিজসত্তম ! ॥১৩॥
স্বাগতং তেঽস্ত্বিতি মুনিং মুদ্গলঃ প্রত্যভাষত।
পাদ্যমাচমনীয়ঞ্চ প্রতিপাদ্যার্ঘ্যমুত্তমম্ ॥১৪॥
প্রাদাৎ স তাপসায়ান্নং ক্ষুধিতায়াতিথিব্রতী।
উন্মত্তায় পরাং শ্রদ্ধামাস্থায় স ধৃতব্রতঃ ॥১৫॥
ততস্তদন্নং রসবৎ স এব ক্ষুধয়ান্বিতঃ।
বুভুজে কৃৎস্নমুন্মত্তঃ প্রাদাত্তস্মৈ চ মুদ্গলঃ ॥১৬॥
ভুক্ত্বা চান্নং ততঃ সর্ব্বমুচ্ছিষ্টেনাত্মনস্ততঃ।
অথানুলিলিপেঽঙ্গানি যথাগতমগাচ্চ সঃ ॥১৭॥
এবং দ্বিতীয়ে সম্প্রাপ্তে পর্ব্বকালে মনীষিণঃ।
আগম্য বুভুজে সর্ব্বমন্নমুঞ্ছোপজীবিনঃ ॥১৮॥

ভারতকৌমুদী

অভীতি। তং মুদ্গলম্। মুনিসত্তমো দুর্ব্বাসাঃ। অনুপ্রাপ্তমাগতম্ ॥১৩॥
স্বাগতমিতি। মুনিং দুর্ব্বাসসম্। প্রতিপাদ্য দত্ত্বা ॥১৪॥
প্রাদাদিতি। স প্রসিদ্ধঃ, তাপসায় দুর্ব্বাসসে। আস্থায়াবলম্ব্য, স মুদ্গলঃ ॥১৫॥
তত ইতি। রসবৎ সুস্বাদু, স দুর্ব্বাসা এব। প্রাদাদেব ন পুনর্বৈমত্যমকরোৎ ॥১৬॥
ভুক্ত্বেতি। উচ্ছিষ্টেন পরিত্যক্তেনান্নেন। অঙ্গান্যনুলিলিপে উন্মত্তত্বাৎ ॥১৭॥

বেশ ধারণ করিয়া মুণ্ডিতমস্তক হইয়া নানাবিধ নিষ্ঠুর বাক্য বলিতে বলিতে আগমন করিলেন ॥১১—১২॥

তাহার পর মুনিশ্রেষ্ঠ দুর্ব্বাসা সেই মুদ্গলের নিকট উপস্থিত হইয়া বলিলেন—'ব্রাহ্মণশ্রেষ্ঠ ! আমি অন্নার্থী হইয়া আসিয়াছি, ইহা আপনি অবগত হউন' ॥১৩॥

তখন মুদ্গল উত্তম পাদ্য, অর্ঘ্য ও আচমনীয় দান করিয়া দুর্ব্বাসামুনিকে বলিলেন—'আপনার শুভাগমন হউক' ॥১৪॥

তাহার পর অতিথিসেবক ও ব্রতচারী সেই মুদ্গলমুনি বিশেষ শ্রদ্ধা করিয়া ক্ষুধার্ত্ত ও উন্মত্ত দুর্ব্বাসাকে অন্ন দান করিলেন ॥১৫॥

তদনন্তর ক্ষুধার্ত্ত ও উন্মত্ত দুর্ব্বাসাই সেই সুস্বাদু সমস্ত অন্ন ভোজন করিয়া ফেলিলেন ; মুদ্গলও তাঁহাকেই দিলেন ॥১৬॥

দুর্ব্বাসা সমস্ত অন্ন ভোজন করিয়া উচ্ছিষ্টদ্বারা নিজের সকল অঙ্গ লেপন করিলেন ; পরে যেস্থান হইতে আসিয়াছিলেন, সেই স্থানে চলিয়া গেলেন ॥১৭॥

নিরাহারস্তু স মুনিরুঞ্ছমর্জয়তে পুনঃ।
ন চৈনং বিক্রিয়াং নেতুমশকন্মুদ্‌গলং ক্ষুধা ॥১৯॥
ন ক্রোধো ন চ মাৎসর্য্যং নাবমানো ন সম্ভ্রমঃ।
সপুত্রদারমুঞ্ছন্তমাবিবেশ দ্বিজোত্তমম্ ॥২০॥
তথা তমুঞ্ছধর্ম্মাণং দুর্বাসা মুনিসত্তমম্।
উপতস্থে যথাকালং ষট্‌কৃত্বঃ কৃতনিশ্চয়ঃ ॥২১॥
ন চাস্য মনসঃ কঞ্চিদ্বিকারং দদৃশে মুনিঃ।
শুদ্ধসত্ত্বস্য শুদ্ধং স দদৃশে নির্ম্মলং মনঃ ॥২২॥
তমুবাচ ততঃ প্রীতঃ স মুনির্মুদ্‌গলং ততঃ।
ত্বৎসমো নাস্তি লোকেঽস্মিন্ দাতা মাৎসর্য্যবর্জিতঃ ॥২৩॥
ক্ষুদ্ধর্ম্মসংজ্ঞাং প্রণুদত্যাদত্তে ধৈর্য্যমেব চ।
রসানুসারিণী জিহ্বা কর্ষত্যেব রসান্ প্রতি ॥২৪॥

ভারতকৌমুদী

এবমিতি। পর্ব্বকালে পর্ববিহিতযাগকালে। উঞ্ছোপজীবিনো মুদ্গলস্য ॥১৮॥
নিরিতি। স মুদ্গলঃ, উঞ্ছম্ উঞ্ছবৃত্ত্যা ধান্যম্। ক্ষুধা ক্ষুৎ ॥১৯॥
নেতি। ক্রোধো দুর্বাসসং প্রতি। অন্যত্রাপ্যেবম্। উঞ্ছন্তম্ উঞ্ছবৃত্ত্যা শস্যমর্জন্তম্ ॥২০॥
তথেতি। তং মুদ্‌গলম্। উপতস্থে ভোক্তুং প্রাপ্তবান্, ষট্‌কৃত্বঃ ষড়্‌বারান্ ॥২১॥
নেতি। দদৃশে দদর্শ, মুনির্দুর্বাসাঃ। শুদ্ধসত্ত্বস্য নির্ম্মলস্বভাবস্য ॥২২॥
তমিতি। ততস্তদনন্তরম্। ততস্তদাচরণদর্শনাৎ প্রীতঃ। মাৎসর্য্যং পাত্রং প্রতি দ্বেষঃ ॥২৩॥

এইভাবে উঞ্ছোপজীবী ও জ্ঞানী মুদ্‌গলমুনির দ্বিতীয় পর্বকাল উপস্থিত হইলেও দুর্বাসা আসিয়া সমস্ত অন্ন ভোজন করিয়া গেলেন ॥১৮॥

এদিকে মুদ্‌গলমুনি অনাহারে থাকিয়া পুনরায় উঞ্ছবৃত্তিদ্বারাই ধান্যসংগ্রহ করিলেন; কিন্তু ক্ষুধা তাঁহাকে বিকৃত করিতে পারিল না ॥১৯॥

কিংবা দুর্বাসার প্রতি মুদ্‌গলের ক্রোধ, বিদ্বেষ, অবজ্ঞা বা উদ্বেগ হইল না; তিনি পুত্র ও ভার্য্যার সহিত মিলিত হইয়া উঞ্ছবৃত্তিদ্বারাই পূর্ব্ববৎ ধান্যসংগ্রহ করিলেন ॥২০॥

দুর্ব্বাসামুনি ভোজনে কৃতনিশ্চয় হইয়া উঞ্ছোপজীবী মুনিশ্রেষ্ঠ মুদ্‌গলের নিকটে যথাসময়ে সেইভাবে ছয় বার উপস্থিত হইয়াছিলেন ॥২১॥

কিন্তু তিনি নির্ম্মলস্বভাব মুদ্‌গলের মনে কোন বিকারই দেখিতে পান নাই, বরং তাঁহার পবিত্র ও নির্ম্মল মনই দেখিয়াছিলেন ॥২২॥

তাহার পর দুর্ব্বাসামুনি মুদ্‌গলের আচরণে সন্তুষ্ট হইয়া তাঁহাকে বলিলেন—'আপনার তুল্য মাৎসর্য্যবিহীন দাতা এই জগতে আর কেহ নাই ॥২৩॥

আহারপ্রভবাঃ প্রাণা মনো দুর্নিগ্রহং চলম্ ।
মনসশ্চেন্দ্রিয়াণাঞ্চাপ্যৈকাগ্র্যং নিশ্চিতং তপঃ ॥২৫॥
শ্রমেণোপার্জ্জিতং ত্যক্তুং দুঃখং শুদ্ধেন চেতসা ।
তৎ সর্ব্বং ভবতা সাধো ! যথাবদুপপাদিতম্ ॥২৬॥
প্রীতাঃ স্মোঽনুগৃহীতাশ্চ সমেত্য ভবতা সহ ।
ইন্দ্রিয়াভিজয়ো ধৈর্য্যং সংবিভাগো দমঃ শমঃ ॥২৭॥
দয়া সত্যঞ্চ ধর্ম্মশ্চ ত্বয়ি সর্ব্বং প্রতিষ্ঠিতম্ ।
জিতাস্তে কর্ম্মভির্লোকাঃ প্রাপ্তোঽসি পরমাং গতিম্ ॥২৮॥ (যুগ্মকম্)
অহো দানং বিঘুষ্টং তে সুমহৎ স্বর্গবাসিভিঃ ।
সশরীরো ভবান্ গন্তা স্বর্গং সুচরিতব্রত ! ॥২৯॥

ভারতকৌমুদী

ক্ষুদিতি। ক্ষুৎ ক্ষুধা, ধর্ম্মসংজ্ঞাং ধর্ম্মজ্ঞানম্, প্রণুদতি নাশয়তি, ধৈর্য্যমেব চ আদত্তে হরতি, তথা রসানুসারিণী জিহ্বা রসান্ প্রতি প্রাণিনং কর্ষত্যেব। কিন্তু তবৈতৎসর্বাভাবাৎ ত্বং ধন্য এবেতি ভাবঃ ॥২৪॥

আহারেতি। আহারাৎ প্রভবন্তি তিষ্ঠন্তীত্যাহারপ্রভবাঃ। আহারাভাবেঽপি প্রাণধারণম্, দুর্নিগ্রহস্য চলস্য চ মনসো নিগ্রহণম্, ঈদৃশং তপশ্চ দুষ্করমেব ত্বয়া ক্রিয়ত ইত্যাশয়ঃ ॥২৫॥

শ্রমেণেতি। উপার্জিতং দ্রব্যম্, দুঃখং জায়তে, শুদ্ধেন দ্বেষশূন্যেন ॥২৬॥

প্রীতা ইতি। সমেত্য মিলিত্বা। সংবিভাগো বিভজ্যান্নদানম্। তে ত্বয়া ॥২৭—২৮॥

ক্ষুধা ধর্ম্মবুদ্ধি নষ্ট করে এবং ধৈর্য্য হরণ করে, আর রসানুবর্ত্তিনী জিহ্বা প্রাণীকে রসের প্রতি আকর্ষণ করে; (আপনার ইহার একটাও হয় নাই বলিয়া আপনি ধন্য) ॥২৪॥

আহারেই প্রাণ থাকে, চঞ্চল মনের দমন করাও দুষ্কর এবং মন ও ইন্দ্রিয়ের একাগ্রতাই তপস্যা ; (বিনা আহারেও প্রাণ থাকায়, চঞ্চল মনের দমন করায় এবং উক্তরূপ তপস্যা করিতে থাকায় আপনি ধন্য) ॥২৫॥

সাধু! নির্ম্মলচিত্তে শ্রমার্জিত ধন দান করিতে অত্যন্ত কষ্ট হয়। কিন্তু আপনি যথানিয়মে সে সমস্তই করিয়াছেন ॥২৬॥

আমি আপনার সহিত মিলিত হইয়া সন্তুষ্ট ও অনুগৃহীত হইয়াছি। চিত্তসংযম, ধৈর্য্য, বিভাগপূর্ব্বক অন্নদান, কর্ম্মেন্দ্রিয়দমন, জ্ঞানেন্দ্রিয়দমন, দয়া, সত্য ও ধর্ম্ম, এই সমস্তই আপনাতে রহিয়াছে। সুতরাং আপনি নিজ কর্ম্মদ্বারাই সমস্ত লোক জয় করিয়াছেন এবং পরম গতি লাভ করিবার যোগ্য হইয়াছেন ॥২৭—২৮॥

ইত্যেবং বদতস্তস্য তদা দুর্ব্বাসসো মুনেঃ।
দেবদূতো বিমানেন মুদ্‌গলং প্রত্যুপস্থিতঃ ॥৩০॥
হংসসারসযুক্তেন কিঙ্কিণীজালমালিনা।
কামগেন বিচিত্রেণ দিব্যগন্ধবতা তথা ॥৩১॥ (যুগ্মকম্)
উবাচ চৈনং বিপ্রর্ষিং বিমানং কর্ম্মভির্জ্জিতম্।
সমুপারোহ সংসিদ্ধিং প্রাপ্তোঽসি পরমাং মুনে! ॥৩২॥
তমেবংবাদিনমৃষির্দেবদূতমুবাচ হ।
ইচ্ছামি ভবতা প্রোক্তান্ গুণান্ স্বর্গনিবাসিনাম্ ॥৩৩॥
কে গুণাস্তত্র বসতাং কিং তপঃ কশ্চ নিশ্চয়ঃ।
স্বর্গে তত্র সুখং কিঞ্চ দোষো বা দেবদূতক! ॥৩৪॥
সতাং সপ্তপদং মৈত্রমাহুঃ সন্তঃ কুলোচিতাঃ।
মিত্রতাঞ্চ পুরস্কৃত্য পৃচ্ছামি ত্বামহং বিভো! ॥৩৫॥

ভারতকৌমুদী

অহো ইতি। বিঘুষ্টং বিশেষেণ ঘোষিতম্। গন্তা গমিষ্যতি ॥২৯॥
ইতীতি। মুদ্‌গলং প্রতি তদন্তিকে। কামগেন ইচ্ছানুসারেণ গমনশক্তেন ॥৩০—৩১॥
উবাচেতি। উবাচ দেবদূত ইত্যনুবৃত্তিঃ। কর্ম্মভির্দানাদিভিঃ, জিতং প্রাপ্তম্ ॥৩২॥
তমিতি। ঋষির্মুদ্‌গলঃ। ইচ্ছামি শ্রোতুমিতি শেষঃ ॥৩৩॥
ক ইতি। তত্র স্বর্গে। নিশ্চয়স্তত্র বাসে নিশ্চিতকারণম্ ॥৩৪॥
সতামিতি। সপ্তপদং মিলিত্বা গচ্ছতামিতি শেষঃ, মৈত্রং পরস্পরমিত্রতাম্ ॥৩৫॥

ব্রতচারী ব্রাহ্মণ! স্বর্গবাসীরা আপনার গুরুতর দানের সংবাদ ঘোষণা করিয়াছেন, সুতরাং আপনি সশরীরেই স্বর্গে যাইবেন' ॥২৯॥

দুর্ব্বাসামুনি এইরূপ বলিতেছিলেন, এমন সময়ে কামগামী ও বিচিত্র একখানা বিমানে আরোহণ করিয়া একজন দেবদূত মুদ্‌গলের নিকট উপস্থিত হইল; সে বিমানখানাতে হংস, সারস, কিঙ্কিণীর মালা ও স্বর্গীয় সৌরভ ছিল ॥৩০—৩১॥

সেই দেবদূত মহর্ষি মুদ্‌গলকে বলিল—'মুনি! আপনি পরম সিদ্ধি লাভ করিয়াছেন; অতএব আপন কর্ম্মলব্ধ এই বিমানে আরোহণ করুন' ॥৩২॥

দেবদূত এইরূপ বলিলে, মুদ্‌গল তাহাকে বলিলেন—'আপনি স্বর্গবাসিগণের গুণ বর্ণনা করুন, আমি তাহা শুনিতে ইচ্ছা করি ॥৩৩॥

দেবদূত! স্বর্গবাসীদের কি গুণ? কি তপস্যা? স্বর্গবাসে নিশ্চিত কারণ কি? এবং সেই স্বর্গলোকে কি সুখ? কি বা দোষ? ॥৩৪॥

তদত্র তথ্যং পথ্যঞ্চ তদ্‌ব্রবীহ্ববিচারয়ন্‌।
শ্রুত্বা তথা করিষ্যামি ব্যবসায়ং গিরা তব ॥৩৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি ব্রীহি-
দ্রৌণিকে মুদ্গলোপাখ্যানে পঞ্চদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:(*):——

ষোড়শাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——:*:——

দেবদূত উবাচ।
মহর্ষে! আর্য্যবুদ্ধিস্ত্বং যঃ স্বর্গসুখমুত্তমম্‌।
সম্প্রাপ্তং বহু মন্তব্যং বিমৃশস্যবুধো যথা ॥১॥

ভারতকৌমুদী

তদিতি। তথ্যং সত্যম্‌, পথ্যং হিতম্‌। ব্যবসায়ং স্বর্গগমননিশ্চয়ম্‌ ॥৩৬॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি ব্রীহিদ্রৌণিকে পঞ্চদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——:(০):——

মহর্ষ ইতি। হে মহর্ষে! ত্বমার্য্যবুদ্ধিঃ সদ্বিবেচকঃ, যস্ত্বম্‌, উত্তমম্‌, অতএব বহু মন্তব্যং সর্বৈরাদর্ত্তব্যম্‌, সম্প্রাপ্তমুপস্থিতং স্বর্গসুখম্‌, যথা অবুধঃ অনভিজ্ঞস্তথা, বিমৃশসি গচ্ছামি নবেতি বিচারয়সি ; যদি কশ্চিন্নিকর্ষঃ স্যাদিতি বিচিন্তয়ন্নিতি ভাবঃ ॥১॥

ভারতভাবদীপঃ

বিকচো হসন্‌ মুণ্ডো বা ॥১২—১৭॥ দ্বিতীয়ে পক্ষে ॥১৮—২৩॥ ক্ষুৎ ক্ষুধা, ধর্ম্মসহিতাং সংজ্ঞাম্‌, ত্বয়া তু প্রাণধর্ম্মঃ ক্ষুধা, ইন্দ্রিয়ধর্ম্মো রসনা, তদুভয়ং জিতমিত্যর্থঃ ॥২৪—৩১॥ উবাচ দেবদূত ইত্যাহুক্ষ্যতে ॥৩২—৩৫॥ ব্যবসায়ং নিশ্চয়ম্‌ ॥৩৬॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২১৫॥

প্রভাবসম্পন্ন দেবদূত! উচ্চবংশজাত সজ্জনেরা বলিয়া থাকেন যে, একসঙ্গে সপ্তপদ গমন করিলেই মিত্রতা হয়। সুতরাং আমি সেই মিত্রতার অনুসরণ করিয়া আপনাকে জিজ্ঞাসা করিতেছি ॥৩৫॥

অতএব আপনি এবিষয়ে বিবেচনা না করিয়া সত্য ও হিত বাক্য বলুন ; আমি তাহা শুনিয়া আপনার বাক্যানুসারে কর্ত্তব্য স্থির করিব' ॥৩৬॥

---

* '…ত্রিপঞ্চাশদধিকদ্বিশততমঃ…' পি, '…একোনষষ্ট্যধিকদ্বি…' বা ব, '…ষষ্ট্যধিক-দ্বি…' কা, '…একষষ্ট্যধিকদ্বি…' নি।

উপরিষ্টাদসৌ লোকো যোঽয়ং স্বরিতি সংজ্ঞিতঃ।
ঊর্দ্ধগঃ সৎপথঃ শশ্বদ্দেবযানচরো মুনে! ॥২॥
নাতপ্ততপসঃ পুংসো নামহাযজ্ঞযাজিনঃ।
নানৃতা নাস্তিকাশ্চৈব তত্র গচ্ছন্তি মুদ্গল! ॥৩॥
ধর্ম্মাত্মানো জিতাত্মানঃ শান্তা দান্তা বিমৎসরাঃ।
দানধর্ম্মরতা মর্ত্যাঃ শূরাশ্চাহবলক্ষণাঃ ॥৪॥
তত্র গচ্ছন্তি ধর্ম্মাগ্র্যং কৃত্বা শমদমাত্মকম্।
লোকান্ পুণ্যকৃতান্ ব্রহ্মন্! সদ্ভিরাচরিতান্ নৃভিঃ ॥৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স্বর্গং বর্ণয়তি উপেতি। ঊর্দ্ধগ ঊর্দ্ধগমনস্থানম্। এতদেব ব্যাচষ্টে সতো ব্রহ্মণঃ পন্থা ইতি সৎপথঃ, দেবযানানি বিমানানি চরাণি যত্র স তাদৃশশ্চ ॥২॥

নেতি। পুংসঃ পুমাংসঃ। অনৃতা বাচি কর্ম্মণি চ মিথ্যাপরায়ণাঃ ॥৩॥

কে গচ্ছন্তীত্যাহ ধর্ম্মেতি। আহবে সম্মুখযুদ্ধে লক্ষণং মরণদর্শনং যেষাং তে, "রণে চাভিমুখো হতঃ" ইত্যেকবাক্যত্বাৎ। ধর্ম্মাগ্র্যং ধর্ম্মশ্রেষ্ঠম্ ॥৪—৫॥

ভারতভাবদীপঃ

মহর্ষে ইতি। বিমৃশসি শুভমশুভং বেতি বিচারয়সি ॥১॥ স্বর্লোকঃ সুখলোকঃ। "যন্ন দুঃখেন সংভিন্নং ন চ গ্রস্তমনন্তরম্। অভিলাষোপনীতং যত্তৎসুখং স্বঃপদাস্পদ"মিতি শ্রুতিঃ। তৎপ্রধানত্বাল্লোকোঽপি স্বঃশব্দবাচ্যঃ। ঊর্দ্ধং গগনাদিত্যূর্দ্ধগঃ, সৎপথো ব্রহ্মমার্গঃ ক্রমমুক্তি-স্থানমিত্যর্থঃ। দেবযানেন মার্গেণ অর্চ্চিরাদিপর্ব্ববতা চরন্ত্যস্মিন্নিতি দেবযানচরঃ ॥২॥

দেবদূত বলিল—'মহর্ষি! আপনার বুদ্ধিটা প্রশংসনীয়; কারণ, যে আপনি উত্তম ও সকলের আদরণীয় উপস্থিত স্বর্গসুখের বিষয়েও অনভিজ্ঞের ন্যায় বিবেচনা করিতেছেন ॥১॥

মুনি! যাহার নাম স্বর্গ, সে লোক ঐ উপরে রহিয়াছে; উহা ঊর্দ্ধগমনের স্থান, অর্থাৎ ব্রহ্মলাভের পথ এবং সর্ব্বদাই ওখানে দেবযান সকল বিচরণ করে ॥২॥

মুদ্গলমুনি! যাহারা তপস্যা বা মহাযজ্ঞ না করিয়াছে, তাহারা এবং মিথ্যাপরায়ণ ও নাস্তিক লোকেরা সেখানে যাইতে পারে না ॥৩॥

ধার্ম্মিক, চিত্তজয়ী, জ্ঞানেন্দ্রিয়জয়ী, কর্ম্মেন্দ্রিয়জয়ী, বিদ্বেষবিহীন ও দান-নিরত লোকেরা এবং সম্মুখযুদ্ধনিহত বীরেরা সেখানে যাইতে পারেন। আর, ব্রাহ্মণ! সকলেই শম ও দমস্বরূপ শ্রেষ্ঠ ধর্ম্ম করিয়া সজ্জনের আচরিত যে কোন পুণ্যলোক লাভ করিতে পারে ॥৪—৫॥

দেবাঃ সাধ্যাস্তথা বিশ্বে তথৈব চ মহর্ষয়ঃ।
যামা ধামাশ্চ মৌদ্গল্য ! গন্ধর্বাপ্সরসস্তথা ॥৬॥
এষাং দেবনিকায়ানাং পৃথক্ পৃথগনেকশঃ।
ভাস্বন্তঃ কামসম্পন্না লোকাস্তেজোময়াঃ শুভাঃ ॥৭॥ (যুগ্মকম্)
ত্রয়স্ত্রিংশৎ সহস্রাণি যোজনানি হিরণ্ময়ঃ।
মেরুঃ পর্ব্বতরাড্ যত্র দেবোদ্যানানি মুদ্গল ! ॥৮॥
নন্দনাদীনি পুণ্যানি বিহারাঃ পুণ্যকর্ম্মণাম্।
ন ক্ষুৎপিপাসে ন গ্লানির্ন শীতোষ্ণে ভয়ং তথা ॥৯॥ (যুগ্মকম্)
বীভৎসমশুভং বাপি তত্র কিঞ্চিন্ন বিদ্যতে।
মনোজ্ঞাঃ সর্ব্বতো গন্ধাঃ সুখস্পর্শাশ্চ সর্ব্বশঃ ॥১০॥
শব্দাঃ শ্রুতিমনোগ্রাহ্যাঃ সর্ব্বতস্তত্র বৈ মুনে !।
ন শোকো ন জরা তত্র নায়াসপরিদেবনে ॥১১॥

ভারতকৌমুদী

দেবা ইতি। বিশ্বে সর্বে। যামা ধামাশ্চ তদাখ্যা দেবযোনিবিশেষাঃ। মৌদ্গল্যেতি স্বার্থে যণ্। দেবনিকায়ানাং দেবসমূহানাম্। লোকা নিবাসদেশা বর্ত্তন্তে ॥৬—৭॥

ত্রয় ইতি। ত্রয়স্ত্রিংশৎ সহস্রাণি যোজনানি ব্যাপ্ত ইত্যর্থঃ, হিরণ্ময়ঃ স্বর্ণময়ঃ। যত্র পুণ্যকর্ম্মণাং বিহারা বিহরণস্থানভূতানি নন্দনাদীনি পুণ্যানি দেবোদ্যানানি বর্ত্তন্তে ॥৮—৯॥

বীভৎসমিতি। বীভৎসং বিষ্ঠাদি, অশুভং শবাদি। সুখস্পর্শা বায়ব ইতি শেষঃ ॥১০॥

শব্দা ইতি। শ্রুতিমনাংসি গ্রাহ্যাণি আকৃষ্যাণি যৈস্তে। আয়াসপরিদেবনে শ্রমবিলাপৌ ॥১১॥

ভারতভাবদীপঃ

পুংসঃ পুমাংসঃ ॥৩—৪॥ ধর্ম্মাগ্র্যং ধর্ম্মশ্রেষ্ঠং যোগম্ ॥৫॥ যামা ধামাশ্চ গণবিশেষাঃ ॥৬॥ দেবানাং নিকায়া আলয়া যেষু তেষাং দেবনিকায়ানাম্ ॥৭॥ ত্রয়স্ত্রিংশৎ সহস্রাণি যোজনা-

---

মুদ্গলমুনি! যে সকল দেবতা, সাধ্য, দেবর্ষি, যাম, ধাম ও অপ্সরা আছেন, ইঁহাদের পৃথক্ পৃথক্ অনেক তেজোময় ও মঙ্গলময় লোক আছে; সে সকল লোকে সর্ব্বদাই অভীষ্ট বস্তু লাভ করা যায় ॥৬—৭॥

মুদ্গলমুনি! স্বর্ণময় পর্ব্বতরাজ সুমেরু তেত্রিশ হাজার যোজন ব্যাপিয়া রহিয়াছে; যাহার উপরে ধার্ম্মিকদিগের বিহারস্থান পুণ্যময় নন্দনপ্রভৃতি বহুতর দেবোদ্যান বিরাজ করিতেছে এবং যেখানে ক্ষুধা, পিপাসা, গ্লানি, শীত, গ্রীষ্ম ও ভয় নাই ॥৮—৯॥

আর সেখানে ঘৃণাজনক বা অমঙ্গলজনক কিছুই নাই এবং সে স্থানের সকল গন্ধই মনোহর ও সমস্ত বায়ুই সুখস্পর্শ ॥১০॥

ঈদৃশঃ স মুনে! লোকঃ স্বকর্ম্মফলহেতুকঃ।
সুকৃতৈস্তত্র পুরুষাঃ সংভবন্ত্যাত্মকর্ম্মভিঃ ॥১২॥
তৈজসানি শরীরাণি ভবন্ত্যত্রোপপদ্যতাম্।
কর্ম্মজান্যেব মৌদ্গল্য! ন মাতৃপিতৃজান্যুত ॥১৩॥
ন সংস্বেদো ন দৌর্গন্ধ্যং পুরীষং মূত্রমেব বা।
তেষাঞ্চ ন রজো বস্ত্রং বাধতে তত্র বৈ মুনে! ॥১৪॥
ন ম্লায়ন্তি স্রজস্তেষাং দিব্যগন্ধা মনোরমাঃ।
সংযুজ্যন্তে বিমানৈশ্চ ব্রহ্মন্নেবংবিধৈশ্চ তে ॥১৫॥
ঈর্ষ্যাশোকক্লমাপেতা মোহমাৎসর্য্যবর্জ্জিতাঃ।
সুখং স্বর্গজিতস্তত্র বর্ত্তয়ন্তে মহামুনে! ॥১৬॥
তেষাং তথাবিধানাস্তু লোকানাং মুনিপুঙ্গব!।
উপর্য্যুপরি লোকস্য লোকা দিব্যগুণান্বিতাঃ ॥১৭॥

ভারতকৌমুদী

ঈদৃশ ইতি। স্বকর্ম্মফলং দেবকর্ম্মফলং ধর্ম্ম এব হেতুর্যস্য সঃ। সম্ভবন্তি গতাঃ ॥১২॥

তৈজসানীতি। উপপদ্যতাম্ উপপদ্যমানানাং গচ্ছতাম্। উতশব্দঃ পাদপূরণে ॥১৩॥

নেতি। সংস্বেদো ঘর্ম্মঃ। তৈজসশরীরত্বাদেব ন সংস্বেদাদয় ইতি ভাবঃ ॥১৪॥

নেতি। সংযুজ্যন্তে আরোহণায় মিলিতা ভবন্তি। এবংবিধৈরিত্যঙ্গুল্যা স্বানীত-বিমানপ্রদর্শনম্ ॥১৫॥

ঈর্ষ্যেতি। স্বর্গজিতো লব্ধস্বর্গাঃ, সুখং যথা স্যাত্তথা বর্ত্তয়ন্তে জীবনং ধারয়ন্তি ॥১৬॥

তেষামিতি। লোকানাং জনানাং দেবানামিতি যাবৎ। লোকস্য স্বর্গস্য ॥১৭॥

মুনি! সেখানে সকল শব্দই শ্রুতিমধুর ও হৃদয়গ্রাহী এবং সেখানে শোক, জরা, শ্রম ও বিলাপ নাই ॥১১॥

মুনি! সেই স্বর্গলোক দেবগণের কর্ম্মফলে এইরূপ হইয়াছে; সুতরাং মানুষও আপন পুণ্যের বলেই সেখানে যাইয়া থাকে ॥১২॥

মুদ্গল! স্বর্গগত লোকদিগের শরীরগুলি তেজোময় ও কর্ম্মজাত; কিন্তু মাতৃপিতৃজাত নহে ॥১৩॥

অতএব মুনি! সেখানে ঘর্ম্ম, দুর্গন্ধ, বিষ্ঠা বা মূত্র নাই এবং স্বর্গবাসীদের বস্ত্র ধূলিতে মলিন হয় না ॥১৪॥

ব্রাহ্মণ! তাঁহাদের দিব্যসৌরভসম্পন্ন ও মনোহর পুষ্পমালা সকল মলিন হয় না এবং তাঁহারা এইরূপ বিমানেই আরোহণ করিয়া থাকেন ॥১৫॥

মহর্ষি! স্বর্গবাসীদের ঈর্ষ্যা, শোক, ক্লান্তি, মোহ বা মাৎসর্য্য নাই। সুতরাং তাঁহারা সেখানে সুখে জীবন যাপন করেন ॥১৬॥

পরতো ব্রহ্মণস্তস্য লোকস্তেজোময়ঃ শুভঃ।
যত্র যান্ত্যষয়ো ব্রহ্মন্! পূতাঃ স্বৈঃ কর্ম্মভিঃ শুভৈঃ ॥১৮॥
ঋভবো নাম তত্রান্যে দেবানামপি দেবতাঃ।
তেষাং লোকাঃ পরতরে তান্ যজন্তীহ দেবতাঃ ॥১৯॥
স্বয়ম্প্রভাস্তে ভাস্বন্তো লোকাঃ কামদুঘাঃ পরে।
ন তেষাং স্ত্রীকৃতস্তাপো ন লোকৈশ্বর্য্যমৎসরঃ ॥২০॥
ন বর্ত্তয়ন্ত্যাহুতিভিস্তে নাপ্যমৃতভোজনাঃ।
তথা দিব্যশরীরাস্তে ন চ বিগ্রহমূর্ত্তয়ঃ ॥২১॥
ন সুখে সুখকামাস্তে দেবদেবাঃ সনাতনাঃ।
ন কল্পপরিবর্ত্তেষু পরিবর্ত্তন্তি তে তথা ॥২২॥

ভারতকৌমুদী

পরত ইতি। তস্য দেবলোকস্য, পরত উপরি, ব্রহ্মণো লোকো বর্ত্ততে ॥১৮॥
ঋভব ইতি। লোকা বাসদেশাঃ, পরতরে ব্রহ্মলোকমধ্যেঽপ্যুত্তমস্থানে বর্ত্তন্তে ॥১৯॥
স্বয়মিতি। কামদুঘা ইষ্টদাতারঃ। লোকৈশ্বর্য্যে পরসম্পদি মৎসরো নাস্তি ॥২০॥
নেতি। বিগৃহ্যন্ত ইতি বিগ্রহা ইন্দ্রিয়গ্রাহ্যা মূর্ত্তয়ো যেষাং তে তাদৃশা ন ॥২১॥
নেতি। সুখে সুখভোগসম্ভবেঽপি। সনাতনা নিত্যাঃ। অতএব নেত্যাদি ॥২২॥

মুনিশ্রেষ্ঠ! সেইরূপ দেবলোকের উপরে উপরে আরও কতকগুলি দিব্য-গুণসম্পন্ন লোক আছে ॥১৭॥

ব্রাহ্মণ! সেই লোকগুলিরও উপরে তেজোময় ও মঙ্গলময় ব্রহ্মলোক রহিয়াছে; যেখানে ঋষিরা আপন আপন শুভকর্ম্মে পবিত্র হইয়া গমন করিয়া থাকেন ॥১৮॥

'ঋভু-' নামে আর কতকগুলি লোক আছেন, তাঁহারা দেবতাদেরও দেবতা এবং তাঁহারা ব্রহ্মলোকের মধ্যেও অত্যন্ত উত্তমস্থানে বাস করেন; আর দেবতারা তাঁহাদের পূজা করেন ॥১৯॥

সেই ঋভুগণ এমনই তেজস্বী যে, তাঁহারা আপনাদের তেজেই আলোকিত থাকেন এবং সকলেরই অভীষ্ট পূরণ করেন; আর তাঁহাদের স্ত্রীকৃত দুঃখ বা পরশ্রীকাতরতা নাই ॥২০॥

এবং তাঁহারা অন্যের আহুতিদ্বারা জীবন ধারণ করেন না কিংবা অমৃত পান করেন না; আর তাঁহাদের দিব্য শরীর, সে শরীরগুলি আবার কোন ইন্দ্রিয়গ্রাহ্য হয় না ॥২১॥

(১৮) পুরস্তাদ্ব্রাহ্মণাস্তত্র লোকাস্তেজোময়াঃ শুভাঃ…বা ব কা, পুরস্তাদ্ব্রহ্মণস্তত্র…পি। (১৯) ধাতারো নাম…পি।

জরা মৃত্যুঃ কুতস্তেষাং হর্ষঃ প্রীতিঃ সুখং ন চ।
বলবান্ বালিনন্দন অঙ্গদ সে গদাঘাত অগ্রাহ্য করিয়া ক্রোধবশতঃ ইন্দ্রজিতের উপরে একটা শালবৃক্ষ নিক্ষেপ করিলেন ॥১৬॥

পৃথানন্দন! ইন্দ্রজিতের বধের জন্য অঙ্গদ-নিক্ষিপ্ত সেই বৃক্ষটা যাইয়া অশ্ব ও সারথির সহিত ইন্দ্রজিতের রথখানাকে বিধ্বস্ত করিল ॥১৭॥

রাজা! অশ্ব ও সারথি নিহত হইলে, ইন্দ্রজিৎ সেই ভগ্ন রথ হইতে লাফাইয়া পড়িয়া সেই খানেই অন্তর্হিত হইলেন ॥১৮॥

বহুমায়াশালী সেই রাক্ষসকে অন্তর্হিত জানিয়া রামচন্দ্র সেই স্থানে আসিয়া আপন সৈন্য রক্ষা করিতে লাগিলেন ॥১৯॥

তখন ইন্দ্রজিৎ, মহাবল রাম ও লক্ষ্মণকে লক্ষ্য করিয়া দেববরলব্ধ বাণদ্বারা তাঁহাদের সমস্ত অঙ্গে তাড়ন করিতে লাগিলেন ॥২০॥

(১৮) ততো হতাশ্বঃ প্রস্কন্দ্য...পি।

স রুষা সর্বগাত্রেষু তয়োঃ পুরুষসিংহয়োঃ।
ব্যসৃজৎ সায়কান্ ভূয়ঃ শতশোঽথ সহস্রশঃ ॥২২॥
তমদৃশ্যং বিচিন্বন্তঃ সৃজন্তমনিশং শরান্।
হরয়ো বিবিশুর্ব্যোম প্রগৃহ্য মহতীঃ শিলাঃ।
তাংশ্চ তৌ চাপ্যদৃশ্যঃ স শরৈর্বিব্যাধ রাক্ষসঃ ॥২৩॥
স ভৃশং তাড়য়ামাস রাবণির্মায়য়া বৃতঃ।
তৌ শরৈরাচিতৌ বীরৌ ভ্রাতরৌ রামলক্ষ্মণৌ।
পেততুর্গগনাদ্ভূমিং সূর্য্যাচন্দ্রমসাবিব ॥২৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্বণি দ্রৌপদীহরণে রামোপাখ্যানে ইন্দ্রজিৎসংগ্রামে দ্বিচত্বারিংশদধিক-দ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

স ইতি। স রাবণিঃ। ব্যসৃজৎ ন্যক্ষিপৎ। ভূয়ঃ পুনরপি ॥২২॥

তমিতি। বিচিন্বন্তঃ অন্বিষ্যন্তঃ। ব্যোম আকাশম্। তৌ রামলক্ষ্মণৌ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—১৭॥ সসর্জ্জ উৎসৃষ্টবান্। মহাশালস্কন্ধং তরুম্ ॥১৬—২২॥ তান্ হরীন্, তৌ চ রামলক্ষ্মণৌ ॥২৩—২৪॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৪২॥

তখন মহাবীর রাম ও লক্ষ্মণ দুই জনই মায়াদ্বারা অন্তর্হিত ও অদৃশ্য ইন্দ্রজিৎকে বাণদ্বারা প্রহার করিতে থাকিলেন ॥২১॥

পরে ইন্দ্রজিৎ ক্রোধবশতঃ পুরুষশ্রেষ্ঠ রাম ও লক্ষ্মণের সমস্ত অঙ্গে পুনরায় শত শত ও সহস্র সহস্র বাণ নিক্ষেপ করিলেন ॥২২॥

ইন্দ্রজিৎ এইভাবে অদৃশ্য থাকিয়া অনবরত বাণক্ষেপ করিতে লাগিলেন; তখন বহুতর বানর বিশাল বিশাল প্রস্তর লইয়া ইন্দ্রজিতের অন্বেষণে আকাশে উঠিল; তখন ইন্দ্রজিৎ অদৃশ্য থাকিয়াই বাণদ্বারা সেই বানরগণকে এবং রাম-লক্ষ্মণকে বিদ্ধ করিতে থাকিলেন ॥২৩॥

মায়াবৃত ইন্দ্রজিৎ এইভাবে রাম ও লক্ষ্মণকে অত্যন্ত বিদ্ধ করিলেন;

---

* '... চতুঃসপ্তত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ'—পি, '...সপ্তাশীত্যধিকদ্বি...' বা ব, '...অষ্টাশীত্যধিকদ্বি...' কা, '...একোননবত্যধিকদ্বি...' নি।

ত্রিচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

—— ঃ*ঃ ——

মার্কণ্ডেয় উবাচ।

তাবুভৌ পতিতৌ দৃষ্ট্বা ভ্রাতরৌ রামলক্ষ্মণৌ।
ববন্ধ রাবণির্ভূয়ঃ শরৈর্দত্তবরৈস্তদা ॥১॥
তৌ বীরৌ শরবন্ধেন বদ্ধাবিন্দ্রজিতা রণে।
রেজতুঃ পুরুষব্যাঘ্রৌ শকুন্তাবিব পঞ্জরে ॥২॥
তৌ দৃষ্ট্বা পতিতৌ ভূমৌ শতশঃ সায়কৈশ্চিতৌ।
সুগ্রীবঃ কপিভিঃ সার্দ্ধং পরিবার্য্য ততঃ স্থিতঃ ॥৩॥
সুষেণ-মৈন্দ-দ্বিবিদৈঃ কুমুদেনাঙ্গদেন চ।
হনূমন্নীলতারৈশ্চ নলেন চ কপীশ্বরঃ ॥৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। আচিতৌ ব্যাপ্তদেহৌ। গগনাৎ সূর্য্যাচন্দ্রমসাবিব। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥২৪॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে দ্বিচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(০ঃ*ঃ০)——

তাবিতি। দত্তবরৈর্দেববরলব্ধৈরিত্যর্থঃ, শরৈর্নাগপাশরূপৈঃ ॥১॥

তাবিতি। শরবন্ধেন নাগপাশেন। শকুন্তৌ দ্বৌ পক্ষিণৌ ॥২॥

তাবিতি। চিতৌ ব্যাপ্তদেহৌ। ততস্তত্র। কপিভিঃ কৈরিত্যাহ সুষেণেত্যাদি ॥৩-৪॥

তাহাতে মহাবীর রাম ও লক্ষ্মণ দুই ভ্রাতাই বাণব্যাপ্তদেহ হইয়া, আকাশ হইতে চন্দ্র ও সূর্য্যের ন্যায় ভূতলে পতিত হইলেন' ॥২৪॥

——ঃ(০)ঃ——

মার্কণ্ডেয় বলিলেন—'তখন ইন্দ্রজিৎ, রাম ও লক্ষ্মণ দুই ভ্রাতাকেই পতিত দেখিয়া দেববরলব্ধ নাগপাশদ্বারা পুনরায় তাঁহাদিগকে বন্ধন করিলেন ॥১॥

যুদ্ধে ইন্দ্রজিৎকর্ত্তৃক নাগপাশবদ্ধ সেই পুরুষশ্রেষ্ঠ বীরেরা তখন পঞ্জরবদ্ধ দুইটী পক্ষীর ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥২॥

বানররাজ সুগ্রীব, রাম ও লক্ষ্মণকে বাণব্যাপ্ত ও ভূতলপতিত দেখিয়া

ততস্তং দেশমাগম্য কৃতকর্ম্মা বিভীষণঃ।
বোধয়ামাস তৌ বীরৌ প্রজ্ঞাস্ত্রেণ প্রমোহিতৌ ॥৫॥
বিশল্যৌ চাপি সুগ্রীবঃ ক্ষণেনৈতৌ চকার হ।
বিশল্যয়া মহৌষধ্যা দিব্যমন্ত্রপ্রযুক্তয়া ॥৬॥
তৌ লব্ধসংজ্ঞৌ নৃবরৌ বিশল্যাবুদতিষ্ঠতাম্।
গততন্দ্রীক্লমৌ চাপি ক্ষণেনৈতৌ মহারথৌ ॥৭॥
ততো বিভীষণঃ পার্থ! রামমিক্ষ্বাকুনন্দনম্।
উবাচ বিজ্বরং দৃষ্ট্বা কৃতাঞ্জলিরিদং বচঃ ॥৮॥
ইদমম্ভো গৃহীত্বাশু রাজরাজস্য শাসনাৎ।
গুহ্যকোঽভ্যাগতঃ শ্বেতাত্ত্বৎসকাশমরিন্দম! ॥৯॥

ভারতকৌমুদী

তত ইতি। কৃতং কর্ম কুবেরায় তদ্বৃত্তান্তবিজ্ঞাপনকার্য্যং যেন সঃ ॥৫॥
বিশল্যাবিতি। বিশল্যৌ উদ্ধৃতবাণাগ্রৌ। বিশল্যয়া তদাখ্যয়া ॥৬॥
তাবিতি। গতৌ তিরোহিতৌ তন্দ্রীক্লমৌ মোহশ্রমৌ যয়োস্তৌ ॥৭॥
তত ইতি। বিজ্বরং মহৌষধ্যাদিপ্রয়োগাৎ সন্তাপবিহীনম্ ॥৮॥
ইদমিতি। রাজরাজস্য কুবেরস্য। গুহ্যকঃ কশ্চিদ্যক্ষঃ, শ্বেতাৎ কৈলাসপর্ব্বতাৎ ॥৯॥

সুষেণ, মৈন্দ, দ্বিবিদ, কুমুদ, অঙ্গদ, হনূমান্, নীল, তার ও নলের সহিত মিলিত হইয়া রাম ও লক্ষ্মণকে পরিবেষ্টন করিয়া সেইখানেই রহিলেন ॥৩-৪॥

তাহার পর বিভীষণ কর্ত্তব্য কার্য্য সম্পাদন করিয়া সেই স্থানে আসিয়া প্রজ্ঞাস্ত্রদ্বারা মূর্চ্ছিত রাম ও লক্ষ্মণের চৈতন্য সম্পাদন করিলেন ॥৫॥

এবং সুগ্রীব দিব্যমন্ত্রে অভিমন্ত্রিত 'বিশল্যা'—নাম্নী মহৌষধিদ্বারা ক্ষণকালমধ্যেই রাম ও লক্ষ্মণকে শল্যবিহীন করিলেন ॥৬॥

তখন নরশ্রেষ্ঠ ও মহারথ রাম এবং লক্ষ্মণ ক্ষণকালমধ্যেই শল্যবিহীন হইয়া এবং সংজ্ঞালাভ করিয়া গাত্রোত্থান করিলেন; তখন তাঁহাদের আর তন্দ্রা বা ক্লান্তিও থাকিল না ॥৭॥

পৃথানন্দন! তাহার পর বিভীষণ ইক্ষ্বাকুনন্দন রামচন্দ্রকে সম্পূর্ণ সুস্থ দেখিয়া কৃতাঞ্জলি হইয়া এই কথা বলিলেন—॥৮॥

'অরিন্দম! কুবেরের আদেশে একজন যক্ষ এই জল লইয়া কৈলাসপর্বত হইতে সত্বর আপনার নিকট আসিয়াছে ॥৯॥

(৫)···প্রজ্ঞাস্ত্রেণ প্রবোধিতৌ—বা ব কা পি। (৯) ইদমম্ভো গৃহীত্বা তু···বা ব কা নি।

ইদমম্ভঃ কুবেরস্তে মহারাজঃ প্রযচ্ছতি।
অন্তর্হিতানাং ভূতানাং দর্শনার্থং পরন্তপ ! ॥১০॥
অনেন মৃষ্টনয়নো ভূতান্যন্তর্হিতানি তু।
ভবান্ দ্রক্ষ্যতি যস্মৈ চ ভবানেতৎ প্রদাস্যতি ॥১১॥
তথেতি রামস্তদ্বারি প্রতিগৃহ্যাভিসংস্কৃতম্।
চকার নেত্রয়োঃ শৌচং লক্ষ্মণশ্চ মহামনাঃ ॥১২॥
সুগ্রীবজাম্ববন্তৌ চ হনূমানঙ্গদস্তথা।
মৈন্দদ্বিবিদনীলাশ্চ প্রায়ঃ প্লবগসত্তমাঃ ॥১৩॥
তথা সমভবচ্চাপি যদুবাচ বিভীষণঃ।
ক্ষণেনাতীন্দ্রিয়াণ্যেষাং চক্ষূংষ্যাসন্ যুধিষ্ঠির ! ॥১৪॥
ইন্দ্রজিৎ কৃতকর্ম্মা তু পিত্রে কর্ম্ম তদাত্মনঃ।
নিবেদ্য পুনরাগচ্ছত্ত্বরয়াজিশিরঃ প্রতি ॥১৫॥

ভারতকৌমুদী

ইদমিতি। অন্তর্হিতানামদৃশ্যানাম্, ভূতানাং প্রাণিনাম্ ॥১০॥
অনেনেতি। অনেন অম্ভসা, মৃষ্টে প্রক্ষালিতে নয়নে যেন সঃ ॥১১॥
তথেতি। অভিসংস্কৃতং মন্ত্রপূতম্। শৌচং প্রক্ষালনম্ ॥১২॥
সুগ্রীবেতি। প্রায়ো বাহুল্যেন। নেত্রয়োঃ শৌচং চক্রুরিত্যনুবৃত্তিঃ ॥১৩॥
তথেতি। অতীন্দ্রিয়াণি অদৃশ্যদর্শনশক্তানি, দেবপ্রভাবাদিতি ভাবঃ ॥১৪॥
ইন্দ্রেতি। কৃতকর্ম্মা, রামলক্ষ্মণয়োর্বন্ধনাদিতি ভাবঃ। আজিশিরঃ যুদ্ধসম্মুখম্ ॥১৫॥

পরন্তপ! অদৃশ্য প্রাণিগণকে দেখিবার জন্য মহারাজ কুবের আপনাকে এই জল পাঠাইয়া দিয়াছেন ॥১০॥

আপনি এই জলদ্বারা নয়ন প্রক্ষালন করিয়া অদৃশ্য প্রাণিগণকেও দেখিতে পাইবেন এবং আপনি ইহা যাঁহাকে দিবেন, তিনিও দেখিতে পাইবেন' ॥১১॥

'তাহাই হউক' এই কথা বলিয়া মহামনা রাম ও লক্ষ্মণ সেই মন্ত্রপূত জল গ্রহণ করিয়া নয়নযুগল প্রক্ষালন করিলেন ॥১২॥

আর সুগ্রীব, জাম্ববান্, হনূমান্, অঙ্গদ, মৈন্দ, দ্বিবিদ, নীল এবং অন্যান্য প্রায় প্রধান বানরেরাও সেই জলদ্বারা নয়নপ্রক্ষালন করিলেন ॥১৩॥

যুধিষ্ঠির! তখন—বিভীষণ যাহা বলিয়াছিলেন, তাহাই হইল ; অর্থাৎ তাঁহাদের নয়নগুলি ক্ষণকালমধ্যেই অদৃশ্য বস্তু দেখিতে সমর্থ হইল ॥১৪॥

---

(১১)···ভূতান্যন্তর্হিতান্যত···বা ব কা নি, যস্মৈ চ প্রদাস্যতি নরঃ স তু—বা ব কা।

তমাপতন্তং সংক্রুদ্ধং পুনরেব যুযুৎসয়া।
অভিদুদ্রাব সৌমিত্রির্বিভীষণমতে স্থিতঃ ॥১৬॥
অকৃতাহ্নিকমেবৈনং জিঘাংসুর্জিতকাশিনম্।
শরৈর্জঘান সংক্রুদ্ধঃ কৃতসংজ্ঞোঽথ লক্ষ্মণঃ ॥১৭॥
তয়োঃ সমভবদ্‌যুদ্ধং তদান্যোন্যং জিগীষতোঃ।
অতীব চিত্রমাশ্চর্য্যং শক্রপ্রহ্লাদয়োরিব ॥১৮॥
অবিধ্যদিন্দ্রজিত্তীক্ষ্ণৈঃ সৌমিত্রিং মর্ম্মভেদিভিঃ।
সৌমিত্রিশ্চানলস্পর্শৈরবিধ্যদ্রাবণিং শরৈঃ ॥১৯॥
সৌমিত্রিশরসংস্পর্শাদ্রাবণিঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
অসৃজল্লক্ষ্মণায়াষ্টৌ শরানাশীবিষোপমান্ ॥২০॥

ভারতকৌমুদী

তমিতি। আপতন্তমাগচ্ছন্তম্। যুযুৎসয়া যোদ্ধুমিচ্ছয়া ॥১৬॥

অকৃতেতি। অথ সংক্রুদ্ধো লক্ষ্মণঃ, কৃতসংজ্ঞো হননায় বিভীষণেন দত্তসঙ্কেতঃ, অতএব অকৃতাহ্নিকমেব অসম্পাদিতাহ্নিকজপমেব, এনমিন্দ্রজিতম্, জিঘাংসুঃ সন্, আহ্নিকজপসম্পাদনে তু হননাসম্ভবাদিতি ভাবঃ, শরৈঃ জিতকাশিনং বিজয়শোভিনমেনং জঘান ॥১৭॥

তয়োরিতি। জিগীষতোর্জ্জেতুমিচ্ছতোঃ। চিত্রং নানাবিধম্ ॥১৮॥

অবিধ্যদিতি। তীক্ষ্ণৈঃ শরৈরিতি সম্বন্ধঃ। অনলস্যেব স্পর্শো যেষাং তৈঃ ॥১৯॥

সৌমিত্রীতি। অসৃজৎ চিক্ষিপৎ। আশীবিষোপমান্ সর্পসদৃশান্ ॥২০॥

ওদিকে ইন্দ্রজিৎ কৃতকার্য্য হইয়া যাইয়া পিতার নিকট নিজের সেই কার্য্যের বিষয় জানাইয়া পুনরায় সত্বর যুদ্ধসম্মুখে আগমন করিলেন ॥১৫॥

তিনি অত্যন্তক্রুদ্ধ হইয়া পুনরায় যুদ্ধ করিবার ইচ্ছায় আসিতে থাকিলে, লক্ষ্মণ বিভীষণের মতে থাকিয়া তাঁহার প্রতি ধাবিত হইলেন ॥১৬॥

তাহার পর বিভীষণ ইঙ্গিত করিলে, লক্ষ্মণ অতিশয় ক্রুদ্ধ হইয়া অকৃতাহ্নিক অবস্থাতেই ইন্দ্রজিৎকে বধ করিবার ইচ্ছা করিয়া বাণদ্বারা সেই বিজয়শোভী ইন্দ্রজিৎকে প্রহার করিতে আরম্ভ করিলেন ॥১৭॥

তখন পরস্পর জয়াভিলাষী লক্ষ্মণ ও ইন্দ্রজিতের ইন্দ্র ও প্রহ্লাদের ন্যায় অতিবিচিত্র ও আশ্চর্য্য যুদ্ধ হইতে লাগিল ॥১৮॥

ইন্দ্রজিৎ মর্ম্মভেদী তীক্ষ্ণ বাণদ্বারা লক্ষ্মণকে বিদ্ধ করিতে লাগিলেন এবং লক্ষ্মণও অগ্নিসমস্পর্শ বাণদ্বারা ইন্দ্রজিৎকে বিদ্ধ করিতে থাকিলেন ॥১৯॥

ক্রমে ইন্দ্রজিৎ লক্ষ্মণের বাণপ্রহারে অতিশয়ক্রুদ্ধ হইয়া লক্ষ্মণের উপরে সর্পতুল্য আটটা বাণ নিক্ষেপ করিলেন ॥২০॥

তস্যাসূন্ পাবকস্পর্শৈঃ সৌমিত্রিঃ পত্রিভিস্ত্রিভিঃ।
যথা নিরহরদ্বীরস্তন্মে নিগদতঃ শৃণু ॥২১॥
একেনাস্য ধনুষ্মন্তং বাহুং দেহাদপাতয়ৎ।
দ্বিতীয়েন সনারাচং ভুজং ভূমৌ ন্যপাতয়ৎ ॥২২॥
তৃতীয়েন তু বাণেন পৃথুধারেণ ভাস্বতা।
জহার সুনসং চারু শিরো জ্বলিতকুণ্ডলম্ ॥২৩॥
বিনিকৃত্তভুজস্কন্ধং কবন্ধং ভীমদর্শনম্।
তং হত্বা সূতমপ্যস্ত্রৈর্জঘান বলিনাং বরঃ ॥২৪॥
লঙ্কাং প্রবেশয়ামাসুস্তং রথং বাজিনস্তদা।
দদর্শ রাবণস্তঞ্চ রথং পুত্রবিনাকৃতম্ ॥২৫॥
স পুত্রং নিহতং দৃষ্ট্বা ত্রাসাৎ সম্ভ্রান্তমানসঃ।
রাবণঃ শোকমোহার্ত্তো বৈদেহীং হন্তুমুদ্যতঃ ॥২৬॥

ভারতকৌমুদী

তস্যেতি। তস্য ইন্দ্রজিতঃ, অসূন্ প্রাণান্। পত্রিভির্বাণৈঃ ॥২১॥
একেনেতি। বাহুং বামম্, ধনুষ্মত্বাৎ। ভুজং দক্ষিণম্, সনারাচত্বাৎ ॥২২॥
তৃতীয়েনেতি। পৃথ্বী মহতী ধারা যস্য তেন। সুনসং শোভননাসাযুক্তম্ ॥২৩॥
বীতি। বিনিকৃত্তৌ বিচ্ছিন্নৌ ভুজৌ স্কন্ধশ্চ যস্য তম্। হত্বা কৃত্বেত্যর্থঃ কবন্ধস্যাহননাৎ ॥২৪॥
লঙ্কামিতি। প্রবেশয়ামাসুঃ, চিরাভ্যাসাদিতি ভাবঃ। পুত্রেণ বিনাকৃতং রহিতম্ ॥২৫॥
স ইতি। সম্ভ্রান্তমানস আকুলচিত্তঃ। উদ্যতঃ, অভবদিতি শেষঃ ॥২৬॥

যুধিষ্ঠির! তখন মহাবীর লক্ষ্মণ অগ্নিসমস্পর্শ তিনটা বাণদ্বারা যেভাবে ইন্দ্রজিতের প্রাণ হরণ করিলেন, তাহা আমি বলিতেছি, শ্রবণ কর ॥২১॥

লক্ষ্মণ একবাণে ইন্দ্রজিতের কার্ম্মুকযুক্ত বাম বাহু এবং দ্বিতীয় বাণে তাঁহার নারাচধারী দক্ষিণ বাহু ছেদন করিয়া দেহ হইতে ভূতলে নিপাতিত করিলেন ॥২২॥

আর লক্ষ্মণ সুধার ও উজ্জ্বল তৃতীয় বাণে ইন্দ্রজিতের সুন্দর নাসিকা ও উজ্জ্বলকুণ্ডলযুক্ত মনোহর মস্তকটী ছেদন করিলেন ॥২৩॥

বলিশ্রেষ্ঠ লক্ষ্মণ এইভাবে ইন্দ্রজিতের বাহুযুগল ও স্কন্ধ ছেদনপূর্ব্বক দেহটাকে ভীষণাকৃতি কবন্ধ করিয়া অস্ত্রদ্বারা সারথিকেও বধ করিলেন ॥২৪॥

তখন ঘোড়াগুলি সেই রথখানাকে নিয়া লঙ্কার ভিতরে প্রবেশ করাইল; রাবণও পুত্রবিহীন সেই রথখানাকে দর্শন করিলেন ॥২৫॥

(২৩)···জহার সুনসঞ্চাপি শিরো ভ্রাজিষ্ণুকুণ্ডলম্—বা ব কা নি।

অশোকবনিকাস্থাং তাং রামদর্শনলালসাম্।
খড়্গমাদায় দুষ্টাত্মা জবেনাভিপপাত হ ॥২৭॥
তং বুদ্ধা তস্য দুর্ব্বুদ্ধেরবিন্ধ্যঃ পাপনিশ্চয়ম্।
শময়ামাস সংক্রুদ্ধং শ্রূয়তাং যেন হেতুনা ॥২৮॥
মহারাজ্যে স্থিতো দীপ্তে ন স্ত্রিয়ং হন্তুমর্হসি।
হতৈবৈষা যদা স্ত্রী চ বন্ধনস্থা চ তে বশে ॥২৯॥
ন চৈষা দেহভেদেন হতা স্যাদিতি মে মতিঃ।
জহি ভর্ত্তারমেবাস্যা হতে তস্মিন্ হতা ভবেৎ ॥৩০॥
নহি তে বিক্রমে তুল্যঃ সাক্ষাদপি শতক্রতুঃ।
অসকৃদ্ধি ত্বয়া সেন্দ্রাস্ত্রাসিতাস্ত্রিদশা যুধি ॥৩১॥

ভারতকৌমুদী

অশোকেতি। দুষ্টাত্মা রাবণঃ, জবেন বেগেন, অভিপপাত অভিজগাম ॥২৭॥

তমিতি। অবিন্ধ্যো নাম প্রাগুক্তো বৃদ্ধরাক্ষসঃ। হেতুনা প্রকারেণ ॥২৮॥

মহেতি। মহারাজ্যে মহারাজত্বপদে। মহারাজস্য অসাধারণবীরস্য ক্ষুদ্রস্ত্রীহত্যা অতীবঘৃণিতেতি ভাবঃ। কিঞ্চ, এষা হতৈবাস্তে, অকিঞ্চিৎকরত্বাদিত্যাশয়ঃ। যদা যতঃ ॥২৯॥

নেতি। দেহভেদেন শরীরনাশমাত্রেণ হতা ন স্যাৎ, চিরযাতনায়া অভোগাৎ; কিন্তু অস্যা ভর্ত্তারমেব জহি, ভর্ত্তৃহননেন বৈধব্যোপগমাৎ চিরযাতনাভোগসম্ভবাদিতি ভাবঃ ॥৩০॥

ক্রমে রাবণ পুত্রকে নিহত দেখিয়া ভয়ে আকুল এবং শোকে ও মোহে পীড়িত হইয়া সীতাকে বধ করিতে উদ্যত হইলেন ॥২৬॥

দুষ্টচিত্ত রাবণ খড়্গ লইয়া বেগে অশোকবনস্থিতা ও রামদর্শনাভিলাষিণী সীতার নিকট গমন করিলেন ॥২৭॥

যুধিষ্ঠির! তখন অবিন্ধ্য সেই দুর্ব্বুদ্ধি রাবণের সেই পাপমতি বুঝিতে পারিয়া যে প্রকারে তাঁহাকে শান্ত করিয়াছিলেন, তাহা শ্রবণ কর ॥২৮॥

'আপনি উজ্জ্বল মহারাজপদে রহিয়াছেন। সুতরাং স্ত্রীহত্যা করা আপনার উচিত নহে। বিশেষতঃ, এ—যখন স্ত্রী এবং বদ্ধ অবস্থায় আপনার বশে রহিয়াছে, তখন ত হতই আছে ॥২৯॥

তা'র পর ইহার শরীর নষ্ট করিলে, এ—সেরূপ হত হইবে বলিয়া আমার ধারণা হয় না। অতএব আপনি ইহার ভর্ত্তাকেই বধ করুন, তিনি হত হইলেই এ বাস্তবিক হত হইবে ॥৩০॥

সাক্ষাৎ ইন্দ্রও ত বিক্রমে আপনার সমান নহেন। কারণ, আপনি যুদ্ধে বহুবার ইন্দ্রের সহিত সমস্ত দেবতাকে ত্রাসিত করিয়াছেন' ॥৩১॥

এবং বহুবিধৈর্বাক্যৈরবিন্ধ্যো রাবণং তদা।
ক্রুদ্ধং সংশময়ামাস জগৃহে চ স তদ্বচঃ ॥৩২॥
নির্যাণে স মতিং কৃত্বা নিধায়াসিং ক্ষপাচরঃ।
আজ্ঞাপয়ামাস তদা রথো মে কল্প্যতামিতি ॥৩৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে রামোপাখ্যানে ইন্দ্রজিদ্বধে ত্রিচত্বারিংশ-দধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০:(*):০—

ভারতকৌমুদী

অথ কথমস্মা বীরং ভর্ত্তারং হন্তুমর্হসীত্যাহ নহীতি। অসকৃৎ বহুবারম্ ॥৩১॥
এবমিতি। জগৃহে যুক্তিযুক্ততয়া জগ্রাহ, স রাবণঃ ॥৩২॥
নিরিতি। নির্যাণে যুদ্ধপ্রয়াণে। অসিং সীতাহত্যার্থং গৃহীতং খড়্গম্ ॥৩৩॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে ত্রিচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—(:*:)—

ভারতভাবদীপঃ

তাবিতি ॥১—১৩॥ অতীন্দ্রিয়াণ্যতীন্দ্রিয়ার্থগ্রাহকাণি ॥১৪—১৬॥ কৃতসংজ্ঞো বিভীষণেন সঙ্কেতিতঃ ॥১৭—৩২॥ নিধায় বদ্ধা, অসিং খড়্গম্ ॥৩৩॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৪৩॥

—০:*:০—

এইরূপ নানাবিধ বাক্যদ্বারা অবিন্ধ্য তখন ক্রুদ্ধ রাবণকে শান্ত করিলেন; রাবণও তাঁহার বাক্য গ্রহণ করিলেন ॥৩২॥

তখন রাবণ খড়্গপরিত্যাগপূর্ব্বক যুদ্ধযাত্রারই ইচ্ছা করিয়া ভৃত্যগণকে আদেশ করিলেন যে, 'আমার রথ সজ্জিত কর' ॥৩৩॥

—:০:—

* '...পঞ্চসপ্তত্যধিকদ্বিশততমঃ...' পি, '...অষ্টাশীত্যধিকদ্বি...' বা ব, '...ঊননবত্য-ধিকদ্বি...' কা, '...নবত্যধিকদ্বি...' নি।

চতুশ্চত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

মার্কণ্ডেয় উবাচ।

ততঃ ক্রুদ্ধো দশগ্রীবঃ প্রিয়ে পুত্রে নিপাতিতে।
নির্যযৌ রথমাস্থায় হেমরত্নবিভূষিতম্ ॥১॥
সংবৃতো রাক্ষসৈর্ঘোরৈর্বিবিধায়ুধপাণিভিঃ।
অভিদুদ্রাব রামং স যোধয়ন্ হরিযূথপান্ ॥২॥
তমাদ্রবন্তং সংক্রুদ্ধং মৈন্দ-নীল-নলাঙ্গদাঃ।
হনূমান্ জাম্ববাংশ্চৈব সসৈন্যাঃ পর্য্যবারয়ন্ ॥৩॥
তে দশগ্রীবসৈন্যং তৎ সর্ব্বে বানরযূথপাঃ।
দ্রুমৈর্বিধ্বংসয়াঞ্চক্রুর্দশগ্রীবস্য পশ্যতঃ ॥৪॥
ততঃ স্বসৈন্যমালোক্য বধ্যমানমরাতিভিঃ।
মায়াবী চাসৃজন্মায়াং রাবণো রাক্ষসাধিপঃ ॥৫॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রিয়ে পুত্রে ইন্দ্রজিতি। আস্থায় আরুহ্য ॥১॥
সংবৃত ইতি। যোধয়ন্ প্রহরন্, হরিযূথপান্ বানরসমূহশ্রেষ্ঠান্ ॥২॥
তমিতি। আদ্রবন্তং রামমভিধাবন্তম্। পর্য্যবারয়ন্ পর্য্যবেষ্টন্ ॥৩॥
ত ইতি। পশ্যতো দশগ্রীবস্য পশ্যন্তং রাবণমনাদৃত্যেত্যর্থঃ ॥৪॥

মার্কণ্ডেয় বলিলেন—'তদনন্তর প্রিয়পুত্র ইন্দ্রজিৎ নিহত হইলে, রাবণ ক্রুদ্ধ হইয়া স্বর্ণ-রত্নভূষিত রথে আরোহণ করিয়া নির্গত হইলেন ॥১॥

তিনি নানাবিধ অস্ত্রধারী ভয়ঙ্কর রাক্ষসগণে পরিবেষ্টিত হইয়া বানরশ্রেষ্ঠগণের সহিত যুদ্ধ করিতে করিতে রামের দিকে ধাবিত হইলেন ॥২॥

তখন মৈন্দ, নীল, নল, অঙ্গদ, হনূমান্ ও জাম্ববান্ অন্যান্য বানরসৈন্যের সহিত আসিয়া ধাবনশীল রাবণকে পরিবেষ্টন করিলেন ॥৩॥

এবং সেই বানরযূথপতিরা সকলে বৃক্ষদ্বারা রাবণের সাক্ষাতেই তাঁহার সৈন্যগণকে সংহার করিতে লাগিলেন ॥৪॥

শত্রুরা নিজের সৈন্য সংহার করিতেছে দেখিয়া মায়াবী রাক্ষসরাজ রাবণ মায়াসৃষ্টি করিলেন ॥৫॥

---

(৪)···তদ্বৃক্ষবানরপুঙ্গবাঃ···বা ব কা নি।

তস্য দেহবিনিক্রান্তাঃ শতশোঽথ সহস্রশঃ।
রাক্ষসাঃ প্রত্যদৃশ্যন্ত শরশক্ত্যৃষ্টিপাণয়ঃ ॥৬॥
তান্ রামো জঘ্নিবান্ সর্ব্বান্ দিব্যেনাস্ত্রেণ রাক্ষসান্।
অথ ভূয়োঽপি মায়াং স ব্যদধাদ্রাক্ষসাধিপঃ ॥৭॥
কৃত্বা রামস্য রূপাণি লক্ষ্মণস্য চ ভারত!।
অভিদুদ্রাব রামঞ্চ লক্ষ্মণঞ্চ দশাননঃ ॥৮॥
ততস্তে রামমার্চ্ছন্তো লক্ষ্মণঞ্চ ক্ষপাচরাঃ।
অভিপেতুস্তদা রাজন্! প্রগৃহীতশরাসনাঃ ॥৯॥
তাং দৃষ্ট্বা রাক্ষসেন্দ্রস্য মায়ামিক্ষ্বাকুনন্দনঃ।
উবাচ রামং সৌমিত্রিরসম্ভ্রান্তো বৃহদ্বচঃ ॥১০॥
জহীমান্ রাক্ষসান্ পাপানাত্মনঃ প্রতিরূপকান্।
জঘান রামস্তাংশ্চান্যানাত্মনঃ প্রতিরূপকান্ ॥১১॥

ভারতকৌমুদী

তত ইতি। অরাতিভির্বানরৈঃ। অসৃজৎ আবিষ্কৃতবান্ ॥৫॥
তস্যেতি। প্রত্যদৃশ্যন্ত, স্বপক্ষবিপক্ষৈরিতি শেষঃ ॥৬॥
তানিতি। জঘ্নিবান্ নিহতবান্। ভূয়োঽপি পুনরপি ॥৭॥
কৃত্বেতি। রূপাণি অনুরূপাকারান্। অভিদুদ্রাব অভিধাবতি স্ম ॥৮॥
তত ইতি। আর্চ্ছন্তঃ পীড়য়ন্তঃ। আর্চ্ছ পীড়ায়ামিত্যার্ষো ধাতুর্মন্তব্যঃ ॥৯॥
তামিতি। অসংভ্রান্তঃ অব্যস্তচিত্তঃ, বৃহন্মহৎ সারমিত্যর্থঃ ॥১০॥
জহীতি। ইমান্ মায়াসম্ভূতান্। অন্যান্ লক্ষ্মণস্য প্রতিরূপকান্ ॥১১॥

তখন দেখা গেল—শত শত ও সহস্র সহস্র রাক্ষস শর, শক্তি ও ঋষ্টি ধারণ করিয়া রাবণের শরীর হইতে নির্গত হইল ॥৬॥

এই সময়ে রাম দিব্য অস্ত্রদ্বারা সেই সকল রাক্ষসকে বধ করিলেন। তাহার পর রাবণ আবারও মায়াসৃষ্টি করিলেন ॥৭॥

ভরতনন্দন। রাবণ তখন রামের ও লক্ষ্মণের রূপ ধারণ করিয়া রামের ও লক্ষ্মণের প্রতি ধাবিত হইলেন ॥৮॥

রাজা! তাহার পর সেই রাক্ষসেরা ধনু ধারণ করিয়া রাম ও লক্ষ্মণকে পীড়ন করিতে করিতে ধাবিত হইল ॥৯॥

রাবণের সেই মায়া দেখিয়া ইক্ষ্বাকুনন্দন লক্ষ্মণ ধীরচিত্তে রামকে এই সার কথা বলিলেন—॥১০॥

---

(৯)···অভিপেতুস্তদা রামম্···বা ব কা নি।

তত্তো হর্য্যশ্বযুক্তেন রথেনাদিত্যবর্চ্চসা।
উপতস্থে রণে রামং মাতলিঃ শক্রসারথিঃ ॥১২॥

মাতলিরুবাচ।

অয়ং হর্য্যশ্বযুগ্ জৈত্রো মঘোনঃ স্যন্দনোত্তমঃ।
অনেন শক্রঃ কাকুৎস্থ! সমরে দৈত্যদানবান্।
শতশঃ পুরুষব্যাঘ্র! রথোদারেণ জঘ্নিবান্ ॥১৩॥
তদনেন নরব্যাঘ্র! ময়া যত্তেন সংযুগে।
স্যন্দনেন জহি ক্ষিপ্রং রাবণং মা চিরং কৃথাঃ ॥১৪॥
ইত্যুক্তো রাঘবস্তথ্যং বচোঽশঙ্কত মাতলেঃ।
মায়ৈষা রাক্ষসস্যেতি তমুবাচ বিভীষণঃ ॥১৫॥
নেয়ং মায়া নরব্যাঘ্র! রাবণস্য দুরাত্মনঃ।
তদাতিষ্ঠ রথং শীঘ্রমিমমৈন্দ্রং মহাদ্যুতে! ॥১৬॥

ভারতকৌমুদী

তত ইতি। হর্য্যশ্বৈঃ কপিলবর্ণাশ্বৈর্যুক্তেন, "হরির্ণা কপিলে ত্রিষু" ইত্যমরঃ ॥১২॥

অয়মিতি। জৈত্রো জয়শীলঃ, মঘোন ইন্দ্রস্য, স্যন্দনোত্তমো রথশ্রেষ্ঠঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩॥

তদিতি। যত্তেন যত্নপূর্ব্বকধৃতেন, সংযুগে অস্মিন্ যুদ্ধে। স্যন্দনেন রথেন ॥১৪॥

ইতীতি। তথ্যং সত্যমপি মাতলের্বচঃ, এষা রাক্ষসস্য মায়েত্যশঙ্কতেতি সম্বন্ধঃ ॥১৫॥

'আর্য্য! আপনার প্রতিরূপ এই পাপিষ্ঠ রাক্ষসগুলিকে আপনি সংহার করুন।' রাম তখন নিজের ও লক্ষ্মণের প্রতিরূপ সেই রাক্ষসদিগকে বধ করিলেন ॥১১॥

তাহার পর ইন্দ্রের সারথি মাতলি, কপিলবর্ণ-ঘোটক-যুক্ত এবং সূর্য্যের তুল্য তেজস্বী একখানা রথ লইয়া যুদ্ধমধ্যে রামের নিকট উপস্থিত হইলেন ॥১২॥

মাতলি বলিলেন—'পুরুষশ্রেষ্ঠ ককুৎস্থনন্দন! কপিলবর্ণ-ঘোটক-যুক্ত এই বিজয়ী উত্তম রথখানা ইন্দ্রের; ইন্দ্র এই উত্তম রথে আরোহণ করিয়া যুদ্ধে শত শত দৈত্য ও দানবকে বধ করিয়াছিলেন ॥১৩॥

অতএব নরশ্রেষ্ঠ! মৎপরিচালিত এই রথে আরোহণ করিয়া আপনি যুদ্ধে সত্বর রাবণকে বধ করুন; বিলম্ব করিবেন না' ॥১৪॥

মাতলি এইরূপ বলিলে, রাম মাতলির সেই সত্যবাক্যকেও 'এটা রাক্ষসের মায়া' বলিয়া আশঙ্কা করিলেন। তখন বিভীষণ তাঁহাকে বলিলেন—॥১৫॥

ততঃ প্রহৃষ্টঃ কাকুৎস্থস্তথেত্যুক্ত্বা বিভীষণম্ ।
রথেনাভিপপাতাথ দশগ্রীবং রুষান্বিতঃ ॥১৭॥
হাহাকৃতানি ভূতানি রাবণে সমভিদ্রুতে ।
সিংহনাদাঃ সপটহা দিবি দিব্যাস্তথাঽনদন্ ॥১৮॥
স রামায় মহাঘোরং বিসসর্জ নিশাচরঃ ।
শূলমিন্দ্রাশনিপ্রখ্যং ব্রহ্মদণ্ডমিবোদ্যতম্ ॥১৯॥
তচ্ছূলং সত্বরং রামশ্চিচ্ছেদ নিশিতৈঃ শরৈঃ ।
তদ্দৃষ্ট্বা দুষ্করং কর্ম্ম রাবণং ভয়মাবিশৎ ॥২০॥
ততঃ ক্রুদ্ধঃ সসর্জাশু দশগ্রীবঃ শিতান্ শরান্ ।
সহস্রায়ুতশো রামে শস্ত্রাণি বিবিধানি চ ॥২১॥

ভারতকৌমুদী

নেতি। আতিষ্ঠ আরোহ, সর্বথা মে তত্ত্বাবগতিসত্ত্বাদিত্যাশয়ঃ ॥১৬॥
তত ইতি। কাকুৎস্থো রামঃ। অভিপপাত অভিদধাব ॥১৭॥
হাহেতি। ভূতানি রাবণপক্ষগতাঃ প্রাণিনঃ, সমভিদ্রুতে রামেণাক্রান্তে ॥১৮॥
স ইতি। উদ্যতং মহাপাপিশাসনায় উত্তোলিতম্, ব্রহ্মণঃ স্রষ্টুর্দণ্ডমিব ॥১৯॥
তদিতি। ছেদনমত্র বিমুখীকরণেন ব্যর্থীকরণং বোধ্যম্। এবমন্যত্রাপি ॥২০॥

'নরশ্রেষ্ঠ! এটা দুরাত্মা রাবণের মায়া নহে। অতএব মহাতেজা! আপনি সত্বর এই ঐন্দ্ররথে আরোহণ করুন' ॥১৬॥

তাহার পর রাম 'তাহাই হউক' এই কথা বিভীষণকে বলিয়া আনন্দিত হইয়া সেই রথে আরোহণ করিয়া ক্রুদ্ধচিত্তে রাবণের প্রতি ধাবিত হইলেন ॥১৭॥

তিনি রাবণের প্রতি ধাবিত হইলে, রাবণের সৈন্যেরা হাহাকার করিয়া উঠিল এবং আকাশে স্বর্গীয় সিংহনাদ ও পটহধ্বনি হইতে লাগিল ॥১৮॥

তখন রাবণ, ইন্দ্রের বজ্রের তুল্য এবং উত্তোলিত ব্রহ্ম-দণ্ডের সদৃশ একটা মহাভীষণ শূল রামের প্রতি নিক্ষেপ করিলেন ॥১৯॥

রাম সত্বরই নিশিত শরসমূহদ্বারা সেই শূলটাকে ছেদন করিলেন। তখন রামের সেই দুষ্কর কার্য্য দেখিয়া রাবণের ভয় জন্মিল ॥২০॥

তাহার পর রাবণ ক্রুদ্ধ হইয়া সত্বর রামের প্রতি বহুতর নিশিত শর ও নানাবিধ অস্ত্র নিক্ষেপ করিলেন ॥২১॥

(১৮) শ্লোকাৎ পরম্ 'দশকন্ধররাজসূনোস্তদা যুদ্ধমভূন্মহৎ। অলব্ধোপমমন্যত্র তয়োরেব তথাঽভবৎ ॥" অয়মধিকঃ শ্লোকঃ—বা ব কা।

ততো ভুষুণ্ডীঃ শূলানি মুষলানি পরশ্বধান্।
শক্তীশ্চ বিবিধাকারাঃ শতঘ্নীশ্চ শিতান্ ক্ষুরান্ ॥২২॥
তাং মায়াং বিকৃতাং দৃষ্ট্বা দশগ্রীবস্য রক্ষসঃ।
ভয়াৎ প্রদুদ্রুবুঃ সর্ব্বে বানরাঃ সর্ব্বতো দিশম্ ॥২৩॥
ততঃ সুপত্রং সুমুখং হৈমপুঙ্খং শরোত্তমম্।
তূণাদাদায় কাকুৎস্থো ব্রহ্মাস্ত্রেণ যুযোজ হ ॥২৪॥
তং বাণবর্য্যং রামেণ ব্রহ্মাস্ত্রেণানুমন্ত্রিতম্।
জহৃষুর্দেবগন্ধর্ব্বা দৃষ্ট্বা শক্রপুরোগমাঃ ॥২৫॥
অল্পাবশেষমায়ুশ্চ ততোঽমন্যন্ত রক্ষসঃ।
ব্রহ্মাস্ত্রোদীরণাচ্ছত্রোর্দেবদানবকিন্নরাঃ ॥২৬॥
ততঃ সসর্জ তং রামঃ শরমপ্রতিমৌজসম্।
রাবণান্তকরং ঘোরং ব্রহ্মদণ্ডমিবোদ্যতম্ ॥২৭॥

ভারতকৌমুদী

তত ইতি। সসর্জ চিক্ষেপ। শিতান্ পাষাণে ঘর্ষণেন সুধারীকৃতান্ ॥২১॥
তত ইতি। দশগ্রীবঃ সসর্জেতি পূর্ব্বস্মাদনুবৃত্তিঃ ॥২২॥
তামিতি। বিকৃতাং পূর্বতোঽন্যথাভূতাং যুগপদনেকাস্ত্রনিক্ষেপরূপাম্ ॥২৩॥
তত ইতি। সুপত্রং শোভনকঙ্কপক্ষযুক্তম্। ব্রহ্মাস্ত্রেণ ব্রহ্মাস্ত্রমন্ত্রেণ ॥২৪॥
তমিতি। অত্রাপি ব্রহ্মাস্ত্রেণ তন্মন্ত্রেণ। জহৃষুঃ আনন্দুঃ ॥২৫॥
অল্পেতি। রক্ষসো রাবণস্য। ব্রহ্মাস্ত্রস্য তন্মন্ত্রস্য উদীরণাদুচ্চারণাৎ ॥২৬॥

তৎপরে আবার রাবণ বহুতর ভুষুণ্ডী, শূল, মুষল, পরশু, শক্তি, নানাপ্রকার শতঘ্নী এবং নিশিত ক্ষুর নিক্ষেপ করিলেন ॥২২॥

রাবণের সেই অন্যপ্রকার মায়া দেখিয়া সকল বানরই ভয়ে সকল দিকে পলায়ন করিতে লাগিল ॥২৩॥

তদনন্তর রাম তূণ হইতে সুন্দর-কঙ্ক-পত্র-যুক্ত, সুন্দরমুখ ও স্বর্ণপুঙ্খ একটা উত্তম বাণ উত্তোলন করিয়া সেটাকে ব্রহ্মাস্ত্রমন্ত্রে অভিমন্ত্রিত করিলেন ॥২৪॥

রাম সেই উত্তম বাণটাকে ব্রহ্মাস্ত্রমন্ত্রে অভিমন্ত্রিত করিলেন দেখিয়া ইন্দ্রপ্রভৃতি দেবতারা ও গন্ধর্ব্বেরা আনন্দিত হইলেন ॥২৫॥

রাম ব্রহ্মাস্ত্রমন্ত্র উচ্চারণ করিয়াছেন জানিয়া দেবগণ, দানবগণ ও কিন্নরগণ মনে করিলেন যে, জগদ্বৈরী রাবণের আয়ু অল্পই অবশিষ্ট আছে ॥২৬॥

তাহার পর রাম, উত্তোলিত ব্রহ্মদণ্ডের ন্যায় ভীষণ এবং অসাধারণ তেজস্বী সেই রাবণান্তকর বাণটাকে নিক্ষেপ করিলেন ॥২৭॥

মুক্তমাত্রেণ রামেণ দূরাকৃষ্টেন ভারত ! ।
স তেন রাক্ষসশ্রেষ্ঠঃ সরথঃ সাশ্বসারথিঃ ।
প্রজজ্বাল মহাজ্বালেনাগ্নিনাভিপরিপ্লুতঃ ॥২৮॥
ততঃ প্রহৃষ্টাস্ত্রিদশাঃ সহগন্ধর্বচারণাঃ ।
নিহতং রাবণং দৃষ্ট্বা রামেণাক্লিষ্টকর্ম্মণা ॥২৯॥
তত্যজুস্তং মহাভাগং পঞ্চভূতানি রাবণম্ ।
ভ্রংশিতঃ সর্বলোকেভ্যঃ স হি ব্রহ্মাস্ত্রতেজসা ॥৩০॥
শরীরধাতবো হ্যস্য মাংসং রুধিরমেব চ ।
নেশুর্ব্রহ্মাস্ত্রনির্দগ্ধা ন চ ভস্মাপ্যদৃশ্যত ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্বণি দ্রৌপদীহরণে রামোপাখ্যানে রাবণবধে চতুশ্চত্বারিংশদধিক-দ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। সসর্জ চিক্ষেপ। অপ্রতিমৌজসম্ অসাধারণতেজসম্ ॥২৭॥

মুক্তেতি। মহতী জ্বালা শিখা যস্য তেন, অভিপরিপ্লুতঃ সর্ব্বতো ব্যাপ্তঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮॥

তত ইতি। ন বিদ্যতে ক্লিষ্টং ক্লেশো যত্র তত্তাদৃশং কর্ম্ম যস্য তেন ॥২৯॥

তত্যজুরিতি। পঞ্চ ভূতানি ক্ষিত্যাদীনি, রাবণং তদাত্মানম্ ॥৩০॥

ভারতভাবদীপঃ

ততঃ ক্রুদ্ধ ইতি ॥১—৭॥ রামস্য রূপং কৃত্বা লক্ষ্মণমভিদুদ্রাব লক্ষ্মণস্য রূপং কৃত্বা রামমিতি যোজনা ॥৮—২২॥ বিকৃতাং ভীষণাম্ ॥২৩—২৯॥ পঞ্চভূতানি তত্যজুর্মৃত ইত্যর্থঃ ॥৩০—৩১॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুশ্চত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৪৪॥

ভরতনন্দন! রাম কর্ণপর্য্যন্ত ধনু আকর্ষণ করিয়া সেই বাণটাকে নিক্ষেপ করিবামাত্র, মহাশিখাসমন্বিত-বহ্নিময় সেই বাণটা যাইয়া ব্যাপ্ত করিল; তখন রথ, অশ্ব ও সারথির সহিত রাবণের দেহটা জ্বলিয়া উঠিল ॥২৮॥

তখন অনায়াসে কার্য্যকারী রাম রাবণকে বধ করিয়াছেন ইহা দেখিয়া গন্ধর্ব ও চারণগণের সহিত দেবতারা অত্যন্ত আনন্দিত হইলেন ॥২৯॥

ক্রমে পঞ্চভূত ভাগ্যবান্ রাবণের আত্মাকে ত্যাগ করিল এবং ব্রহ্মাস্ত্রের তেজ রাবণকে সমস্ত জগৎ হইতে বিচ্যুত করিল ॥৩০॥

(৩০)···ভ্রংশিতঃ সর্বলোকেষু···বা ব কা নি। * '···ষট্সপ্তত্যধিকদ্বিশততমঃ···' পি, '···একোননবত্যধিকদ্বি···' বা ব, '···নবত্যধিকদ্বি···' কা, '···একনবত্যধিকদ্বি···' নি।

পঞ্চচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

মার্কণ্ডেয় উবাচ।

স হত্বা রাবণং ক্ষুদ্রং রাক্ষসেন্দ্রং সুরদ্বিষম্।
বভূব হৃষ্টঃ সসুহৃদ্রামঃ সৌমিত্রিণা সহ ॥১॥
ততো হতে দশগ্রীবে দেবাঃ সর্ষিপুরোগমাঃ।
আশীর্ভির্জয়যুক্তাভিরানর্চ্চুস্তং মহাভুজম্ ॥২॥
রামং কমলপত্রাক্ষং তুষ্টুবুঃ সর্ব্বদেবতাঃ।
গন্ধর্ব্বাঃ পুষ্পবর্ষৈশ্চ বাগ্‌ভিশ্চ ত্রিদশালয়াঃ ॥৩॥
পূজয়িত্বা তথা রামং প্রতিজগ্মুর্যথাগতম্।
তন্মহোৎসবসঙ্কাশমাসীদাকাশমচ্যুত ! ॥৪॥

ভারতকৌমুদী

শরীরেতি। শরীরধাতবঃ শুক্রাদয়ঃ। ভস্মাপি চ নাদৃশ্যত, ব্রহ্মাস্ত্রপ্রভাবাৎ ॥৩১॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্বণি দ্রৌপদীহরণে চতুশ্চত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

স ইতি। ক্ষুদ্রং নিকৃষ্টপ্রকৃতিম্। সুহৃদ্ভিঃ সুগ্রীবাদিভিঃ সহেতি সসুহৃৎ ॥১॥
তত ইতি। সর্ষয় ঋষিভিঃ সহিতাশ্চ তে পুরোগমাশ্চেতি তে। আনর্চ্চুঃ পূজয়ামাসুঃ ॥২॥
রামমিতি। ত্রিদশালয়াঃ স্বর্গবাসিনো দেবর্ষ্যাদয়ঃ ॥৩॥

আর সেই ব্রহ্মাস্ত্র রাবণের রক্ত, মাংস ও শরীরের সমস্ত ধাতুকে দগ্ধ করিয়া ফেলিল ; এমন কি তাহার ভস্ম পর্য্যন্ত দেখা গেল না' ॥৩১॥

মার্কণ্ডেয় বলিলেন—'নিকৃষ্টস্বভাব ও দেবদ্বেষী রাক্ষসরাজ রাবণকে বধ করিয়া রামচন্দ্র, লক্ষ্মণ ও অন্যান্য সুহৃদ্বর্গের সহিত আনন্দিত হইলেন ॥১॥

এবং রাবণ নিহত হইলে, দেবতারা ঋষিগণের সহিত মিলিত হইয়া জয়ধ্বনিযুক্ত আশীর্ব্বাদদ্বারা মহাবাহু রামচন্দ্রের পূজা করিলেন ॥২॥

আর দেবতারা ও স্বর্গবাসী ঋষিরা বাক্যদ্বারা কমলনয়ন রামের স্তব করিলেন এবং গন্ধর্ব্বেরা পুষ্পবৃষ্টি করিলেন ॥৩॥

(৪)—পূজয়িত্বা যথা রামম্‌···ব্য ব কা, পূজয়িত্বা রণে রামম্‌···নি।

ততো হত্বা দশগ্রীবং লঙ্কাং রামো মহাযশাঃ।
বিভীষণায় প্রদদৌ প্রভুঃ পরপুরঞ্জয়ঃ ॥৫॥
ততঃ সীতাং পুরস্কৃত্য বিভীষণপুরস্কৃতাম্।
অবিন্ধ্যো নাম সুপ্রজ্ঞো বৃদ্ধামাত্যো বিনির্যযৌ ॥৬॥
উবাচ চ মহাত্মানং কাকুৎস্থং দৈন্যমাস্থিতঃ।
প্রতীচ্ছ দেবীং সদ্বৃত্তাং মহাত্মন্! জানকীমিতি ॥৭॥
স তচ্ছ্রুত্বা বচস্তস্মাদবতীর্য্য রথোত্তমাৎ।
বাষ্পেণাপিহিতাং সীতাং দদর্শেক্ষ্বাকুনন্দনঃ ॥৮॥
তাং দৃষ্ট্বা চারুসর্ব্বাঙ্গীং যানস্থাং শোককর্ষিতাম্।
মলোপচিতসর্ব্বাঙ্গীং জটিলাং কৃষ্ণবাসসম্।
উবাচ রামো বৈদেহীং পরামর্শবিশঙ্কিতঃ ॥৯॥

ভারতকৌমুদী

পূজয়িত্বেতি। মহোৎসবসঙ্কাশং যজ্ঞাদিমহোৎসবস্থানতুল্যম্ ॥৪॥
তত ইতি। প্রভুঃ প্রভাববান্, পরপুরঞ্জয়ঃ শত্রুনগরবিজয়ী ॥৫॥
তত ইতি। বিভীষণঃ পুরস্কৃতো যস্যাস্তাম্। অবিন্ধ্যঃ প্রাগুক্তো রাক্ষসঃ ॥৬॥
উবাচেতি। দৈন্যং কাতর্য্যম্। প্রতীচ্ছ গৃহাণ, সদ্বৃত্তাং সাধুচরিত্রাম্ ॥৭॥
স ইতি। বাষ্পেণ অশ্রুজলেন, অপিহিতাম্ আবৃতনেত্রাম্ ॥৮॥
তামিতি। যানস্থাং শিবিকাস্থিতাম্। পরামর্শবিশঙ্কিতঃ ধর্ষণসন্দিগ্ধঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৯॥

হে ধার্ম্মিক যুধিষ্ঠির! এই ভাবে রামের পূজা করিয়া তাঁহারা যেমন আসিয়াছিলেন, তেমনই চলিয়া গেলেন। তৎকালে সেই আকাশটা মহোৎসবস্থানের তুল্য হইয়াছিল ॥৪॥

তাহার পর প্রভাবশালী, শত্রুনগরবিজয়ী ও মহাযশা রামচন্দ্র রাবণকে বধ করিয়া লঙ্কারাজধানী বিভীষণকে দান করিলেন ॥৫॥

তদনন্তর বুদ্ধিমান্ ও বৃদ্ধমন্ত্রী অবিন্ধ্য বিভীষণের সহিত সীতাকে অগ্রবর্ত্তিনী করিয়া লঙ্কা হইতে নির্গত হইলেন ॥৬॥

এবং তিনি কাতর হইয়া মহাত্মা রামকে বলিলেন—'মহাত্মন্! সচ্চরিত্রা মহিষী জনকনন্দিনীকে গ্রহণ করুন' ॥৭॥

রামচন্দ্র অবিন্ধ্যের সেই কথা শুনিয়া রথ হইতে নামিয়া অশ্রুপূর্ণনয়না সীতাকে দর্শন করিলেন ॥৮॥

সর্ব্বাঙ্গসুন্দরী ও শোকাতুরা সীতা তখন শিবিকার ভিতরে ছিলেন; তাঁহার সমস্ত অঙ্গ মলে ব্যাপ্ত, মস্তকে জটা এবং পরিধানে মলিন বস্ত্র ছিল;

গচ্ছ বৈদেহি! মুক্তাসি যৎ কার্য্যং তন্ময়া কৃতম্।
মামাসাদ্য পতিং ভদ্রে! ন ত্বং রাক্ষসবেশ্মনি।
জরাং ব্রজেথা ইতি মে নিহতোঽসৌ নিশাচরঃ ॥১০॥
কথং হ্যস্মদ্বিধো জাতু জানন্ ধর্ম্মবিনিশ্চয়ম্।
পরহস্তগতাং নারীং মুহূর্ত্তমপি ধারয়েৎ ॥১১॥
সুবৃত্তামসুবৃত্তাং বাপ্যহং ত্বামদ্য মৈথিলি!।
নোৎসহে পরিভোগায় শ্বাবলীঢ়ং হবির্যথা ॥১২॥
ততঃ সা সহসা বালা তচ্ছ্রুত্বা দারুণং বচঃ।
পপাত দেবী ব্যথিতা নিকৃত্তা কদলী যথা ॥১৩॥
যোঽপ্যস্যা হর্ষসম্ভূতো মুখরাগস্তদাভবৎ।
ক্ষণেন স পুনর্নষ্টো নিশ্বাস ইব দর্পণে ॥১৪॥

ভারতকৌমুদী

গচ্ছেতি। কার্য্যং কর্ত্তব্যম্। জরাং বার্দ্ধকম্। মে ময়া। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১০॥
কথমিতি। জাতু কদাচিৎ। ধারয়েৎ পত্নীপদে অবস্থাপয়েৎ ॥১১॥
সুবৃত্তামিতি। সুবৃত্তাং সচ্চরিত্রাম্, অসুবৃত্তামসচ্চরিত্রাম্। শ্বাবলীঢ়ং কুক্কুরাস্বাদিতম্ ॥১২॥
তত ইতি। পপাত ভূমাবিতি শেষঃ। নিকৃত্তা ছিন্নমূলা ॥১৩॥
য ইতি। নিশ্বাসে সতি, দর্পণে পতিতো মুখরাগ ইব নষ্টঃ ॥১৪॥

এহেন সীতাকে দর্শন করিয়া পরপুরুষসংসর্গবিষয়ে আশঙ্কিত হইয়া রাম বলিলেন—॥৯॥

'বৈদেহি! আমি তোমাকে মুক্ত করিয়া দিয়াছি, এখন তুমি যাইতে পার। আমার যাহা কর্ত্তব্য, তাহা আমি করিয়াছি। ভদ্রে! তুমি আমাকে পতি লাভ করিয়া রাক্ষসের ঘরে বৃদ্ধ না হও, এই জন্যই আমি ঐ রাক্ষসকে বধ করিয়াছি ॥১০॥

আমার মত ধর্ম্মজ্ঞ লোক পরহস্তগতা নারীকে কিপ্রকারে আবার কখনও মুহূর্ত্তকালের জন্যও গ্রহণ করিতে পারে? ॥১১॥

অতএব মৈথিলি! তুমি সচ্চরিত্রাই হও বা অসচ্চরিত্রাই হও, আমি আর তোমাকে কুক্কুরভুক্ত হবির ন্যায় ভোগের জন্য গ্রহণ করিতে পারি না' ॥১২॥

তদনন্তর বালিকা সীতাদেবী সেই দারুণ কথা শুনিয়া ব্যথিত হইয়া তৎক্ষণাৎ ছিন্ন কদলীর ন্যায় ভূতলে পতিত হইলেন ॥১৩॥

(১০) গচ্ছ বৈদেহি! মুক্তা ত্বম্—বা ব কা নি।

ততস্তে হরয়ঃ সর্ব্বে তচ্ছ্রুত্বা রামভাষিতম্ ।
গতাসুকল্পা নিশ্চেষ্টা বভূবুঃ সহলক্ষ্মণাঃ ॥১৫॥
ততো দেবো বিশুদ্ধাত্মা বিমানেন চতুর্ম্মুখঃ ।
পদ্মযোনির্জ্জগৎস্রষ্টা দর্শয়ামাস রাঘবম্ ॥১৬॥
শক্রশ্চাগ্নিশ্চ বায়ুশ্চ যমো বরুণ এব চ ।
যক্ষাধিপশ্চ ভগবাংস্তথা সপ্তর্ষয়োঽমলাঃ ॥১৭॥
রাজা দশরথশ্চৈব দিব্যভাস্বরমূর্ত্তিমান্ ।
বিমানেন মহার্হেণ হংসযুক্তেন ভাস্বতা ॥১৮॥ (বিশেষকম্)
ততোঽন্তরীক্ষং তৎ সর্বং দেবগন্ধর্ব্বসঙ্কুলম্ ।
শুশুভে তারকাচিত্রং শরদীব নভস্তলম্ ॥১৯॥
তত উত্থায় বৈদেহী তেষাং মধ্যে যশস্বিনী ।
উবাচ বাক্যং কল্যাণী রামং পৃথুলবক্ষসম্ ॥২০॥

ভারতকৌমুদী

তত ইতি। হরয়ো বানরাঃ। গতাসুকল্পা মৃততুল্যাঃ ॥১৫॥

তত ইতি। বিশুদ্ধাত্মা রাগদ্বেষাদ্যভাবান্নির্ম্মলচিত্তঃ। দর্শয়ামাস আত্মানমিতি শেষঃ। অমলা নিষ্পাপাঃ। মহার্হেণ মহামূল্যেন। দর্শয়ামাসেতি সম্বন্ধঃ ॥১৬—১৮॥

তত ইতি। দেবগন্ধর্বৈঃ সঙ্কুলং ব্যাপ্তম্। তারকাভিশ্চিত্রং বিচিত্রীকৃতম্ ॥১৯॥

তত ইতি। উত্থায় ভূতলাদিতি শেষঃ। পৃথুলবক্ষসং বিশালোরস্কম্ ॥২০॥

এবং আনন্দে তাঁহার যে মুখের প্রফুল্লতা হইয়াছিল, তাহা—নিশ্বাস হওয়ার পরে দর্পণপতিত মুখরাগের ন্যায় পুনরায় ক্ষণকালমধ্যেই নষ্ট হইয়া গেল ॥১৪॥

তখন লক্ষ্মণের সহিত সেই বানরেরা সকলেই রামের সেই উক্তি শুনিয়া মৃতের ন্যায় নিশ্চেষ্ট হইয়া পড়িল ॥১৫॥

তাহার পর নির্ম্মলচিত্ত, পদ্মযোনি ও জগৎস্রষ্টা ব্রহ্মা, ইন্দ্র, অগ্নি, বায়ু, যম, বরুণ, ভগবান্ কুবের এবং নিষ্পাপ সপ্তর্ষিগণ যথাসম্ভব বিমানে আসিয়া রামচন্দ্রকে দেখা দিলেন; আর দিব্য ও উজ্জলমূর্ত্তি রাজা দশরথ উজ্জল, মহামূল্য ও হংসযুক্ত বিমানে আসিয়া দর্শন দান করিলেন ॥১৬—১৮॥

তখন দেবগণ ও গন্ধর্ব্বগণে পরিপূর্ণ সেই সমগ্র আকাশটাই শরৎকালে নক্ষত্রভূষিত আকাশের ন্যায় শোভা পাইতে লাগিল ॥১৯॥

(১৫) শ্লোকাৎ পরম্ '...সপ্তসপ্তত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ' পি।

রাজপুত্র ! ন তে কোপং করোমি বিদিতা হি মে।
গতিঃ স্ত্রীণাং নরাণাঞ্চ শৃণু চেদং বচো মম ॥২১॥
অন্তশ্চরতি ভূতানাং মাতরিশ্বা সদাগতিঃ।
স মে বিমুঞ্চতু প্রাণান্ যদি পাপং চরাম্যহম্ ॥২২॥
অগ্নিরাপস্তথাকাশং পৃথিবী বায়ুরেব চ।
বিমুঞ্চন্তু মম প্রাণান্ যদি পাপং চরাম্যহম্ ॥২৩॥
যথাহং ত্বদৃতে বীর ! নান্যং স্বপ্নেঽপ্যচিন্তয়ম্।
তথা মে দেবনির্দ্দিষ্টস্ত্বমেব হি পতির্ভব ॥২৪॥
ততোঽন্তরীক্ষে বাগাসীৎ সুভগা লোকসাক্ষিণী।
পুণ্যা সংহর্ষণী তেষাং বানরাণাং মহাত্মনাম্ ॥২৫॥

ভারতকৌমুদী

রাজেতি। গতিরবস্থা। পরহস্তগতত্বে স্ত্রিয়ো দুষ্যন্তি পুরুষা নেতি জানামীত্যর্থঃ ॥২১॥

অন্তরিতি। মাতরিশ্বা বায়ুঃ। প্রাণান্ প্রাণরূপতাম্। চরামীত্যতীতসামীপ্যে বর্ত্তমানা ॥২২॥

দেহারম্ভকাণি পঞ্চ ভূতান্যেবাশ্রিত্য শপতে অগ্নিরিতি। আপো জলম্ ॥২৩॥

যথেতি। যথা যদি, ত্বদৃতে ত্বাং বিনা। দেবনির্দ্দিষ্টো বিধাতৃনিরূপিতঃ ॥২৪॥

তদনন্তর কল্যাণী ও যশস্বিনী সীতাদেবী ভূতল হইতে গাত্রোত্থান করিয়া তাঁহাদের মধ্যে বিশালবক্ষা রামচন্দ্রকে এই কথা বলিলেন—॥২০॥

'রাজপুত্র! আমি আপনার উপরে ক্রোধ করি না। কারণ, স্ত্রীলোক ও পুরুষলোকের অবস্থা আমার জানা আছে। তবে আপনি আমার এই কথা শুনুন ॥২১॥

'আমি যদি পাপ করিয়া থাকি, তাহা হইলে প্রাণিগণের অন্তরচারী সর্ব্বদা গমনশীল বায়ু আমার প্রাণরূপ পরিত্যাগ করুন ॥২২॥

এবং আমি যদি পাপ করিয়া থাকি, তাহা হইলে অগ্নি, জল, আকাশ, পৃথিবী ও বায়ু আমার প্রাণসম্পর্ক পরিত্যাগ করুন ॥২৩॥

আর বীর! আমি যদি আপনি ভিন্ন অন্য পুরুষকে স্বপ্নেও চিন্তা না করিয়া থাকি, তবে বিধাতার নির্দ্দেশ অনুসারে আপনিই আমার পতি থাকুন' ॥২৪॥

তাহার পর সীতার সৌভাগ্যসূচক, জগতে সাক্ষিস্বরূপ, পবিত্র এবং সেই উদারচেতা বানরগণের আনন্দজনক বাক্য সকল আকাশে প্রকাশ পাইল ॥২৫॥

---

(২১) রাজপুত্র! ন তে দোষম্...বা ব কা। (২৫)...বাগাসীৎ সর্ব্বা বিশ্রাবয়ন্ দিশঃ...পি।

বায়ুরুবাচ।

ভো ভো রাঘব ! সত্যং বৈ বায়ুরস্মি সদাগতিঃ।
অপাপা মৈথিলী রাজন্ ! সঙ্গচ্ছ সহ ভার্য্যয়া ॥২৬॥

অগ্নিরুবাচ।

অহমন্তঃশরীরস্থো ভূতানাং রঘুনন্দন !।
সুসূক্ষ্মমপি কাকুৎস্থ ! মৈথিলী নাপরাধ্যতি ॥২৭॥

বরুণ উবাচ।

রসা বৈ মৎপ্রসূতা হি ভূতদেহেষু রাঘব !।
অহং বৈ ত্বাং প্রব্রবীমি মৈথিলী প্রতিগৃহ্যতাম্ ॥২৮॥

ব্রহ্মোবাচ।

পুত্র ! নৈতদিহাশ্চর্য্যং ত্বয়ি রাজর্ষিধর্ম্মিণি।
সাধো সদ্বৃত্তমার্গস্থে শৃণু চেদং বচো মম ॥২৯॥

ভারতকৌমুদী

তত ইতি। সুভগা সীতায়াঃ সৌভাগ্যসূচিকা, লোকেষু সাক্ষিণী প্রমাণভূতা ॥২৫॥

ভো ইতি। সদৈব সর্বত্র গতির্যস্য সঃ। সঙ্গচ্ছ সম্মিলিতো ভব ॥২৬॥

অহমিতি। অন্তঃশরীরস্থঃ পাচকাগ্নিরূপেণ। সুসূক্ষ্মমপি অত্যল্পমপি ॥২৭॥

রসা ইতি। রসান্তরলপদার্থাঃ, মৎপ্রসূতা মজ্জনিতাঃ। প্রতিগৃহ্যতাং নির্দোষত্বাৎ ॥২৮॥

পুত্রেতি। হে পুত্র ! রাজর্ষিধর্ম্মিণি, সাধো সৎস্বভাবে, সদ্বৃত্তমার্গস্থে সচ্চরিত্রে সৎপথবর্ত্তিনি চ ত্বয়ি, এতৎ পত্ন্যাঃ প্রত্যাখ্যানম্, ইহ নাশ্চর্য্যম্। অপি তু পরপুরুষসংসর্গাশঙ্কাবশাৎ সম্ভবপরমেবেতি ভাবঃ। তথাপি ইদং মম বচঃ শৃণু ॥২৯॥

বায়ু বলিলেন—'রাজা রঘুনন্দন ! আমি যথার্থই সর্ব্বদাগমনশীল বায়ু। (আমি বলিতেছি—) সীতার কোন পাপ নাই ; সুতরাং আপনি ঐ ভার্য্যার সহিত মিলিত হউন' ॥২৬॥

অগ্নি বলিলেন—'রঘুনন্দন ! আমি প্রাণিগণের শরীরের ভিতরে থাকি। (অতএব আমি বলিতেছি—) সীতা অত্যল্প অপরাধও করেন নাই' ॥২৭॥

বরুণ বলিলেন—'রঘুনন্দন ! প্রাণিগণের দেহের রসগুলি আমারই উৎপাদিত। সুতরাং আমি আপনাকে বলিতেছি—আপনি সীতাকে গ্রহণ করুন' ॥২৮॥

ব্রহ্মা বলিলেন—'পুত্র ! তুমি রাজর্ষি, সৎস্বভাবসম্পন্ন, সচ্চরিত্র এবং সৎপথবর্ত্তী। সুতরাং তোমার পক্ষে এখন এই পত্নীপরিত্যাগ আশ্চর্য্য নহে। তবে আমার এই কথা শোন— ॥২৯॥

(২৯)·· সাধো সদ্বৃত্ত ! কাকুৎস্থ !···বা ব কা নি।

শক্রুরেষ ত্বয়া বীর! দেবগন্ধর্বভোগিনাম্।
যক্ষাণাং দানবানাঞ্চ দেবর্ষীণাঞ্চ পাতিতঃ ॥৩০॥
অবধ্যঃ সর্ব্বভূতানাং মৎপ্রসাদাৎ পুরাভবৎ।
কস্মাচ্চিৎ কারণাৎ পাপঃ কঞ্চিৎ কালমুপেক্ষিতঃ ॥৩১॥
বধার্থমাত্মনস্তেন হৃতা সীতা দুরাত্মনা।
নলকূবরশাপেন রক্ষা চাস্যাঃ কৃতা ময়া ॥৩২॥
যদি হ্যকামামাসেবেৎ স্ত্রিয়মন্যামপি ধ্রুবম্।
শতধাঽস্য স্ফুটেন্মূর্দ্ধা ইত্যুক্তঃ সোঽভবৎ পুরা ॥৩৩॥
নাত্র শঙ্কা ত্বয়া কার্য্যা প্রতীচ্ছেমাং মহাদ্যুতে!।
কৃতং ত্বয়া মহৎ কার্য্যং দেবানামমরপ্রভ! ॥৩৪॥

দশরথ উবাচ।

প্রীতোঽস্মি বৎস! ভদ্রং তে পিতা দশরথোঽস্মিতে।
অনুজানামি রাজ্যঞ্চ প্রশাধি পুরুষোত্তম! ॥৩৫॥

ভারতকৌমুদী

জগদুপকারকরণাৎ স্তৌতি শক্রুরিতি। ভোগিনো নাগাঃ। পাতিতো নিহতঃ ॥৩০॥ অবধ্য ইতি। কস্মাচ্চিৎ কারণাৎ ত্বদাবির্ভাবপুষ্ট্যাদেরপেক্ষণীয়ত্বাৎ। পাপো রাবণঃ ॥৩১॥ বধেতি। তেন রাবণেন। নলকূবরঃ কুবেরপুত্রঃ। তচ্ছাপকারণন্তু প্রাগেবোক্তম্ ॥৩২॥ কোঽসৌ শাপ ইত্যাহ যদীতি। ধ্রুবমকামামিতি সম্বন্ধঃ। স্ফুটেদ্বিদীর্ণো ভবেৎ ॥৩৩॥ নেতি। অত্র সীতায়াম্। মহাকার্য্যকরণানন্তরমকার্য্যকরণমত্যন্তমনুচিতমিতি ভাবঃ ॥৩৪॥

বীর! তুমি—দেবতা, গন্ধর্ব, নাগ, যক্ষ, দানব ও দেবর্ষিগণের শক্র এই রাবণকে বধ করিয়াছ ॥৩০॥

এই রাবণ আমারই অনুগ্রহে পূর্ব্বে সমস্ত প্রাণীর অবধ্য হইয়াছিল এবং আমিও কোন কারণে কিছুকাল এই পাপাত্মাকে উপেক্ষা করিয়াছিলাম ॥৩১॥

তা'র পর সেই দুরাত্মা নিজেরই বধের জন্য সীতাকে হরণ করিয়াছিল। কিন্তু আমি তখন নলকূবরের অভিশাপদ্বারা ইহাকে রক্ষা করিয়াছিলাম ॥৩২॥

পূর্ব্বে নলকূবর রাবণসম্বন্ধে বলিয়াছিলেন যে, রাবণ যদি বাস্তবিক অকামা পরস্ত্রীকে ধর্ষণ করে, তবে উহার মস্তক শতভাগে বিদীর্ণ হইবে' ॥৩৩॥

অতএব হে দেবতুল্য মহাতেজা! তুমি দেবগণের মহৎ কার্য্য সম্পাদন করিয়াছ। সুতরাং এখন ইহার প্রতি আশঙ্কা করিও না. ইহাকে গ্রহণ কর' ॥৩৪॥

(৩৩)...শতধাঽস্য ফলেন্মূর্দ্ধা...বা ব কা নি।

রাম উবাচ।

অভিবাদয়ে ত্বাং রাজেন্দ্র! যদি ত্বং জনকো মম।
গমিষ্যামি পুরীং রম্যামযোধ্যাং শাসনাত্তব ॥৩৬॥

মার্কণ্ডেয় উবাচ।

তমুবাচ পিতা ভূয়ঃ প্রহৃষ্টো ভরতর্ষভ!।
গচ্ছাযোধ্যাং প্রশাধীতি রামং রক্তান্তলোচনম্।
সম্পূর্ণানীহ বর্ষাণি চতুর্দ্দশ মহাদ্যুতে! ॥৩৭॥
ততো দেবান্ নমস্কৃত্য সুহৃদ্ভিরভিনন্দিতঃ।
মহেন্দ্র ইব পৌলোম্যা ভার্য্যয়া স সমেয়িবান্ ॥৩৮॥
ততো বরং দদৌ তস্মৈ হ্যবিন্ধ্যায় পরন্তপঃ।
ত্রিজটাঞ্চার্থমানাভ্যাং যোজয়ামাস রাক্ষসীম্ ॥৩৯॥

ভারতকৌমুদী

প্রীত ইতি। রাজ্যঞ্চ প্রশাধীতি চকারেণ সীতাং গৃহাণেতি সমুচ্চীয়তে। এতেন পিত্রনুমতিং বিনা তদীয়রাজ্যশাসনমসঙ্গতমিতি দোষঃ পরিহৃতঃ ॥৩৫॥

অভীতি। প্রথমপাদে অক্ষরাধিক্যমার্ষম্। শাসনাদাদেশাৎ ॥৩৬॥

তমিতি। চতুর্দ্দশ বর্ষাণি সম্পূর্ণানীতি মৎপূর্বাদেশোঽপি রক্ষিত ইতি ভাবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৭।

তত ইতি। পৌলোম্যা শচীদেব্যা। সমেয়িবান্ সম্মিলিতো বভূব ॥৩৮॥

তত ইতি। বরং তদিচ্ছানুরূপম্। পরন্তপো রামঃ ॥৩৯॥

দশরথ বলিলেন—'বৎস! আমি তোমার পিতা দশরথ; আমি তোমার উপরে সন্তুষ্ট হইয়াছি। সুতরাং তোমার মঙ্গল হউক। আর আমিও তোমাকে অনুমতি করিতেছি যে, তুমি—মা জানকীকে গ্রহণ কর এবং দেশে যাইয়া রাজ্য শাসন কর' ॥৩৫॥

রাম বলিলেন—'রাজশ্রেষ্ঠ! আমি আপনাকে অভিবাদন করি। আপনি যদি আমার পিতাই হন, তবে আপনার আদেশে আমি মনোহর অযোধ্যানগরীতেই যাইব' ॥৩৬॥

মার্কণ্ডেয় বলিলেন—ভরতশ্রেষ্ঠ! পিতা দশরথ সন্তুষ্ট হইয়া পুনরায় রক্তপ্রান্তনয়ন রামচন্দ্রকে বলিলেন—'মহাতেজা! এখন সেই চতুর্দ্দশ বৎসর পূর্ণ হইয়াছে। সুতরাং যাও, যাইয়া অযোধ্যা শাসন কর' ॥৩৭॥

তাহার পর রামচন্দ্র দেবগণকে নমস্কার করিয়া এবং সুহৃদ্গণকর্ত্তৃক অভিনন্দিত হইয়া, শচীর সহিত ইন্দ্রের ন্যায় সীতার সহিত মিলিত হইলেন ॥৩৮॥

তমুবাচ ততো ব্রহ্মা দেবৈঃ শক্রপুরোগমৈঃ।
কৌশল্যামাতরিষ্টাংস্তে বরানদ্য দদানি কান্ ॥৪০॥
বব্রে রামঃ স্থিতিং ধর্ম্মে শক্রভিশ্চাপরাজয়ম্।
রাক্ষসৈর্নিহতানাঞ্চ বানরাণাং সমুদ্ভবম্ ॥৪১॥
ততস্তে ব্রহ্মণা প্রোক্তে তথেতি বচনে তদা।
সমুত্তস্থুর্মহারাজ ! বানরা লব্ধচেতসঃ ॥৪২॥
সীতা চাপি মহাভাগা বরং হনুমতে দদৌ।
রামকীর্ত্ত্যা সমং পুত্র ! জীবিতং তে ভবিষ্যতি ॥৪৩॥
দিব্যাস্ত্বামুপভোগাশ্চ মৎপ্রসাদকৃতাঃ সদা।
উপস্থাস্যন্তি হনুমন্নিতি স্ম হরিলোচন ! ॥৪৪॥ (যুগ্মকম্)
ততস্তে প্রেক্ষমাণানাং তেষামক্লিষ্টকর্ম্মণাম্।
অন্তর্দ্ধানং যযুর্দেবাঃ সর্ব্বে শক্রপুরোগমাঃ ॥৪৫॥

ভারতকৌমুদী

তমিতি। কৌশল্যা মাতা যস্য তৎসম্বোধনম্। ইষ্টান্ অভিলষিতান্ ॥৪০॥

বব্র ইতি। প্রথমার্দ্ধে আত্মন ইতি শেষঃ। সমুদ্ভবং পুনর্জীবনম্ ॥৪১॥

তত ইতি। লব্ধচেতসঃ প্রাপ্তচেতনাঃ ॥৪২॥

সীতেতি। অতএব দ্বিবিধপ্রয়োগাৎ হনুমচ্ছব্দস্য হ্রস্বোকারবত্ত্বং দীর্ঘোকারবত্ত্বঞ্চ জ্ঞেয়ম্। তেন চ "হনূমান্ হনুমানপি" ইতি শব্দভেদপ্রকাশেঽপ্যুক্তম্। সমং সমানম্। দিব্যা উত্তমাঃ। উপস্থাস্যন্তি স্বচেষ্টাং বিনাপি। হে হরিলোচন ! পিঙ্গলনয়ন ! ॥৪৩—৪৪॥

তদনন্তর রাম সেই অবিন্ধ্যরাক্ষসকে তাহার অভীষ্ট বর দান করিলেন এবং ত্রিজটারাক্ষসীকে ধন-মানদ্বারা সম্মানিত করিলেন ॥৩৯॥

তৎপরে ব্রহ্মা ইন্দ্রপ্রভৃতি দেবগণের সহিত বলিলেন—'রাম ! আজ আমি তোমাকে কোন্ কোন্ অভীষ্ট বর দান করিব ?' ॥৪০॥

তখন রাম—নিজের ধর্ম্মে স্থিতি এবং শক্রকর্ত্তৃক অপরাজয়, আর রাক্ষস-নিহত বানরগণের পুনর্জীবন বর গ্রহণ করিলেন ॥৪১॥

মহারাজ ! তাহার পর ব্রহ্মা 'তাহাই হউক' এই কথা বলিলেন, তখনই সেই মৃত বানরেরা চৈতন্য লাভ করিয়া গাত্রোত্থান করিল ॥৪২॥

মহাভাগা সীতাও হনূমান্‌কে এই বর দিলেন যে, 'পিঙ্গলনয়ন পুত্র হনূমন্ ! রামের কীর্ত্তি যতকাল থাকিবে, তোমার জীবনও ততকাল থাকিবে এবং আমার অনুগ্রহে সর্বদাই উত্তম ভোগ্য বস্তু সকল আপনা হইতেই তোমার নিকট উপস্থিত হইবে' ॥৪৩—৪৪॥

দৃষ্ট্বা রামস্তু জানক্যা সঙ্গতং শক্রসারথিঃ।
উবাচ পরমপ্রীতঃ সুহৃন্মধ্য ইদং বচঃ ॥৪৬॥
দেবগন্ধর্বযক্ষাণাং মানুষাসুরভোগিনাম্।
অপনীতং ত্বয়া দুঃখমিদং সত্যপরাক্রম। ॥৪৭॥
সদেবাসুরগন্ধর্বা যক্ষরাক্ষসপন্নগাঃ।
কথয়িষ্যন্তি লোকাস্ত্বাং যাবদ্ভূমির্ধরিষ্যতি ॥৪৮॥
ইত্যেবমুক্ত্বানুজ্ঞাপ্য রামং শস্ত্রভৃতাং বরম্।
সম্পূজ্যাপাক্রমত্তেন রথেনাদিত্যবর্চ্চসা ॥৪৯॥
ততঃ সীতাং পুরস্কৃত্য রামঃ সৌমিত্রিণা সহ।
সুগ্রীবপ্রমুখৈশ্চৈব সহিতঃ সর্ববানরৈঃ ॥৫০॥
বিধায় রক্ষাং লঙ্কায়াং বিভীষণপুরস্কৃতঃ।
সন্ততার পুনস্তেন সেতুনা মকরালয়ম্ ॥৫১॥
পুষ্পকেণ বিমানেন খেচরেণ বিরাজতা।
কামগেন যথামুখ্যৈরমাত্যৈঃ সংবৃতো বশী ॥৫২॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

তত ইতি। তেষাং রামাদীনাম্। যযুঃ প্রাপুঃ ॥৪৫॥
দৃষ্ট্বেতি। সঙ্গতং সম্মিলিতম্, শক্রসারথির্মাতলিঃ ॥৪৬॥
দেবেতি। ভোগিনো নাগাঃ। অপনীতং দূরীকৃতম্, রাবণবধাদিতি ভাবঃ ॥৪৭॥
সেতি। ধরিষ্যতি স্থাস্যতি ॥৪৮॥
ইতীতি। অনুজ্ঞাপ্য স্বগমনানুজ্ঞাং কারয়িত্বা। অপাক্রমৎ প্রাতিষ্ঠত মাতলিঃ ॥৪৯॥

তাহার পর অক্লিষ্টকর্ম্মা রামপ্রভৃতি দর্শন করিতেছিলেন, এই অবস্থাতেই সেই ইন্দ্রপ্রভৃতি দেবতারা সকলে অন্তর্হিত হইলেন ॥৪৫॥

পরে, রাম সীতার সহিত মিলিত হইয়াছেন দেখিয়া মাতলি অত্যন্ত আনন্দিত হইয়া সুহৃদ্‌গণের মধ্যে এই কথা বলিলেন—॥৪৬॥

'হে সত্যপরাক্রম! আপনি রাবণকে বধ করিয়া দেবতা, গন্ধর্ব, যক্ষ, মানুষ, অসুর ও নাগদিগের দুঃখ দূর করিয়াছেন ॥৪৭॥

এবং যতকাল পৃথিবী থাকিবে, তত কাল দেবতা, অসুর, গন্ধর্ব, যক্ষ, রাক্ষস ও নাগদিগের সহিত সমস্ত লোক আপনার কীর্ত্তন করিবে' ॥৪৮॥

মাতলি এইরূপ বলিয়া, রামের অনুমতি লইয়া এবং অস্ত্রধারিশ্রেষ্ঠ রামকে পূজা করিয়া সেই সূর্য্যতুল্য উজ্জ্বল রথেই চলিয়া গেলেন ॥৪৯॥

তাহার পর জিতেন্দ্রিয় রাম—লঙ্কানগরীকে সুরক্ষিত করিয়া, লক্ষ্মণ,

ততস্তীরে সমুদ্রস্য যত্র শিশ্যে স পার্থিবঃ।
তত্রৈবোবাস ধর্ম্মাত্মা সহিতঃ সর্ববানরৈঃ ॥৫৩॥
অথৈনান্ রাঘবঃ কালে সমানীয়াভিপূজ্য চ।
বিসর্জয়ামাস তদা রত্নৈঃ সন্তোষ্য সর্বশঃ ॥৫৪॥
গতেষু বানরেন্দ্রেষু গোপুচ্ছর্ক্ষেষু তেষু চ।
সুগ্রীবসহিতো রামঃ কিষ্কিন্ধ্যাং পুনরাবিশৎ ॥৫৫॥
বিভীষণেনানুগতঃ সুগ্রীবসহিতস্তদা।
পুষ্পকেণ বিমানেন বৈদেহ্যা দর্শয়ন্ বনম্ ॥৫৬॥
কিষ্কিন্ধ্যাস্তু সমাসাদ্য রামঃ প্রহরতাং বরঃ।
অঙ্গদং কৃতকর্ম্মাণং যৌবরাজ্যেঽভ্যষেচয়ৎ ॥৫৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। পুরস্কৃত্য সহচরীকৃত্য। তেন সেতুনা তদুপর্য্যাকাশপথেন। বশী জিতেন্দ্রিয়ঃ মকরালয়ং সমুদ্রম্, সন্ততার অতিচক্রাম ॥৫০—৫২॥

তত ইতি। শিশ্যে সেতুবন্ধনাৎ পূর্বং সমুদ্রারাধনার্থং শয়িতবান্ ॥৫৩॥

অথেতি। এনান্ বানরাদীন্, সমানীয় সমীপমিতি শেষঃ ॥৫৪॥

গতেম্বিতি। গোপুচ্ছা বানরবিশেষাশ্চ ঋক্ষা ভল্লুকাশ্চ তেষু ॥৫৫॥

বিভীষণেতি। বনং কিষ্কিন্ধ্যাসন্নিহিতম্। কৃতকর্ম্মাণং যুদ্ধে কৃতোপকারম্ ॥৫৬—৫৭॥

সুগ্রীবপ্রভৃতি সমস্ত বানর, বিভীষণ এবং প্রধান প্রধান রাক্ষস অমাত্যগণে পরিবেষ্টিত হইয়া, আকাশচারী, কামগামী ও উজ্জ্বল পুষ্পকবিমানে আরোহণপূর্বক সেই সেতুপথের উপর দিয়া পুনরায় সমুদ্র পার হইয়া আসিলেন ॥৫০—৫২॥

তৎপরে ধর্ম্মাত্মা রাজা রাম পূর্ব্বে সমুদ্রতীরের যে স্থানে শয়ন করিয়াছিলেন, সেই স্থানেই সকল বানরের সহিত কিছুকাল বাস করিলেন ॥৫৩॥

তদনন্তর একদা রাম সকল বানরকে আনয়নপূর্ব্বক তাহাদিগকে সর্বপ্রকার রত্ন দানে সন্তুষ্ট ও সম্মানিত করিয়া বিদায় দিলেন ॥৫৪॥

সেই বানরগণ, গোপুচ্ছগণ ও ভল্লুকগণ চলিয়া গেলে, রাম সুগ্রীবের সহিত পুনরায় কিষ্কিন্ধ্যায় প্রবেশ করিলেন ॥৫৫॥

যোদ্ধৃশ্রেষ্ঠ রাম, বিভীষণ ও সুগ্রীবের সহিত মিলিত হইয়া, পুষ্পকবিমানে আরোহণ করিয়া, সীতাদেবীকে বন দর্শন করাইয়া, পুনরায় কিষ্কিন্ধ্যায় আসিয়া, কৃতকর্ম্মা অঙ্গদকে যৌবরাজ্যে অভিষিক্ত করিলেন ॥৫৬—৫৭॥

(৫৩)…সমুদ্রস্য সসীতঃ সহলক্ষ্মণঃ…দি।

ততস্তৈরেব সহিতো রামঃ সৌমিত্রিণা সহ।
যথাগতেন মার্গেণ প্রযযৌ স্বপুরং প্রতি ॥৫৮॥
অযোধ্যাং স সমাসাদ্য পুরীং রাষ্ট্রপতিস্ততঃ।
ভরতায় হনূমন্তং দূতং প্রাস্থাপয়ত্তদা ॥৫৯॥
লক্ষয়িত্বেঙ্গিতং সর্ব্বং প্রিয়ং তস্মৈ নিবেদ্য বৈ।
বায়ুপুত্রে পুনঃ প্রাপ্তে নন্দিগ্রামমুপাগমৎ ॥৬০॥
স তত্র মলদিগ্ধাঙ্গং ভরতং চীরবাসসম্।
অগ্রতঃ পাদুকে কৃত্বা দদর্শাসীনমাসনে ॥৬১॥
সঙ্গত্য ভরতেনাথ শত্রুঘ্নেন চ বীর্য্যবান্।
রাঘবঃ সহসৌমিত্রির্মুমুদে ভরতর্ষভ! ॥৬২॥
ততো ভরতশত্রুঘ্নৌ সমেতৌ গুরুণা তদা।
বৈদেহ্যা দর্শনেনোভৌ প্রহর্ষং সমবাপতুঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

তত ইতি। তৈঃ সুগ্রীবাদিভিঃ। স্বপুরমযোধ্যাম্ ॥৫৮॥
অযোধ্যামিতি। রাষ্ট্রপতিঃ রাজ্যাধিপতিঃ। ভরতায় নন্দিগ্রামস্থায় ॥৫৯॥
লক্ষয়িত্বেতি। ইঙ্গিতং ভরতস্য চেষ্টিতম্, প্রিয়ং রামাগমনাদিকম্ ॥৬০॥
স ইতি। মলদিগ্ধাঙ্গং স্নানাদ্যভাবাদ্ধূল্যাদিলিপ্তাঙ্গম্, চীরবাসসং কৌপীনবস্ত্রম্ ॥৬১॥
সঙ্গত্যেতি। সঙ্গত্য মিলিত্বা। সহসৌমিত্রিঃ সলক্ষ্মণঃ ॥৬২॥
তত ইতি। গুরুণা জ্যেষ্ঠভ্রাত্রা রামেণ, সমেতৌ মিলিতৌ সন্তৌ ॥৬৩॥

তাহার পর রামচন্দ্র যে পথে আসিয়াছিলেন, সেই পথেই লক্ষ্মণ ও সুগ্রীবপ্রভৃতির সহিত অযোধ্যায় গমন করিলেন ॥৫৮॥

তিনি অযোধ্যায় যাইয়া নন্দিগ্রামে ভরতের নিকটে হনুমান্‌কে দূত করিয়া পাঠাইলেন ॥৫৯॥

হনুমান্ যাইয়া ভরতের সমস্ত ব্যবহার দেখিয়া এবং তাঁহাকে প্রিয়সংবাদ জানাইয়া পুনরায় আগমন করিলে, রাম নন্দিগ্রামে গমন করিলেন ॥৬০॥

রাম সেখানে যাইয়া দেখিলেন—মলিনদেহ ও কৌপীনধারী ভরত তাঁহারই পাদুকা দুই খানি সম্মুখে রাখিয়া আসনে বসিয়া আছেন ॥৬১॥

ভরতশ্রেষ্ঠ! বলবান্ রাম ও লক্ষ্মণ, ভরত ও শত্রুঘ্নের সহিত মিলিত হইয়া পরম আনন্দ লাভ করিলেন ॥৬২॥

---

(৬২) সঙ্গতো ভরতেনাথ...বা ব কা, সমেতো ভরতেনাথ...পি।

তস্মৈ তস্করতো রাজ্যমাগতায়াভিসংস্কৃতম্।
ন্যাসং নির্যাতয়ামাস যুক্তঃ পরময়া মুদা ॥৬৪॥
ততস্তং বৈষ্ণবে শূরং নক্ষত্রেঽভিজিতেঽহনি।
বশিষ্ঠো বামদেবশ্চ সহিতাবভ্যষিঞ্চতাম্ ॥৬৫॥
সোঽভিষিক্তঃ কপিশ্রেষ্ঠং সুগ্রীবং সসুহৃজ্জনম্।
বিভীষণঞ্চ পৌলস্ত্যমন্বজানাদ্‌গৃহান্ প্রতি ॥৬৬॥
অভ্যর্চ্চ্য বিবিধৈ রত্নৈঃ প্রীতিযুক্তৌ মুদা যুতৌ।
সমাধায়েতিকর্ত্তব্যং দুঃখেন বিসসর্জ্জ হ ॥৬৭॥
পুষ্পকঞ্চ বিমানং তৎ পূজয়িত্বা স রাঘবঃ।
প্রাদাদ্বৈশ্রবণায়ৈব প্রীত্যা স রঘুনন্দনঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

তস্মা ইতি। তস্মৈ রামায়। ন্যাসং নিক্ষেপভূতম্, নির্যাতয়ামাস দদৌ ॥৬৪॥

তত ইতি। ততো বশিষ্ঠো বামদেবশ্চৈতৌ ঋষী, সহিতৌ মিলিতৌ সন্তৌ, বৈষ্ণবে বিষ্ণুদেবতাকে শ্রবণাখ্যে নক্ষত্রে, শুভে অহনি, অভিজিতে অষ্টমে মুহূর্ত্তে, শূরং তমভ্যষিঞ্চতাম্ ॥৬৫॥

স ইতি। গৃহান্ প্রতি গন্তুমিতি শেষঃ ॥৬৬॥

অভ্যর্চ্চ্যেতি। সমাধায় উপদিশ্য, ইতিকর্ত্তব্যং রাজ্যাদীনাম্ ॥৬৭॥

ভারতভাবদীপঃ

স হত্বেতি ॥১—২॥ ত্রিদশালয়ঃ স্বর্গস্তৎস্থাঃ ॥৩—৫২॥ যত্র শিশ্যে পূর্ব্বং সমুদ্রপ্রার্থনার্থং শয়নং কৃতবান্ ॥৫৩—৬২॥ গুরুণা রামেণ ॥৬৩—৬৪॥ বৈষ্ণবে নক্ষত্রে শ্রবণে ॥৬৫—৬৮॥

ভরত এবং শত্রুঘ্নও, জ্যেষ্ঠভ্রাতা রামের সহিত মিলিত হইয়া এবং সীতাকে দেখিয়া অত্যন্ত আনন্দিত হইলেন ॥৬৩॥

তাহার পর ভরত অত্যন্ত আনন্দিত হইয়া বিশেষ আদর সহকারে সেই গচ্ছিত রাজ্যটীকে রামচন্দ্রের হস্তে প্রত্যর্পণ করিলেন ॥৬৪॥

তাহার পর বশিষ্ঠ ও বামদেব ঋষি মিলিত হইয়া শুভদিনে শ্রবণানক্ষত্রে অষ্টমমুহূর্ত্তের সময়ে মহাবীর রামচন্দ্রকে রাজ্যে অভিষিক্ত করিলেন ॥৬৫॥

রামচন্দ্র রাজ্যে অভিষিক্ত হইয়া বানরশ্রেষ্ঠ সুগ্রীবকে এবং পুলস্ত্যবংশজাত বিভীষণকে বন্ধুবর্গের সহিত বাড়ী যাইবার অনুমতি দিলেন ॥৬৬॥

তাহার পর তিনি নানাবিধ রত্ন দানদ্বারা সম্মানিত করিয়া এবং কর্ত্তব্য-বিষয়ের উপদেশ দিয়া দুঃখসহকারে প্রণয়ী ও আনন্দিত সুগ্রীব ও বিভীষণকে বিদায় দিলেন ॥৬৭॥

---

(৬৭) অভ্যর্চ্চ্য বিবিধৈর্ভোগৈঃ···বা ব কা।

ততো দেবর্ষিসহিতঃ সরিতং গোমতীমনু।
দশাশ্বমেধানাজহ্রে জারূথ্যান্ স নিরর্গলান্ ॥৬৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে রামোপাখ্যানে রামরাজ্যাভিষেকে পঞ্চচত্বারিংশ-দধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০:(*):০—

ভারতকৌমুদী

পুষ্পকমিতি। পূজয়িত্বা বৈশ্রবণমেব। বৈশ্রবণায়ৈব কুবেরায়ৈব ॥৬৮॥

তত ইতি। ততঃ স রামঃ, দেবাশ্চ ঋষয়শ্চ তৈঃ সহিতঃ সন্, গোমতীং নাম সরিতম্ অনু লক্ষীকৃত্য তস্যাস্তীর ইত্যর্থঃ, জরূথমাড়ম্বরস্তৎপূর্ণানিতি জারূথ্যান্ প্রশস্তান্ বা, নিরর্গলান্ নির্বাধাংশ্চ, দশ অশ্বমেধান্, আজহ্রে অনুষ্ঠিতবান্ ॥৬৯॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্বণি দ্রৌপদীহরণে পঞ্চচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—০:*:০—

ভারতভাবদীপঃ

জারূথ্যান্ ত্রিগুণদক্ষিণানিত্যর্জ্জুনমিশ্রঃ। জবৃভ্যামূথন্নিত্যুণাদিসূত্রে জরূথং মাংসমিতি শাব্দিকাঃ। তদা মাংসময়ান্ মাংসাদিদানপ্রধানান্ পুষ্টানিত্যর্থঃ। নিরর্গলান্ অন্নাত্থিনামনাবৃতদ্বারান্। "জরূথোঽসুরবিশেষ" ইতি বেদভাষ্যম্। "জরূথং হন্ যক্ষি রায়ে পুরন্ধি" মিতি মন্ত্রবর্ণাৎ। "জরূথং গরূথং গৃণাতে"রিতি যাস্কবচনাচ্চ জরূথং স্তোত্রম্, তথা চায়ং মন্ত্রো নিরুক্ত-ভাষ্যে ব্যাখ্যাতঃ—"হেঽগ্নে ত্বাং পুরন্ধিং মহান্তং সমিধানঃ সম্যগ্দীপয়ন্ বসিষ্ঠো মুনী রায়ে ধনপ্রাপ্তয়ে জরূথং স্তোত্রং হন্ গময়ন্ যক্ষি যজতি।" অত্র জরতেঃ স্তুত্যর্থস্য শব্দসারূপ্যাদর্থা-বিরোধাচ্চ জরূথঃ স্তোত্রমিত্যুচ্যত ইতি জারূথ্যান্ স্তোত্রার্হানিত্যর্থঃ ॥৬৯॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৪৫॥

—(০:*:০)—

তদনন্তর রাম কুবেরের সম্মান করিয়া প্রীতিসহকারে সেই পুষ্পকবিমান কুবেরকেই সমর্পণ করিলেন ॥৬৮॥

তৎপরে রামচন্দ্র দেবগণ ও ঋষিগণের সহিত মিলিত হইয়া গোমতীনদীর তীরে মহাড়ম্বরে ও নির্বিঘ্নে দশটী অশ্বমেধযজ্ঞের অনুষ্ঠান করিলেন' ॥৬৯॥

—:(০):—

* '…সপ্তসপ্তত্যধিকদ্বিশততমঃ…' পি, '…নবত্যধিকদ্বি…' বা ব, '…একনবত্যা-ধিকদ্বি…' কা, '…দ্বিনবত্যধিকদ্বি…' নি।

ষট্চত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——:*:——

মার্কণ্ডেয় উবাচ।

এবমেতন্মহাবাহো! রামেণামিততেজসা।
প্রাপ্তং ব্যসনমত্যুগ্রং বনবাসকৃতং পুরা ॥১॥
মা শুচঃ পুরুষব্যাঘ্র! ক্ষত্রিয়োঽসি পরন্তপ!।
বাহুবীর্য্যাশ্রিতে মার্গে বর্ত্তসে দীপ্তনির্ণয়ে ॥২॥
নহি তে বৃজিনং কিঞ্চিদ্বর্ত্ততে পরমণ্বপি।
অস্মিন্ মার্গে নিষীদেয়ুঃ সেন্দ্রা অপি সুরাসুরাঃ ॥৩॥
সংহত্য নিহতো বৃত্রো মরুদ্ভির্বজ্রপাণিনা।
নমুচিশ্চৈব দুর্দ্ধর্ষো দীর্ঘজিহ্বা চ রাক্ষসী ॥৪॥
সহায়বতি সর্ব্বার্থাঃ সন্তিষ্ঠন্তীহ সর্ব্বশঃ।
কিন্নু তস্যাজিতং সংখ্যে যস্য ভ্রাতা ধনঞ্জয়ঃ ॥৫॥

ভারতকৌমুদী

এবমিতি। ব্যসনং বিপৎ। বনবাসকৃতং বনবাসকালীনসীতাহরণাদিঘটিতম্ ॥১॥
মেতি। দীপ্তঃ সংশয়লেশস্যাপ্যভাবাদুজ্জ্বলঃ নির্ণয়ো জয়নিশ্চয়ো যত্র তস্মিন্ ॥২॥
নহীতি। বৃজিনং পাপম্। অণ্বপি অল্পমপি। নিষীদেয়ুস্তিষ্ঠেয়ুঃ ॥৩॥
সংহত্যেতি। সংহত্য মিলিত্বা। মরুদ্ভির্দেবৈঃ ॥৪॥

ভারতভাবদীপঃ

এবমেতদিতি ॥১॥ দীপ্তনির্ণয়ে অসন্দিগ্ধে প্রত্যক্ষফলে ॥২—১৪॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্চত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৪৬॥

মার্কণ্ডেয় বলিলেন—'মহাবাহু যুধিষ্ঠির! পূর্ব্বকালে অমিততেজা রামচন্দ্র বনবাসকালে এইরূপ অতিদারুণ বিপৎ সকল ভোগ করিয়াছিলেন ॥১॥

অতএব নরশ্রেষ্ঠ পরন্তপ! তুমি শোক করিও না। কারণ, তুমি ক্ষত্রিয় এবং যাহাতে জয়নিশ্চয় ধ্রুব, সেই বাহুবলাশ্রিত পক্ষে তুমি রহিয়াছ ॥২॥

তা'র পর তোমার কোন ক্ষুদ্র পাপও নাই। বিশেষতঃ এই পথে ইন্দ্রপ্রভৃতি দেবগণ এবং অসুরগণও অবস্থান করিয়া থাকেন ॥৩॥

ইন্দ্র, দেবগণের সহিত মিলিত হইয়া দুর্দ্ধর্ষ বৃত্রাসুর, নমুচিদানব এবং দীর্ঘজিহ্বা রাক্ষসীকে বধ করিয়াছিলেন ॥৪॥

অয়ঞ্চ বলিনাং শ্রেষ্ঠো ভীমো ভীমপরাক্রমঃ।
যুবানৌ চ মহেম্বাসৌ বীরৌ মাদ্রবতীসুতৌ ॥৬॥
এভিঃ সহায়ৈঃ কস্মাত্ত্বং বিষীদসি পরন্তপ ! ।
য ইমে বজ্রিণঃ সেনাং জয়েয়ুঃ সমরুদ্গণাম্ ॥৭॥
ত্বমপ্যেভির্মহেষ্বাসৈঃ সহায়ৈর্দেবরূপিভিঃ ।
বিজেষ্যসি রণে সর্ব্বানমিত্রান্ ভরতর্ষভ ! ॥৮॥
ইতশ্চ ত্বমিমাং পশ্য সৈন্ধবেন দুরাত্মনা ।
বলিনা বীর্য্যমত্তেন হৃতামেভির্মহাত্মভিঃ ॥৯॥
আনীতাং দ্রৌপদীং কৃষ্ণাং কৃত্বা কর্ম্ম সুদুষ্করম্ ।
জয়দ্রথঞ্চ রাজানং বিজিতং বশমাগতম্ ॥১০॥ (যুগ্মকম্)
অসহায়েন রামেণ বৈদেহী পুনরাহৃতা ।
হত্বা সংখ্যে দশগ্রীবং রাক্ষসং ভীমবিক্রমম্ ॥১১॥

ভারতকৌমুদী

সহায়েতি। সহায়বতি জনে, সন্তিষ্ঠন্তি সম্পদ্যন্তে। সংখ্যে যুদ্ধে ॥৫॥
অয়মিতি। মহেষ্বাসৌ মহাধনুর্দ্ধরৌ। এতে বিদ্যন্ত ইতি শেষঃ ॥৬॥
এভিরিতি। এভিঃ সহায়ৈঃ সম্পন্নোঽপীতি শেষঃ। বজ্রিণ ইন্দ্রস্যাপি ॥৭॥
ত্বমিতি। মহেষ্বাসৈর্মহাধনুর্দ্ধরৈর্ভ্রাতৃভিঃ। অমিত্রান্ শত্রূন্ ॥৮॥
উক্তার্থে নিদর্শনমাহ ইত ইতি। সৈন্ধবেন জয়দ্রথেন। কর্ম্ম যুদ্ধম্ ॥৯—১০॥
অসহায়েনেতি। অসহায়েন ত্বত্তুল্যসহায়শূন্যেন। সংখ্যে যুদ্ধে ॥১১॥

সুতরাং সহায়শালী লোকের সমস্ত বিষয়ই সর্বপ্রকারে সম্পন্ন হইয়া থাকে। যাঁহার ভ্রাতা অর্জ্জুন, যুদ্ধে তাঁহার কোন্ বস্তু অজিত থাকিতে পারে ? ॥৫॥

তা'র পর এই বলিশ্রেষ্ঠ ও ভীমপরাক্রম ভীমসেন এবং যুবক, মহাধনুর্দ্ধর ও বীর মাদ্রীপুত্রেরা রহিয়াছেন ॥৬॥

অতএব পরন্তপ যুধিষ্ঠির! এতগুলি সহায় থাকিতে তুমি কেন বিষণ্ণ হইতেছ ? যাঁহারা দেবগণের সহিত ইন্দ্রের সেনাকেও জয় করিতে পারেন ॥৭॥

ভরতশ্রেষ্ঠ! তুমিও এই সকল দেবতুল্য মহাধনুর্দ্ধর সহায়দ্বারা যুদ্ধে সকল শত্রুকে জয় করিতে পারিবে ॥৮॥

তুমি এই দিকে দেখ—বলবান্ ও বলমত্ত দুরাত্মা জয়দ্রথই এই দ্রৌপদীকে হরণ করিয়াছিল ; আবার এই মহাত্মারাই অতিদুষ্কর কার্য্য করিয়া তাঁহাকে আনয়ন করিয়াছেন এবং জয়দ্রথরাজাকে বশীভূত করিয়াছিলেন ॥৯—১০॥

যস্য শাখামৃগা মিত্রাণ্যৃক্ষাঃ কালমুখাস্তথা।
জাত্যন্তরগতা রাজন্! এতদ্বুদ্ধ্যানুচিন্তয় ॥১২॥
তস্মাত্ত্বং কুরুশার্দ্দূল! মা শুচো ভরতর্ষভ!।
ত্বদ্বিধা হি মহাত্মানো ন শোচন্তি পরন্তপ! ॥১৩॥
বৈশম্পায়ন উবাচ।
এবমাশ্বাসিতো রাজা মার্কণ্ডেয়েন ধীমতা।
ত্যক্ত্বা দুঃখমদীনাত্মা পুনরপ্যেনমব্রবীৎ ॥১৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
দ্রৌপদীহরণে যুধিষ্ঠিরাশ্বাসনে ষট্চত্বারিংশ-
দধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——০:(*):০——

ভারতকৌমুদী

যস্যেতি। শাখামৃগা বানরাঃ, ঋক্ষা ভল্লুকাঃ। জাত্যন্তরগতা ভিন্নপ্রাণিনঃ ॥১২॥
তস্মাদিতি। মা শুচঃ শোকং ন কুরু ॥১৩॥
এবমিতি। অদীনাত্মা অকাতরচিত্তঃ সন্, এনং মার্কণ্ডেয়ম্ ॥১৪॥
তখন সেই অদৃশ্য যক্ষ বলিল—'অর্জ্জুন! আমাকে বধ করিবার চেষ্টা করিয়া তোমার প্রয়োজন কি? তুমি আমার প্রশ্নের উত্তর দিয়া তাহার পর জল পান কর। প্রশ্নের উত্তর না দিয়া জলপানে প্রবৃত্ত হইলে পান করিয়াই মরিবে' ॥৩১॥

এইরূপ বলিলে, সব্যসাচী পৃথানন্দন অর্জ্জুনও সে বাক্য অগ্রাহ্য করিয়া জল পান করিয়াই ভূতলে পতিত হইলেন ॥৩২॥

---

(২৯)…শব্দবিদ্ধঞ্চ দর্শয়ন্…বা ব কা পি।

অথাব্রবীদ্ভীমসেনং কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
নকুলঃ সহদেবশ্চ বীভৎসুশ্চ পরন্তপ ! ॥৩৩॥
চিরং গতাস্তোয়হেতোর্ন চাগচ্ছন্তি ভারত ! ।
তাংশ্চৈবানয় ভদ্রং তে পানীয়ঞ্চ ত্বমানয় ॥৩৪॥ (যুগ্মকম্)
ভীমসেনস্তথেত্যুক্ত্বা তং দেশং প্রত্যপদ্যত।
যত্র তে পুরুষব্যাঘ্রা ভ্রাতরোঽস্য নিপাতিতাঃ ॥৩৫॥
তান্ দৃষ্ট্বা দুঃখিতো ভীমস্তৃষ্ণয়া চ প্রপীড়িতঃ।
অমন্যত মহাবাহুঃ কর্ম্ম তদ্‌যক্ষরক্ষসাম্ ॥৩৬॥
স চিন্তয়ামাস তদা যোদ্ধব্যং ধ্রুবমদ্য বৈ।
পাস্যামি তাবৎ পানীয়মিতি পার্থো বৃকোদরঃ।
ততোঽভ্যধাবৎ পানীয়ং পিপাসুর্ভরতর্ষভঃ ॥৩৭॥

যক্ষ উবাচ।

মা তাত ! সাহসং কার্ষীর্মম পূর্বপরিগ্রহঃ।
প্রশ্নানুক্ত্বা তু কৌন্তেয় ! ততঃ পিব হরস্ব চ ॥৩৮॥

ভারতকৌমুদী

এবমিতি। পীত্বৈব সরসো জলমিতি শেষঃ ॥৩২॥
অথেতি। বীভৎসুরর্জ্জুনঃ। তোয়হেতোর্জলানয়নার্থম্ ॥৩৩—৩৪॥
ভীমেতি। প্রত্যপদ্যত অগচ্ছৎ। তে অর্জ্জুন-নকুল-সহদেবাঃ ॥৩৫॥
তানিতি। তৎ কর্ম্ম ভ্রাতৃণাং নিপাতনম্, যক্ষরক্ষসাং মায়াবিত্বাদিতি ভাবঃ ॥৩৬॥
স ইতি। ইতি চিন্তয়িত্বা। অভ্যধাবৎ পিপাসুত্বাদেব। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৭॥

তাহার পর এখানে কুন্তীনন্দন যুধিষ্ঠির ভীমসেনকে বলিলেন—'ভরতনন্দন পরন্তপ ! নকুল, সহদেব ও অর্জ্জুন জল আনয়নের জন্য অনেকক্ষণ গিয়াছে, এখনও আসিতেছে না। অতএব তুমি তাহাদিগকেও আনয়ন কর, জলও আনয়ন কর। তোমার মঙ্গল হউক' ॥৩৩—৩৪॥

'তাহাই হউক' এই কথা বলিয়া ভীমসেন সেই স্থানে গমন করিলেন, যে স্থানে উঁহার ভ্রাতা সেই পুরুষশ্রেষ্ঠেরা পতিত হইয়া রহিয়াছিলেন ॥৩৫॥

তৃষ্ণার্ত্ত মহাবাহু ভীমসেন ভ্রাতৃগণকে নিপতিত দেখিয়া দুঃখিত হইয়া সে কার্য্যটা যক্ষ-রাক্ষসগণের বলিয়াই মনে করিলেন ॥৩৬॥

তাহার পর তিনি চিন্তা করিলেন—'আজ নিশ্চয়ই যুদ্ধ করিতে হইবে। তবে আগে জল পান করিব'। এইরূপ চিন্তা করিয়া পিপাসার্ত্ত ভরতশ্রেষ্ঠ পৃথানন্দন ভীমসেন জলের দিকে ধাবিত হইলেন ॥৩৭॥

এবমুক্তস্তদা ভীমো যক্ষেণামিততেজসা।
অনুক্ত্বৈব তু তান্ প্রশ্নান্ পীত্বৈব নিপপাত হ ॥৩৯॥
ততঃ কুন্তীসুতো রাজা প্রচিন্ত্য পুরুষর্ষভঃ।
সমুত্থায় মহাবাহুর্দহ্যমানেন চেতসা।
ব্যপেতজননির্ঘোষং প্রবিবেশ মহাবনম্ ॥৪০॥
স গচ্ছন্ কাননে তস্মিন্ হেমজালপরিষ্কৃতম্।
দদর্শ তৎ সরঃ শ্রীমান্ বিশ্বকর্ম্মকৃতং যথা ॥৪১॥

ভারতকৌমুদী

মেতি। প্রশ্নান্ মৎপ্রশ্নোত্তরাণি। পিব হরস্ব চ জলমিতি শেষঃ ॥৩৮॥
এবমিতি। তান্ যক্ষকর্ত্তব্যান্। পীত্বৈব জলম্ ॥৩৯॥
তত ইতি। প্রচিন্ত্য নকুলাদীনাং বিলম্বকারণমিতি শেষঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪০॥
স ইতি। হেমজালেন হৈমপদ্মসমূহেন পরিষ্কৃতং পরিশোভিতম্ ॥৪১॥

তখন যক্ষ বলিল—'বৎস কুন্তীনন্দন! এই জল পূর্ব্ব হইতেই আমার অধিকারে রহিয়াছে। সুতরাং তুমি সাহস করিও না। আমার প্রশ্নের উত্তর বলিয়া পরে জল পান কর এবং হরণ কর' ॥৩৮॥

অমিততেজা যক্ষ এইরূপ বলিলে, ভীমসেন তাহার প্রশ্নের উত্তর না বলিয়াই জল পান করিলেন এবং জল পান করিয়াই পতিত হইলেন ॥৩৯॥

তাহার পর এদিকে পুরুষশ্রেষ্ঠ রাজা যুধিষ্ঠির ভ্রাতৃগণের বিলম্বের কারণ চিন্তা করিয়া গাত্রোত্থানপূর্ব্বক অত্যন্ত উদ্বিগ্নচিত্তে যাইয়া সেই জন-শব্দ-শূন্য মহাবনে প্রবেশ করিলেন ॥৪০॥

---

(৩৯) শ্লোকাৎ পরং যাবন্তি পুস্তকানি দৃশ্যন্তে তাবস্ত এব পাঠভেদাঃ পরিলক্ষ্যন্তে। ইমে শ্লোকাশ্চাধিকাঃ—'ততশ্চিরগতান্ ভ্রাতৄনথ জ্ঞাত্বা যুধিষ্ঠিরঃ। চিরায়মাণো বহুশঃ পুনঃ পুনরুবাচ হ ॥ মাদ্রেয়ৌ কিং চিরায়েতে গাণ্ডীবী কিং চিরায়তে। মহাবলধরস্তত্র কিং নু ভীমশ্চিরায়তে ॥ গচ্ছাম্যেষাং পদং দ্রষ্টুমিতি কৃত্বা যুধিষ্ঠিরঃ। সমুত্তস্থৌ মহাবাহুর্দহ্যমানেন চেতসা ॥ ততঃ কুন্তীসুতো রাজা প্রচিন্ত্য পুরুষর্ষভঃ। আত্মনাত্মানমেতচ্চ চিন্তয়ন্নিদমব্রবীৎ ॥ কিং স্বিদ্বনমিদং দুষ্টং কিং স্বিদ্দুষ্টো মৃগো ভবেৎ। প্রাহসন্ বা মহাভূতং শপ্তাস্তেনাথবাঽপতন্ ॥ ন পশ্যন্ত্যথবা বীরাঃ পানীয়ং যত্র তে গতাঃ। অম্বিচ্ছন্তির্বনে তোয়ং কালোঽয়মভিপাতিতঃ। কিং নু তৎকারণং যেন নায়ান্তি পুরুষর্ষভাঃ। এবমাদীনি বাক্যানি বিমৃশ্য নৃপসত্তমঃ ॥' ব পি। (৪০) শ্লোকাৎ পরঞ্চায়ং সার্দ্ধশ্লোকোঽধিকঃ—'রুরুভিশ্চ বরাহৈশ্চ পক্ষিভিশ্চ নিষেবিতম্। নীলভাস্বরবর্ণৈশ্চ পাদপৈরুপশোভিতম্। ভ্রমরৈরুপগীতঞ্চ পক্ষিভিশ্চ মহাযশাঃ' ॥ ব পি নি।

উপেতং নলিনীজালৈঃ সিন্ধুবারৈঃ সবেতসৈঃ।
কেতকৈঃ করবীরৈশ্চ পিপ্পলৈশ্চৈব সংবৃতম্।
শ্রমার্ত্তস্তদুপাগম্য সরো দৃষ্ট্বাথ বিস্মিতঃ ॥৪২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি আরণেয়ে নকুলাদিপতনে ষট্ষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——০ঃ(*)ঃ০——

সপ্তষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——ঃ*ঃ——

বৈশম্পায়ন উবাচ।
স দদর্শ হতান্ ভ্রাতৄন্ লোকপালানিব চ্যুতান্।
যুগান্তে সমনুপ্রাপ্তে শক্রপ্রতিমগৌরবান্ ॥১॥

ভারতকৌমুদী

উপেতমিতি। শ্রমার্ত্তো যুধিষ্ঠিরঃ। বিস্মিতঃ, সৌন্দর্য্যাৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪২॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি আরণেয়ে ষট্ষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(ঃ*ঃ)——

স ইতি। যুগান্তে সমনুপ্রাপ্তে, চ্যুতান্ স্বস্বস্থানভ্রষ্টান্ লোকপালানিব ॥১॥

ভারতভাবদীপঃ

স এবেতঃ পয়ঃ পিবেদ্ধরেচ্চেতি ॥১২—২৭॥ দৃশ্যমানো ভূম্বেতি শেষঃ ॥২৮—৩০॥ বিধানেন যত্নেন। ন ভবিষ্যসি ন মরিষ্যসি ॥৩১—৪০॥ হেমজালানি হেমবর্ণানি কেশরাণি, তৈঃ পরিষ্কৃতং মণ্ডিতম্ ॥৪১॥ সিন্ধুবারৈর্জলজবিশেষৈঃ ॥৪২॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্ষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৬৬॥

শ্রীমান্ যুধিষ্ঠির যাইতে যাইতে সেই বনমধ্যে বিশ্বকর্ম্মনির্ম্মিতের ন্যায় স্বর্ণপদ্মপরিশোভিত সেই সরোবর দর্শন করিলেন ॥৪১॥

সেই সরোবরের জল পদ্মলতায় আবৃত ছিল এবং তীরদেশ—সিন্ধুবার, বেতস, কেতক, করবীর ও পিপ্পলবৃক্ষে পরিপূর্ণ ছিল। পরিশ্রান্ত যুধিষ্ঠির উপস্থিত হইয়া উক্তরূপ সরোবর দেখিয়া বিস্মিত হইলেন ॥৪২॥

---

* '…নবনবত্যধিকদ্বিশততমঃ…' পি, '…একাদশাধিকত্রিশততমঃ…' বা ব, '…দ্বাদশাধিকত্রিশততমঃ…' কা, '…ত্রয়োদশাধিকত্রিশততমঃ…' নি।

বিনিকীর্ণধনুর্বাণং দৃষ্ট্বা নিহতমর্জ্জুনম্।
ভীমসেনং যমৌ চৈব নির্বিচেষ্টান্ গতায়ুষঃ।
দীর্ঘমুষ্ণং বিনিশ্বস্য শোকবাষ্পপরিপ্লুতঃ ॥২॥
তান্ দৃষ্ট্বা পতিতান্ ভ্রাতৄন্ সর্বাংশ্চিন্তাসমন্বিতঃ।
ধর্ম্মপুত্রো মহাবাহুর্বিললাপ সুবিস্তরম্ ॥৩॥
ননু ত্বয়া মহাবাহো! প্রতিজ্ঞাতং বৃকোদর!।
দুর্য্যোধনস্য ভেৎস্যামি গদয়া সক্থিনী রণে ॥৪॥
ব্যর্থং তদদ্য মে সর্বং ত্বয়ি ভীম! নিপাতিতে।
মহাত্মনি মহাবাহৌ কুরূণাং কীর্ত্তিবর্দ্ধনে ॥৫॥
মনুষ্যসম্ভবা বাচো বিধর্ম্মিণ্যঃ প্রতিশ্রুতাঃ।
ভবতাং দিব্যবাচস্তু তা ভবন্তি কথং মৃষা ॥৬॥

ভারতকৌমুদী

বীতি। শোকবাষ্পেণ পরিপ্লুতঃ সিক্তগণ্ডোঽভবৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২॥
তানিতি। মহাবাহুরপি বিললাপ, হন্তরদর্শনেন প্রতীকারাসম্ভবাৎ ॥৩॥
বিলাপপ্রকারানাহ। কিং প্রতিজ্ঞাতমিত্যাহ দুর্য্যোধনস্যেতি। সক্থিনী উরুদ্বয়ম্ ॥৪॥
ব্যর্থমিতি। তৎ তৎপ্রতিজ্ঞাদিকম্ ॥৫॥
মনুষ্যেতি। বিধর্ম্মিণ্যো বিপরীতা ভবিতুমর্হন্তি। ভবতাং সম্বন্ধে ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর যুধিষ্ঠির দেখিলেন—ইন্দ্রের তুল্য গৌরবশালী ভ্রাতারা, প্রলয়কালে স্বস্বস্থানচ্যুত লোকপালগণের ন্যায় নিহত হইয়া রহিয়াছেন ॥১॥

ধনু ও বাণ সকল ইতস্ততঃ বিক্ষিপ্ত রহিয়াছে এবং ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব নিহত ও মৃত অবস্থায় নিষ্পন্দভাবে রহিয়াছেন; ইহা দেখিয়া যুধিষ্ঠির দীর্ঘ ও উষ্ণ নিশ্বাস ত্যাগ করিয়া শোকবাষ্পে আপ্লুত হইলেন ॥২॥

মহাবাহু যুধিষ্ঠির সেই ভ্রাতাদের সকলকেই পতিত দেখিয়া চিন্তায় আকুল হইয়া বহুতর বিলাপ করিলেন—॥৩॥

'মহাবাহু ভীমসেন! তুমি প্রতিজ্ঞা করিয়াছিলে যে, আমি যুদ্ধে গদাদ্বারা দুর্য্যোধনের উরুদ্বয় ভগ্ন করিব ॥৪॥

সে সমস্তই আজ আমার ব্যর্থ হইয়া গেল। কারণ, ভীম! কুরুবংশের কীর্ত্তিবর্দ্ধক, মহাবাহু ও মহাত্মা তুমি নিপতিত হইয়াছ ॥৫॥

যা'ক্; মনুষ্যের প্রতিজ্ঞাবাক্য মিথ্যা হইতে পারে; কিন্তু তোমাদের সম্বন্ধে দেবগণের সেই বাক্যগুলি মিথ্যা হইতেছে কেন। ॥৬॥

দেবাশ্চাপি যদাঽবোচন্ সূতকে ত্বাং ধনঞ্জয় !।
সহস্রাক্ষাদনবরঃ কুন্তি ! পুত্রস্তবেতি বৈ ॥৭॥
উত্তরে পারিপাত্রে চ জগুর্ভূতানি সর্বশঃ।
বিপ্রনষ্টাং শ্রিয়ঞ্চৈষামাহর্ত্তা পুনরোজসা ॥৮॥
নাস্য জেতা রণে কশ্চিদজেতা নৈষ কস্যচিৎ।
সোঽয়ং মৃত্যুবশং যাতঃ কথং জিষ্ণুর্মহাবলঃ ॥৯॥
অয়ং মমাশাং সংহত্য শেতে ভূমৌ ধনঞ্জয়ঃ।
আশ্রিত্য যং বয়ং নাথং দুঃখান্যেতানি সেহিম ॥১০॥
রণেঽপ্রমত্তৌ বীরৌ চ সদা শত্রুনিবর্হণৌ।
কথং রিপুবশং যাতৌ কুন্তীপুত্রৌ মহাবলৌ।
যৌ সর্বাস্ত্রাপ্রতিহতৌ ভীমসেনধনঞ্জয়ৌ ॥১১॥

ভারতকৌমুদী

দেবা ইতি। অবোচন্ উক্তবন্তঃ, সূতকে জন্মসময়ে। অনবরঃ অন্যূনঃ ॥৭॥
উত্তর ইতি। পারিপাত্রে তদাখ্যে পর্বতে। ভূতানি মুনিপ্রভৃতয়ঃ প্রাণিনঃ ॥৮॥
নেতি। অস্য অর্জ্জুনস্য। জিষ্ণুরর্জ্জুনঃ ॥৯॥
অয়মিতি। সংহত্য বিনাশ্য। নাথং রক্ষকম্। সেহিম সোঢ়বন্তঃ ॥১০॥
রণ ইতি। অপ্রমত্তৌ সাবধানৌ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

অর্জ্জুন! তোমার জন্মের সময়ে দেবতারাও তোমাকে লক্ষ্য করিয়া বলিয়াছিলেন যে, 'কুন্তি! তোমার এই পুত্র ইন্দ্র হইতে ন্যূন হইবে না' ॥৭॥

উত্তর পারিপাত্রপর্ব্বতে সকল প্রাণীরাই বলিয়াছিল যে, 'ইনি (অর্জ্জুন) নিজের বলে পাণ্ডবদের হস্তচ্যুত সম্পত্তি পুনরায় আনয়ন করিবেন ॥৮॥

এবং কেহই ইঁহাকে যুদ্ধে জয় করিতে পারিবে না, আবার ইনি কাহাকেও জয় না করিয়া ফিরিবেন না।' হায়! সেই মহাবল অর্জ্জুন এই কেন মৃত্যুর অধীন হইলেন ॥৯॥

হায়! আমরা যাঁহাকে রক্ষকরূপে অবলম্বন করিয়া এই সকল দুঃখ সহ্য করিলাম, সেই অর্জ্জুন আজ আমার সমস্ত আশা বিনষ্ট করিয়া ভূতলে শয়ন করিয়া রহিয়াছে ॥১০॥

কুন্তীনন্দন, মহাবীর ও মহাবল যে ভীম ও অর্জ্জুন যুদ্ধে সর্ব্বদা সাবধান, সমস্ত অস্ত্রে অপ্রতিহত এবং শত্রুহন্তা ছিল, তাহারা কেন মৃত্যুর অধীন হইল ॥১১॥

অশ্মসারময়ং নূনং হৃদয়ং মম দুর্হৃদঃ।
যমৌ যদেতৌ দৃষ্ট্বাদ্য পতিতৌ নাবদীর্য্যতে ॥১২॥
শাস্ত্রজ্ঞা দেশকালজ্ঞাস্তপোযুক্তাঃ ক্রিয়ান্বিতাঃ।
অকৃত্বা সদৃশং কর্ম্ম কিং শেধ্বং পুরুষর্ষভাঃ! ॥১৩॥
অবিক্ষতশরীরাশ্চাপ্যপ্রমৃষ্টশরাসনাঃ।
অসংজ্ঞা ভুবি সঙ্গম্য কিং শেধ্বমপরাজিতাঃ! ॥১৪॥
সানূনিবাদ্রেঃ সংসুপ্তান্ দৃষ্ট্বা ভ্রাতৄন্ মহামতিঃ।
সুখং প্রসুপ্তান্ প্রস্বিন্নঃ পার্থঃ কষ্টাং দশাং গতঃ ॥১৫॥
এবমেবেদমিত্যুক্ত্বা ধর্ম্মাত্মা স নরেশ্বরঃ।
শোকসাগরমধ্যস্থো দধ্যৌ কারণমাকুলঃ ॥১৬॥

ভারতকৌমুদী

অশ্মেতি। অশ্মসারময়ং পাষাণসারেণ ঘটিতম্। যমৌ নকুলসহদেবৌ ॥১২॥
শাস্ত্রেতি। সদৃশং স্বস্বযোগ্যম্। শেধ্বং শয়নং কুরুধ্বম্ ॥১৩॥
অবিক্ষতেতি। অপ্রমৃষ্টশরাসনা অভগ্নকার্ম্মুকাঃ। সঙ্গম্য পতিত্বা ॥১৪॥
সানূনিতি। সংসুপ্তান্ ভূপতিতান্, সানূন্ একদেশান্। প্রস্বিন্নো ঘর্ম্মাক্তঃ ॥১৫॥
এবমিতি। ইদমেষাং মরণম্, এবমাকস্মিকমেব। দধ্যৌ চিন্তয়ামাস ॥১৬॥

আমি দূষিতহৃদয় এবং নিশ্চয়ই আমার সে হৃদয় পাষাণসারদ্বারা নির্ম্মিত। যে হেতু সেই হৃদয় আজ নকুল-সহদেবকে পতিত দেখিয়াও বিদীর্ণ হইতেছে না ॥১২॥

হে পুরুষশ্রেষ্ঠগণ! তোমরা—শাস্ত্রজ্ঞ, দেশকালজ্ঞ, তপস্বী ও সৎক্রিয়ান্বিত ছিলে; তবে আপন আপন যোগ্য কার্য্য না করিয়া শয়ন করিলে কেন ॥১৩॥

হে অপরাজিত ভ্রাতৃগণ! তোমাদের শরীরগুলি অবিক্ষত এবং ধনুগুলিও অভগ্ন রহিয়াছে; তবে তোমরা ভূতলে পতিত হইয়া অচেতন অবস্থায় শয়ন করিয়া রহিয়াছ কেন ॥১৪॥

মহামতি যুধিষ্ঠির ভূতলপতিত পর্ব্বতশৃঙ্গসমূহের ন্যায় ভ্রাতৃগণকে সুখ-সুপ্তের তুল্য দেখিয়া কষ্টকর দশায় পতিত হইলেন ॥১৫॥

'ইহা এইরূপই হইবে' এইরূপ বলিয়া ধর্ম্মাত্মা যুধিষ্ঠির শোকসাগরে মগ্ন ও আকুল হইয়া তাঁহাদের মৃত্যুর কারণ চিন্তা করিতে লাগিলেন ॥১৬॥

(১২) অয়ঃসারময়ম্…মম দুর্ভিদম্…পি। (১৫)…খিন্নঃ কষ্টাং দশাং গতঃ—বা ব কা নি।

ইতিকর্ত্তব্যতাঞ্চৈব দেশকালবিভাগবিৎ।
নাভিপেদে মহাবাহুশ্চিন্তয়ানো মহামতিঃ ॥১৭॥
অথ সংস্তভ্য ধর্ম্মাত্মা তদাত্মানং তপঃসুতঃ।
এবং বিলপ্য বহুধা ধর্ম্মপুত্ত্রো যুধিষ্ঠিরঃ।
বুদ্ধ্যা বিচিন্তয়ামাস বীরাঃ কেন নিপাতিতাঃ ॥১৮॥
নৈষাং শস্ত্রপ্রহারোঽস্তি পদং নেহাস্তি কস্যচিৎ।
ভূতং মহদিদং মন্যে ভ্রাতরো যেন মে হতাঃ ॥১৯॥
একাগ্রং চিন্তয়িষ্যামি পীত্বা বেৎস্যামি বা জলম্।
স্যাত্তু দুর্য্যোধনেনেদমুপাংশুবিহিতং কৃতম্ ॥২০॥
গান্ধাররাজচরিতং সততং জিহ্মবুদ্ধিনা।
যস্য কার্য্যমকার্য্যং বা সমমেব ভবত্যুত।
কস্তস্য বিশ্বসেদ্বীরো দুষ্কৃতেরকৃতাত্মনঃ ॥২১॥

ভারতকৌমুদী

ইতীতি। নাভিপেদে ন প্রাপ ন নিশ্চিতবানিত্যর্থঃ ॥১৭॥

অথেতি। সংস্তভ্য স্থিরীকৃত্য। তপসঃ কুন্ত্যাঃ সুতঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥

নেতি। শস্ত্রপ্রহারস্তচ্চিহ্নম্, পদং পদচিহ্নম্। ভূতং প্রাণী ॥১৯॥

একেতি। একাগ্রম্ একাগ্রচিত্তং যথা স্যাত্তথা। উপাংশুবিহিতং গুপ্তহত্যা ॥২০॥

ভারতভাবদীপঃ

স দদর্শেতি ॥১—৫॥ বিধর্ম্মিণ্যোঽনৃতাঃ ॥৬—৮॥ ন কস্যচিদজেতাপি তু সর্ব্বস্যৈব জেতা ॥৯॥ আশাং রাজ্যাশাম্, সংহৃত্য বিনাশ্য ॥১০—১৫॥ দধ্যৌ কারণং মরণহেতুং বিচারিতবান্ ॥১৬—১৭॥ তপঃসুতো ধর্ম্মপুত্রঃ ॥১৮—১৯॥ উপাংশুবিহিতমস্মাভিরজ্ঞাতং

মহাবাহু, মহামতি ও দেশ-কাল-বিভাগবিৎ যুধিষ্ঠির চিন্তা করিয়াও তখন নিজের কর্ত্তব্য স্থির করিতে পারিলেন না ॥১৭॥

তাহার পর ধর্ম্মাত্মা কুন্তীনন্দন ধর্ম্মপুত্র যুধিষ্ঠির আপনাকে স্থির করিয়া এবং নানাপ্রকার বিলাপ করিয়া আপন বুদ্ধিদ্বারা চিন্তা করিলেন যে, 'বীরগণকে কোন্ ব্যক্তি নিপাতিত করিল ॥১৮॥

ইহাদের দেহে অস্ত্রাঘাতের চিহ্ন নাই এবং এখানে কাহারও পদচিহ্ন নাই। সুতরাং আমি ইহা ধারণা করি যে, যে আমার ভ্রাতৃগণকে নিহত করিয়াছে, সে একজন মহাপ্রাণী ॥১৯॥

একাগ্রচিত্তে চিন্তা করিয়া দেখিব, কিংবা জল পান করিয়া জানিব। হয় ত—দুর্য্যোধনই এই গুপ্তহত্যা করিয়াছে ॥২০॥

(১৭) ইতিকর্ত্তব্যতাঞ্চেতি…পি।

অথবা পুরুষৈর্গূঢ়ৈঃ প্রয়োগোঽয়ং কৃতো মহান্।
কোঽন্যঃ প্রতিসমাগচ্ছেৎ কালান্তকযমাদৃতে ॥২২॥
এতেন ব্যবসায়েন তত্তোয়মবগাঢ়বান্।
গাহমানশ্চ তত্তোয়মন্তরীক্ষাৎ স শুশ্রুবে ॥২৩॥

যক্ষ উবাচ।

অহং বকঃ শৈবলমৎস্যভক্ষো নীতা ময়া প্রেতবশং তবানুজাঃ।
ত্বং পঞ্চমো ভবিতা রাজপুত্র! ন চেৎ প্রশ্নান্ পৃচ্ছতো ব্যাকরোষি ॥২৪॥

ভারতকৌমুদী

গান্ধারেতি। গান্ধাররাজেন শকুনিনেতি বিভক্তিলোপ আর্ষঃ, জিহ্মবুদ্ধিনা কুটিলবুদ্ধিনা। দুষ্কৃতেঃ পাপিষ্ঠস্য, অকৃতাত্মনঃ অশিক্ষিতস্য। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

অথবেতি। পুরুষৈর্দুর্য্যোধনস্যৈব। প্রতিসমাগচ্ছেৎ প্রতিপক্ষভাবেন প্রত্যক্ষমাগচ্ছেৎ ॥২২॥

এতেনেতি। ব্যবসায়েন নিশ্চয়েন, অবগাঢ়বান্ অবগাঢুমিষ্টবান্ ॥২৩॥

অহমিতি। প্রেতবশং প্রেতরাজবশম্। ব্যাকরোষি বিস্তরেণ ব্রবীষি ॥২৪॥

অথবা সর্ব্বদা বক্রবুদ্ধি শকুনির কার্য্য। যাহার নিকট কার্য্য ও অকার্য্য দু-ই সমান হইয়া থাকে, সেই পাপিষ্ঠ ও অশিক্ষিত ব্যক্তিকে কোন্ বুদ্ধিমান্ বিশ্বাস করিতে পারে? ॥২১॥

অথবা দুর্য্যোধনেরই গুপ্তলোকেরা এই গুরুতর ব্যাপারটা করিয়াছে। না হইলে, কালান্তক যম ব্যতীত অন্য কোন্ লোক প্রত্যক্ষভাবে ইহাদের বিপক্ষ হইয়া আসিতে পারে?' ॥২২॥

এইরূপ নিশ্চয় করিয়া যুধিষ্ঠির সেই জলে অবগাহন করিবার ইচ্ছা করিলেন এবং সেই জলে অবগাহন করিতে প্রবৃত্ত হইয়াই আকাশ হইতে শুনিলেন—॥২৩॥

যক্ষ বলিল—'আমি—শৈবল (সেঁওলা) ও মৎস্যভোজী বকপক্ষী এবং আমিই তোমার ভ্রাতৃগণকে যমালয়ে প্রেরণ করিয়াছি। সুতরাং রাজপুত্র! তুমিও যদি বিস্তরক্রমে আমার প্রশ্নগুলির উত্তর না দাও, তবে তুমিও ইহাদের পঞ্চম হইবে ॥২৪॥

---

(২২) অত্রৈবং পাঠঃ—'অথবা পুরুষৈর্গূঢ়ৈঃ প্রয়োগোঽয়ং দুরাত্মনঃ। ভবেদিতি মহাবুদ্ধির্বহুধা তদচিন্তয়ৎ ॥ তস্যাসীন্ন বিষেণেদমুদকং দূষিতং যথা। মৃতানামপি চৈতেষাং বিকৃতং নৈব জায়তে। মুখবর্ণাঃ প্রসন্না মে ভ্রাতৃণামিত্যচিন্তয়ৎ ॥ একৈকশশ্চৌঘবলানিমান্ পুরুষসত্তমান্। কোঽন্যঃ প্রতিসমাসেত কালান্তকযমাদৃতে ॥" বা ব কা।

মা তাত ! সাহসং কার্ষীর্মম পূর্বপরিগ্রহঃ ।
প্রশ্নানুক্ত্বা তু কৌন্তেয় ! ততঃ পিব হরস্ব চ ॥২৫॥

যুধিষ্ঠির উবাচ ।

রুদ্রাণাং বা বসূনাং বা মরুতাং বা প্রধানভাক্ ।
পৃচ্ছামি কো ভবান্ দেবো নৈতচ্ছকুনিনা কৃতম্ ॥২৬॥
হিমবান্ পারিপাত্রশ্চ বিন্ধ্যো মলয় এব চ ।
চত্বারঃ পর্ব্বতাঃ কেন পাতিতা ভূরিতেজসা ॥২৭॥
অতীব তে মহৎ কর্ম্ম কৃতঞ্চ বলিনাং বর ! ।
যান্ ন দেবা ন গন্ধর্ব্বা নাসুরাশ্চ ন রাক্ষসাঃ ।
বিষহেরন্ মহাযুদ্ধে কৃতং তে তন্মহাদ্ভুতম্ ॥২৮॥

ভারতকৌমুদী

মেতি। ব্যাখ্যাতমিদং প্রাক্ ॥২৫॥

রুদ্রাণামিতি। মরুতাং বায়ূনাম্, প্রধানভাক্ প্রাধান্যভাক্। শকুনিনা পক্ষিণা ॥২৬॥

হিমবানিতি। এতৎপর্ব্বতচতুষ্টয়তুল্যা এব মে চত্বারো ভ্রাতর ইতি ভাবঃ ॥২৭॥

অতীবেতি। উভয়ত্রাপি তে ত্বয়া। তেষাং সম্বন্ধে মহাদ্ভুতং হননম্। ষট্পাদোহয়ং শ্লোকঃ ॥২৮॥

ভারতভাবদীপঃ

সন্নিহিতম্ ॥২০॥ দুষ্কৃতেঃ পাপকর্ম্মণঃ ॥২১—২৫॥ (পাঠান্তরে) ওঘবলান্ মহাপ্রবাহবেগান্, প্রতিসমাসেত প্রতিযুধ্যেৎ, কালেহন্তং করোতি যস্তাদৃশো যমঃ কালান্তকযমস্তস্মাৎ।

বৎস! এই জল পূর্ব্ব হইতেই আমার অধিকারে রহিয়াছে। সুতরাং তুমি সাহস করিও না। তবে, কুন্তীনন্দন! আমার প্রশ্নের উত্তর দিয়া, তা'র পর জল পান কর এবং হরণ কর' ॥২৫॥

যুধিষ্ঠির বলিলেন—'আমি জিজ্ঞাসা করি—আপনি—রুদ্রগণ, বসুগণ বা মরুদ্‌গণের মধ্যে প্রধান কোন্ দেবতা? না হইলে, একটা পক্ষী এ কাজ করিতে পারে না ॥২৬॥

কোন্ মহাতেজা আজ—হিমালয়, পারিপাত্র, বিন্ধ্য ও মলয় এই চারিটী পর্বতকে নিপাতিত করিয়াছেন? ॥২৭॥

হে বলিশ্রেষ্ঠ! আপনি অতিগুরুতর কার্য্য করিয়াছেন। কারণ, দেবগণ, গন্ধর্ব্বগণ, অসুরগণ এবং রাক্ষসগণও মহাযুদ্ধে যাহাদিগকে সহ্য করিতে পারেন না, আপনি তাহাদেরই অত্যাশ্চর্য্য বধ করিয়াছেন। ॥২৮॥

(২৭) পাতিতা ভূরিতেজসঃ—বা ব কা।

ন তে জানামি যৎ কার্য্যং নাভিজানামি কাঙ্ক্ষিতম্।
কৌতূহলং মহজ্জাতং সাধ্বসঞ্চাগতং মম ॥২৯॥
যেনাস্ম্যুদ্বিগ্নহৃদয়ঃ সমুৎপন্নশিরোজ্বরঃ।
পৃচ্ছামি ভগবংস্তস্মাৎ কো ভবানিহ তিষ্ঠতি ॥৩০॥

যক্ষ উবাচ।

যক্ষোঽহমস্মি ভদ্রং তে নাস্মি পক্ষী জলেচরঃ।
ময়ৈতে নিহতাঃ সর্ব্বে ভ্রাতরস্তে মহৌজসঃ ॥৩১॥

বৈশম্পায়ন উবাচ।

ততস্তামশিবাং শ্রুত্বা বাচং স পরুষাক্ষরাম্।
যক্ষস্য ব্রুবতো রাজন্নুপক্রম্য তদা স্থিতঃ ॥৩২॥
বিরূপাক্ষং মহাকায়ং যক্ষং তালসমুচ্ছ্রয়ম্।
জ্বলনার্কপ্রতীকাশমধৃষ্যং পর্ব্বতোপমম্ ॥৩৩॥
বৃক্ষমাশ্রিত্য তিষ্ঠন্তং দদর্শ ভরতর্ষভঃ।
মেঘগম্ভীরনাদেন তর্জয়ন্তং মহাস্বনম্ ॥৩৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নেতি। পক্ষিত্বাৎ কৌতুকম্, ভয়ঙ্করকার্য্যকরণাচ্চ সাধ্বসং ভয়মিতি ভাবঃ ॥২৯॥
যেনেতি। শোকেন ভয়েন চ সমুৎপন্নঃ শিরোজ্বরঃ শিরঃপীড়া যস্য সঃ ॥৩০॥
যক্ষ ইতি। তে তব ভদ্রং মঙ্গলমস্তু। মহৌজসো মহাবলাঃ ॥৩১॥
তত ইতি। অশিবামশুভাম্, পরুষাক্ষরাং নিষ্ঠুরবর্ণাম্। উপক্রম্য উত্থায় ॥৩২॥
বিরূপেতি। বিরূপাক্ষং বিকৃতনয়নম্। তালবৎ তালবৃক্ষবৎ সমুচ্ছ্রয় ঔন্নত্যং যস্য তম্। জ্বলনার্কপ্রতীকাশম্ অগ্নিসূর্য্যতুল্যতেজস্বিনম্। ভরতর্ষভো যুধিষ্ঠিরঃ ॥৩৩—৩৪॥

আপনার যে প্রয়োজন বা যাহা অভীষ্ট, তাহা আমি জানি না। কিন্তু আমার গুরুতর কৌতুক জন্মিয়াছে এবং ভয়ও উপস্থিত হইয়াছে ॥২৯॥

ভগবন্! আমার যখন মন উদ্বিগ্ন হইয়াছে এবং শিরঃপীড়াও জন্মিয়াছে, তখন আমি জিজ্ঞাসা করিতেছি—আপনি কে এখানে রহিয়াছেন? ॥৩০॥

যক্ষ বলিল—'তোমার মঙ্গল হউক; আমি যক্ষ, কিন্তু জলচর পক্ষী নহি। এবং আমিই তোমার এই সকল মহাবল ভ্রাতাকে বধ করিয়াছি' ॥৩১॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! তাহার পর যুধিষ্ঠির যক্ষের সেই নিষ্ঠুর ও অশুভ বাক্য শুনিয়া তখনই তীরে উঠিয়া দাঁড়াইলেন ॥৩২॥

পরে ভরতশ্রেষ্ঠ যুধিষ্ঠির দেখিলেন—বিকৃতনয়ন, বিশালদেহ, তালবৃক্ষের ন্যায় উচ্চ, অগ্নি ও সূর্য্যের ন্যায় তেজস্বী এবং পর্ব্বতের ন্যায় অনাক্রমণীয়

যক্ষ উবাচ।

ইমে তে ভ্রাতরো রাজন্! বার্য্যমাণা ময়াঽসকৃৎ।
বলাত্তোয়ং জিহীর্ষন্তস্ততো বৈ সূদিতা ময়া।
ন পেয়মুদকং রাজন্! প্রাণানিহ পরীপ্সতা ॥৩৫॥
পার্থ! মা সাহসং কার্ষীর্মম পূর্ব্বপরিগ্রহঃ।
প্রশ্নানুক্ত্বা তু কৌন্তেয়! ততঃ পিব হরস্ব চ ॥৩৬॥

যুধিষ্ঠির উবাচ।

ন চাহং কাময়ে যক্ষ! তব পূর্ব্বপরিগ্রহম্।
কামং নৈতৎ প্রশংসন্তি সন্তো হি পুরুষাঃ সদা ॥৩৭॥
যদাত্মনা স্বমাত্মানং প্রশংসেৎ পুরুষর্ষভ!।
যথাপ্রজ্ঞন্তু তে প্রশ্নান্ প্রতিবক্ষ্যামি পৃচ্ছ মাম্ ॥৩৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ইম ইতি। জিহীর্ষন্তো হর্ত্তুমিচ্ছন্ত আসন্, সূদিতা নিহতাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৫॥
পার্থেতি। পূর্বপরিগ্রহ এষ সরোবর ইতি শেষঃ। প্রশ্নান্ প্রশ্নোত্তরাণি ॥৩৬॥
নেতি। ন কাময়ে বলাদ্গ্রহীতুং নেচ্ছামি। অথ ত্বং প্রশ্নান্ মে বক্তুং শক্ষ্যসি কিমিত্যাহ কামমিতি। কামং সর্বথা। স্বমাত্মানং নিজাং বুদ্ধিম্ ॥৩৭—৩৮॥

একটা যক্ষ বৃক্ষ অবলম্বন করিয়া দাঁড়াইয়া রহিয়াছে এবং মেঘের ন্যায় গম্ভীর ও উচ্চ স্বরে তর্জন করিতেছে ॥৩৩—৩৪॥

যক্ষ বলিল—'রাজা! আমি বার বার বারণ করিয়াছিলাম, তথাপি তোমার এই ভ্রাতারা বলপূর্বক জল লইতে ইচ্ছা করিয়াছিল; তাই আমি উহাদিগকে বিনাশ করিয়াছি। অতএব রাজা! প্রাণরক্ষার্থী লোক (আমার অনুমতি ব্যতীত) এখানে জল পান করিতে পারে না ॥৩৫॥

কারণ, পৃথানন্দন! পূর্ব হইতেই এই সরোবর আমার অধিকারে রহিয়াছে। সুতরাং তুমিও সাহস করিও না। তবে, কুন্তীনন্দন! আমার প্রশ্নের উত্তর বলিয়া তাহার পর জল পান করিতে বা হরণ করিতে পার' ॥৩৬॥

যুধিষ্ঠির বলিলেন—'যক্ষ! আপনার পূর্ব্বাধিকৃত বস্তু আমি বলপূর্ব্বক গ্রহণ করিতে ইচ্ছা করি না। তা'র পর, সৎপুরুষেরা কোন প্রকারেই এই বিষয়টার প্রশংসা করেন না যে, মানুষ নিজেই নিজের প্রশংসা করে। অতএব পুরুষশ্রেষ্ঠ! আমি নিজের বুদ্ধি অনুসারে আপনার প্রশ্নের উত্তর বলিব; আপনি জিজ্ঞাসা করুন' ॥৩৭—৩৮॥

যক্ষ উবাচ।

কিং স্বিদাদিত্যমুন্নয়তি কে চ তস্যাভিতশ্চরাঃ।
কশ্চৈনমস্তং নয়তি কস্মিংশ্চ প্রতিতিষ্ঠতি ॥৩৯॥

যুধিষ্ঠির উবাচ।

ব্রহ্মাদিত্যমুন্নয়তি দেবাস্তস্যাভিতশ্চরাঃ।
ধর্ম্মশ্চাস্তং নয়ত্যেনং সত্যে চ প্রতিতিষ্ঠতি ॥৪০॥

ভারতকৌমুদী

যুধিষ্ঠিরস্য বস্তুতত্ত্বজ্ঞানপরীক্ষণার্থং প্রষ্টুমারভতে কিমিতি। স্বিৎ প্রশ্নে। কিং বস্তু, আদিত্যং সূর্য্যম্, উন্নয়তি উর্দ্ধং প্রাপয়তি। অক্ষরাধিক্যমার্ষম্। কে চ পদার্থাঃ, তস্যাদিত্যস্য, অভিতশ্চরাঃ সমন্ততো বিচরন্তি। কশ্চ পদার্থঃ, এনমাদিত্যমস্তং নয়তি। কস্মিংশ্চ বস্তুনি, প্রতিতিষ্ঠতি অবতিষ্ঠতে আদিত্য এব ॥৩৯॥

ব্রহ্মেতি। ব্রহ্ম গুণবান্ ব্রাহ্মণঃ, আদিত্যমুন্নয়তি উর্দ্ধে স্থাপয়তি, "ব্রাহ্মণানাং নমস্কারৈঃ সূর্য্যো দিবি বিরাজতে" ইতি স্বয়মেব প্রাগুক্তেঃ, উন্নতানাং প্রণত্যা উন্নতেরবশ্যম্ভাবাদিতি ভাবঃ। দেবা মঙ্গলাদয়ো গ্রহাস্তস্যাভিতশ্চরাঃ। ধর্ম্মো রাশিচক্রভ্রমণব্যাপারঃ, এনমস্তং নয়তি। সত্যে ব্রহ্মণি ব্রহ্মণঃ প্রথমপরিণতিরূপে গগনে, প্রতিতিষ্ঠতি রাশিচক্রাবলম্বনেনাবতিষ্ঠতে, "ভচক্রং ধ্রুবয়োর্বদ্ধমাক্ষিপ্তং প্রবহানিলৈঃ। পর্য্যেত্যজস্রং তন্নদ্ধা গ্রহকক্ষা যথাক্রমম্॥" ইতি সূর্য্যসিদ্ধান্তবচনাদিত্যাশয়ঃ ॥৪০॥

ভারতভাবদীপঃ

প্রধানভাক্ প্রাধান্যভাক্ ॥২৬—২৭॥ তে তব ॥২৮॥ তে ত্বয়া ॥২৯—৩৭॥ যদ্যতঃ আত্মনৈবাত্মস্বরূপং বক্তব্যমতস্তে প্রশ্নান্ প্রতিবক্ষ্যামি ॥৩৮॥ কিং স্বিদাদিত্যমুন্নয়তীত্যাদিপ্রশ্নোত্তরমালিকা আত্মনস্তত্ত্বং নির্ণেতুমারব্ধা। তরতি শোকমাত্মবিদিতি তজ্জ্ঞানস্য ফলবত্ত্বশ্রবণাত্তৎসিদ্ধয়ে চোচ্চাবচং সাধনজাতমস্যাং নিরূপ্যতে তাং ব্যাখ্যাস্যামঃ ॥৩৯॥ আদিত্যমাদত্তে শব্দাদীন্ শ্রোত্রাদিভিরিত্যাদিত্যো জীবস্তং গৌরোঽহমন্ধোঽহং দুঃখ্যহং কর্ত্তাহমিত্যাদ্যনুভবাদ্দেহাদ্যাত্মতয়া ভাসমানং বাদিভিশ্চানেকধা বিকল্প্যমানং ব্রহ্ম বেদ উন্নয়তি দেহাদিভ্যঃ পৃথক্ করোতি শ্রুতিরেবাত্মতত্ত্বনির্ণয়ে মানমিত্যর্থঃ। তথা চ শ্রুতিঃ— "নাবেদবিন্মনুতে তং বৃহন্ত"মিতি। নন্থ সর্ব্বেঽপি বেদাদাত্মানং জানন্তি নেত্যাহ—দেবা ইতি। দেবাঃ শমাদয়স্তস্যাভিতশ্চরাঃ সহায়াঃ। অস্তং স্বস্থানমপহতপাপ্মাদিগুণাষ্টক-

---

যক্ষ বলিল—'কে সূর্য্যকে উপরে রাখিয়াছে? কাহারা সূর্য্যের সকল দিকে বিচরণ করে? কে সূর্য্যকে অস্তে প্রেরণ করে? এবং কোথায়ই বা সূর্য্য অবস্থান করেন?' ॥৩৯॥

যুধিষ্ঠির বলিলেন—'ব্রাহ্মণেরা সূর্য্যকে উপরে রাখিয়াছেন; গ্রহগণ

---

(৪০)···ধর্ম্মশ্চাস্তং নয়তি চ···বা ব কা নি।

যক্ষ উবাচ।

কেন স্বিচ্ছ্রোত্রিয়ো ভবতি কেন স্বিদ্বিন্দতে মহৎ।
কেন স্বিদ্দ্বিতীয়বান্ ভবতি রাজন্! কেন চ বুদ্ধিমান্ ॥৪১॥

যুধিষ্ঠির উবাচ।

শ্রুতেন শ্রোত্রিয়ো ভবতি তপসা বিন্দতে মহৎ।
ধৃত্যা দ্বিতীয়বান্ ভবতি বুদ্ধিমান্ বৃদ্ধসেবয়া ॥৪২॥

ভারতকৌমুদী

কেনেতি। হে রাজন্! ব্রাহ্মণঃ কেন গুণেন শ্রোত্রিয়ো ভবতি স্বিৎ। মানুষঃ কেন প্রকারেণ, মহৎ ব্রহ্ম, বিন্দতে লভতে স্বিৎ। মানুষঃ কেন গুণেন, দ্বিতীয়বান্ এককোঽপি সহায়বান্ ভবতি। তথা কেনোপায়েন চ বুদ্ধিমান্ ভবতি। প্রথমে তৃতীয়ে চ পাদে অক্ষরাধিক্যমার্ষম্ ॥৪১॥

শ্রুতেনেতি। ব্রাহ্মণঃ শ্রুতেন শাস্ত্রজ্ঞানেন শ্রোত্রিয়ো ভবতি, "একাং শাখাং সকল্পাং বা যড়্ভিরঙ্গৈরধীত্য বা। ষট্কর্ম্মনিরতো বিপ্রঃ শ্রোত্রিয়ো নাম ধর্ম্মবিৎ ॥" ইতি স্মৃতেরিতি ভাবঃ। মানুষঃ, তপসা যোগাভ্যাসাদিবৈধক্লেশেন, মহৎ ব্রহ্ম, বিন্দতে লভতে। এককোঽপি মানুষঃ, ধৃত্যা ধৈর্য্যেণ, দ্বিতীয়বান্ সহায়বান্ ভবতি, ধৃতেরেব সহায়স্থানীয়ত্বাদিত্যাশয়ঃ। বৃদ্ধসেবয়া তদুপদেশলাভেন চ অবুদ্ধিরপি বুদ্ধিমান্ ভবতি ॥৪২॥

ভারতভাবদীপঃ

বিশিষ্টং তৎকারণভূতং হার্দাকাশং প্রত্যেনং ধর্ম্মঃ সাক্ষাৎ পরম্পরয়া বা কর্ম্মোপাসনরূপো নয়তি প্রাপয়তি, স এবমুক্তবিধং স্বরূপং সগুণব্রহ্মভাবং প্রাপ্য তদ্বাধেন সত্যে সর্ববাধাবধিভূতে শুদ্ধচিন্মাত্রে প্রতিষ্ঠিতো ভবতি। তথা চ শ্রুতিঃ—"স এবং বিদ্বানস্মাচ্ছরীরভেদাদূর্দ্ধমুৎক্রম্যামুষ্মিন্ স্বর্গে লোকে সর্ব্বান্ কামানাপ্ত্বামৃতঃ সমভব"দিতি। প্রথমং শাস্ত্রজং জ্ঞানম্, ততঃ শমাদিসম্পন্নস্য যোগবলাদ্দেহাদ্যধ্যাসনিবৃত্তিস্ততঃ স্বর্গাপ্যসগুণব্রহ্মদর্শনং ততঃ কেবলীভাব ইতি শ্রুতেরর্থঃ ॥৪০—৪১॥ বেদস্য সত্যে প্রতিষ্ঠাহেতুত্বমুক্তং তত্র দৃষ্টং দ্বারমাহ—শ্রুতেনেতি। শ্রোত্রিয়ো বেদাধ্যায়ী শ্রুতেনাচার্য্যমুখাদ্বেদার্থাবধারণেন ভবতি ন ত্বক্ষরগ্রহণমাত্রেণ ততশ্চ তপসা যুক্ত্যা চ শ্রুতস্যার্থস্যালোচনেন মহৎ ব্রহ্ম বিন্দতে জানীতে

সূর্য্যের সকল দিকে বিচরণ করেন; রাশিচক্রের ভ্রমণ সূর্য্যকে অস্তে প্রেরণ করে এবং সূর্য্য রাশিচক্র অবলম্বন করিয়া আকাশে অবস্থান করেন' ॥৪০॥

যক্ষ বলিল—'ব্রাহ্মণ কোন্ গুণে শ্রোত্রিয় হন? মানুষ কি প্রকারে ব্রহ্ম লাভ করে? লোক একাকী থাকিয়াও কোন্ গুণে সহায়শালী হয়? এবং নির্ব্বোধ মানুষও কোন্ উপায়ে বুদ্ধিমান্ হয়?' ॥৪১॥

(৪১) দ্যুতিমান্ কেন ভবতি কেন রাজংশ্চ বুদ্ধিমান্। কেন স্বিচ্ছ্রোত্রিয়ো ভবতি কেন স্বিদ্বিন্দতে মহৎ ॥—পি। (৪২) রাজোবাচ। ধৃত্যা দ্যুতিমান্ ভবতি···পি।

যক্ষ উবাচ।

কিং ব্রাহ্মণানাং দেবত্বং কশ্চ ধর্ম্মঃ সতামিব।

কশ্চৈষাং মানুষো ভাবঃ কিমেষামসতামিব ॥৪৩॥

যুধিষ্ঠির উবাচ।

স্বাধ্যায় এষাং দেবত্বং তপ এষাং সতামিব।

মরণং মানুষো ভাবঃ পরীবাদোঽসতামিব ॥৪৪॥

ভারতকৌমুদী

কিমিতি। ব্রাহ্মণানাং কিং দেবত্বং দেববদুৎকর্ষহেতুঃ, যেন "শর্ম্মা দেবশ্চ বিপ্রস্য" ইত্যাদিনা তেষাং দেবত্বং বিহিতমিতি ভাবঃ। সতাং স্বেতরসাধারণানাং সাধূনামিব তেষাং ব্রাহ্মণানাঞ্চ কো ধর্ম্মঃ। এষাং ব্রাহ্মণানাং কশ্চ মানুষো ভাবঃ মনুষ্যযোগ্যা অবস্থা। অসতামসাধূনামিব চ এষাং ব্রাহ্মণানাং কিমাচরণং সম্ভবতি ॥৪৩॥

স্বেতি। স্বাধ্যায়ো বেদাধ্যয়নমেব, এষাং ব্রাহ্মণানাম্, দেবত্বং দেববদুৎকর্ষহেতুঃ। সতাং স্বেতরসাধারণানাং সাধূনামিব এষাং ব্রাহ্মণানাং তপঃ প্রধানো ধর্ম্মঃ। এষাং মানুষো ভাবো মরণম্, মানুষান্তরবৎ। অসতামিব চৈষাং পরীবাদঃ দেবাদিনিন্দা আচরণম্ ॥৪৪॥

ভারতভাবদীপঃ

মানমেয়গতাসম্ভাবনানিবৃত্ত্যা নিশ্চিনোতি, "ধৃত্যা যয়া ধারয়তে মনঃ প্রাণেন্দ্রিয়ক্রিয়াঃ। যোগেনাব্যভিচারিণ্যা ধৃতিঃ সা পার্থ সাত্ত্বিকী"ত্যুক্তলক্ষণয়া নিদিধ্যাসনেনেত্যর্থঃ। দ্বিতীয়মনীশত্বাদিবিশিষ্টাদবিদ্যাপ্রত্যুপস্থাপিতাজ্জৈবাদ্রূপাত্তদ্বিপরীতং বিদ্যাপ্রাপ্যং প্রতীচো যদ্দ্বিতীয়ং রূপং তদ্বান্ ভবতি এতত্ত্রয়নিশ্চয়াত্মিকা বুদ্ধিগুর্ব্রূপদেশাদেব প্রাপ্যেত্যাহ—বুদ্ধিমানিতি। তথা চ শ্রুতিঃ—"আত্মা বারে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যঃ আচার্য্যবান্ পুরুষো বেদে"ত্যাদিরাত্মদর্শনসাধনত্বেন শ্রবণাদিত্রয়মাচার্য্যবত্ত্বং চেতি দর্শয়তি ॥৪২—৪৩॥ শ্রবণাদ্যধিকারে হেতুমাহ—ত্রিভিরুত্তরৈঃ। স্বাধ্যায়ো বেদাধ্যয়নং বিপ্রাণাং দেবত্বং স্বর্গলোকপ্রাপকং তপঃশমাদিকং সদাচার ইত্যুপাদেয়দ্বয়ং মানুষো ভাবো দেহাত্মভিমানঃ মরণং জন্মমরণপ্রাপকঃ

যুধিষ্ঠির বলিলেন—'ব্রাহ্মণ শাস্ত্রজ্ঞানে শ্রোত্রিয় হন; মানুষ তপস্যাদ্বারা ব্রহ্ম লাভ করে; লোক একাকী হইয়াও ধৈর্য্যগুণে সহায়শালী হয় এবং নির্বোধ মানুষও বৃদ্ধের উপদেশে বুদ্ধিমান্ হয়' ॥৪২॥

যক্ষ বলিল—ব্রাহ্মণদের দেবত্বের কারণ কি? সাধুদের ন্যায় তাঁহাদের কোন্ ধর্ম্ম? ব্রাহ্মণদের মানুষভাব কি? এবং তাঁহাদের দুর্জ্জনতুল্য আচরণই বা কি?' ॥৪৩॥

যুধিষ্ঠির বলিলেন—'বেদাধ্যয়নই ব্রাহ্মণদের দেবত্বের কারণ; সাধুদের ন্যায় তাঁহাদের তপস্যাই প্রধান ধর্ম্ম; মরণ তাঁহাদের মানুষভাব এবং পরনিন্দা তাঁহাদের দুর্জ্জনতুল্য আচরণ' ॥৪৪॥

যক্ষ উবাচ।

কিং ক্ষত্রিয়াণাং দেবত্বং কশ্চ ধর্ম্মঃ সতামিব।

কশ্চৈষাং মানুষো ভাবঃ কিমেষামসতামিব ॥৪৫॥

যুধিষ্ঠির উবাচ।

ইষ্বস্ত্রমেষাং দেবত্বং যজ্ঞ এষাং সতামিব।

ভয়ং বৈ মানুষো ভাবঃ পরিত্যাগোঽসতামিব ॥৪৬॥

যক্ষ উবাচ।

কিমেকং যজ্ঞিয়ং সাম কিমেকং যজ্ঞিয়ং যজুঃ।

কা চৈকা বৃণুতে যজ্ঞং কাং যজ্ঞো নাতিবর্ত্ততে ॥৪৭॥

যুধিষ্ঠির উবাচ।

প্রাণো বৈ যজ্ঞিয়ং সাম মনো বৈ যজ্ঞিয়ং যজুঃ।

ঋগেকা বৃণুতে যজ্ঞং তাং যজ্ঞো নাতিবর্ত্ততে ॥৪৮॥

ভারতকৌমুদী

কিমিতি। দেবত্বং দেববদুৎকর্ষহেতুঃ, ইত্যাদিকং পূর্ব্ববদেবাত্র ব্যাখ্যানমূন্নেয়ম্ ॥৪৫॥

ইষ্বিতি। এষাং ক্ষত্রিয়াণাম্, ইষ্বস্ত্রং বাণানামন্যেষামস্ত্রাণাঞ্চ শিক্ষানৈপুণ্যম্, দেবত্বং দেববদুৎকর্ষহেতুঃ। ইষূণামস্ত্রত্বে সত্যপি ইষুপদমস্ত্রেষু তৎপ্রাধান্যজ্ঞাপনার্থং গোবৃষন্যায়াৎ। সতাং স্বেতরসাধারণানাং সাধূনামিব, এষাং ক্ষত্রিয়াণাং যজ্ঞঃ প্রধানো ধর্ম্মঃ। এষাং মানুষো ভাবো ভয়ম্; আর্ত্তানাং শরণাগতানাং পরিত্যাগঃ, অসতামিবৈষামাচরণম্ ॥৪৬॥

কিমিতি। একং মুখ্যম্, যজ্ঞিয়ং জ্ঞানযজ্ঞার্হম্। অন্যত্রাপ্যেবম্। বৃণুতে প্রাধান্যেন সম্বধ্নাতি। নাতিবর্ত্ততে নাতিক্রামতি ॥৪৭॥

প্রাণ ইতি। যজ্ঞিয়ং জ্ঞানযজ্ঞসম্পাদকম্। অন্যত্রাপ্যেবম্। বৃণুতে সম্বধ্নাতি। তাম্ ঋচম্। তথা চ সামযজুষী যথা কর্ম্মযজ্ঞং সম্পাদয়তঃ, তথা প্রাণমনসী জ্ঞানযজ্ঞম্। একা ঋক্ যজ্ঞং সম্বধ্নাতি, অতএব যজ্ঞস্তামৃচং নাতিক্রামতি ॥৪৮॥

যক্ষ বলিল—'ক্ষত্রিয়গণের দেবত্বের কারণ কি? সাধুদের ন্যায় তাঁহাদের কোন্ ধর্ম্ম? ক্ষত্রিয়দের মানুষভাব কি? এবং তাঁহাদের দুর্জ্জনতুল্য আচরণই বা কি?' ॥৪৫॥

যুধিষ্ঠির বলিলেন—'অস্ত্রশিক্ষানৈপুণ্যই ক্ষত্রিয়দের দেবত্বের কারণ, সাধুদের ন্যায় তাঁহাদের যজ্ঞ করাই প্রধান ধর্ম্ম, ভয় তাঁহাদের মানুষভাব এবং শরণাগত ত্যাগ তাঁহাদের দুর্জ্জনের তুল্য আচরণ' ॥৪৬॥

যক্ষ বলিল—'যজ্ঞের প্রধান সাম কি? যজ্ঞের প্রধান যজু কি? কোন্ বস্তু যজ্ঞে অধিক প্রয়োজনীয়? যজ্ঞ কোন্ বস্তুকে অতিক্রম করে না?' ॥৪৭॥

যক্ষ উবাচ।

কিং স্বিদাবপতাং শ্রেষ্ঠং কিং স্বিন্নিবপতাং বরম্।৪৯

কিং স্বিৎ প্রতিষ্ঠমানানাং কিং স্বিৎ প্রসবতাং বরম্॥

যুধিষ্ঠির উবাচ।

বর্ষমাবপতাং শ্রেষ্ঠং বীজং নিবপতাং বরম্।

গাবঃ প্রতিষ্ঠমানানাং পুত্রঃ প্রসবতাং বরঃ॥৫০॥

ভারতকৌমুদী

কিমিতি। আবপতাং দেবেভ্যো দদতাং সম্বন্ধে কিং শ্রেষ্ঠং স্বিৎ, নিবপতাং পিতৃভ্যো দদতাং সম্বন্ধে কিং বরং স্বিৎ, প্রতিষ্ঠমানানাং প্রতিষ্ঠাপ্রাপ্তানাং সম্বন্ধে কিং বরং স্বিৎ, প্রসবতাং সন্তানোৎপাদকানাঞ্চ সম্বন্ধে কিং বরং স্বিৎ॥৪৯॥

বর্ষমিতি। আবপতাং যজ্ঞাদিনা দেবেভ্যো দদতাং সম্বন্ধে বর্ষং বৃষ্টিরেব শ্রেষ্ঠম্, "বৃষ্টেরন্নং ততঃ প্রজাঃ" ইত্যুক্তেরন্নজননে বৃষ্টেঃ প্রধানহেতুত্বাৎ অন্নস্য চ দেবদানসম্পাদনাৎ। নিবপতাং পিতৃভ্যো দদতাং বীজমাত্মশুক্রমেব বরম্, তেন পুত্রাদ্যুৎপত্তেঃ ততশ্চ স্বনিবাপসম্ভবাৎ। প্রতিষ্ঠমানানাং লোকে লব্ধপ্রতিষ্ঠানাং সম্বন্ধে গাবো ধেনবো বরাঃ, দুগ্ধাদিনা অতিথিসৎকারাদি-সম্পাদনাৎ। প্রসবতাং সন্তানোৎপাদকানাঞ্চ পুত্রো বরঃ, তস্যৈব স্বপালনবংশরক্ষাদিনা উৎকর্ষাদিতি ভাবঃ॥৫০॥

ভারতভাবদীপঃ

পরিবাদো দেবব্রাহ্মণাদিদূষণম্ অসদাচার ইতি হেয়দ্বয়ম্॥৪৪—৪৫॥ পরিত্যাগ আর্ত্তানা-মিতি শেষঃ॥৪৬—৪৭॥ ইতোঽপ্যন্তরঙ্গং হেতুমাহ—প্রাণমনসী নিরুধ্যমানে যজ্ঞে সামযজুষী ইব জ্ঞানযজ্ঞোপকারকে ঋক্ একা মুখ্যা যজ্ঞং জ্ঞানং বৃণুতে স্বীকরোতি জ্ঞানোৎপাদিকেত্যর্থঃ। তথা চ শ্রুতিঃ—"মনো বাচং প্রাণং তান্যাত্মনে কুরুতে"তি। আত্মহিতার্থমেতৎ ত্রয়ং প্রজাপতিনা সৃষ্টমিত্যাহ—তথা। তং ত্বৌপনিষদং পুরুষমিত্যৌপনিষদত্ববিশেষণং বাচো মুখ্যত্বমাহ॥৪৮—৪৯॥ শমাদীনাং প্রাণজয়াদীনাং চাসম্ভবে যজ্ঞাদ্যেব কর্ত্তব্যমিত্যাহ—আবপতাম্ আ সমন্তাৎ দেবাংস্তর্পয়তাং বর্ষঃ বৃষ্টিঃ শ্রেষ্ঠং ফলং সর্ব্বলোকোপকারকত্বাৎ। যথোক্তম্—"অগ্নৌ

যুধিষ্ঠির বলিলেন—'প্রাণ—জ্ঞানযজ্ঞের সাম, মন—জ্ঞানযজ্ঞের যজু, মন্ত্র-যজ্ঞে অধিক প্রয়োজনীয় এবং যজ্ঞ মন্ত্রকে অতিক্রম করে না'॥৪৮॥

যক্ষ বলিল—'যাঁহারা দেবতাকে দান করেন, তাঁহাদের পক্ষে প্রধান কি? যাঁহারা পিতৃলোককে দান করেন, তাঁহাদের পক্ষে প্রধান কি? যাঁহারা লোকসমাজে প্রতিষ্ঠা লাভ করেন, তাঁহাদের পক্ষে শ্রেষ্ঠ কি? এবং সন্তানোৎ-পাদকদিগের পক্ষেই বা শ্রেষ্ঠ কি'?॥৪৯॥

---

(৪৯) কিং স্বিদাপততাং শ্রেষ্ঠম্···কিং স্বিৎ প্রবসতাং বরম্—কা পি। (৫০) বর্ষ-মাপততাং শ্রেষ্ঠম্···পুত্রঃ প্রবসতাং বরম্—কা পি।

যক্ষ উবাচ।

ইন্দ্রিয়ার্থাননুভবন্ বুদ্ধিমাল্লোঁকপূজিতঃ।
সম্মতঃ সর্বভূতানামুচ্ছ্বসন্ কো ন জীবতি ॥৫১॥

যুধিষ্ঠির উবাচ।

দেবতাতিথিভৃত্যানাং পিতৃণামাত্মনশ্চ যঃ।
ন নির্বপতি পঞ্চানামুচ্ছ্বসন্ স ন জীবতি ॥৫২॥

ভারতকৌমুদী

ইন্দ্রিয়েতি। বুদ্ধিমান্, ধনাদিমত্তয়া লোকপূজিতঃ, দানশক্তত্বাচ্চ সর্ব্বভূতানাং সম্মতঃ কো জনঃ, ইন্দ্রিয়ার্থান্ শব্দস্পর্শাদীন্ বিষয়ান্, সর্ব্বেন্দ্রিয়সত্ত্বাদনুভবন্নপি, উচ্ছ্বসন্ শ্বাসপ্রশ্বাসৌ কুর্ব্বন্নপি চ ন জীবতি ॥৫১॥

দেবতেতি। যো জনঃ, দেবতাতিথিভৃত্যানাং পিতৃণামাত্মনশ্চ এতেষাং পঞ্চানাম্, ন নির্বপতি যথাযোগ্যং ন দদাতি, স উচ্ছ্বসন্ শ্বাসপ্রশ্বাসৌ কুর্বন্নপি, ইন্দ্রিয়ার্থাননুভবন্নপি চেত্যুপলক্ষণম্, ন জীবতি ; জীবিতকার্য্যাকরণান্মৃত এবেতি ভাবঃ ॥৫২॥

ভারতভাবদীপঃ

প্রাস্তাহুতিঃ সম্যগাদিত্যমুপতিষ্ঠতে। আদিত্যাজ্জায়তে বৃষ্টি"রিতি। নিবপতাং নিবাপঃ পিতৃতর্পণম্, তৎ কুর্ব্বতাম্, বীজং ক্ষেত্রারামাদ্যাত্মোপকারকং ফলম্। "আয়ুঃ প্রজাং ধনং বিদ্যাং স্বর্গং মোক্ষং সুখানি চ। প্রযচ্ছন্তু তথা রাজ্যং প্রীতাস্তভ্যং পিতামহাঃ॥" ইতি স্মৃত্যুক্তং প্রতিষ্ঠমানানামিহৈব প্রতিষ্ঠালিপ্সূনাং গাবঃ শ্রেষ্ঠং প্রসবতাং সন্ততিমিচ্ছূনাং পুত্রঃ শ্রেষ্ঠং ফলং দৌহিত্রাদিভ্যঃ গবাং পুত্রস্য চ দৃষ্টার্থত্বেঽপি অতিথিপ্রীণনদ্বারা শ্রাদ্ধপ্রদানাদিদ্বারোপকারকত্বেন পরম্পরয়া শ্রবণাদ্যধিকারহেতুত্বং জ্ঞেয়ম্ ॥৫০॥ ইতোঽপি সাধনাক্রষ্টো যস্তং নিন্দতি—ইন্দ্রিয়ার্থানিতি। ইন্দ্রিয়ার্থান্ শব্দাদীন্, লোকে ধনাদিমত্তেন পূজিতঃ সম্মতো দানাধিকারিত্বেন ॥৫১॥ ন নির্ব্বপতি ন প্রযচ্ছতি দেবতাদিভ্যঃ ॥৫২॥ উক্তসাধনাশক্তেন

যুধিষ্ঠির বলিলেন—'যাঁহারা দেবতাকে দান করেন, তাঁহাদের পক্ষে বৃষ্টিই প্রধান ; যাঁহারা পিতৃলোককে দান করেন, তাঁহাদের পক্ষে শুক্রই প্রধান ; যাঁহারা লোকসমাজে প্রতিষ্ঠা লাভ করেন, তাঁহাদের পক্ষে ধেনু শ্রেষ্ঠ এবং সন্তানোৎপাদকদিগের পক্ষে পুত্র শ্রেষ্ঠ' ॥৫০॥

যক্ষ বলিল—'বুদ্ধিমান্, লোকসমাজে সম্মানিত এবং সকল লোকের অভিপ্রেত কোন্ লোক ইন্দ্রিয়ের বিষয় অনুভব ও শ্বাস-প্রশ্বাস করিতে থাকিয়াও জীবিত থাকে না?' ॥৫১॥

যুধিষ্ঠির বলিলেন—'দেবতা, অতিথি, পোষ্যবর্গ, পিতৃলোক ও আপনি—এই পাঁচ শ্রেণীর লোককে যে ব্যক্তি যথাযোগ্য দান করে না, সে ব্যক্তি শ্বাস-প্রশ্বাস করিতে থাকিয়াও জীবিত থাকে না' ॥৫২॥

যক্ষ উবাচ।

কিং স্বিদ্‌গুরুতরং ভূমেঃ কিং স্বিদুচ্চতরঞ্চ খাৎ।
কিং স্বিচ্ছীঘ্রতরং বায়োঃ কিং স্বিদ্বহুতরং তৃণাৎ ॥৫৩॥

যুধিষ্ঠির উবাচ।

মাতা গুরুতরা ভূমেঃ খাৎ পিতোচ্চতরস্তথা।
মনঃ শীঘ্রতরং বাতাচ্চিন্তা বহুতরী তৃণাৎ ॥৫৪॥

যক্ষ উবাচ।

কিং স্বিৎ সুপ্তং ন নিমিষতি কিং স্বিজ্জাতং ন চোপতি।
কস্য স্বিদ্‌হৃদয়ং নাস্তি কিং স্বিদ্বেগেন বর্দ্ধতে ॥৫৫॥

যুধিষ্ঠির উবাচ।

মৎস্যঃ সুপ্তো ন নিমিষত্যণ্ডং জাতং ন চোপতি।
অশ্মনো হৃদয়ং নাস্তি নদী বেগেন বর্দ্ধতে ॥৫৬॥

ভারতকৌমুদী

কিমিতি। ভূমেঃ সকাশাৎ কিং গুরুতরং ভারবত্তরং মাননীয়তরঞ্চ স্বিৎ, খাদাকাশাৎ কিম্ উচ্চতরম্ ঊর্দ্ধবর্ত্তিতরং মাননীয়তরঞ্চ স্বিৎ। বায়োঃ সকাশাৎ কিং শীঘ্রতরং দ্রুতগামিতরং স্বিৎ, তৃণাদ্‌দূর্ব্বাদেরপি কিং বহুতরং স্বিৎ ॥৫৩॥

মাতেতি। মাতা ভূমেরপি গুরুতরা ভারবত্তরা মাননীয়তরা চ, পিতা খাদাকাশাদপি উচ্চতর ঊর্দ্ধবর্ত্তিতরঃ মাননীয়তরশ্চ। মনো বাতাদপি শীঘ্রতরম্, চিন্তা তৃণাদপি বহুতরী ॥৫৪॥

কিমিতি। কিং সুপ্তং নিদ্রিতং সৎ ন নিমিষতি নয়নযুগলং ন মুদ্রয়তি। অক্ষরাধিক্যমার্ষম্। কিং জাতং সৎ ন চোপতি ন স্পন্দতে। "চুপ মন্দায়াং গতৌ" ইতি ভৌবাদিকচুপধাতোঃ প্রয়োগঃ। কস্য প্রাণিস্বরূপস্যাপি হৃদয়ং নাস্তি স্বিৎ, কিং বেগেন বর্দ্ধতে স্বিৎ ॥৫৫॥

মৎস্য ইতি। মৎস্যঃ সুপ্তো নিদ্রিতঃ সন্নপি ন নিমিষতি নয়নযুগলং ন মুদ্রয়তি। অণ্ডং জাতং সৎ ন চোপতি ন স্পন্দতে। অশ্মনঃ বিগ্রহীভূতস্য প্রাণিস্বরূপস্য পাষাণস্য হৃদয়ং নাস্তি। নদী চ বেগেন বর্দ্ধতে, ক্রমশস্তীরভঙ্গাৎ ॥৫৬॥

যক্ষ বলিল—'কে পৃথিবী হইতে গুরুতর? কে আকাশ হইতে উচ্চতর? কে বায়ু হইতেও শীঘ্রতর? এবং কাহারা তৃণ হইতেও বহুতর?' ॥৫৩॥

যুধিষ্ঠির বলিলেন—'মাতা পৃথিবী হইতেও গুরুতর, পিতা আকাশ হইতেও উচ্চতর, মন বায়ু হইতেও শীঘ্রতর এবং চিন্তা তৃণ হইতেও বহুতর' ॥৫৪॥

যক্ষ বলিল—'কোন্ প্রাণী নিদ্রিত হইয়াও নয়ন মুদ্রিত করে না? কোন্ প্রাণী জন্মিয়া স্পন্দিত হয় না? প্রাণিস্বরূপ কোন্ পদার্থের হৃদয় নাই? এবং কোন্ পদার্থ বেগদ্বারা বৃদ্ধি পায়?' ॥৫৫॥

যক্ষ উবাচ।

কিং স্বিৎ প্রবসতো মিত্রং কিং স্বিন্মিত্রং গৃহে সতঃ।
আতুরস্য চ কিং মিত্রং কিং স্বিন্মিত্রং মরিষ্যতঃ ॥৫৭॥

যুধিষ্ঠির উবাচ।

সার্থঃ প্রবসতো মিত্রং ভার্য্যা মিত্রং গৃহে সতঃ।
আতুরস্য ভিষঙ্‌ মিত্রং দানং মিত্রং মরিষ্যতঃ ॥৫৮॥

ভারতকৌমুদী

কিমিতি। মিত্রমত্রোপকারিমাত্রম্। প্রবসতো বিদেশং গচ্ছতঃ কিং মিত্রং স্বিৎ, গৃহে সতস্তিষ্ঠতো জনস্য কিং মিত্রং স্বিৎ। আতুরস্য রোগিণো জনস্য কিং মিত্রম্, মরিষ্যত আসন্নমরণস্য চ জনস্য কিং মিত্রং স্বিৎ ॥৫৭॥

সার্থ ইতি। সমানঃ অর্থঃ প্রয়োজনং যস্য স সার্থঃ সহচর ইত্যর্থঃ ॥৫৮॥

ভারতভাবদীপঃ

মাতাপিত্রোঃ শুশ্রূষা মনোনিরোধস্তৃণবত্তুচ্ছায়াশ্চিন্তায়াস্ত্যাগশ্চ কর্ত্তব্য ইত্যাহ—কিং স্বিদ্‌গুর্বিতি ॥৫৩—৫৫॥ নন্থ মনোনাশে শূন্যমেবাবশিষ্যত ইত্যাশঙ্ক্য নেত্যাহ—মৎস্য ইতি। মৎস্য ইব মৎস্যো জীবঃ জাগ্রৎস্বপ্নয়োরিহলোকপরলোকয়োর্বা তীরয়োরিব সঞ্চারেণ সুপ্তঃ স্বনীড়ভূতং সদ্রূপং ব্রহ্ম প্রাপ্তো ন নিমিষতি মনোবল্লুপ্তদৃষ্টির্ন ভবতি। "নহি দ্রষ্টুর্দৃষ্টের্বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বাৎ" ইতি শ্রুতেঃ। নন্থ মৎস্যোঽবিনাশিত্বাদজাতশ্চেৎ কস্তর্হি জাত ইত্যত আহ—অণ্ডং পিণ্ডব্রহ্মাণ্ডরূপং জাতমুৎপন্নং সৎ ন চোপতি ন চলতি, "চুপ মন্দায়াং গতৌ।" পুরুষপ্রবর্ত্তিতমেবাহঙ্কারাদিজড়জাতং চেষ্টতে ইত্যর্থঃ। "কো হেবান্যাৎ কঃ প্রাণ্যাদ্‌যদেষ আকাশ আনন্দো ন স্যা"দিতি শ্রুতেঃ, কস্তর্হি জাতাজাতয়োরেতয়োঃ সংযোগস্য দুঃখদস্য নিবৃত্ত্যুপায় ইত্যত আহ—অশ্মনঃ অশরীরস্য নিবৃত্তদেহত্রয়াধ্যাসস্য যোগিনো হৃদয়ং শোকনীড়ং নাস্তি। কথং তর্হি সমাধেরপি ব্যুত্তিষ্ঠতীত্যাহ—নদী চিত্তনদী, বেগেন বর্দ্ধতে সুষুপ্তাবস্থাপন্নস্য স্বপ্নদর্শনবৎ সমাহিতোত্থিতস্যায়ং প্রপঞ্চো দৃষ্টিসমসময়মাত্রজাত

যুধিষ্ঠির বলিলেন—'মৎস্য নিদ্রিত হইয়াও নয়ন মুদ্রিত করে না, অণ্ড (ডিম্ব) জন্মিয়া পর স্পন্দিত হয় না, প্রস্তরময় বিগ্রহের হৃদয় নাই এবং নদী বেগদ্বারা বৃদ্ধি পায়' ॥৫৬॥

যক্ষ বলিল—'বিদেশগামীর মিত্র কে? গৃহস্থের মিত্র কে? রোগীর মিত্র কে? এবং আসন্ন মৃত্যু লোকেরই বা মিত্র কে?' ॥৫৭॥

যুধিষ্ঠির বলিলেন—'বিদেশগামীর মিত্র—সহচর (সাথী), গৃহস্থের মিত্র—ভার্য্যা, রোগীর মিত্র—চিকিৎসক এবং আসন্ন মৃত্যু লোকের মিত্র—দান' ॥৫৮॥

যক্ষ উবাচ।

কোঽতিথিঃ সর্বভূতানাং কিং স্বিদ্ধর্ম্মং সনাতনম্।
অমৃতং কিং স্বিদ্রাজেন্দ্র! কিং স্বিৎ সর্বমিদং জগৎ ॥৫৯॥

যুধিষ্ঠির উবাচ।

অতিথিঃ সর্বভূতানামগ্নিঃ সোমো গবামৃতম্।
সনাতনঃ সত্যধর্ম্মো বায়ুঃ সর্বমিদং জগৎ ॥৬০॥

যক্ষ উবাচ।

কিং স্বিদেকো বিচরতি জাতঃ কো জায়তে পুনঃ।
কিং স্বিদ্ধিমস্য ভৈষজ্যং কিং স্বিদাবপনং মহৎ ॥৬১॥

ভারতকৌমুদী

ক ইতি। অতিথিঃ ভবনে ভোক্তা। সনাতনং নিত্যম্। অমৃতং সুধা ॥৫৯॥

অতিথিরিতি। অগ্নিঃ সর্বভূতানামেবাতিথিঃ সর্বত্রৈব ভোজনাৎ, সোমঃ সোমরসঃ গোরমৃতং গবামৃতং গোদুগ্ধঞ্চ অমৃতম্। সত্যধর্ম্ম এব সনাতনো ধর্ম্মঃ সর্বত্রাব্যত্যয়াৎ। প্রশ্নব্যুৎক্রমেণোত্তরমনয়োঃ। ইদং সর্বং জগচ্চ বায়ুর্বায়ুময়ম্ ॥৬০॥

কিমিতি। ভৈষজ্যম্ ঔষধম্ অব্যভিচারেণ নিবারকমিত্যর্থঃ। আ সম্যক্ উপ্যতে বীজং রূপ্যতে অস্মিন্নিতি আবপনং বীজবপনক্ষেত্রম্ ॥৬১॥

ভারতভাবদীপঃ

ইত্যর্থঃ ॥৫৬—৫৭॥ মনোরোধাশক্তস্য দানমেব শ্রেয় ইত্যাহ—সার্থো যথা প্রবসতো মিত্রমেবং মরিষ্যতো মর্ত্ত্যস্য দানং মিত্রমিত্যর্থঃ ॥৫৮ ৫৯॥ দানস্য চিত্তশুদ্ধিদ্বারা যজ্ঞাদৌ যজ্ঞাদেশ্চ চিত্তৈকাগ্র্যদ্বারা সমষ্ট্যুপাস্তৌ প্রবৃত্তিহেতুত্বেন চ উপকারকত্বমাহ—অতিথিরিতি। অগ্নিরাহবনীয়াদিরূপঃ, গবামৃতং ক্ষীরং তদেব সোমাখ্যং হোতব্যং সোঽয়ং সনাতনো নিত্যো ধর্ম্মঃ অমৃতো মোক্ষহেতুঃ, তত্র দ্বারমাহ—বায়ুঃ সর্বমিদং জগৎ, "বায়ুরেব ব্যষ্টির্বায়ুঃ সমষ্টীঃ" ইতি শ্রুতেঃ, পিণ্ডব্রহ্মাণ্ডাত্মকবায়ুরূপত্বপ্রাপ্তের্মোক্ষদ্বারমিত্যর্থঃ ॥৬০—৬১॥ উক্তলক্ষণস্য

যক্ষ বলিল—'রাজশ্রেষ্ঠ! সমস্ত লোকের অতিথি কে? সনাতন ধর্ম্ম কি? অমৃত কি? এবং এই জগৎটা কোন্ বস্তুময়?' ॥৫৯॥

যুধিষ্ঠির বলিলেন—'অগ্নি সমস্ত লোকের অতিথি, সত্যধর্ম্মই সনাতন ধর্ম্ম, সোমরস ও গোদুগ্ধই অমৃত এবং এই সমগ্র জগৎটাই বায়ুময়' ॥৬০॥

যক্ষ বলিল—'কে একাকী বিচরণ করে? কে জন্মিয়া আবার জন্মে? হিমের ঔষধ কি? এবং বিশাল ক্ষেত্র কি?' ॥৬১॥

---

(৬০)···সনাতনোঽমৃতো ধর্ম্মঃ··· বা ব কা নি। (৬১) কিংস্বিদেকো বিচরতে...বা ব কা নি।

যুধিষ্ঠির উবাচ।

সূর্য্য একো বিচরতি চন্দ্রমা জায়তে পুনঃ।
অগ্নির্হিমস্য ভৈষজ্যং ভূমিরাবপনং মহৎ ॥৬২॥

যক্ষ উবাচ।

কিং স্বিদেকপদং ধর্ম্ম্যং কিং স্বিদেকপদং যশঃ।
কিং স্বিদেকপদং স্বর্গ্যং কিং স্বিদেকপদং সুখম্ ॥৬৩॥

যুধিষ্ঠির উবাচ।

দাক্ষ্যমেকপদং ধর্ম্ম্যং দানমেকপদং যশঃ।
সত্যমেকপদং স্বর্গ্যং শীলমেকপদং সুখম্ ॥৬৪॥

ভারতকৌমুদী

সূর্য্য ইতি। একঃ স্বসমানদ্বিতীয়রহিতঃ। চন্দ্রমা জাতোঽপি কৃষ্ণপক্ষে ক্ষয়ানন্তরং পুনর্জ্জায়তে। অগ্নির্হিমস্য ভৈষজ্যম্ অব্যভিচারেণ তন্নিবারকত্বাৎ ॥৬২॥

কিমিতি। ধর্ম্ম্যং ধর্ম্মাদনপেতং ধর্ম্মোপযোগীত্যর্থঃ, একপদম্ একমাত্রস্থানং কিং স্বিৎ; যশঃ, একমেব পদং স্থানং যস্য তৎ যশস একমাত্রং কারণং কিং স্বিদিত্যর্থঃ। স্বর্গ্যং স্বর্গজনকম্. একপদম্ একং স্থানং কারণং কিং স্বিৎ; সুখঞ্চ, একং পদং স্থানং যস্য তৎ সুখস্য একমাত্রং কারণং কিং স্বিদিতি তাৎপর্য্যম্ ॥৬৩॥

ভারতভাবদীপঃ

বায়োরপি সংহারে কিমবশিষ্যত ইত্যাহ—সূর্য্য একো বিচরতে সূর্য্যবচ্চিৎ প্রকাশরূপ আত্মৈবাস্তি। অবস্থাত্রয়ে তদভাবে চ প্রকাশ্যসত্ত্বাসত্ত্বয়োঃ সূর্য্য ইব। কুতস্তর্হি প্রপঞ্চভানমত আহ—চন্দ্রমা জায়তে পুনঃ। "চন্দ্রমা মনো ভূত্বে"তি শ্রুতের্মন এবাবিদ্যাবশাদুৎপদ্যতে তচ্চ দুঃখপ্রদং জগৎ কল্পয়তি। অবিদ্যানিবৃত্ত্যুপায়মাহ—অগ্নির্হিমস্য ভৈষজ্যম্ "অগ্নির্বাগ্ভূত্বে"তি শ্রুতের্বাগেব তত্ত্বমস্যাদিকা হিমস্য সূর্য্যাভিভাবকস্যাবিদ্যাজাড্যস্য ঔষধং নিবারকম্। ভূমিঃ শরীরং তদেব মহাদাবপনং বিদ্যায়া অবিদ্যায়াশ্চ নিধানপাত্রম্; ইহৈব সংসারিত্ববদসংসারিব্রহ্মভাবোঽপি সাক্ষাৎ ক্রিয়ত ইত্যর্থঃ ॥৬২॥ অত্র দ্বাভ্যাং প্রশ্নাভ্যাং ব্রহ্মবিদ্যাসূত্রং সসাধনমুপক্ষিপ্তম্, ততঃ সপ্তভিস্ত্বংপদার্থশোধস্ততস্ত্রিভিস্তৎপদার্থশোধঃ সসাধনঃ কৃতঃ. ইদানীং পুনঃ প্রকারান্তরেণ সাধনান্যেব বিদধত্তত্ত্বম্পদার্থয়োরভেদং তত্ত্বমস্যহং ব্রহ্মাস্মীত্যাদিমহাবাক্যপ্রতিপাদ্যং দর্শয়তি নবভিঃ—কিংস্বিদেকপদমিত্যাদিনা ॥৬৩॥ একপদম্

যুধিষ্ঠির বলিলেন—'সূর্য্য একাকী বিচরণ করেন, চন্দ্র জন্মিয়া আবার জন্মেন, অগ্নি হিমের ঔষধ এবং পৃথিবী বিশাল ক্ষেত্র' ॥৬২॥

যক্ষ বলিল—'ধর্ম্মের একমাত্র কারণ কি? যশের একমাত্র কারণ কি? স্বর্গের একমাত্র কারণ কি? এবং সুখেরই বা একমাত্র কারণ কি'? ॥৬৩॥

---

(৬২) সূর্য্য একো বিচরতে···বা ব কা নি।

যক্ষ উবাচ।

কিং স্বিদাত্মা মনুষ্যস্য কিং স্বিদ্দৈবকৃতঃ সখা।
উপজীবনং কিং স্বিদস্য কিং স্বিদস্য পরায়ণম্ ॥৬৫॥

যুধিষ্ঠির উবাচ।

পুত্র আত্মা মনুষ্যস্য ভার্য্যা দৈবকৃতঃ সখা।
উপজীবনঞ্চ পর্জন্যো দানমস্য পরায়ণম্ ॥৬৬॥

যক্ষ উবাচ।

ধন্যানামুত্তমং কিং স্বিদ্ধনানাং স্যাৎ কিমুত্তমম্।
লাভানামুত্তমং কিং স্যাৎ সুখানাং স্যাৎ কিমুত্তমম্ ॥৬৭॥

ভারতকৌমুদী

দাক্ষ্যমিতি। দাক্ষ্যং যজ্ঞাদিক্রিয়ানৈপুণ্যম্, একপদং ধর্ম্ম্যং ধর্ম্মস্যৈকমাত্রং কারণম্; দানম্. একপদং যশঃ যশস একমাত্রং কারণম্। সত্যম্, একপদং স্বর্গ্যং স্বর্গস্যৈকমাত্রং কারণম্; তথা শীলং সচ্চরিত্রম্. একপদং সুখং সুখস্যৈকমাত্রং কারণম্ ॥৬৪॥

কিমিতি। আত্মা বহির্ভূতমাত্মস্বরূপং বস্তু। দৈবকৃতঃ স্বয়মকৃতঃ সখা সহায়ঃ। উপজীব্যতে অনেনেতি উপজীবনং জীবিকানির্ব্বাহোপায়ঃ। পরায়ণং প্রধানাশ্রয়ঃ ॥৬৫॥

পুত্র ইতি। আত্মা বহির্ভূত আত্মস্বরূপঃ তথৈব প্রিয়ত্বাৎ। উপজীবনং পর্জন্যো মেঘঃ, বৃষ্ট্যা অন্নাদিজননাৎ। পরায়ণং প্রধানাশ্রয়ঃ, পরলোকেঽপ্যবলম্বনীয়ত্বাৎ ॥৬৬॥

ধন্যানামিতি। ধন্যানাং জ্ঞানানাং গুণেষু মধ্যে কিমুত্তমং স্বিৎ ॥৬৭॥

ভারতভাবদীপঃ

একমেব পর্য্যবসানস্থানং দাক্ষ্যে কৃৎস্নো ধর্ম্মঃ পর্য্যবসিত ইত্যর্থঃ। এবমুত্তরত্র ॥৬৪॥ উদ্যোগো দানং সত্যং শীলঞ্চ সেব্যং তত্রাপি দানমেব পুত্রবদাত্মা ভার্য্যাবৎ সখা পর্জ্জন্যবদুপজীবনঞ্চ আত্মপ্রদত্বাৎ রমণীয়ফলস্থানাদস্তমুপতিষ্ঠতীতি বচনেনোপজীবনহেতুত্বাচ্চেত্যাহ—

যুধিষ্ঠির বলিলেন—'ধর্ম্মের একমাত্র কারণ—যজ্ঞাদিক্রিয়ানৈপুণ্য, যশের একমাত্র কারণ—দান, স্বর্গের একমাত্র কারণ—সত্য এবং সুখের একমাত্র কারণ—সচ্চরিত্র' ॥৬৪॥

যক্ষ বলিল—'মানুষের বহির্ভূত আত্মা কি? উহার দৈবকৃত সখা কে? উহার জীবিকানির্ব্বাহের উপায় কি? এবং উহার প্রধান আশ্রয় কি?' ॥৬৫॥

যুধিষ্ঠির বলিলেন—'মানুষের বহির্ভূত আত্মা—পুত্র, দৈবকৃত সখা—ভার্য্যা, জীবিকানির্ব্বাহের উপায়—মেঘ এবং প্রধান আশ্রয়—দান' ॥৬৬॥

যক্ষ বলিল—'ধন্য লোকদিগের গুণের মধ্যে কোন্ গুণ উৎকৃষ্ট? ধনের মধ্যে কোন্ ধন শ্রেষ্ঠ? লাভের মধ্যে কোন্ লাভ প্রধান? এবং সুখের মধ্যে কোন্ সুখ উত্তম?' ॥৬৭॥

যুধিষ্ঠির উবাচ।

ধন্যানামুত্তমং দাক্ষ্যং ধনানামুত্তমং শ্রুতম্।
লাভানাং শ্রেয় আরোগ্যং সুখানাং তুষ্টিরুত্তমা ॥৬৮॥

যক্ষ উবাচ।

কশ্চ ধর্ম্মঃ পরো লোকে কশ্চ ধর্ম্মঃ সদাফলঃ।
কিং নিয়ম্য ন শোচন্তি কৈশ্চ সন্ধির্ন জীর্য্যতে ॥৬৯॥

যুধিষ্ঠির উবাচ।

আনৃশংস্যং পরো ধর্ম্মস্ত্রয়ীধর্ম্মঃ সদাফলঃ।
মনো যস্য ন শোচন্তি সন্ধিঃ সদ্ভির্ন জীর্য্যতে ॥৭০॥

ভারতকৌমুদী

ধন্যানামিতি। ধন্যানাং জনানাং গুণেষু মধ্যে দাক্ষ্যং কার্য্যনৈপুণ্যমুত্তমম্। ধনানাং মধ্যে শ্রুতং শাস্ত্রজ্ঞানমুত্তমম্, সর্ব্বদা সাহচর্য্যাৎ দানেন বৃদ্ধেশ্চ। লাভানাং মধ্যে আরোগ্যম্, শ্রেয়ঃ শ্রেষ্ঠম্, চরমত্বাৎ। তুষ্টিঃ সন্তোষঃ ॥৬৮॥

ক ইতি। পরঃ শ্রেষ্ঠঃ। সদা ফলং যস্য সঃ। নিয়ম্য সংযম্য ॥৬৯॥

আনৃশংস্যমিতি। আনৃশংস্যম্ অনিষ্ঠুরতা দয়েত্যর্থঃ। ত্রয়ীধর্ম্মো বেদোক্তযজ্ঞাদিধর্ম্মঃ, সদাফলঃ নিত্যফলজনকঃ, প্রাধান্যাৎ। যস্য নিয়ম্য ॥৭০॥

ভারতভাবদীপঃ

কিং স্বিদাম্মেতি ॥৬৫—৬৭॥ ধন্যং ধনায় হিতম্, ধনমপি শ্রুতমেব ন স্বর্ণাদীত্যাহ—উত্তমং শ্রুতমিতি। লাভ আরোগ্যং ধর্ম্মসাধনত্বাৎ তুষ্টিঃ সন্তোষঃ, উদ্‌যোগোঽধ্যয়নমারোগ্যং সন্তোষশ্চ দৃষ্টদ্বারেণ জ্ঞানে উপকুর্ব্বন্তীত্যর্থঃ ॥৬৮-৬৯॥ আনৃশংস্যং সর্ব্বভূতাভয়দানং সন্ন্যাস ইত্যর্থঃ। ত্রয়ী "মোক্ষমন্ত্রস্ত্রয়ী"তি শ্রুতেস্ত্রয়ীশব্দেনাত্র ত্রিমাত্রঃ প্রণব উচ্যতে, তদাশ্রিতো ধর্ম্মোঽকার-উকারমকারার্থানাং স্থূলসূক্ষ্মকারণোপাধীনাং ক্রমেণ পূর্ব্বপূর্ব্বস্যোত্তরোত্তরত্র প্রবিলাপনেনার্দ্ধ-মাত্রার্থে তুরীয়ে ব্রহ্মণ্যবস্থানং সদাফলোঽবিনাশিফলঃ মোক্ষহেতুত্বাৎ তস্য ধর্ম্মস্য প্রাপ্ত্য-বুপায়ো মনোনিগ্রহ এব তাবতৈব জ্ঞাতাম্নতঃস্থো ভূত্বা শোকং তরতি মনোনিগ্রহমার্গশ্চ সদ্ভিঃ

যুধিষ্ঠির বলিলেন—'ধন্য লোকদিগের গুণের মধ্যে কার্য্যদক্ষতা উৎকৃষ্ট গুণ; ধনের মধ্যে শাস্ত্রজ্ঞান শ্রেষ্ঠ ধন, লাভের মধ্যে আরোগ্য প্রধান লাভ এবং সুখের মধ্যে সন্তোষ উত্তম সুখ' ॥৬৮॥

যক্ষ বলিল—'জগতে কোন্ ধর্ম্ম প্রধান? কোন্ ধর্ম্ম সর্ব্বদা ফল উৎপাদন করে? কোন্ বস্তু সংযত করিয়া শোক পায় না? এবং কাহাদের সহিত সন্ধি করিলে তাহা নষ্ট হয় না?' ॥৬৯॥

যুধিষ্ঠির বলিলেন—'দয়াই প্রধান ধর্ম্ম, বেদোক্ত ধর্ম্মই সর্ব্বদা ফল

যক্ষ উবাচ।

কিং নু হিত্বা প্রিয়ো ভবতি কিং নু হিত্বা ন শোচতি।
কিং নু হিত্বার্থবান্ ভবতি কিং নু হিত্বা সুখী ভবেৎ ॥৭১॥

যুধিষ্ঠির উবাচ।

মানং হিত্বা প্রিয়ো ভবতি ক্রোধং হিত্বা ন শোচতি।
কামং হিত্বার্থবান্ ভবতি লোভং হিত্বা সুখী ভবেৎ ॥৭২॥

যক্ষ উবাচ।

কিমর্থং ব্রাহ্মণে দানং কিমর্থং নটনর্ত্তকে।
কিমর্থ ঞ্চৈব ভৃত্যেষু কিমর্থ ঞ্চৈব রাজসু ॥৭৩॥

যুধিষ্ঠির উবাচ।

ধর্ম্মার্থং ব্রাহ্মণে দানং যশোহর্থং নটনর্ত্তকে।
ভৃত্যেষু ভরণার্থং বৈ ভয়ার্থ ঞ্চৈব রাজসু ॥৭৪॥

ভারতকৌমুদী

কিমিতি। হিত্বা ত্যক্ত্বা। অর্থবান্ ধনী। প্রথমতৃতীয়পাদয়োরক্ষরাধিক্যমার্ষম্ ॥৭১॥

মানমিতি। মানং গর্ব্বম্। ন শোচতি চিত্তসন্তাপং নানুভবতি। কামমভিলাষম্, অভিলাষেণৈব ধনব্যয়াদিনা যোগিনাদিসংগ্রহাদিতি ভাবঃ ॥৭২॥

কিমর্থমিতি। ভৃত্যেষু পুত্রাদিপোষ্যবর্গেষু। রাজস্বিতি বহুবচনং তদীয়প্রধানপুরুষ-গ্রহণার্থম্। পরত্রাপ্যেবম্ ॥৭৩॥

ধর্ম্মেতি। ভয়ার্থমিত্যত্রার্থশব্দো নিবৃত্ত্যর্থঃ। তেন ভয়নিবৃত্ত্যর্থমিত্যর্থঃ ॥৭৪॥

উৎপাদন করে, মনকে সংযত করিয়া শোক পায় না এবং সজ্জনদের সহিত সন্ধি করিলে তাহা নষ্ট হয় না' ॥৭০॥

যক্ষ বলিল—'মানুষ কি পরিত্যাগ করিয়া লোকের প্রিয় হয়? কি পরিত্যাগ করিয়া চিত্তসন্তাপ ভোগ করে না? কি পরিত্যাগ করিয়া ধনী হয়? এবং কি পরিত্যাগ করিয়া সুখী হয়?' ॥৭১॥

যুধিষ্ঠির বলিলেন—'মানুষ গর্ব্ব পরিত্যাগ করিয়া লোকের প্রিয় হয়, ক্রোধ পরিত্যাগ করিয়া চিত্তসন্তাপ ভোগ করে না, আকাঙ্ক্ষা পরিত্যাগ করিয়া ধনী হয় এবং লোভ পরিত্যাগ করিয়া সুখী হয়' ॥৭২॥

যক্ষ বলিল—'কি জন্য ব্রাহ্মণকে দান করা হয়? কি জন্য নট ও নর্ত্তককে দেওয়া হয়? কি উদ্দেশ্যে পোষ্যবর্গকে বিতরণ করা হয়? এবং কি জন্যই বা রাজগণকে বা তাঁহাদের প্রধান পুরুষদিগকে দান করা হয়?' ॥৭৩॥

যুধিষ্ঠির বলিলেন—'ধর্ম্মের জন্য ব্রাহ্মণকে দান করা হয়, যশের জন্য নট

যক্ষ উবাচ।

কেন স্বিদাবৃতো লোকঃ কেন স্বিন্ন প্রকাশতে।
কেন ত্যজতি মিত্রাণি কেন স্বর্গং ন গচ্ছতি ॥৭৫॥

যুধিষ্ঠির উবাচ।

অজ্ঞানেনাবৃতো লোকস্তমসা ন প্রকাশতে।
লোভাত্ত্যজতি মিত্রাণি সঙ্গাৎ স্বর্গং ন গচ্ছতি ॥৭৬॥

ভারতকৌমুদী

কেনেতি। ন প্রকাশতে লোক ইব ॥৭৫॥

অজ্ঞানেনেতি। প্রায়েণ লোকঃ, অজ্ঞানেন আবৃতঃ প্রতিহতব্রহ্মদর্শনঃ, তমসা ন প্রকাশতে ঘট ইব লোকো জীবো জীবান্তরস্য। লোকো লোভাদেব মিত্রাণি ত্যজতি, তদ্ধনাদ্যপহরণাৎ। লোকঃ সঙ্গাৎ দুর্জনসংসর্গাদেব স্বর্গং ন গচ্ছতি, তৎপাপসংক্রমাৎ ॥৭৬॥

ভারতভাবদীপঃ

কৃপালুভিরেব প্রদর্শনীয় ইতি তাৎপর্য্যার্থঃ ॥৭০॥ মনোনিগ্রহে দৃষ্টং দ্বারং মানাদিচতুষ্টয়ত্যাগ ইত্যাহ—কিং নু ইতি ॥৭১-৭২॥ মানাদিত্যাগোঽপি ধর্ম্মফলমতোঽত্রাপি ব্রাহ্মণে দত্তং যদ্দানং তদেব ধর্ম্মহেতুত্বাদুপকরোতি নান্যত্র দত্তমিত্যাহ—কিমর্থমিতি ॥৭৩—৭৫ ননু দানবলান্মানাদীন্ জিত্বা মনো নিগৃহ্নত এবাত্যন্তিকো দুঃখনাশো ভবিষ্যতি কিং প্রবিলাপনরূপেণ ত্রয়ীধর্ম্মেণেত্যাশঙ্ক্যাহ—অজ্ঞানেনেতি। অজ্ঞানকার্য্যেণ স্থূলসূক্ষ্মশরীরদ্বয়েন জরামরণশোকমোহাদ্যাশ্রয়েণ লোক্যত ইতি লোক আত্মা আবৃতস্তিরোহিতঃ কল্পিতভুজঙ্গেনেব রজ্জুঃ, অতোঽজ্ঞাননাশার্থং ত্রয়ীধর্ম্মোঽবশ্যমেষ্টব্যঃ। ননু সুষুপ্তৌ দেহদ্বয়স্যাভাবাদজ্ঞাননাশোঽস্ত্যেব কিং ত্রয়ীধর্ম্মেণেত্যত আহ—তমসা মূলাজ্ঞানেন সুষুপ্তাবপ্যাবৃতোঽতো ন প্রকাশতে, তস্মাদ্দেহত্রয়মপি প্রবিলাপনীয়মেবেত্যর্থঃ। জ্ঞানাজ্ঞানয়োরেব বিরোধাদজ্ঞানকৃতঃ সংসারো

ও নর্ত্তককে দেওয়া হয়, ভরণের জন্য পোষ্যবর্গকে বিতরণ করা হয় এবং ভয় নিবৃত্তির জন্য রাজগণকে বা তাঁহাদের প্রধানপুরুষদিগকে দান করা হয়' ॥৭৪॥

যক্ষ বলিল—'কে লোক-সকলকে আবৃত করিয়া রাখিয়াছে? কি জন্য লোক প্রকাশ পায় না? মানুষ কি দোষে মিত্র ত্যাগ করে? এবং কি দোষেই বা স্বর্গে যাইতে পারে না?' ॥৭৫॥

যুধিষ্ঠির বলিলেন—'অজ্ঞানই লোক-সকলকে আবৃত করিয়া রাখিয়াছে, তমোবশতই জীব অপর জীবের নিকট স্বরূপে প্রকাশ পায় না, মানুষ লোভবশতই মিত্র পরিত্যাগ করে এবং দুর্জনসংসর্গবশতই স্বর্গে যাইতে পারে না' ॥৭৬॥

যক্ষ উবাচ।

মৃতঃ কথং স্যাৎ পুরুষঃ কথং রাষ্ট্রং মৃতং ভবেৎ।
শ্রাদ্ধং মৃতং কথং বা স্যাৎ কথং যজ্ঞো মৃতো ভবেৎ ॥৭৭॥

যুধিষ্ঠির উবাচ।

মৃতো দরিদ্রঃ পুরুষো মৃতং রাষ্ট্রমরাজকম্।
মৃতমশ্রোত্রিয়ং শ্রাদ্ধং মৃতো যজ্ঞস্ত্বদক্ষিণঃ ॥৭৮॥

যক্ষ উবাচ।

কা দিক্ কিমুদকং প্রোক্তং কিমন্নং কিঞ্চ বৈ বিষম্।
শ্রাদ্ধস্য কালমাখ্যাহি ততঃ পিব হরস্ব চ ॥৭৯॥

ভারতকৌমুদী

মৃত ইতি। পুরুষো জীবন্নপীতি ভাবঃ। রাষ্ট্রং রাজ্যং সুস্থিতমপীত্যাশয়ঃ। শ্রাদ্ধং সাঙ্গমপীত্যভিপ্রায়ঃ। যজ্ঞঃ সুসম্পন্নোঽপীতি তাৎপর্য্যম্ ॥৭৭॥

মৃত ইতি। জীবন্নপি পুরুষো দরিদ্রঃ সন্ মৃত ইব তিষ্ঠতি জীবৎকার্য্যকরণাসামর্থ্যাৎ। সুস্থিতমপি রাষ্ট্রম্ অরাজকং সৎ মৃতমিব বর্ত্ততে অচিরেণ লোপসম্ভবাৎ। সাঙ্গমপি শ্রাদ্ধম্ অশ্রোত্রিয়ং বিদ্বদ্‌ব্রাহ্মণরহিতং সৎ মৃতমিব ভবতি পূর্ণফলজননাসামর্থ্যাৎ। সুসম্পন্নোঽপি যজ্ঞঃ অদক্ষিণঃ সন্ মৃত ইব জায়তে পূর্ণফলোৎপাদনাশক্তত্বাৎ ॥৭৮॥

ভারতভাবদীপঃ

